NEW EDITION 2024

# প্রফেসর'স

# ভূমি মন্ত্রণালয়

## নিয়োগ সহায়িকা

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট অফিসের রাজস্ব-খাতভুক্ত নিম্নোক্ত পদের জন্য

সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, সার্ভেয়ার, ট্রাভার্স সার্ভেয়ার, কম্পিউটার অপারেটর, ড্রাফটসম্যান কাম এরিয়া এস্টিমেটর কাম সিট কিপার, ড্রাইভার, নাজির কাম ক্যাশিয়ার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পেশকার, রেকর্ড কিপার, খারিজ সহকারী, যাঁচ মোহরার, কপিস্ট কাম বেঞ্চ সহকারী, অফিস সহায়ক ও চেইনম্যান

ভূমি মন্ত্রণালয়ের বিগত নিয়োগ প্রশ্নের সমাধান
বিষয়ভিত্তিক তথ্যের অধ্যায়ভিত্তিক বিন্যাস
ভূমি- জরিপবিষয়ক তথ্য-উপাত্ত
১০ সেট সম্ভাব্য মডেল টেস্ট
সাম্প্রতিক তথ্যে বাংলাদেশ ও বিশ্ব

প্রফেসর'স প্রকাশন

CamScanner

# সূচিপত্র

## পার্ট-০১ : প্রশ্ন সমাধান


০১. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (১৬.০৩.২০২৪) ..... ০৩
০২. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর সাব-সার্ভেয়ার (১৬.০৩.২০২৪) ..... ০৬
০৩. ভূমি মন্ত্রণালয়-এর কম্পিউটার অপারেটর (০৯.১২.২০২৩) ..... ০৯
০৪. ভূমি মন্ত্রণালয়-এর সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (০৯.১২.২০২৩) ..... ১২
০৫. ভূমি মন্ত্রণালয় (ইডিএলএমএস প্রকল্প)-এর ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (১৭.১১.২০২৩) ..... ১৫
০৬. জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এর নাজির কাম ক্যাশিয়ার (১৭.১১.২০২৩) ..... ১৭
০৭. ভূমি মন্ত্রণালয়-এর অফিস সহায়ক (২০.১০.২০২৩) ..... ২০
০৮. জেলা প্রশাসকের কার্যালয় (সুনামগঞ্জ)-এর নাজির কাম ক্যাশিয়ার (১৩.১০.২০২৩) ..... ২২
০৯. ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর প্রোগ্রামার (১৫.০৭.২০২৩) ..... ২৭
১০. ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর প্রশাসনিক কর্মকর্তা (১৫.০৭.২০২৩) ..... ২৮
১১. ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (১৫.০৭.২০২৩) ..... ৩১
১২. ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর কম্পিউটার অপারেটর (১৫.০৭.২০২৩) ..... ৩২
১৩. ভূমি মন্ত্রণালয়ের সার্ভেয়ার (০২.০৬.২০২৩) ..... ৩৫
১৪. ভূমি মন্ত্রণালয়ের অধীন হিসাব নিয়ন্ত্রকের দপ্তর (রাজস্ব)-এর নিরীক্ষক (১৩.০৫.২০২৩) ..... ৩৭
১৫. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর সার্ভেয়ার (১০.০৩.২০২৩) ..... ৪৩
১৬. জেলা প্রশাসকের কার্যালয় (গাজীপুর)-এর সাঁটলিপিকার/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী/ হিসাব সহকারী/সার্টিফিকেট সহকারী (০৫.০৩.২০২৩) ..... ৪৫
১৭. বাংলা একাডেমির রেকর্ড কিপার (১৭.০২.২০২৩) ..... ৪৮
১৮. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, গাজীপুর-এর বেঞ্চ সহকারী (২৫.১১.২০২২) ..... ৫০
১৯. বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর-এর সার্ভেয়ার (২৫.১১.২০২২) ..... ৫২
২০. বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর-এর অফিস সহায়ক (১১.১১.২০২২) ..... ৫৪
২১. ভূমি সংস্কার বোর্ড-এর রেকর্ড কিপার (০৪.১১.২০২২) ..... ৫৬
২২. ভূমি সংস্কার বোর্ড সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (০৪.১১.২০২২) ..... ৫৯
২৩. ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর-এর বই বাঁধাইকার (১৮.১০.২০২২) ..... ৬২
২৪. জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী-এর অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/নাজির কাম-ক্যাশিয়ার/সার্টিফিকেট পেশকার/ সার্টিফিকেট সহকারী/ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী (২৯.০৭.২০২২) ..... ৬৪
২৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয় (হবিগঞ্জ)-এর বেঞ্চ সহকারী (২৯.০৭.২০২২) ..... ৬৭
২৬. জেলা প্রশাসকের কার্যালয় (জামালপুর)-এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/নাজির কাম ক্যাশিয়ার/ সার্টিফিকেট পেশকার/সার্টিফিকেট সহকারী (১৩.০৫.২০২২) ..... ৭০
২৭. জেলা জজ আদালত, সিরাজগঞ্জ-এর নাজির (২২.০৪.২০২২) ..... ৭৫


CamScanner

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
Web:www.dlrs.gov.bd

স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১১.০০২.২৪-৭৯

তারিখ : ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট অফিসের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে http://dlrs.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহ্বান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| ০১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ৫টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | |
| ০২. | সার্ভেয়ার | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ২৭২টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি। | মানিকগঞ্জ, শরীয়তপুর, কুমিল্লা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ এবং পটুয়াখালী। |
| ০৩. | ট্রাভার্স সার্ভেয়ার | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ১০টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি। | চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা এবং সিরাজগঞ্জ। |
| ০৪. | কম্পিউটার | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ১৩টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি। | খাগড়াছড়ি, পাবনা, সিরাজগঞ্জ এবং পটুয়াখালী। |
| ০৫. | ড্রাফটসম্যান কাম এরিয়া এস্টিমেটর কাম সিট কিপার | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ২৯৫টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ড্রাফটিং ট্রেড কোর্স সনদ। | নাটোর এবং নড়াইল। |
| ০৬. | ড্রাইভার | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ১২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্স। | চাঁদপুর, নোয়াখালী, জয়পুরহাট এবং ঝিনাইদহ। |
| ০৭. | নাজির কাম ক্যাশিয়ার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৭টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | |



CamScanner

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি এবং বিনা। |
| ০৯. | পেশকার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৩৭৮টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | রাঙ্গামাটি। |
| ১০. | রেকর্ড কিপার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২৯১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | রাঙ্গামাটি। |
| ১১. | খারিজ সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৪৭৪টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | বান্দরবান, খাগড়াছড়ি এবং রাঙ্গা |
| ১২. | যাঁচ মোহরার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৪২২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ১৩. | কপিস্ট কাম বেঞ্চ সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৪৮০টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | বান্দরবান এবং কুষ্টিয়া। |
| ১৪. | অফিস সহায়ক | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ১৮২টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গোপালগঞ্জ, মাদারীপুর, বান্দর রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুর ঝিনাইদহ এবং নড়াইল। |
| ১৫. | চেইনম্যান | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ১৪৫টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | শরীয়তপুর, বান্দরবান, চাঁদপু খাগড়াছড়ি, নোয়াখালী, রাঙ্গা লালমনিরহাট, নড়াইল, বরি ঝালকাঠি এবং পটুয়াখালী। |

# ভূমি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

**০১. ভূমি বা Land কাকে বলে?**

The State Acquisition and Tenancy Act, 1950-এর ২(১৬) ধারা মতে, 'ভূমি বলতে আবাদি, অনাবাদি অথবা বছরের যেকোনো সময় পানিতে ভরা থাকে এবং ভূমি হতে প্রাপ্ত সুফল, ঘরবাড়ি বা দালানকোঠা বা মাটির সঙ্গে সংযুক্ত অন্যান্য দ্রব্য অথবা স্থায়ীভাবে সংযুক্ত দ্রব্য এর অন্তর্ভুক্ত বুঝাবে।

**০২. ভূমি জরিপ/রেকর্ড কাকে বলে?**

ভূমি জরিপ হচ্ছে ভূমির মালিকানা সংবলিত ইতিহাসের সরেজমিন ইতিবৃত্ত। আইনি সংজ্ঞা হচ্ছে, The Survey Act, 1875 এবং সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী সরকারের জরিপ বিভাগ সরেজমিন জরিপ করে ভূমির মালিকানার যে বিবরণ এবং নকশা তৈরি করে তা-ই জরিপ। অর্থাৎ, জরিপ হচ্ছে মালিকানার বিবরণ এবং নকশার সমন্বয়। একটি ভূমির মালিক কে এবং তার সীমানা কতটুকু এটা ভূমি জরিপের মাধ্যমে নকশা/ম্যাপ নির্ণয় করা হয়। এই নকশা এবং ম্যাপ অনুসারে মালিকানা সম্পর্কিত তথ্য; যেমন– ভূমিটি কোন মৌজায় অবস্থিত, এর খতিয়ান নম্বর, ভূমির দাগ নম্বর, মালিক ও দখলদারের বিবরণ ইত্যাদি প্রকাশিত হয় যাকে খতিয়ান বলে। রেকর্ড বা জরিপ প্রচলিতভাবে খতিয়ান বা স্বত্ত্বলিপি বা Record of Rights (RoR) নামেও পরিচিত।

**০৩. সিটি জরিপ :** সিটি জরিপ-এর আরেক নাম ঢাকা মহানগর জরিপ। আর.এস. জরিপ-এর পর বাংলাদেশ সরকার কর্তৃক অনুমতিক্রমে এ জরিপ ১৯৯৯ থেকে ২০০০ সালের মধ্যে সম্পন্ন করা হয়। এটি এ যাবৎকালের সর্বশেষ ও আধুনিক জরিপ।

আমাদের দেশে পরিচালিত ভূমি জরিপ বা রেকর্ডগুলো হচ্ছে :

i. CS— Cadastral Survey.
ii. SA— State Acquisition Survey.
iii. RS— Revitional Survey.
iv. PS— Pakistan Survey.
v. BS— Bangladesh Survey (1990).

**০৪. কোর্ট অব ওয়ার্ডস কী?**

চিরস্থায়ী বন্দোবস্তের পরবর্তীকালে কোনো জমিদার নিঃসন্তান অথবা নাবালক সন্তান রেখে মৃত্যুবরণ করলে উক্ত জমিদারি, সরকার কর্তৃক তত্ত্বাবধান করার জন্য ১৮৭৯ সালে কোর্ট অব ওয়ার্ডস আইন করা হয়। এ আইন মোতাবেক বিভাগীয় কমিশনারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট কালেক্টর একজন ম্যানেজার নিয়োগের মাধ্যমে সংশ্লিষ্ট জমিদারি তত্ত্বাবধান করতেন।

**০৫. শত্রু সম্পত্তি কী?**

১৯৬৫ সালে পাকিস্তান ও ভারতের মধ্যে যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধের কারণে কিছু পাকিস্তানি (হিন্দু) ভারতে চলে যায়। এরূপ পাকস্তানি নাগরিকের ফেলে যাওয়া সম্পত্তিকে শত্রু সম্পত্তি বলে।

**০৬. অর্পিত সম্পত্তি কী?**

১৯৬৫ সালে পাকিস্তান ও ভারতের যুদ্ধের কারণে কিছু পাকিস্তানি (হিন্দু) ভারতে চলে যায়। এরূপ পাকিস্তানি নাগরিকের ফেলে যাওয়া সম্পত্তিকে শত্রু সম্পত্তি বলে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর উক্ত সম্পত্তিকে অর্পিত সম্পত্তি নামে অভিহিত করা হয়।

**০৭. বিনিময় সম্পত্তি কী?**

১৯৪৭ সালে পাকিস্তান ও ভারত বিভক্তির পর তদানীন্তন পূর্ব পাকিস্তান তথা বাংলাদেশ হতে কিছু হিন্দু নাগরিক ভারতে চলে যায় এবং ভারত হতে কিছু মুসলমান নাগরিক পূর্ব পাকিস্তান তথা বাংলাদেশে আগমন করে। এরূপ চলে যাওয়া ও আগত ব্যক্তিদের মধ্যে বিধি মোতাবেক যে সম্পত্তি বিনিময় হয়, তাকে বিনিময় সম্পত্তি বলে।

**০৮. পরিত্যক্ত সম্পত্তি কী?**

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধকালে বা স্বাধীনতার অব্যবহিত পরে যেসব পাকিস্তানি নাগরিক স্থায়ীভাবে বাংলাদেশ ত্যাগ করে চলে যায়, বাংলাদেশে ফেলে যাওয়া তাদের সম্পত্তিকে পরিত্যক্ত সম্পত্তি বলে।

**০৯. ওয়াক্‌ফ সম্পত্তি কী?**

কোনো মুসলমান তার সম্পত্তি ধর্মীয় বা সমাজকল্যাণমূলক কাজের জন্য দান করতে পারে। ধর্মীয় ও সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের ব্যয়ভার বহন করার উদ্দেশ্যে কোনো সম্পত্তি দলিলের মাধ্যমে উৎসর্গ করলে সেই সম্পত্তিকে ওয়াক্‌ফ সম্পত্তি বলে। যিনি সম্পত্তি উৎসর্গ করেন তাকে ওয়াকিফ বলে। ওয়াক্‌ফ প্রশাসকের অনুমতি ছাড়া ওয়াক্‌ফ সম্পত্তি হস্তান্তর করা যায় না।



CamScanner

**১০. ভূমি অধিগ্রহণ কী?**

জনস্বার্থে কোনো উন্নয়নমূলক কাজের জন্য স্থাবর সম্পত্তির প্রয়োজনে কালেক্টরেট বা জেলা প্রশাসক জনসাধারণের নিকট হতে বাধ্যতামূলকভাবে যে ভূমি গ্রহণ করে, তাকে ভূমি অধিগ্রহণ বলে।

**১১. বর্গা চাষী কী?**

বর্গা বলতে ভূমিতে উৎপন্ন ফসলের ভাগ বুঝায়। কোনো ব্যক্তি ভূমিতে উৎপন্ন ফসলের কোনো নির্দিষ্ট অংশ ভূমি মালিককে দেওয়ার শর্তে যদি চাষাবাদ করেন, তবে উক্ত চাষীকে বর্গাচাষী বলা হয়।

**১২. এজমালি সম্পত্তি কী?**

কোনো প্লট বা জমি খণ্ড একাধিক শরিক একত্রে ভোগ-দখলে রাখলে তাকে এজমালি সম্পত্তি বলে।

**১৩. দলিল কাকে বলে?**

যে-কোনো লিখিত বিবরণ, যা আইনগত সাক্ষ্য হিসেবে গ্রহণযোগ্য তাকে দলিল বলা হয়। তবে রেজিস্ট্রেশন আইনের বিধান মোতাবেক জমি ক্রেতা এবং বিক্রেতা সম্পত্তি হস্তান্তর করার জন্য যে চুক্তিপত্র সম্পাদন ও রেজিস্ট্রি করেন সাধারণভাবে তাকে দলিল বলে।

**ক. সাফকবলা দলিল কাকে বলে?**

কোনো ব্যক্তি তার সম্পত্তি অন্যের নিকট বিক্রয় করে যে দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করে দেন তাকে সাফকবলা বা বিক্রয় কবলা বা খরিদ কবলা বলে। এই কবলা নির্ধারিত দলিল স্ট্যাম্পে লিখার পর দলিল দাতা অর্থাৎ বিক্রেতা সাবরেজিস্ট্রি অফিসে উপস্থিত হয়ে দলিল সহি সম্পাদন করে গ্রহিতা অর্থাৎ খরিদ্দারের বরাবরে রেজিস্ট্রি করে দিবেন। এই দলিল রেজিস্ট্রি হওয়ার সঙ্গে সঙ্গে দলিলের তফসিলে লিখিত অর্থাৎ বিক্রিত ভূমির যাবতীয় স্বত্ব দলিল দাতা হতে বিলুপ্ত হয়ে দলিল গ্রহিতাতে অর্থাৎ খরিদ্দারের উপর অর্পিত হয়।

**খ. দানপত্র দলিল কাকে বলে?**

যে-কোনো সম্প্রদায়ের যে-কোনো ব্যক্তি তার সম্পত্তি দান করতে পারেন। এই দানপত্র দলিলে শর্তবিহীন অবস্থায় সকল প্রকার ক্ষমতা প্রদানের দান করতে হবে। স্বত্ব সম্বন্ধে দাতার কোনো প্রকার দাবি থাকলে দানপত্র শুদ্ধ হবে না।

**গ. হেবা দলিল কাকে বলে?**

মুসলিম সম্প্রদায়ের জন্য এই হেবা অর্থাৎ দানপত্র দলিল। এই দলিল কোনোকিছুর বিনিময়ে নয়, কেবল সন্তুষ্ট হয়েই এরূপ দান করা হয়। কিন্তু এই হেবা শর্তবিহীন অবস্থায় দান যা বিক্রয়, রূপান্তর ইত্যাদি সকল ক্ষমতা প্রদানে দান বা হেবা করতে হবে। স্বত্ব সম্বন্ধে দাতার কোনোরূপ দাবি থাকলে সেই দান বা হেবা শুদ্ধ হবে না এবং তা যে-কোনো সময় বাতিলযোগ্য। এরূপ দানপত্রে দাতার কোনো স্বার্থ সংরক্ষিত থাকবে না।

**ঘ. হেবা বিল এওয়াজ কাকে বলে?**

এই হেবা বিল এওয়াজ মুসলিম সম্প্রদায়ের একটি দানপত্র দলিল। এই দানও সন্তুষ্ট হয়ে করা হয় বটে। কিন্তু এটা কোনো কিছুর বিনিময়ে হয়ে থাকে, যেমন– পবিত্র কুরআন, জায়নামাজ, তছবিহ, মোহরানার টাকা, এমনকি যে-কোনো জিনিসের বিনিময়েও হতে পারে, যেমন– আংটি ইত্যাদি। এই হেবা বিল এওয়াজ দলিল সম্পূর্ণ শর্তবিহীন অবস্থায় গ্রহিতা যাবতীয় হস্তান্তর ও রূপান্তরের সকল প্রকার ক্ষমতার অধিকারী হবে এবং দাতার যাবতীয় স্বত্ব গ্রহিতাতে অর্পিত হবে। দাতার স্বার্থে কোনো প্রকার স্বত্ব দাতার জন্য সংরক্ষিত থাকলে দলিল শুদ্ধ হবে না। এই হেবা বিল এওয়াজ অবশ্যই রেজিস্ট্রি হতে হবে।

**ঙ. এওয়াজ দলিল কাকে বলে?**

যে-কোনো সম্প্রদায়ের বা একই সম্প্রদায়ের বা একই বংশের বা কোনো ব্যক্তি যে-কোনো ব্যক্তির সঙ্গে তাদের সুবিধামতো একে ভূমি অপরকে দিতে পারেন। অর্থাৎ পরস্পর এওয়াজ পরিবর্তন সারতে পারেন। এই দলিল অবশ্যই রেজিস্ট্রি হতে হবে।

**চ. বণ্টননামা দলিল কাকে বলে?**

শরিকগণের মধ্যে সম্পত্তি ক্রয়ে নিজ নিজ ছাহাম প্রাপ্ত হয়ে উক্ত ছাহামের বাবদ যে দলিল করতে হয় তাকে বণ্টননামা দলিল বলে। একই সম্পত্তিতে মালিক একই বংশের লোককে সাধারণত শরিক বলা হয়। শরিক দুই প্রকার। যথা : উত্তরাধিকারসূত্রে শরিক। কোনো শরিক হতে খরিদসূত্রে শরিক। বণ্টননামা দলিল করার সময় সকল শরিকগণ দলিলে পক্ষভুক্ত থেকে ও দস্তখত করে বণ্টননামা দলিল করতে হবে। কোনো একজন শরিক বাদ থাকলে বণ্টননামা শুদ্ধ হবে না। বণ্টননামা দলিল রেজিস্ট্রি করতে হবে কিন্তু ঘরোয়াভাবে বণ্টন করে সকল পক্ষগণ যদি বণ্টননামা দলিলে দস্তখত করে থাকেন তা হলেও বণ্টননামা কার্যকরী হতে পারে যদি শরিকগণ আপোষ মতে বণ্টন করতে রাজী না হন তাহলে যে-কোনো শরিক বণ্টনের জন্য আদালতে নালিশ করতে পারেন।

**ছ. অছিয়তনামা দলিল কাকে বলে?**

কোনো ব্যক্তি তার সম্পত্তি কাউকে বা তার উত্তরাধিকারীদের মধ্যে অছিয়তকারী ব্যক্তির উত্তরাধিকারীদের মধ্যে সকলকে না দিয়ে যদি একজনকে বা কোনো তৃতীয় ব্যক্তিকে প্রদান করে থাকেন এবং অছিয়তকারীর মৃত্যুর পর যদি তার উত্তরাধিকারীগণ দাবি উপস্থাপন করেন তাহলে যাকে সম্পত্তি অছিয়ত করা হলো সেই ব্যক্তি উক্ত সম্পত্তির এক-তৃতীয়াংশ পাবে এবং অবশিষ্ট দুই তৃতীয়াংশের মালিক উত্তরাধিকারীদের মধ্যে সকলেই প্রাপ্ত হবেন।



CamScanner

**ঝ. উইল দলিল কাকে বলে?**

হিন্দু সম্প্রদায়ের লোক তাদের নিজস্ব সম্পত্তি তাদের আত্মীয়দের মধ্যে যাকে ইচ্ছা উইল করে দিতে পারেন। যিনি উইল করেন তিনি একের অধিক উইল করতে পারেন। কিন্তু সর্বশেষ যে উইল করলেন কেবল ঐটাই কার্যকরী হবে।

**ঞ. না-দাবি দলিল কাকে বলে?**

কোনো ব্যক্তি সুনির্দিষ্ট কোনো সম্পত্তিতে তার স্বত্বাধিকার নাই মর্মে অথবা স্বত্বাধিকার ত্যাগ করছেন মর্মে দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করে দিতে পারেন। এরূপ দলিলকে না-দাবি দলিল বলা হয়।

**ট. বয়নামা দলিল কাকে বলে?**

প্রজাদের ভূমি রাজস্ব বাকি পড়লে উপরস্থ মালিকগণ আদালতে খাজনার নালিশ করে ডিক্রি করতেন। প্রজা উক্ত ডিক্রিকৃত টাকা জমিদারকে প্রদান না করলে উক্ত খাজনার ডিক্রিজারী দিয়ে উক্ত ভূমি নিলাম করাতেন। উক্ত নিলাম উপরস্থ মালিকসহ সর্বসাধারণের খরিদ করার অধিকার ছিল। যে ব্যক্তি অধিক টাকায় নিলামের ডাক উঠাতেন তিনি উক্ত নিলাম খরিদ্দার বলে গণ্য হতেন। যিনি নিলাম খরিদ করতেন তাকে একটি নিদর্শন পত্র বা সার্টিফিকেট দেওয়া হতো, তাকে বয়নামা দলিল বলা হয়।

**ঠ. দখলনামা দলিল কাকে বলে?**

বন্টনের মোকদ্দমা, স্বত্ব সাব্যস্তপূর্বক খাস দখল, উৎপাত ও প্রিয়েমশান ইত্যাদি মোকদ্দমায় ডিক্রির পর আদালত হতে বন্টনের মোকদ্দমায় কমিশনার ও অন্যান্য মোকদ্দমায় আদালতের পদাতিক বা নায়েব, নাজির যোগে ডিক্রির মর্মমতে দখলি পরওয়ানের ভিত্তিতে দখল গ্রহণ করতে হয় এবং দখল দেওয়ার পর কমিশনার ও আদালতের পদাতিক বা নায়েব নাজির রিপোর্টসহ উক্ত দখলি পরওয়ানা আদালতে দাখিল করেন। তাকে দখলনামা দলিল বলা হয়।

**ড. রায় দলিল কাকে বলে?**

কোনো সম্পত্তি, টাকা-পয়সা কিংবা অন্যান্য যে-কোনো কারণে আদালতে নালিশ হলে বাদীর আরজি, বিবাদীর জবাবদৃষ্টে সাক্ষী প্রমাণ গ্রহণ করে একতরফা বা দোতরফা শুনানীর পর হাকিম বিচার করে উক্ত বিচার লিখিতভাবে তাকে জানিয়ে দেন ।

**ঢ. ডিক্রি দলিল কাকে বলে?**

রায়ের মর্মমতে রায়ের আদেশাংশ সংযোজন করে বাদী ও বিবাদী পক্ষের নাম-ঠিকানাসহ সম্পত্তিসংক্রান্ত তফসিল পরিচয়সহ একখানা দলিল আদালত কর্তৃক জারী করা হয় তাকে ডিক্রি বলে।

**ণ. আরজি দলিল কাকে বলে?**

বাদী বিরোধীয় ভূমির জন্য বিবাদীগণের বিরুদ্ধে আদালতে যে লিখিত অভিযোগ দাখিল করেন তাকে আরজি বলা হয়। এই আরজিতে বাদী তার স্বত্ব সম্বন্ধে যাবতীয় বিবরণ লিপিবদ্ধ করেন এবং প্রতিকার প্রার্থনা করেন। কোনো কোনো দরখাস্ত আরজি গণ্যে বিচার হয়। যেমন— প্রিয়েমশান অভিভাবক নিযুক্তির দরখাস্ত উত্তরাধিকার নিদর্শনপত্র, প্রবেট ইত্যাদি।

**ত. আদালতযোগে সাফকবলা দলিল কাকে বলে?**

কোনো ব্যক্তি তার সম্পত্তি বিক্রয় করার জন্য কারো নিকট হতে বায়না বাবদ টাকা গ্রহণ করে বায়নাপত্র সম্পাদন করে দিয়ে যদি দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করে না দেয় তাহলে যে ব্যক্তি বায়না দিয়েছেন তিনি আদালতে নালিশ করে আদালত কর্তৃক দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করিয়ে নিতে পারেন। আদালতের বিচারে দলিল সম্পাদনের মোকদ্দমা ডিক্রি হলে উক্ত ডিক্রি ঐ আদালতে জারী দিয়ে দলিলের মুসাবিদা ও স্ট্যাম্প আদালতে দাখিল করলে সেই মর্মে দলিললিপি করে আদালত দাতার পক্ষে দস্তখত করে দলিল রেজিস্ট্রি করে দিবেন।

**থ. বায়নাপত্র দলিল কাকে বলে?**

কোনো সম্পত্তি বিক্রয়ের জন্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে যে চুক্তিপত্র সম্পাদন করা হয় তাকে বায়নাপত্র বলে। বর্তমানে বায়না দলিল রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। বায়নাপত্রের মাধ্যমেও স্বত্ব হস্তান্তরিত হতে পারে। যদি কোনো ব্যক্তি বায়নাপত্র মারফত জমির দখল বুঝিয়ে দিয়ে থাকেন এবং মূল্যের টাকা গ্রহণ করে থাকেন এবং বিশেষ কারণে দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করে দেন নাই বা দিতে পারেন নাই। যেহেতু দখল বুঝিয়ে দিয়েছেন এবং গ্রহীতা দখল বুঝিয়ে নিয়ে ভোগ-দখল করছেন সেহেতু সম্পত্তি হস্তান্তর আইনের ৫৩ ধারা মতে আংশিক বিক্রয় কার্যকরী হয়েছে। অতএব জমি খরিদ্দারের স্বত্বাধীন হয়েছে বলে গণ্য হবে।

**দ. বেনামী দলিল কাকে বলে?**

কোনো ব্যক্তি বিশেষ কোনো কারণে তার নিজের নামে সম্পত্তি খরিদ করতে অসুবিধার সম্মুখীন হওয়া বিবেচিত হলে ঐ ব্যক্তি নিজ অর্থে ও স্বার্থে সম্পত্তি খরিদ করে তার দলিল নিজের নামে না করে তার যে-কোনো আত্মীয়ের বা বিশ্বস্ত বন্ধু-বান্ধবের নামে বেনামী দলিল করতে পারেন বা নিজের সম্পত্তি ঋণের দায়ে বা অন্য কোনো কারণে নষ্ট হওয়ার সম্ভাবনা থাকলে ঐ ব্যক্তি তার নিজের সম্পত্তি কোনো আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধবের নামে দলিল করে দিতে পারেন। সেই দলিল অবশ্যই সাফ কবলা ক্ষেত্রবিশেষে দানপত্র দলিল হবে।



CamScanner

**১৪. খতিয়ান কাকে বলে?**

ভূমি জরিপকালে ভূমি মালিকের মালিকানা নিয়ে যে বিবরণ প্রস্তুত করা হয় তাকে খতিয়ান বলে। খতিয়ান প্রস্তুত করা হয় মৌজাভিত্তিক। আমাদের দেশে CS, RS, SA এবং সিটি জরিপ সম্পন্ন হয়েছে। এসব জরিপকালে ভূমি মালিকের যে তথ্য প্রস্তুত করা হয়েছে তাকে খতিয়ান বলে। যেমন- CS খতিয়ান, RS খতিয়ান ইত্যাদি।

ক. **সি.এস. খতিয়ান :** ১৯১০-২০ সালের মধ্যে সরকারি আমিনগণ প্রতিটি ভূমি পরিমাপ করে উহার আয়তন, অবস্থান ও ব্যবহারের প্রকৃতি নির্দেশক মৌজা নকশা এবং প্রতিটি ভূমিখণ্ডের মালিক-দখলদারের বিররণ সংবেলিত যে খতিয়ান তৈরি করেন তা সি.এস. খতিয়ান নামে পরিচিত।

খ. **এস.এ. খতিয়ান :** ১৯৫০ সালের জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন পাশের পর সরকার জমিদারি অধিগ্রহণ করেন। তৎপর সরকারি জরিপ কর্মচারীরা সরেজমিনে মাঠে না গিয়ে সি.এস. খতিয়ান সংশোধন করে যে খতিয়ান প্রস্তুত করেন তা এস.এ. খতিয়ান নামে পরিচিত। কোনো অঞ্চলে এ খতিয়ান আর.এস. খতিয়ান নামেও পরিচিত। বাংলা ১৩৬২ সনে এই খতিয়ান প্রস্তুত হয় বলে বেশিরভাগ মানুষের কাছে এস.এ. খতিয়ান ৬২'র খতিয়ান নামেও পরিচিত।

গ. **আর.এস. খতিয়ান :** একবার জরিপ হওয়ার পর তাতে উল্লিখিত ভুল-ত্রুটি সংশোধনের জন্য পরবর্তীতে যে জরিপ করা হয় তা আর.এস. খতিয়ান নামে পরিচিত। দেখা যায় যে, এস.এ. জরিপের আলোকে প্রস্তুতকৃত খতিয়ান প্রস্তুতের সময় জরিপ কর্মচারীরা সরেজমিনে তদন্ত করেনি। তাতে অনেক ত্রুটি-বিচ্যুতি রয়ে গেছে। ঐ ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য সরকার দেশের বিভিন্ন অঞ্চলে সরেজমিনে ভূমি মাপ-ঝোঁক করে পুনরায় খতিয়ান প্রস্তুত করার উদ্যোগ নিয়েছেন। এই খতিয়ান আর.এস. খতিয়ান নামে পরিচিত। সারাদেশে এখন পর্যন্ত তা সমাপ্ত না হলেও অনেক জেলাতেই আর.এস. খতিয়ান চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে।

ঘ. **বি.এস. খতিয়ান :** সর্বশেষ এই জরিপ ১৯৯০ সালে পরিচালিত হয়। ঢাকা অঞ্চলে মহানগর জরিপ হিসেবেও পরিচিত।

**১৫. দাগ নম্বর কাকে বলে?**

যখন জরিপ ম্যাপ প্রস্তুত করা হয় তখন মৌজা নকশায় ভূমির সীমানা চিহ্নিত বা সনাক্ত করার লক্ষ্যে প্রত্যেকটি ভূমিখণ্ডকে আলাদা আলাদা নম্বর দেওয়া হয়। আর এই নম্বরকে দাগ নম্বর বলে। একেক নম্বরে বিভিন্ন পরিমাণ ভূমি থাকতে পারে। মূলত নম্বর অনুসারে একটি মৌজার অধীনে ভূমি মালিকের সীমানা খুঁটি বা আইল দিয়ে সরেজমিন প্রর্দশন করা হয়।

**১৬. ছুটা দাগ কাকে বলে?**

ভূমি জরিপকালে প্রাথমিক অবস্থায় নকশা প্রস্তুত অথবা সংশোধনের সময় নকশার প্রতিটি ভূমি এককে যে নম্বর দেওয়া হয় সে সময় যদি কোনো নম্বর ভুলে বাদ পড়ে তাকে ছুটা বলে। আবার প্রাথমিক পর্যায়ে যদি দুটি একত্র করে নকশা পুনঃসংশোধন করা হয় তখন যে নম্বর বাদ যায় তাকেও ছুটা বলে।

**১৭. পর্চা কাকে বলে?**

ভূমি জরিপকালে চূড়ান্ত খতিয়ান প্রস্তুত করার পূর্বে ভূমি মালিকদের নিকট খসড়া খতিয়ানের যে অনুলিপি প্রদান করা হয় তাকে মাঠ পর্চা বলে। এই মাঠ পর্চা রেভিনিউ/রাজস্ব কর্মকর্তা কর্তৃক তসদিক বা সত্যায়ন হওয়ার পর যদি কারো কোনো আপত্তি থাকে তাহলে তা শুনানির পর চূড়ান্তভাবে প্রকাশ করা হয়। আর চূড়ান্ত খতিয়ানের অনুলিপিকে পর্চা বলে।

**১৮. চিটা কাকে বলে?**

একটি ক্ষুদ্র ভূমির পরিমাণ, জমির ধরন ইত্যাদির পূর্ণ বিবরণ চিটা নামে পরিচিত। বাটোয়ারা মামলায় প্রাথমিক ডিক্রি দেওয়ার পর তাকে ফাইনাল ডিক্রিতে পরিণত করার আগে অ্যাডভোকেট কমিশনার সরেজমিন জমি পরিমাপ করে প্রাথমিক ডিক্রি মতে সম্পত্তি এমনি করে পক্ষদের বুঝিয়ে দেন। ওই সময় তিনি যে খসড়া ম্যাপ প্রস্তুত করেন তা চিটা বা চিটাদাগ নামে পরিচিত।

**১৯. নামজারী কাকে বলে?**

ক্রয়সূত্রে বা উত্তরাধিকারসূত্রে অথবা যেকোনো সূত্রে জমির নতুন মালিক হলে নতুন মালিকের নাম সরকারি খতিয়ানভুক্ত করার প্রক্রিয়াকে নামজারী বলা হয়।

**২০. জমা-খারিজ কাকে বলে?**

যৌথ মালিকানার জোত বা খতিয়ান ভেঙ্গে একক মালিকের নামে খতিয়ান খোলা বা একটি খতিয়ান থেকে অপরাপর মালিকের নাম বাদ দেওয়াকে বলা হয় জমা-খারিজ। অন্যকথায়, মূল থেকে কিছু জমির অংশ নিয়ে নতুন জোত সৃষ্টি করাকে জমা-খারিজ বলে।



CamScanner

## পার্ট-০১

# প্রশ্ন সমাধান

CamScanner

# প্রশ্ন সমাধান

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর ২০২৪

পরীক্ষার তারিখ : ১৬.০৩.২০২৪; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

## বাংলা— ২০

১. সন্ধিবিচ্ছেদ করুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. গতানুগতিক | গত + অনুগতিক |
| খ. শুদ্ধোধন | শুদ্ধ + ওদন |
| গ. প্রত্যুষ | প্রতি + উষ |
| ঘ. ক্ষুৎপিপাসা | ক্ষুধ্ + পিপাসা |
| ঙ. দুর্গতি | দুঃ + গতি |

২. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : ৫

উত্তর :

ক. **ঘরমুখো** (ঘরের দিকে মুখ যার) — প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস।

খ. **পঙ্কজ** (পঙ্কে জন্মে যা) — উপপদ তৎপুরুষ সমাস।

গ. **একগুঁয়ে** (এক গোঁ যার) — সমানাধিকরণ বহুব্রীহি সমাস।

ঘ. **যুধিষ্ঠির** (যুদ্ধে স্থির থাকেন যিনি) — বহুব্রীহি সমাস।

ঙ. **মুখচন্দ্র** (মুখ চন্দ্রের ন্যায়) — উপমিত কর্মধারয় সমাস।

৩. বাগধারাগুলোর অর্থসহ বাক্য রচনা করুন : ৫

উত্তর :

ক. **শরতের শিশির** (সুসময়ের বন্ধু) — আমাদের বন্ধুত্ব শরতের শিশির না যে তোর বিপদের দিনে পালিয়ে থাকব।

খ. **পাথরে পাঁচকিল** (অদৃষ্ট সুপ্রসন্ন) — দরিদ্র ফটিক লটারিতে দুলাখ টাকা জিতল, এখন তার পাথরে পাঁচকিল।

গ. **ঝাঁকের কৈ** (একই দলের লোক) — ওসব লোক আর বেশিদিন বাইরে থাকতে পারবে না, ঝাঁকের কৈ ঝাঁকে মিশবে একদিন।

ঘ. **অকাল বোধন** (অসময়ে আহ্বান) — বর্ষায় রাস্তা মেরামতের কাজ শুরু করে এই অকাল বোধন ডেকে এনে লাভ কিছুই হবে না।

ঙ. **কাক ভূষণ্ডি** (দীর্ঘজীবী) — স্ত্রী, পুত্র, কন্যা সবার মৃত্যুর পরও বৃদ্ধ কাক ভূষণ্ডির মতো বেঁচে আছে।

৪. এককথায় প্রকাশ করুন : ৫

উত্তর :

ক. হনন করার ইচ্ছা— জিঘাংসা।

খ. যা বলা হয়নি— অনুক্ত।

গ. যার অন্য কোনো উপায় নেই— অনন্যোপায়।

ঘ. যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ— শ্বাপদসংকুল।

ঙ. যে পুরুষ বিয়ে করেছে— কৃতদার।

## ইংরেজি— ২০

৫. Write the verb form of the following words : ৫

Ans :

| Given word | Verb form |
|---|---|
| a. Mourning | Mourn |
| b. Spirit | Spirit |
| c. Terror | Terrify |
| d. Type | Type |
| e. Vitality | Vitalize |

৬. Change the gender of the following words : ৫

Ans :

| Masculine | Feminine |
|---|---|
| a. Priest | Priestess |
| b. Actor | Actress |
| c. Buck-rabbit | Doe |
| d. Duke | Duchess |
| e. Milkman | Milkmaid |

৭. Change the following sentences as instructed : ৫

Ans :

a. **You should do the work. (Imperative)**
– Do the work.

b. **He plays football. (Imperative)**
– Let him play football.

c. **I know him. (Complex)**
– I know who is he.

d. **Nobody likes him. (Interrogative)**
– Does anybody like him?

CamScanner

e. **Everything in the shop was costly. (Negative)**
– Nothing in the shop was cheap.

৮. **Change the voice :** ৫

**Ans :**

a. **There are lots of things to do.**
– There are lots of things to be done.

b. **I know him.**
– He is known to me.

c. **You can do it.**
– It can be done by you.

d. **Is he eating fruit?**
– Is fruit being eaten by him?

e. **Let her sing a song.**
– Let a song be sung by her.

## গণিত– ১৫

৯. **২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার বিস্তৃত একটি বাগানের চারদিকে ২ মিটার বিস্তৃত একটি পথ আছে প্রতি বর্গমিটারে ২.৭৫ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত খরচ হবে?** ৫

**সমাধান :**




রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = ২১ × ১৫ বর্গমিটার = ৩১৫ বর্গমিটার

∴ রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = (২১ + ২ + ২) মিটার = ২৫ মিটার

এবং " " প্রস্থ = (১৫ + ২ + ২) মিটার
= ১৯ মিটার

∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ২৫ × ১৯ বর্গমিটার
= ৪৭৫ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৪৭৫ − ৩১৫) ব. মিটার
= ১৬০ বর্গমিটার

এখন ১ বর্গমিটারে খরচ পড়ে = ২.৭৫ টাকা

∴ ১৬০ " " " = ২.৭৫ × ১৬০ টাকা
= ৪৪০ টাকা

**উত্তর :** ৪৪০ টাকা।

১০. $a+\frac{1}{a}=2$ হলে দেখাও যে, $a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$ ৫

**সমাধান :** দেওয়া আছে,

$$a+\frac{1}{a}=2$$

বামপক্ষ $= a^2+\frac{1}{a^2}$

$$=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}$$

$$=2^2-2$$

$$=4-2=2$$

ডানপক্ষ $= a^4+\frac{1}{a^4}$

$$=\left(a^2\right)^2+\left(\frac{1}{a^2}\right)^2$$

$$=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2.a^2.\frac{1}{a^2}$$

$$=\left\{\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}\right\}^2-2$$

$$=(2^2-2)^2-2$$

$$=(4-2)^2-2$$

$$=2^2-2$$

$$=4-2=2$$

∴ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হলো)

১১. **একটি মিনারের পাদদেশ হতে ২০ মিটার দূরের একটি হতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ ৩০° হলে মি উচ্চতা কত?**

**সমাধান :**




মনে করি,

মিনারটির উচ্চতা, AB = h মিটার

মিনারটির পাদবিন্দু B হতে ২০ মিটার দূরে অবস্থিত

মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ ∠ACB = ৩০°

দেওয়া আছে, BC = ২০ মিটার

এখন ΔABC হতে,

$\tan\angle ACB=\frac{AB}{BC}$

বা, $\tan 30^\circ=\frac{h}{20}$

বা, $\frac{1}{\sqrt{3}}=\frac{h}{20}$

বা, $h=\frac{20}{\sqrt{3}}$

∴ h = ১১.৫৫ মিটার (প্রায়)

∴ মিনারটির উচ্চতা ১১.৫৫ মিটার (প্রায়)

## সাধারণ জ্ঞান– ১৫

১২. সংক্ষেপে উত্তর লিখুন : ১৫

ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ভিডিও রেকর্ড করেন কে?
উত্তর : আবুল খায়ের।

খ. ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩ অনুযায়ী ভূমি উন্নয়ন কর কত বিঘা পর্যন্ত মওকুফ করা হয়েছে?
উত্তর : ২৫ বিঘা।

গ. বিশ্বের প্রথম AI শিশুর নাম কী?
উত্তর : টং টং।

ঘ. বিশ্ব ভোক্তা অধিকার দিবস কবে পালিত হয়?
উত্তর : ১৫ মার্চ।

ঙ. বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর প্রধান লক্ষ্য লিখুন।
উত্তর : জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা।

চ. কত ডেসিবলের অধিক মাত্রার শব্দ পরিবেশকে দূষিত করে?
উত্তর : ৬০ ডেসিবল।

ছ. বাংলাদেশের বৃহত্তম তাপবিদ্যুৎ কেন্দ্রের নাম লিখুন।
উত্তর : পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালী।

জ. QR Code-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : Quick Response Code।

ঝ. একটি ডিজিটাল মুদ্রার নাম লিখুন।
উত্তর : বিটকয়েন।

ঞ. বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো 'বিশ্ব ঐতিহাসিক স্থান' হিসেবে ঘোষণা করেছে?
উত্তর : বাগেরহাটের ষাট গম্বুজ মসজিদ।

ট. 'স্মার্ট বাংলাদেশ-২০৪১' সম্পর্কে তিনটি বাক্য লিখুন।
উত্তর : স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও স্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সর্বপ্রথম 'স্মার্ট বাংলাদেশ' গড়ার কথা বলেন। 'স্মার্ট বাংলাদেশ' গড়ার ৪টি ভিত্তি হলো– স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার ও স্মার্ট সমাজ।

ঠ. সবুজ অর্থনীতি কী?
উত্তর : সবুজ অর্থনীতি এমন এক ধরনের অর্থনীতি যা পরিবেশগত ঝুঁকি এবং বিপদ হ্রাস করে। এর মূলনীতি হলো– এটি পরিবেশের অবনতি না করে টেকসই উন্নয়নকে উৎসাহিত করে।

ড. মহান মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য কোনটি?
উত্তর : জাগ্রত চৌরঙ্গী (গাজীপুর)।

ঢ. 'সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য'–সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে?
উত্তর : ২১ (১) অনুচ্ছেদে।

ণ. ম্যাগসেসে পুরস্কার ২০২৩ বিজয়ী বাংলাদেশির নাম লিখুন।
উত্তর : করভি রাখসান্দ।

CamScanner

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর সার-সার্ভেয়ার ২০২৪

পরীক্ষার তারিখ : ১৬.০৩.২০২৪; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৯০

## বাংলা— ২০

১. সন্ধিবিচ্ছেদ করুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. গতানুগতিক | গত + অনুগতিক |
| খ. শুদ্ধোধন | শুদ্ধ + ওদন |
| গ. প্রত্যুষ | প্রতি + উষ |
| ঘ. ক্ষুৎপিপাসা | ক্ষুধ্ + পিপাসা |
| ঙ. দুর্গতি | দুঃ + গতি |

২. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : ৫

উত্তর :

ক. ঘরমুখো (ঘরের দিকে মুখ যার) — প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস।

খ. পঙ্কজ (পঙ্কে জন্মে যা) — উপপদ তৎপুরুষ সমাস।

গ. একগুঁয়ে (এক গোঁ যার) — সমানাধিকরণ বহুব্রীহি সমাস।

ঘ. যুধিষ্ঠির (যুদ্ধে স্থির থাকেন যিনি) — বহুব্রীহি সমাস।

ঙ. মুখচন্দ্র (মুখ চন্দ্রের ন্যায়) — উপমিত কর্মধারয় সমাস।

৩. বাগধারাগুলোর অর্থসহ বাক্য রচনা করুন : ৫

উত্তর :

ক. শরতের শিশির (সুসময়ের বন্ধু) — আমাদের বন্ধুত্ব শরতের শিশির না যে তোর বিপদের দিনে পালিয়ে থাকর।

খ. পাথরে পাঁচকিল (অদৃষ্ট সুপ্রসন্ন) — দরিদ্র ফটিক লটারিতে দুলাখ টাকা জিতল, এখন তার পাথরে পাঁচকিল।

গ. ঝাঁকের কৈ (একই দলের লোক) — ওসব লোক আর বেশিদিন বাইরে থাকতে পারবে না, ঝাঁকের কৈ ঝাঁকে মিশবে একদিন।

ঘ. অকাল বোধন (অসময়ে আহ্বান) — বর্ষায় রাস্তা মেরামতের কাজ শুরু করে এই অকাল বোধন ডেকে এনে লাভ কিছুই হবে না।

ঙ. কাক ভূষণ্ডি (দীর্ঘজীবী) — স্ত্রী, পুত্র, কন্যা সবার মৃত্যুর পরও বৃদ্ধ কাক ভূষণ্ডির মতো বেঁচে আছে।

৪. এককথায় প্রকাশ করুন : ৫

উত্তর :

ক. হনন করার ইচ্ছা— জিঘাংসা।

খ. যা বলা হয়নি— অনুক্ত।

গ. যার অন্য কোনো উপায় নেই— অনন্যোপায়।

ঘ. যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ— শ্বাপদসংকুল।

ঙ. যে পুরুষ বিয়ে করেছে— কৃতদার।

## ইংরেজি— ২০

৫. Write the verb form of the following words : 5

Ans :

| Given word | Verb form |
|---|---|
| a. Mourning | Mourn |
| b. Spirit | Spirit |
| c. Terror | Terrify |
| d. Type | Type |
| e. Vitality | Vitalize |

৬. Change the gender of the following words : 5

Ans :

| Masculine | Feminine |
|---|---|
| a. Priest | Priestess |
| b. Actor | Actress |
| c. Buck-rabbit | Doe |
| d. Duke | Duchess |
| e. Milkman | Milkmaid |

৭. Change the following sentences as instructed : 5

Ans :

a. **You should do the work. (Imperative)**
– Do the work.

b. **He plays football. (Imperative)**
– Let him play football.

c. **I know him. (Complex)**
– I know who is he.

d. **Nobody likes him. (Interrogative)**
– Does anybody like him?

e. **Everything in the shop was costly. (Negati**
– Nothing in the shop was cheap.

৮. Change the voice : 5

Ans :

a. **There are lots of things to do.**
– There are lots of things to be done

b. **I know him.**
– He is known to me.

c. **You can do it.**
– It can be done by you.

CamScanner

d. **Is he eating fruit?**
– Is fruit being eaten by him?

e. **Let her sing a song.**
– Let a song be sung by her.

## গণিত ও পদ সংশ্লিষ্ট— ৩০

**৯. ২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার বিস্তৃত একটি বাগানের চারদিকে ২ মিটার বিস্তৃত একটি পথ আছে প্রতি বর্গমিটারে ২.৭৫ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত খরচ হবে? ৫**

**সমাধান :**




রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = ২১ × ১৫ বর্গমিটার = ৩১৫ বর্গমিটার

∴ রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = (২১ + ২ + ২) মিটার = ২৫ মিটার

এবং " " প্রস্থ = (১৫ + ২ + ২) মিটার = ১৯ মিটার

∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ২৫ × ১৯ = ৪৭৫ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৪৭৫ − ৩১৫) ব. মিটার = ১৬০ বর্গমিটার

এখন ১ বর্গমিটারে খরচ পড়ে = ২.৭৫ টাকা

∴ ১৬০ " " " = ২.৭৫ × ১৬০ টাকা = ৪৪০ টাকা

**উত্তর :** পথটিতে ঘাস লাগাতে ৪৪০ টাকা খরচ হবে।

**১০. $a+\frac{1}{a}=2$ হলে দেখাও যে, $a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$ ৫**

**সমাধান :** দেওয়া আছে,

$$a+\frac{1}{a}=2$$

বামপক্ষ $=a^2+\frac{1}{a^2}$

$=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}$

$=2^2-2$

$=4-2=2$

ডানপক্ষ $=a^4+\frac{1}{a^4}$

$=\left(a^2\right)^2+\left(\frac{1}{a^2}\right)^2$

$=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2.a^2.\frac{1}{a^2}$

$=\left\{\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}\right\}^2-2$

$=(2^2-2)^2-2$

$=(4-2)^2-2$

$=2^2-2$

$=4-2=2$

∴ বামপক্ষ = ডানপক্ষ (দেখানো হলো)

**১১. একটি মিনারের পাদদেশ হতে ২০ মিটার দূরের একটি স্থান হতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ 30° হলে মিনারটির উচ্চতা কত? ৫**

**সমাধান :** মনে করি

মিনারটির উচ্চতা, AB = h মিটার

মিনারটির পাদবিন্দু B হতে ২০ মিটার দূরে অবস্থিত C বিন্দুতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ ∠ACB = ৩০°




দেওয়া আছে, BC = ২০ মিটার

এখন ΔABC হতে,

$\tan\angle ACB=\frac{AB}{BC}$

বা, $\tan 30^\circ=\frac{h}{20}$

বা, $\frac{1}{\sqrt{3}}=\frac{h}{20}$

বা, $h=\frac{20}{\sqrt{3}}$

∴ h = ১১.৫৫ মিটার (প্রায়)

∴ মিনারটির উচ্চতা ১১.৫৫ মিটার (প্রায়)

**১২. ভূমি জরিপ কত প্রকার ও কী কী? থিওডোলাইট কী? ৫**

**উত্তর :** কোনো নির্দিষ্ট জনপদে একটি নির্ধারিত হারে রাজস্ব সংগ্রহের উদ্দেশ্যে জমির অবস্থান, তার প্রমিত পরিমাপ ও মালিকানা নির্ণয়ের জন্য পরিচালিত জরিপকে ভূমি জরিপ বলে। ভূমি জরিপ ৪ প্রকার। যথা : i. ভূ-সংস্থানিক জরিপ, ii. কিস্তোয়ার জরিপ, iii. নগর জরিপ ও iv. প্রকৌশল জরিপ।

**থিওডোলাইট :** এটি এক প্রকার কোণ পরিমাপক যন্ত্র, যার সাহায্যে অতি সূক্ষ্মভাবে অনুভূমিক ও উলম্ব কোণ পরিমাপ করা যায়। ভূমি জরিপ, বিল্ডিং ও অবকাঠামো নির্মাণে এটি ব্যবহৃত হয়।

CamScanner

১৩. সংজ্ঞা লিখুন : ৫

ক. মৌজা

উত্তর : রাজস্ব আদায়ের সর্বনিম্ন একক-এলাকাকে মৌজা বলে।

খ. জেএল নম্বর

উত্তর : থানা উপজেলাধীন প্রত্যেকটি মৌজাকে যে ক্রমিক নম্বর দ্বারা চিহ্নিত করা হয়, তাকে জেএল নম্বর বলে।

গ. খতিয়ান

উত্তর : সাধারণত স্বত্ব সংরক্ষণ ও রাজস্ব আদায়ের উদ্দেশ্যে জরিপ বিভাগ কর্তৃক প্রত্যেক মৌজার মালিক বা মালিকগণের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, জমির অংশ, দাগসমূহের নম্বর, পরিমাণ, শ্রেণি ইত্যাদি বিবরণসহ যে স্বত্ব তালিকা প্রস্তুত করা হয়, তাকে খতিয়ান বলে।

ঘ. পর্চা

উত্তর : জরিপ চলাকালে খসড়া খতিয়ানের যে অনুলিপি ভূমির মালিককে দেওয়া হয়, তাকে পর্চা বলে।

ঙ. তফসিল

উত্তর : কোনো জমির পরিচয় প্রদানের জন্য সংশ্লিষ্ট মৌজার নাম, খতিয়ান নং, দাগ নং, জমির চৌহদ্দি, পরিমাণ ইত্যাদি তথ্য সমৃদ্ধ বিবরণকে তফসিল বলে।

১৪. ট্রাভার্স অংকন পদ্ধতিগুলো কী কী লিখুন। ৫

উত্তর : কোনো মৌজার নকশা সম্পূর্ণ নতুন করে প্রস্তুত করতে মৌজায় যে কাঠামো স্থাপন করা হয় তাকেই ট্রাভার্স বলে। ট্রাভার্স অংকন পদ্ধতিগুলো হলো– ওপেন ট্রাভার্সিং, বন্ধ ট্রাভার্সিং, চেইন ট্রাভার্সিং, কম্পাস ট্রাভার্সিং, থিওডোলাইট ট্রাভার্সিং, প্লেন টেবিল ট্রাভার্সিং ইত্যাদি।

## সাধারণ জ্ঞান– ২০

১৫. সংক্ষেপে উত্তর লিখুন : ১৫

ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ভিডিও রেকর্ড করেন কে?

উত্তর : আবুল খায়ের।

খ. ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩ অনুযায়ী ভূমি উন্নয়ন কর কত বিঘা পর্যন্ত মওকুফ করা হয়েছে?

উত্তর : ২৫ বিঘা।

গ. বিশ্বের প্রথম AI শিক্ষক নাম কী?

উত্তর : টং টং।

ঘ. বিশ্ব ভোক্তা অধিকার দিবস কবে পালিত হয়?

উত্তর : ১৫ মার্চ।

ঙ. বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর প্রধান লক্ষ্য লিখুন।

উত্তর : জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা।

চ. কত ডেসিবলের অধিক মাত্রার শব্দ পরিবেশকে দূষিত করে

উত্তর : ৬০ ডেসিবল।

ছ. বাংলাদেশের বৃহত্তম তাপবিদ্যুৎ কেন্দ্রের নাম লিখুন।

উত্তর : পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালী।

জ. QR Code-এর পূর্ণরূপ লিখুন।

উত্তর : Quick Response Code।

ঝ. একটি ডিজিটাল মুদ্রার নাম লিখুন।

উত্তর : বিটকয়েন।

ঞ. বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো 'বি ঐতিহাসিক স্থান' হিসেবে ঘোষণা করেছে?

উত্তর : বাগেরহাটের ষাট গম্বুজ মসজিদ।

ট. কৃত্রিমভাবে তৈরি জীবজন্তুর অভয়ারণ্য যেখানে প্রাণী খোলামেলা বিচরণ করে তাকে কী বলে?

উত্তর : সাফারি পার্ক।

ঠ. সবুজ অর্থনীতি কী?

উত্তর : সবুজ অর্থনীতি এমন এক ধরনের অর্থনীতি পরিবেশগত ঝুঁকি এবং বিপদ হ্রাস করে। এর মূলনী হলো– এটি পরিবেশের অবনতি না করে টেকসই উন্নয়ন উৎসাহিত করে।

ড. মহান মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য কোনটি?

উত্তর : জাগ্রত চৌরঙ্গী (গাজীপুর)।

ঢ. 'সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা, নাগরি দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা ব প্রত্যেক নাগরিকের কর্তব্য'–সংবিধানের কোন অনুচ্ছে বলা হয়েছে?

উত্তর : ২১ (১) অনুচ্ছেদে।

ণ. ম্যাগসেসে পুরস্কার ২০২৩ বিজয়ী বাংলাদেশির নাম লিখু

উত্তর : করভি রাখসান্দ।

ত. বাংলাদেশে বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির হার কত?

উত্তর : ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুযায়ী ১.১২%।

থ. দক্ষিণ এশিয়ায় নদীর তলদেশে দীর্ঘতম সড়ক টানেল কোন

উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল।

দ. বাংলাদেশের সর্ব পূর্ব ও সর্ব পশ্চিমের উপজেলা কোনটি

উত্তর : সর্ব পূর্বের উপজেলা থানচি (বান্দরবান) ও পশ্চিমের উপজেলা শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ)।

ধ. যুক্তরাষ্ট্রের দুইটি রাজনৈতিক দলের নাম লিখুন।

উত্তর : ডেমোক্র্যাটিক পার্টি ও রিপাবলিকান পার্টি।

ণ. ITI কী?

উত্তর : Industrial Training Institute (ITI) এ শিল্প বা বৃত্তিমূলক কোর্স প্রদানকারী প্রতিষ্ঠান।

CamScanner

# ভূমি মন্ত্রণালয়-এর কম্পিউটার অপারেটর ২০২৩

পরীক্ষার তারিখ : ০৯.১২.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৯০

## বাংলা : ২০

১. সঠিক উত্তর লিখুন : ৫ × ১ = ৫

ক. বাংলা সাহিত্যের প্রাচীন যুগ বলা হয় কোন সময়কে?
উত্তর : ৬৫০-১২০০ খ্রি:।

খ. শ্রীকৃষ্ণকীর্তন-এর রচয়িতা কে?
উত্তর : বড়ু চণ্ডীদাস।

গ. 'নীহারিকা দেবী' ছদ্মনামে কে লিখতেন?
উত্তর : অচিন্ত্যকুমার সেনগুপ্ত।

ঘ. মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম উপন্যাস 'রাইফেল রোটি আওরাত' কার লেখা?
উত্তর : আনোয়ার পাশা।

ঙ. বাংলা সাহিত্যে মুসলমান সাহিত্যিক রচিত প্রথম উপন্যাসের নাম কী?
উত্তর : 'রত্নবতী' (মীর মশাররফ হোসেন)।

২. বিপরীত শব্দ লিখুন : ৫ × ১ = ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. উপত্যকা | অধিত্যকা |
| খ. অন্তরঙ্গ | বহিরঙ্গ |
| গ. বিনয় | ঔদ্ধত্য |
| ঘ. ঋজু | বক্র |
| ঙ. বিনীত | দুর্বিনীত |

৩. 'বঙ্গবন্ধু টানেল' শীর্ষক একটি অনুচ্ছেদ লিখুন। ৫ × ১ = ৫

৪. অর্থসহ বাক্য রচনা করুন : ৫ × ১ = ৫

ক. কচুবনের কালাচাঁদ (অপদার্থ)— সে একটা কচুবনের কালাচাঁদ, শুধু খায় আর ঘুরে বেড়ায়।

খ. আটকপালে (হতভাগ্য)— রহিমের মতো আটকপালের ভাগ্যে কি ঐ চাকরি জুটবে?

গ. রাবণের চিতা (চির অশান্তি)— সংসারের অশান্তিতে তার জীবন যেন রাবণের চিতা।

ঘ. ধর্মের ষাঁড় (যথেচ্ছাচারী)— সারাজীবন কি এইভাবে ধর্মের ষাঁড় হয়ে ঘুরে বেড়াবে?

ঙ. পায়াভারী (অহংকারী)— ভালো চাকরি পেয়ে ওর খুব পায়াভারী হয়েছে।

## English : 20

৫. Write a paragraph on 'Smart Bangladesh'.

৬. Fill in the blanks : ৩ × ২ = ৬

a. They provided us —— food and drink.
b. He died —— cancer.
c. Do not cry —— spilt milk.
Ans : a. with, b. of, c. over.

৭. Translate into English : ৩ × ২ = ৬

a. এক হাতে তালি বাজে না।
— It takes two to make a quarrel.

b. আমার লেখার কলম নেই।
— I have no pen to write with.

c এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি।
— No where will you find such a country.

৮. Correct the spelling : ৩ × ১ = ৩

a. Secreteriete— Secretariat.
b. Humorious— Humorous.
c. Hetarogenas— Heterogeneous.

## গণিত : ২০

৯. একটি ঘড়ি নির্মাতা ২০% লাভে দোকানদারের নিকট ঘড়ি বিক্রয় করেন এবং দোকানদার ১০% লাভে ক্রেতার নিকট ঘড়ি বিক্রয় করেন। ক্রেতা যে ঘড়িটি ৩৯৬ টাকায় ক্রয় করলেন, সেই ঘড়িটির নির্মাণ খরচ কত? ৫

সমাধান : ক্রেতার ক্রয়মূল্য = দোকানদারের বিক্রয়মূল্য

মনে করি,

ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) টাকা
= ১১০ টাকা

দোকানদারের বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " " ১ " " " $\frac{১০০}{১১০}$ "

∴ " " ৩৯৬ " " " $\frac{১০০ \times ৩৯৬}{১১০}$ "

= ৩৬০ টাকা

আবার, দোকানদারের ক্রয়মূল্য = নির্মাতার বিক্রয়মূল্য

২০% লাভে,

নির্মাতার বিক্রয়মূল্য ১২০ টাকা হলে নির্মাণ খরচ ১০০ টাকা

∴ " " ১ " " " " $\frac{১০০}{১২০}$ "

∴ " " ৩৬০ " " " " $\frac{১০০ \times ৩৬০}{১২০}$ "

= ৩০০ টাকা (উত্তর

১০. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরটির মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। ৫

সমাধান : মনে করি, ঘরের প্রস্থ = x মিটার
এবং দৈর্ঘ্য = ৩x মিটার
∴ ঘরটির ক্ষেত্রফল = (৩x × x) বর্গমিটার
= ৩x² বর্গমিটার
৭.৫০ টাকা খরচ হয় ১ বর্গমিটারে
∴ ১ " " " $\frac{১}{৭.৫০}$ "
∴ ১১০২.৫০ " " " $\frac{১\times১১০২.৫০}{৭.৫০}$ "
= ১৪৭ বর্গমিটারে

শর্তমতে,
৩x² = ১৪৭
বা, x² = ৪৯
বা, x = $\sqrt{৪৯}$
∴ x = ৭
∴ ঘরটির দৈর্ঘ্য = (৩ × ৭) মিটার
= ২১ মিটার এবং
প্রস্থ = ৭ মিটার **(উত্তর)**

১১. উৎপাদকে বিশ্লেষণ করুন : $4x^4 - 25x^2 + 36$ ৫

সমাধান : $4x^4 - 25x^2 + 36$
$= 4x^4 - 16x^2 + 9x^2 + 36$
$= 4x^2(x^2 - 4) - 9(x^2 - 4)$
$= (x^2 - 4)(4x^2 - 9)$
$= \{(x)^2 - (2)^2\}\{(2x)^2 - (3)^2\}$
$= (x + 2)(x - 2)(2x + 3)(2x - 3)$ **(Ans.)**

১২. কোন ভগ্নাংশের লবের সাথে ১ যোগ করলে $\frac{১}{২}$ হয় এবং হরের সাথে ১ যোগ করলে তা $\frac{১}{৩}$ হয়। ভগ্নাংশটি নির্ণয় করুন। ৫

সমাধান : মনে করি,
ভগ্নাংশটির লব = x এবং হর = y
∴ ভগ্নাংশটি = $\frac{x}{y}$
১ম শর্তমতে, $\frac{x+১}{y} = \frac{১}{২}$
বা, ২x + ২ = y
∴ ২x − y = −২ ... (i)
২য় শর্তমতে, $\frac{x}{y+১} = \frac{১}{৩}$
বা, ৩x = y + ১
∴ ৩x − y = ১ ... (ii)

(i) − (ii)
২x − y = −২
৩x − y = ১
(−) (+) (−)
−x = −৩
∴ x = ৩ *[উভয়পকে (−) দ্বারা গুণ করে]*
x এর মান (i) নং এ বসিয়ে পাই,
২ × ৩ − y = −২
বা, −y = −২ − ৬
বা, −y = −৮
∴ y = ৮
∴ ভগ্নাংশটি = $\frac{৩}{৮}$ **(উত্তর)**

## কম্পিউটারবিষয়ক সাধারণ জ্ঞান : ৩০

১৩. উত্তর লিখুন : ১৫ × ২ = ৩০

ক. **মাইক্রোকম্পিউটারের অপর নাম কী?**
**উত্তর :** সুপার, মেইনফ্রেম ও মিনি কম্পিউটারের চেয়ে ছোট আকারের কম্পিউটারকে বলে মাইক্রোকম্পিউটার। মাইক্রোকম্পিউটারের অপর নাম পার্সোনাল কম্পিউটার বা PC। ডেস্কটপ, ল্যাপটপ, নোটবুক, ট্যাব, পামটপ ইত্যাদি মাইক্রোকম্পিউটারের অন্তর্ভুক্ত।

খ. **দুইটি সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম লিখুন।**
**উত্তর :** সামাজিক যোগাযোগ মাধ্যম একটি অনলাইন প্লাটফর্ম যেখানে মানুষ একে অপরের সাথে লেখালেখি, ছবি প্রদর্শন, ভিডিও আদান-প্রদানের মাধ্যমে সামাজিক যোগাযোগ স্থাপন করে। ফেসবুক ও ইন্সটাগ্রাম দুটি জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম।

গ. **একটি ওপেন সোর্স অপারেটিং সিস্টেমের নাম লিখুন।**
**উত্তর :** যে অপারেটিং সিস্টেম বিনামূল্যে সবাই ব্যবহার করতে পারে এবং যে অপারেটিং সিস্টেমের সোর্স কোড যে কেউ নিজেদের মতো পরিবর্তন, পরিবর্ধন, বণ্টন করতে পারে তাকে ওপেন সোর্স অপারেটিং সিস্টেম বলে। LINUX একটি ওপেন সোর্স অপারেটিং সিস্টেম।

ঘ. **URL ও LAN এর পূর্ণরূপ লিখুন।**
**উত্তর :** URL-এর পূর্ণরূপ— Uniform Resource Locator.
LAN এর পূর্ণরূপ— Local Area Network.

ঙ. **ব্যান্ডউইথ কী?**
**উত্তর :** কমিউনিকেশন মাধ্যম দিয়ে ডেটা স্থানান্তরের হারকে ব্যান্ডউইথ বলে। অর্থাৎ প্রতি সেকেন্ডে যে পরিমাণ বিটস প্রবাহিত হয় তাকে ব্যান্ডউইথ বলে। ব্যান্ডউইথের একক bps।

CamScanner

**চ. piconet কী?**

**উত্তর :** পিকোনেট হলো এক ধরনের নেটওয়ার্ক যেখানে কিছু ডিভাইস তারবিহীনভাবে ব্লুটুথ প্রযুক্তির মাধ্যমে সংযুক্ত থাকে। প্রতিটি পিকোনেটে একটি মাস্টার নোড ও সর্বোচ্চ সাতটি স্লেভ নোড থাকে।

**ছ. দুইটি ইনপুট ডিভাইস এর নাম লিখুন।**

**উত্তর :** যেসব ডিভাইসের মাধ্যমে বাইরে থেকে কম্পিউটারে তথ্য প্রদান করা হয় তাদের বলে ইনপুট ডিভাইস। কী-বোর্ড ও মাউস হলো ইনপুট ডিভাইস।

**জ. দুইটি আউটপুট ডিভাইস এর নাম লিখুন।**

**উত্তর :** কম্পিউটারে তথ্য দেওয়ার পরে কম্পিউটার তা প্রসেস করে যে ডিভাইসের মাধ্যমে তা প্রদর্শন করে তাকে আউটপুট ডিভাইস বলে। মনিটর ও প্রিন্টার দুটি আউটপুট ডিভাইস।

**ঝ. MS Word এ ফাইল সেইভ করার শর্টকাট কমান্ড লিখুন।**

**উত্তর :** MS Word এ ফাইল সেইভ করার শর্টকাট কমান্ড হলো Ctrl + S।

**ঞ. দুইটি ওয়েব ব্রাউজারের নাম লিখুন।**

**উত্তর :** ওয়েব ব্রাউজার হলো এমন সফটওয়্যার যার মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করা যায়। Google Chrome ও Microsoft Edge দুটি জনপ্রিয় ওয়েব ব্রাউজার।

**ট. BIOS কম্পিউটারের কোথায় সংরক্ষিত থাকে?**

**উত্তর :** BIOS হলো Basic Input Output System, এটি একটি ফার্মওয়্যার যাতে কম্পিউটার বুট হওয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশনাগুলো দেওয়া থাকে। BIOS, ROM এ সংরক্ষিত থাকে এবং এটি মাদারবোর্ডের সাথে সংযুক্ত থাকে।

**ঠ. CPU এর পূর্ণরূপ লিখুন।**

**উত্তর :** CPU এর পূর্ণরূপ হলো— Central Processing Unit। CPU কে বলা হয় কম্পিউটারের মস্তিষ্ক। কম্পিউটারে দেওয়া তথ্য ও নির্দেশনা CPU প্রক্রিয়াজাত করে এবং আউটপুট দিয়ে থাকে।

**ড. দুইটি অপারেটিং সিস্টেমের নাম লিখুন।**

**উত্তর :** অপারেটিং সিস্টেম হচ্ছে ব্যবহারকারীর নির্দেশ অনুযায়ী কম্পিউটারের অভ্যন্তরে Hardware এবং Application Program গুলোর মধ্যে কাজের সমন্বয় সাধন করে সমগ্র কাজ পরিচালনার জন্য তৈরি System Software। Windows এবং Linux দুটি জনপ্রিয় Operating System।

**ঢ. WWW, HTML, DVD, ipod ইত্যাদি কোন কম্পিউটার প্রজন্মের উল্লেখযোগ্য আবিষ্কার?**

**উত্তর :** WWW আবিষ্কার হয় – ১৯৮৯ সালে
HTML " " – ১৯৯৩ "
DVD " " – ১৯৯৫ "
ipod " " – ২০০১ "
এগুলো চতুর্থ কম্পিউটার প্রজন্মের উল্লেখযোগ্য আবিষ্কার।

**ণ. বাণিজ্যিক ভিত্তিতে তৈরি প্রথম ইলেকট্রনিক কম্পিউটারের নাম কী?**

**উত্তর :** বাণিজ্যিক ভিত্তিতে তৈরি প্রথম ইলেকট্রনিক কম্পিউটার হলো UNIVAC।

CamScanner

# ভূমি মন্ত্রণালয়-এর সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ২০২৩

পরীক্ষার তারিখ : ০৯.১২.২০২৩; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৯০

## বাংলা- ২৫

১. সন্ধিবিচ্ছেদ লিখুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. অক্ষৌহিনী | অক্ষ + উহিনী |
| খ. দুষ্পাচ্য | দুঃ + পাচ্য |
| গ. দ্যুলোক | দিব্ + লোক |
| ঘ. রাজর্ষি | রাজা + ঋষি |
| ঙ. পবিত্র | পো + ইত্র |

২. শুদ্ধ বানান লিখুন : ৫

উত্তর :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ক. শ্রদ্ধঞ্জলি | শ্রদ্ধাঞ্জলি |
| খ. প্রতিদ্বন্দিতা | প্রতিদ্বন্দ্বিতা |
| গ. আকাংখা | আকাঙ্ক্ষা |
| ঘ. উত্তরসুরী | উত্তরসূরি |
| ঙ. সতঃস্ফুর্ত | স্বতঃস্ফূর্ত |

৩. সঠিক উত্তর লিখুন : ৫

ক. বাংলা ভাষায় প্রথম অভিধান সংকলন করেন কে?
উত্তর : রামচন্দ্র বিদ্যাবাগীশ।

খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থের নাম কী?
উত্তর : 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড ১৯৫৩, ২য় খণ্ড ১৯৬৫)।

গ. "স্বাধীনতা তুমি রবি ঠাকুরের অজর কবিতা, অবিনাশী গান"–এই কবিতাংশটি কার লেখা?
উত্তর : শামসুর রাহমান।

ঘ. 'দেশে-বিদেশে' কোন শ্রেণির রচনা?
উত্তর : ভ্রমণকাহিনি।

ঙ. রবীন্দ্রনাথ ঠাকুর শান্তি নিকেতন প্রতিষ্ঠা করেন কবে?
উত্তর : ১৯০১ থেকে রবীন্দ্রনাথ শান্তি নিকেতনে পাকাপাকিভাবে বসবাস শুরু করেন এবং এখানে 'ব্রহ্মচর্যাশ্রম' নামে একটি আবাসিক বিদ্যালয় স্থাপন করেন। ১৯২১ খ্রিষ্টাব্দে এটিই বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে পরিণত রূপ পায়।

৪. 'ডিজিটাল ভূমিসেবা' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন। ৫

৫. বিপরীত শব্দ লিখুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. ইহলোক | পরলোক |
| খ. উৎকর্ষ | অপকর্ষ |
| গ. বিজ্ঞ | অজ্ঞ |
| ঘ. প্রসন্ন | বিষণ্ন |
| ঙ. যোজক | প্রণালি |

## ইংরেজি- ২৫

৬. Translate into English : ৫

Ans :

a. আত্মনির্ভরশীলতা হচ্ছে নিজের উপর নির্ভরশীলতা।
– Self-reliance is dependency on thyself.

b. সে আসুক বা না আসুক, আমাকে যেতেই হবে।
– Whether he comes or not, I have to go.

c. ইচ্ছে থাকলে উপায় হয়।
– If there is a will, there is a way.

d. আমি তাহার নাড়ি নক্ষত্র জানি।
– I know the ins and outs of him.

e. লোভে পাপ, পাপে মৃত্যু।
– Avarice begets sin, sin begets death.

৭. Fill in the blanks with suitable words : ৫

a. Honesty is indispensable — success.
b. This house is infested — insects.
c. We should dispense — formalities.
d. Human nature revolts — a crime.
e. Each of the boys — present in the class today.

Ans : a. for, b. with, c. with, d. at, e. is.

৮. Write a synonym of the following words : ৩

Ans :

| Given word | Synonym |
|---|---|
| a. Perpetual (চিরস্থায়ী) | Everlasting |
| b. Pitfall (ভ্রম) | Inaccuracy |
| c. Inadvertent (অনিচ্ছাকৃত) | Unwillingly |

৯. Write an antonym of the following words : ৩

Ans :

| Given word | Antonym |
|---|---|
| a. Enormous (প্রচুর) | Tiny |
| b. Extraneous (বহিরাগত) | Native |
| c. Vilify (অপমান) | Glorify |

১০. Write the meaning of the following words :

Ans :

a. Turn head — পরশ্রীকাতরতা
b. Long shot — নিষ্ফল চেষ্টা

১১. Correct the spelling :

Ans :

| Incorrect | Correct |
|---|---|
| a. Secreteriate | Secretariat |
| b. Ameture | Amateur |

১২. Write paragraph on 'Mega projects of Bangladesh'.

CamScanner

## গণিত– ২০

**১৩. ৪০ মিটার দৈর্ঘ্য এবং ৩০ মিটার প্রস্থবিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝে আড়াআড়িভাবে ১.৫ মিটার প্রশস্ত দুটি রাস্তা আছে। রাস্তা দুটির ক্ষেত্রফল কত? ৫**

**সমাধান :**




দৈর্ঘ্য বরাবর রাস্তাটির ক্ষেত্রফল = (৪০ × ১.৫) বর্গমিটার
= ৬০ বর্গমিটার

প্রস্থ বরাবর রাস্তাটির ক্ষেত্রফল = {(৩০ – ১.৫) × ১.৫} বর্গমিটার
= (২৮.৫ × ১.৫) "
= ৪২.৭৫ বর্গমিটার

অতএব, রাস্তাদ্বয়ের ক্ষেত্রফল = (৬০ + ৪২.৭৫) বর্গমিটার
= ১০২.৭৫ "

∴ রাস্তাদ্বয়ের মোট ক্ষেত্রফল = ১০২.৭৫ বর্গমিটার। **(উত্তর)**

**১৪. এক ব্যক্তি ১৫০০ টাকার কিছু জিনিস কিনে $\frac{১}{৩}$ অংশ ৪% ক্ষতিতে বিক্রয় করলো। এখন বিক্রয়মূল্য শতকরা কত বৃদ্ধি করলে অবশিষ্ট জিনিস বিক্রয় করে তার মোটের ওপর ৪% লাভ হবে? ৫**

**সমাধান :** ১৫০০ টাকার $\frac{১}{৩}$ অংশ $= \left(১৫০০ \times \frac{১}{৩}\right)$ টাকা
= ৫০০ টাকা

মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা
৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ – ৪) টাকা
= ৯৬ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ৯৬ টাকা
∴ " ১ " " " $\frac{৯৬}{১০০}$ "
∴ " ৫০০ " " " $\frac{৯৬ \times ৫০০}{১০০}$ "
= ৪৮০ টাকা

অবশিষ্ট জিনিসের ক্রয়মূল্য = (১৫০০ – ৫০০) টাকা
= ১০০০ টাকা

১৫০০ টাকার ৪% $= \left(১৫০০ \times \frac{৪}{১০০}\right)$ টাকা
= ৬০ টাকা

মোটের ওপর ৪% লাভ করতে হলে জিনিসগুলোর
মোট বিক্রয়মূল্য = (১৫০০ + ৬০) টাকা = ১৫৬০ টাকা

∴ অবশিষ্ট জিনিস বিক্রয় করতে হবে = (১৫৬০ – ৪৮০) টাকা
= ১০৮০ টাকায়

∴ লাভ = (১০৮০ – ১০০০) টাকা = ৮০ টাকা
১০০০ টাকায় লাভ করতে হবে ৮০ টাকা
∴ ১ " " " " $\frac{৮০}{১০০০}$ "
∴ ১০০ " " " " $\frac{৮০ \times ১০০}{১০০০}$ " = ৮ টাকা

∴ বিক্রয়মূল্য বৃদ্ধি করতে হবে ৮% **(উত্তর)**।

**১৫. যদি $x + \frac{1}{x} = 5$ হয়, তবে $\frac{x}{x^2+x+1}$ এর মান নির্ণয় করুন। ৫**

**সমাধান :** দেওয়া আছে,

$$x + \frac{1}{x} = 5$$

$$\text{বা, } \frac{x^2+1}{x} = 5$$

$$\therefore x^2 + 1 = 5x$$

$$\therefore \frac{x}{x^2+x+1} = \frac{x}{x^2+1+x}$$

$$= \frac{x}{5x+x}$$

$$= \frac{x}{6x}$$

$$= \frac{1}{6} \text{(Ans)}$$

**১৬. সমাধান করুন : $\frac{1}{x-1} + \frac{2}{x-2} = \frac{3}{x-3}$ ৫**

**সমাধান :** $\frac{1}{x-1} + \frac{2}{x-2} = \frac{3}{x-3}$

$$\text{বা, } \frac{1}{x-1} + \frac{2}{x-2} = \frac{1+2}{x-3}$$

$$\text{বা, } \frac{1}{x-1} + \frac{2}{x-2} = \frac{1}{x-3} + \frac{2}{x-3}$$

$$\text{বা, } \frac{1}{x-1} - \frac{1}{x-3} = \frac{2}{x-3} - \frac{2}{x-2}$$

$$\text{বা, } \frac{(x-3)-(x-1)}{(x-1)(x-3)} = \frac{2(x-2)-2(x-3)}{(x-3)(x-2)}$$

$$\text{বা, } \frac{x-3-x+1}{x-1} = \frac{2x-4-2x+6}{x-2}$$

$$\text{বা, } \frac{-2}{x-1} = \frac{2}{x-2}$$

$$\text{বা, } \frac{-1}{x-1} = \frac{1}{x-2}$$ *[উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]*

$$\text{বা, } x - 1 = -x + 2$$

$$\text{বা, } x + x = 2 + 1$$

$$\text{বা, } 2x = 3$$

$$\therefore x = \frac{3}{2} \textbf{ (Ans.)}$$

CamScanner

## সাধারণ জ্ঞান– ২০

১৭. উত্তর লিখুন : ২০

ক. 'সবকটা জানালা খুলে দাও না'– এ গানের গীতিকার ও সুরকারের নাম লিখুন।
উত্তর : গীতিকার : নজরুল ইসলাম বাবু এবং
সুরকার : আহমেদ ইমতিয়াজ বুলবুল।

খ. RDA এবং CIRDAP-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : RDA — Rural Development Academy.
CIRDAP — Centre on Integrated Rural Development for Asia and the Pacific.

গ. বাংলাদেশের দুটি সাবমেরিন ক্যাবলের ল্যান্ডিং স্টেশনের নাম লিখুন।
উত্তর : ঝিলংজা (কক্সবাজার) ও কুয়াকাটা (পটুয়াখালী)।

ঘ. বাংলাদেশের একমাত্র পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং একমাত্র পানিবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর :

| নাম | অবস্থান |
|---|---|
| পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র | রূপপুর, ঈশ্বরদী, পাবনা |
| পানিবিদ্যুৎ কেন্দ্র | কাপ্তাই, রাঙ্গামাটি |

ঙ. বাংলাদেশের প্রথম ইকোপার্ক এবং প্রথম সাফারি পার্ক কোথায় অবস্থিত?
উত্তর : প্রথম ইকোপার্ক (সিতাকুন্ড বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্ক) চট্টগ্রামের সিতাকুন্ডে অবস্থিত।
প্রথম সাফারি পার্ক (বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক) কক্সবাজারের চকোরিয়ায় অবস্থিত।

চ. সাবাস বাংলাদেশ ভাস্কর্যটির ভাস্কর কে এবং এটি কোথায় অবস্থিত?
উত্তর : ভাস্কর : নিতুন কুণ্ডু।
অবস্থান : রাজশাহী বিশ্ববিদ্যালয়।

ছ. পদ্মাসেতুর মোট স্প্যান কয়টি এবং প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য কত?
উত্তর : পদ্মাসেতুর স্প্যান ৪১টি এবং প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য ১৫০ মিটার।

জ. শেখ রাসেল দিবস কবে এবং কোন সাল থেকে পালিত হচ্ছে?
উত্তর : ১৮ অক্টোবর। ২০২১ সাল থেকে।

ঝ. সর্বশেষ আইসিসি বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হয়েছে এবং অস্ট্রেলিয়ার কততম বিশ্বকাপ বিজয় ছিল?
উত্তর : ১৩তম আইসিসি মেনস ক্রিকেট বিশ্বকাপ ভারতে অনুষ্ঠিত হয়েছে। আর এ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় অস্ট্রেলিয়া। একদিনের বিশ্বকাপে এটা ছিল অস্ট্রেলিয়ার ৫ম বিশ্বকাপ বিজয়।

ঞ. ই-নামজারি কী?
উত্তর : নামজারি হচ্ছে জমিসংক্রান্ত বিষয়ে মালিকানা পরিবর্তন করা। জমি হস্তান্তর হলে পুরোনো মালিকের নাম বাদ দিয়ে নতুন মালিকের নাম প্রতিস্থাপন করাই নামজারি।
ভূমি অফিসগুলোতে গ্রাহকদের সেবা নিতে ছুটোছুটি করে অনলাইনের মাধ্যমে নামজারির কাজ সম্পন্ন করা ই-নামজারি বলা হয়।

CamScanner

# ভূমি মন্ত্রণালয় (ইডিএলএমএস প্রকল্প) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ২০২৩

পরীক্ষার তারিখ : ১৭.১১.২০২৩; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৯০

১. **সন্ধিবিচ্ছেদ করুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. দেশান্তর | দেশ + অন্তর |
| খ. সৈনিক | সেনা + ইক |
| গ. শীতার্ত | শীত + ঋত |
| ঘ. তন্বী | তনু + ঈ |
| ঙ. যথেষ্ট | যথা + ইষ্ট |

২. **এককথায় প্রকাশ করুন :**

**উত্তর :**

ক. অক্ষির সম্মুখে — প্রত্যক্ষ।

খ. অধ্যাপনা করেন যিনি — অধ্যাপক।

গ. অন্য দেশ — দেশান্তর।

ঘ. অবশ্যই যা হবে — অবশ্যম্ভাবী।

ঙ. চতুর্দিকে প্রচার — সম্প্রচার।

৩. **বিপরীত শব্দ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. ভূত | ভবিষ্যৎ |
| খ. বিরক্ত | অনুরক্ত |
| গ. আদিম | অন্তিম |
| ঘ. সবল | দুর্বল |
| ঙ. সুখ | দুঃখ |

৪. **টীকা লিখুন : পদ্মা বহুমুখী সেতু।**

৫. **Translate into English :**

**Ans :**

ক. **সাকিব গতকাল স্কুলে গিয়েছিল।**
– Sakib went to school yesterday.

খ. **আমাদের গ্রামে একটি স্কুল আছে।**
– There is a school in our village.

গ. **মেয়েটি কবিতা পছন্দ করে।**
– The girl likes poem.

ঘ. **তিনি সাত দিন যাবত জ্বরে ভুগছেন।**
– He has been suffering from fever for seven days.

ঙ. **সূর্য পূর্ব দিকে ওঠে এবং পশ্চিম দিকে অস্ত যায়।**
– The sun rises in the east and sets in the west.

৬. **Fill in the blanks with suitable words :**

a. He was accused — his misconduct.

b. He has assured me — safety.

c. Please look — the matter.

d. He is too weak — walk.

e. She called me — the telephone.

**Ans :** a. of, b. of, c. into, d. to, e. over.

৭. **একটি দ্রব্য ৪০০ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৪৮০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?**

**সমাধান :** মনে করি, দ্রব্যটির ক্রয়মূল্য = x টাকা।

৪০০ টাকায় বিক্রয়ে ক্ষতি হয় $(x - ৪০০)$ টাকা

৪৮০ টাকায় বিক্রয়ে লাভ হয় $(৪৮০ - x)$ টাকা

শর্তমতে, $৩(x - ৪০০) = ৪৮০ - x$

বা, $৩x - ১২০০ = ৪৮০ - x$

বা, $৪x = ১৬৮০$

বা, $x = \frac{১৬৮০}{৪}$

$\therefore x = ৪২০$

$\therefore$ দ্রব্যটির ক্রয়মূল্য ৪২০ টাকা **(উত্তর)**।

৮. **বার্ষিক ৩% হার সুদে ২৫০ টাকায় ৬ বছরে যত সুদ হয়, বার্ষিক ৫% হার সুদে কত বছরে ২২৫ টাকায় তত সুদ হবে?**

**সমাধান :** আমরা জানি,

সরল সুদ $I = Pnr$

৩% হার সুদে–

$I = ২৫০ \times ৬ \times \frac{৩}{১০০}$

$= ৪৫$ টাকা

এখানে,

আসল, $P = ২৫০$ টাকা

সুদের হার, $r = ৩\% = \frac{৩}{১০০}$

সময়, $P = ৬$ বছর

সুদ, $I = ?$

আবার, ৫% হারে–

$I = Pnr$

বা, $n = \frac{I}{Pr}$

$= \frac{৪৫}{২২৫ \times \frac{৫}{১০০}}$

$= \frac{৪৫ \times ১০০}{২২৫ \times ৫}$

$= ৪$ বছর

সুদ, $I = ৪৫$ টাকা

আসল, $P = ২২৫$ টাকা

সুদের হার, $r = ৫\% = \frac{৫}{১০০}$

সময়, $n = ?$

**উত্তর : ৪ বছর।**

CamScanner

৯. উৎপাদকে বিশ্লেষণ করুন : $4x^4 - 25x^2 + 36$

সমাধান : $4x^4 - 25x^2 + 36$

$= (2x^2)^2 - 2.2x^2.6 + 6^2 - x^2$

$= (2x^2 - 6)^2 - x^2$

$= (2x^2 - 6 + x)(2x^2 - 6 - x)$

$= (2x^2 + x - 6)(2x^2 - x - 6)$

$= (2x^2 + 4x - 3x - 6)(2x^2 - 4x + 3x - 6)$

$= \{2x(x+2) - 3(x+2)\}\{2x(x-2) + 3(x-2)\}$

$= (x+2)(2x-3)(x-2)(2x+3)$

$= (x-2)(x+2)(2x-3)(2x+3)$

১০. $2x + 3y = 13$ এবং $xy = 6$ হলে, $8x^3 + 27y^3$ এর মান কত?

সমাধান : $8x^3 + 27y^3 = (2x)^3 + (3y)^3$

$= (2x + 3y)^3 - 3.2x.3y(2x + 3y)$

$= (13)^3 - 18xy(2x + 3y)$

$= 2197 - 18 \times 6 \times 13$

$= 2197 - 1404$

$= 793$ **(Ans.)**

## সাধারণ জ্ঞান ও কম্পিউটার বিষয়ক

১১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন :

ক. বঙ্গবন্ধু জুলিও কুরি পদক লাভ করেন কত সালে?
উত্তর : ১০ অক্টোবর ১৯৭২।

খ. বঙ্গবন্ধু হাইটেক সিটি কোথায় অবস্থিত?
উত্তর : গাজীপুর জেলার কালিয়াকৈর।

গ. বাংলাদেশের সর্বোচ্চ আইন কোনটি?
উত্তর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

ঘ. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উত্তর : তাজউদ্দীন আহমদ।

ঙ. সেন্টমার্টিন দ্বীপের অপর নাম কী?
উত্তর : নারিকেল জিঞ্জিরা।

১২. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন :

ক. RAM-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : Random Access Memory.

খ. LAN-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : Local Area Network.

গ. দুইটি ইনপুট ডিভাইসের নাম লিখুন।
উত্তর : স্ক্যানার, মাউস।

ঘ. দুইটি আউটপুট ডিভাইসের নাম লিখুন।
উত্তর : মনিটর, প্রিন্টার।

ঙ. MS Word-এ ফাইল ওপেন করার শর্টকাট লিখুন।
উত্তর : Ctrl + O

চ. দুইটি ওয়েব ব্রাউজারের নাম লিখুন।
উত্তর : গুগল ক্রোম, ফায়ারফক্স।

ছ. BIOS কম্পিউটারের কোথায় সংরক্ষিত থাকে?
উত্তর : ROM-এ।

জ. CPU-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : Central Processing Unit.

ঝ. দুইটি অপারেটিং সিস্টেমের নাম লিখুন।
উত্তর : ইউনিক্স (Unix), এমএস উইন্ডোজ (MS Windows)

ঞ. দুইটি সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম লিখুন
উত্তর : ফেসবুক, এক্স (সাবেক টুইটার)।

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এর নাজির কাম-ক্যাশিয়ার ২০২৩

পরীক্ষার তারিখ : ১৭.১১.২০২৩; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

১. **সন্ধিবিচ্ছেদ করুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. সংহার | সম্ + হার |
| খ. দুঃশাসন | দুঃ + শাসন |
| গ. স্বৈর | স্ব + ঈর |
| ঘ. পদস্খলন | পদঃ + খলন |

২. **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন :**

ক. স্বামী-স্ত্রী খ. ক্ষুধানল গ. যুবজানি

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | ব্যাস বাক্য | সমাসের নাম |
|---|---|---|
| স্বামী-স্ত্রী | স্বামী ও স্ত্রী | দ্বন্দ্ব সমাস |
| ক্ষুধানল | ক্ষুধা রূপ অনল | রূপক কর্মধারয় |
| যুবজানি | যুবতি জায়া যার | বহুব্রীহি সমাস |

৩. **অর্থসহ বাগধারা লিখুন :**

**উত্তর :**

ক. **শাঁখের করাত** (উভয় সংকট) — বাইরে গেলেও বিপদ না গেলেও বিপদ, এ যেন শাঁখের করাত।

খ. **এলেবেলে** (নিকৃষ্ট) — এমন এলেবেলে খেলা দেখতে ভালো লাগে না।

গ. **চোখের বালি** (বিশেষ বিরক্তির বস্তু) — চোখের বালি হয়ে বেঁচে থাকার চেয়ে ঐ স্বামীর ঘর না করাই ভালো।

৪. **এককথায় প্রকাশ করুন :**

**উত্তর :**

ক. মৃত্তিকা দিয়ে তৈরি — মৃন্ময়।

খ. শুভক্ষণে জন্ম যার — ক্ষণজন্মা।

গ. নূপুরের ধ্বনি — নিক্বণ।

৫. **শুদ্ধ বানান লিখুন :**

**উত্তর :**

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ক. জোৎস্না | জ্যোৎস্না |
| খ. ঐক্যমত্য | ঐকমত্য |
| গ. গড্ডালিকা | গড্ডলিকা |
| ঘ. সঙ্কা | শঙ্কা |

৬. **প্রায়-সমোচ্চারিত শব্দগুলোর অর্থ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | অর্থ |
|---|---|
| ক. অংস | কাঁধ |
| অংশ | ভাগ |
| খ. বিজন | নির্জন স্থান |
| বীজন | পাখা |

৭. **বিপরীতার্থক শব্দ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. উর্বর | অনুর্বর |
| খ. স্থাবর | অস্থাবর |

৮. **'মৈমনসিংহ গীতিকা'-এর শতবর্ষ কোন সালে পালন করা হবে?**

**উত্তর :** ২০২৩ সাল।

৯. **বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণের সংখ্যা কয়টি ও কী কী?**

**উত্তর :** ১০টি। যথা : এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ।

১০. **পদাশ্রিত নির্দেশক ও উপসর্গের সংজ্ঞা দিন।**

**উত্তর :** যেসব প্রত্যয় বা অব্যয় শব্দের সঙ্গে যুক্ত হয়ে নির্দিষ্টতা বোঝায়, সেগুলোকে পদাশ্রিত নির্দেশক বলে। যেসব অর্থহীন শব্দাংশ অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে।

১১. **'শেষের কবিতা' গ্রন্থের রচয়িতা কে? এটি কোন ধরনের গ্রন্থ?**

**উত্তর :** রবীন্দ্রনাথ ঠাকুর, উপন্যাস।

১২. **Fill in the blanks with appropriate preposition :**

a. Your opinion is identical — mine.

b. They filed a charge — me.

c. Would you find out Bangladesh — the world map?

**Ans.** (a) to, (b) against, (c) on

১৩. **Make sentences with the following Idioms and Phrases :**

**Ans :**

a. **A black sheep** (কুলাঙ্গার) — There are a black sheep in our club.

b. **A bolt from the blue** (বিনা মেঘে বজ্রপাত) — The bad news struck him like a bolt from the blue.

c. **By hook or by crook** (যে-কোনোভাবেই হোক) — You must go there by hook or by crook.

d. **Call bad names** (মন্দ কথা বলা) — Don't call bad names of others.

১৪. **Correct the following sentences :**

a. He insisted <u>to he</u> seeing this.
— He insisted on him seeing this.

b. All of it <u>are depending</u> on you.
— All of it depends on you.

c. Yesterday, he <u>did gone</u> home.
— Yesterday, he went home.

CamScanner

১৫. Fill in the blanks with appropriate articles :

a. I saw — one-eyed man.

b. He is — F.R.C.S.

c. Meter is — unit of length.

Ans : (a) a; (b) an; (c) a.

১৬. Change the voice :

a. He annoyed me.

— I was annoyed with him.

b. Rice sell cheap.

— Rice is cheap when it is sold.

c. Who made the noise?

— By whom was the noise made?

১৭. Write the name of the Author of following books :

| | |
|---|---|
| a. Paradise | Abdulrazak Gurnah |
| b. Macbeth | William Shakespeare |
| c. Sense and Sensibility | Jane Austen |
| e. A Tale of Two Cities | Charles Dickens |

১৪. Translate into English :

Ans :

a. উঠন্ত মুলো পত্তনে চেনা যায়।

— Morning shows the day.

b. ঝমঝম বৃষ্টি আসলো।

— The rain came down in torrents.

c. প্রথমে আমিই তোমাকে সাহায্য করেছিলাম।

— It is I who helped you first.

d. বিমানটি ৫টা ৩০ মিনিটে ছাড়বে।

— The plane will take off at 5 : 30.

e. আমি বরং যাই।

— I would rather go.

১৯. 'আমার সোনার বাংলা'– গানটি জাতীয় সংগীত হিসেবে কত তারিখে গৃহীত হয়?

— ১৩ জানুয়ারি ১৯৭২।

২০. আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম 'টাইমড আউট' হওয়া খেলোয়াড়ের নাম কী? তিনি কোন দেশের?

— আন্তর্জাতিক ক্রিকেটে (২০২৩ ওডিআই বিশ্বকাপে) প্রথম টাইমড আউট হওয়া খেলোয়াড় অ্যাঞ্জেলো ম্যাথিউস। তিনি শ্রীলঙ্কার ক্রিকেটার।

২১. 'মুজিব : একটি জাতির রূপকার'– চলচ্চিত্রটির পরিচালকের নাম কী? তিনি কোন দেশের অধিবাসী?

— শ্যাম বেনেগাল। তিনি ভারতের অধিবাসী।

২২. 'না প্রেমিক না বিপ্লবী' এবং 'গৌরিপুর জংশন' রচয়িতাদের নাম লিখুন।

— নির্মলেন্দু গুণ এবং হুমায়ূন আহমেদ।

২৩. বঙ্গবন্ধুকে বাঙালি জাতির পিতা উপাধি দেওয়া সালের কত তারিখে?

— ৩ মার্চ ১৯৭১।

২৪. আন্তর্জাতিক অর্থ তহবিল কবে থেকে এর কার্যক্রম শুরু

— ১ মার্চ ১৯৪৭।

২৫. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কী? তিনি দেশের নাগরিক?

— অ্যান্তোনিও গুতেরেস, পর্তুগাল।

২৬. বুকার কোন দেশের শ্রেষ্ঠ সাহিত্য পুরস্কার? ২০২৩ সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?

— ব্রিটেন। ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পো জন ফসে (নরওয়ে)।

২৭. 'স্ট্যাচু অব লিবার্টি' এবং 'স্ট্যাচু অব পিস' কোন দেশে অবা

— যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়া।

২৮. পূর্ণরূপ লিখুন :

ক. IFAD — International Fund for Agricul Development.

খ. ICAO — International Civil Aviation Organiza

২৯. কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়ো ৩৭ হবে?

সমাধান : মনে করি, সংখ্যাটি x

শর্তমতে, x এর ৩৭% – ৩৭ = ৩৭

বা, $x \times \frac{৩৭}{১০০} = ৭৪$

বা, $x = \frac{১০০ \times ৭৪}{৩৭}$

∴ x = ২০০ (উত্তর)।

৩০. কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৬৬০০ টাকা মুনাফা আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল কত?

সমাধান : মনে করি, আসল = ৮ টাকা

∴ মুনাফা = $\left(৮ \text{ এর } \frac{৩}{৮}\right)$ টাকা = ৩ টা

∴ মুনাফা-আসল = (৮ + ৩) টাকা = ১১ টাকা

মুনাফা-আসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

∴ " ১ " " " $\frac{৮}{১১}$ "

∴ " ৬৬০০ " " " $\frac{৮ \times ৬৬০০}{১১}$ "

= ৪৮০০ টাকা (উত্তর)

CamScanner

**৩১. একটি সোনার গহনার ওজন ২৫ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ২। কী পরিমাণ সোনা মিশালে অনুপাত ৫ : ১ হবে?**

**সমাধান :** দেওয়া আছে, সোনা : তামা = ৩ : ২

অনুপাতদ্বয়ের যোগফল = ৩ + ২ = ৫

সোনার পরিমাণ $= \left(২৫ \times \frac{৩}{৫}\right)$ গ্রাম = ১৫ গ্রাম

তামার পরিমাণ = (২৫ − ১৫) গ্রাম = ১০ গ্রাম

ধরি, মিশ্রণে x গ্রাম সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৫ : ১ হবে।

শর্তমতে, $\frac{১৫ + x}{১০} = \frac{৫}{১}$

বা, ১৫ + x = ৫০

বা, x = ৫০ − ১৫

∴ x = ৩৫ গ্রাম **(উত্তর)**।

**৩২. a + b + c = 15 এবং $a^2 + b^2 + c^2 = 83$ হলে, ab + bc + ca = কত?**

**সমাধান :** দেওয়া আছে, a + b + c = 15 এবং $a^2 + b^2 + c^2 = 83$

আমরা জানি,

$2(ab + bc + ca) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$

বা, $2(ab + bc + ca) = 15^2 - 83 = 225 - 83 = 142$

বা, $ab + bc + ca = \frac{142}{2}$

∴ ab + bc + ca = 71 **(Ans.)**

**৩৩. যদি $4a^2 + \frac{1}{a^2} = 2$ হয়, তবে $8a^3 + \frac{1}{a^3}$ এর মান নির্ণয় করুন।**

**সমাধান :** $4a^2 + \frac{1}{a^2} = 2$

বা, $(2a)^2 + \left(\frac{1}{a}\right)^2 = 2$

বা, $\left(2a + \frac{1}{a}\right)^2 - 2.2a.\frac{1}{a} = 2$

বা, $\left(2a + \frac{1}{a}\right)^2 - 4 = 2$

বা, $\left(2a + \frac{1}{a}\right)^2 = 6$

∴ $2a + \frac{1}{a} = \sqrt{6}$

এখন, $8a^3 + \frac{1}{a^3} = (2a)^3 + \left(\frac{1}{a}\right)^3$

$= \left(2a + \frac{1}{a}\right)^3 - 3.2a.\frac{1}{a}\left(2a + \frac{1}{a}\right)$

$= \left(\sqrt{6}\right)^3 - 6\sqrt{6}$

$= 6\sqrt{6} - 6\sqrt{6} = 0$ **(Ans.)**

**৩৪. চিত্রসহ সংজ্ঞা দিন :**

**পূরক কোণ :** যদি দুটি কোণের পরিমাণ 90° কোণের সমান হয় তবে একটি কোণকে অপর কোণের পূরক কোণ বলে। $\angle x = 50°$ এবং $\angle y = 40°$ হলে, $\angle x$ কে $y$ কোণের পূরক কোণ বলে।




**রম্বস :** সামান্তরিকের কোনো একটি সন্নিহিত বাহুদ্বয় সমান হলে এবং একটিও কোণ সমকোণ না হলে, তাকে রম্বস বলা হয়। রম্বসের সকল বাহুই সমান। কারণ সন্নিহিত বাহুদ্বয় সমান হলে সামান্তরিকের সকল বাহুই সমান হয়।




চিত্রে, ABCD একটি রম্বস।

**সন্নিহিত কোণ :** যদি দুটি কোণের একই শীর্ষবিন্দু ও একটি সাধারণ বাহু থাকে এবং কোণদ্বয় সাধারণ বাহুর বিপরীত পাশে অবস্থিত হয় তবে একটি কোণকে অপর কোণের সন্নিহিত কোণ বলে।

∠XOZ এবং ∠YOZ এর সাধারণ বাহু OZ.

∴ ∠XOZ কে ∠YOZ-এর সন্নিহিত কোণ বলে।




**ট্রাপিজিয়াম :** যে চতুর্ভুজের একজোড়া বিপরীত বাহু সমান্তরাল, তাকে ট্রাপিজিয়াম বলা হয়।




চিত্রে, ABCD একটি ট্রাপিজিয়াম। AB ∥ CD এবং AB ≠ CD।

**ব্যাসার্ধ :** বৃত্তের কেন্দ্র থেকে বৃত্তের পরিধির ওপর কোনো বিন্দুর দূরত্বকে ঐ বৃত্তের ব্যাসার্ধ বলে। ব্যাসার্ধকে r দ্বারা প্রকাশ করা হয়।

ব্যাসার্ধ $= \frac{1}{2} \times$ ব্যাস।

# ভূমি মন্ত্রণালয়-এর অফিস সহায়ক ২০২৩

পরীক্ষার তারিখ : ২০.১০.২০২৩; সময় : ১ ঘণ্টা ; পূর্ণমান : ৪০

## বাংলা-১০

১. **সন্ধিবিচ্ছেদ লিখুন :**

**উত্তর :**

ক. মহোৎসব = মহা + উৎসব।

খ. সংঘাত = সম্ + ঘাত।

২. **এককথায় প্রকাশ করুন :**

**উত্তর :**

ক. যিনি বিদ্যা লাভ করেছেন — কৃতবিদ্য।

খ. পরে জন্মেছে যে — অনুজ।

৩. **এককথায় উত্তর দিন :**

**ক. 'চাচা-কাহিনী' গ্রন্থের লেখক কে?**

— সৈয়দ মুজতবা আলী।

**খ. রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থের জন্য নোবেল পুরস্কার লাভ করেন?**

— গীতাঞ্জলি।

৪. **অনুচ্ছেদ লিখুন : 'মেট্রোরেল'**

**উত্তর :** ২০১২ সালের ডিসেম্বরে, 'ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রান্সজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট' বা 'মেট্রোরেল' প্রকল্পটি 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি' (একনেক) দ্বারা অনুমোদিত হয়। প্রকল্পের জন্য মোট ৬টি রুট বা লাইন প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে রয়েছে এমআরটি লাইন ১, ২, ৪, ৫ (উত্তর রুট), ৫ (দক্ষিণ রুট) এবং ৬। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)-এর অর্থায়নে 'দ্য ঢাকা আরবান ট্রান্সপোর্ট নেটওয়ার্ক ডেভেলপমেন্ট সার্ভে (ডিএইচইউটিএস ১)' মূল্যায়ন করা হয় এবং 'এমআরটি লাইন-৬' নামে মেট্রোরেলের জন্য প্রথম এমআরটি রুট নির্বাচন করা হয়। প্রকল্পের মোট ব্যয় আনুমানিক ২.৮২ বিলিয়ন ডলার, যার মধ্যে জাইকা ০.০১ শতাংশ সুদের হারে প্রায় ৭৫ শতাংশ বা ২.১৩ বিলিয়ন ডলার প্রদান করছে। বাকি ২৫ শতাংশ তহবিল দেবে বাংলাদেশ সরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জুন ২০১৬ সালে নির্মাণ কাজের সূচনা করেন। বাংলাদেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর ২০২২। প্রথম ধাপে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত অংশের উদ্বোধন করা হয়। মেট্রোরেলের উদ্বোধন উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ৫০ টাকা মূল্যমানের একটি স্মারক নোট মুদ্রণ করে। উদ্বোধনের পরের দিন ২৯ ডিসেম্বর ২০২২ সাধারণ যাত্রীদের জন্য এটি উন্মুক্ত করা হয়। পরবর্তীতে ৪ নভেম্বর ২০২৩ মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশ উদ্বোধন করা হয় এবং ৫ নভেম্বর ২০২৩ যাত্রীদের জন্য [illegible] দেওয়া হয়। মেট্রোরেলের প্রথম যাত্রী হলেন প্রধানমন্ত্রী [illegible] হাসিনা। মেট্রোরেলের প্রথম চালক (নারী চালক) হলেন নোয়া[illegible] বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মরিয়ম আফিজা।

## English-10

5. **Write five sentences on duties of an 'Office Assistant'**

**Ans :** An office assistant is responsible for keeping [illegible] office supplied and organized. This involves lots [illegible] small duties. Their overall responsibilities are essent[illegible] Office assistants are responsible for things like–

i. Maintaining the important files in an organized w[illegible]

ii. Managing the phone calls and receiving ema[illegible]

iii. Welcoming the guest in the office by maintain[illegible] entry-exit list.

iv. Keeping the office environment hygienic, n[illegible] and clean.

v. Taking and delivering messages from staff to staff

6. **Write the Bengali meaning of the following words**

**Ans :**

a. Obedient — বিনয়ী/অনুগত।

b. Negligence — অবহেলা/অযত্ন।

7. **Translate into English :**

**Ans :**

**a. সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।**

— Honesty is the best policy.

**b. মানুষ মরণশীল।**

— Man is mortal.

8. **Translate into Bengali :**

**Ans :**

**Bangladesh is a developing country.**

— বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।

## গণিত-১০

৯. কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫,৫০০ টাকা হয়। মুনা[illegible] আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সমাধান : মুনাফা আসলের $\frac{৩}{৮}$ অংশ অর্থাৎ

মুনাফা ৩ টাকা হলে আসল ৮ টাকা

CamScanner

মুনাফা-আসল = (৩ + ৮) টাকা বা ১১ টাকা

মুনাফা-আসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

∴ " " ১ " " " $\frac{৮}{১১}$ "

∴ " " ৫৫০০ " " " $\frac{৮ \times ৫৫০০}{১১}$ "

= ৪০০০ টাকা

∴ মুনাফা = (মুনাফা-আসল – আসল)

= (৫৫০০ – ৪০০০) টাকা

= ১৫০০ টাকা

৪০০০ টাকায় ৩ বছরে মুনাফা ১৫০০ টাকা

∴ ১ " ১ " " $\frac{১৫০০}{৪০০০ \times ৩}$ "

∴ ১০০ " ১ " " $\frac{১৫০০ \times ১০০}{৪০০০ \times ৩}$ "

= ১২$\frac{১}{২}$ বা, ১২.৫ টাকা

সুতরাং, আসল ৪,০০০ টাকা ও মুনাফার হার ১২$\frac{১}{২}$%। (উত্তর)

১০. $x^2 - 3xy - 40y^2$ এর উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধান : $x^2 - 3xy - 40y^2$

$= x^2 - 8xy + 5xy - 40y^2$

$= x(x - 8y) + 5y(x - 8y)$

$= (x - 8y)(x + 5y)$ (Ans.)

১১. $a = 2$ হলে, $27a^3 + 54a^2 + 36a + 3$ এর মান নির্ণয় করুন।

সমাধান : $27a^3 + 54a^2 + 36a + 3$

$= (3a)^3 + 3.(3a)^2.2 + 3.3a.2^2 + 2^3 - 5$

$= (3a + 2)^3 - 5$

$= (3 \times 2 + 2)^3 - 5 \quad [\because a = 2]$

$= (8)^3 - 5$

$= 512 - 5$

$= 507$ (Ans.)

## সাধারণ জ্ঞান-১০

১২. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : (১ × ১০)

উত্তর :

ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত ভ্রমণকাহিনির নাম লিখুন।

— আমার দেখা নয়াচীন (২০২০)।

খ. ছয় দফা আন্দোলন শুরু হয় কত সালে?

— ১৯৬৬ সালে।

গ. দেশের প্রথম হাইটেক পার্ক কোথায় অবস্থিত?

— গাজীপুর জেলার কালিয়াকৈর।

ঘ. LD Tax-এর পূর্ণরূপ কী?

— Land Development Tax.

ঙ. বাংলাদেশের সর্বদক্ষিণের ইউনিয়ন কোনটি?

— সেন্টমার্টিন।

চ. 'জাতীয় ঐতিহাসিক দিবস' কত তারিখ?

— ৭ মার্চ।

ছ. বাংলাদেশের সর্বোচ্চ আইনের নাম কী?

— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

জ. ফিনল্যান্ডের রাজধানীর নাম কী?

— হেলসিংকি।

ঝ. 'বিমসটেক'-এর সদর দপ্তর কোথায়?

— ঢাকায়।

ঞ. বর্তমান বিশ্বের শীর্ষ ইন্টারনেট ব্যবহারকারী দেশ কোনটি?

— চীন।

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ক্যাশিয়ার ২০২

পরীক্ষার তারিখ : ১৩.১০.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ১০০

১. সংক্ষিপ্ত উত্তর দিন :

ক. 'পেরিয়ে' শব্দের সাধুরূপ লিখুন।
উত্তর : পার হইয়া।

খ. 'খোদা' কোন দেশি শব্দ?
উত্তর : ফারসি।

গ. 'চলন্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন।
উত্তর : √চল্ + অন্ত।

ঘ. 'নক্ষত্র' কোন ধরনের শব্দ?
উত্তর : তৎসম।

ঙ. কোন দুটি স্বরবর্ণ মিলে 'ঔ' স্বরবর্ণ গঠিত হয়?
উত্তর : ও + উ।

২. বন্ধনীতে প্রদত্ত নির্দেশনা মতে উত্তর দিন।

ক. যথেষ্ট (সন্ধিবিচ্ছেদ করুন)
উত্তর : যথা + ইষ্ট।

খ. 'নিশাচর' এর বিপরীত লিঙ্গ লিখুন।
উত্তর : নিশাচরী।

গ. ২১ (সংখ্যাটি পূরণবাচক আকারে লিখুন)।
উত্তর : একবিংশ।

ঘ. সুন্দরলতা (ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন)।
উত্তর : সুন্দরী যে লতা = সুন্দরলতা (কর্মধারয় সমাস)।

ঙ. আমার যাওয়া হয়নি। (নিম্নরেখ শব্দের কারক ও বিভক্তি নির্ণয় করুন)
উত্তর : কর্তায় ষষ্ঠী।

৩. এককথায় প্রকাশ করুন :

ক. অহংকার নেই যার— নিরহংকার।

খ. কর্ম সম্পাদনে পরিশ্রমী— কর্মঠ।

গ. যা পূর্বে ছিল এখন নেই— ভূতপূর্ব।

অর্থসহ বাক্য রচনা করুন :

ঘ. অমাবস্যার চাঁদ (অদৃশ্য বস্তু)— তুমি কি অমবস্যার চাঁদ হয়ে গেলে যে একেবারে দেখাই যায় না।

ঙ. কলুর বলদ (নির্বিকারে পরিশ্রম করা)— সে না বুঝে-সুজে কেবল কলুর বলদের মতো খেটে মরে।

৪. পদ্মা সেতু নিয়ে একটি সংক্ষিপ্ত রচনা লিখুন।

## পদ্মা সেতু

ভূমিকা : নিজস্ব অর্থায়নে নির্মিত বাংলাদেশের ইতিহাসের সর্ববৃহৎ প্রকল্প হলো পদ্মা বহুমুখী সেতু। এটি বাংলাদেশিদের গৌরবের প্রতীক এবং বাংলাদেশের মানুষের আকাঙ্ক্ষা, সক্ষমতা, গর্ব ও গৌরবের সম্মিলিত প্রয়াস। বহু চড়াই-উতরাই পেরিয়ে অবশেষে সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু তৈরি নিঃসন্দেহে উদীয়মা বাংলাদেশের অর্থনীতির সক্ষমতার পরিচায়ক। পদ্মা সেতু এ অর্থনীতির ভিত্তি ও সোনালি সোপান হিসেবে কাজ করবে বিশেষজ্ঞদের মতে, পদ্মা সেতুর কারণে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অর্থনীতির চিত্র বদলে যাবে উত্তরোত্তর। বাড়বে জীবনযাত্রার ও কর্মসংস্থান। পদ্মা সেতু শুধু দেশের আর্থ-সামাজিক উন্নয় নতুন অধ্যায়ের সংযোজন নয় বরং আন্তর্জাতিক পরিমণ্ড বাংলাদেশের সক্ষমতারও জানান দিয়েছে।

বাংলাদেশের পদ্মা নদীর ওপর নির্মিত পদ্মা সেতু, একটি বহুমু সড়ক ও রেলসেতু। এর মাধ্যমে মুন্সিগঞ্জ জেলার মাওয়া লৌহজংয়ের সাথে শরীয়তপুর ও মাদারীপুর জেলা যুক্ত হয়েছে ফলে দেশের দক্ষিণ-পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশে সংযোগ ঘটেছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জ পদ্মা সেতু ইতিহাসের সবচেয়ে বড় একটি চ্যালেঞ্জিং নির্ম প্রকল্প। দুই স্তরবিশিষ্ট স্টিল ও কংক্রিট নির্মিত ট্রাস কাঠামো ব্রিজটির ওপরের স্তরে আছে চার লেনের সড়কপথ এবং নিচ স্তরটিতে আছে একটি একক রেলপথ। পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘ নদীর অববাহিকায় ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪১টি স্প্যান ও ৪২ পিলার সংবলিত বাংলাদেশের সবচেয়ে বড় এ সেতু।

**নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ :** পদ্মা সেতু নির্মা বিশ্বব্যাংকসহ কয়েকটি দাতা সংস্থার সাথে বাংলাদেশ সরকারে চুক্তি হলেও কথিত দুর্নীতির অভিযোগে বিশ্বব্যাংক পদ্মা সে প্রকল্প থেকে অর্থায়ন সরিয়ে নিলে অন্যান্য দাতারাও অর্থায়ন ব করে দেয়। পরবর্তীতে সরকারের সাথে বিশ্বব্যাংকের অনে দেন-দরবার চলে। বিশ্বব্যাংক ও স্বার্থবাদীগোষ্ঠীরা পরিস্থি জটিল করে তুললে পদ্মা সেতু নির্মাণ অনিশ্চয়তার মুখে পড়ে এক পর্যায়ে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শে হাসিনা পদ্মা সেতু নিজস্ব অর্থায়নে নির্মাণের এক যুগান্তকারী এ সাহসী সিদ্ধান্ত নেন। অবশেষে ২০১৪ সালে নির্মাণকাজ সূচনা দ্বারা নিভে যাওয়া প্রদীপ পুনরায় জ্বলতে শুরু করে।

**পদ্মা সেতু বাস্তবায়নের প্রক্রিয়া :** ১২ ডিসেম্বর ২০১৫ প্রথ দৃশ্যমান হয় সেতুর মূল কাঠামো। ১২ ও ১৩ নম্বর খুঁটিতে ৪১তম বা সর্বশেষ স্প্যান বসানো হয় ১০ ডিসেম্বর ২০২০। সর্বশেষ স্প্যান স্থাপনের মধ্যদিয়ে স্বপ্নের পদ্মা সেতু বাস্তবায়নে পথে নতুন মাইলফলক স্পর্শ করে। পূর্ণাঙ্গ দৃশ্যমান অবয়ব বাস্তব মূর্তি লাভ করে পদ্মা সেতু। তারপর ঢালাইসহ সেতুতে যান চলাচলের উপযুক্ত করার আনুষঙ্গিক সকল কাজ দ্রুতগতিতে এগিয়ে চলে। সকল চড়াই-উতরাই পেরিয়ে অবশেষে ২৫ জুন ২০২২ ইতিহাসের নতুন অধ্যায়ের সূচনালগ্নে শুভ উদ্বোধন করা হয় কাঙ্ক্ষিত পদ্মা সেতুর। ২৬ জুন ২০২২ পদ্মা সেতু যানবাহন

CamScanner

চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। এর মধ্যদিয়ে দেশের যোগাযোগব্যবস্থায় উন্মোচিত হয় এক নতুন অধ্যায়। আনন্দ-উৎসবে মেতে ওঠে সমগ্র দেশবাসী।

**পদ্মা সেতুর কাঠামো :** দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মিটারবিশিষ্ট সেতুটি বাংলাদেশের বৃহত্তম বা দীর্ঘতম সড়ক সেতু। দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম সেতু। সেতুটি দোতলাবিশিষ্ট। দ্বিতলবিশিষ্ট এ সেতু নির্মিত হয় কংক্রিট আর স্টিল দিয়ে। এ সেতুটিতে ২৯৪টি পাইল ও ৪টি লেন রয়েছে। সেতুর ওপর দিয়ে চলবে যানবাহন এবং নিচ দিয়ে চলবে ট্রেন। আয়ুষ্কাল ধরা হয়েছে ১০০ বছর।

**পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের ফলে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যৎ চিত্র :** পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যৎ চিত্র নিম্নে দেওয়া হলো :

i. **অর্থনৈতিক উন্নতি :** পদ্মা সেতু বাস্তবায়নের ফলে দেশের অর্থনীতি ঘুরে দাঁড়াবে। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে দেশের অন্যান্য অংশের সেতুবন্ধন তৈরি হবে। বাংলাদেশ ঘনবসতিপূর্ণ দেশ হওয়ায় এ ধরনের বড় সেতু নির্মাণে দুটি লাভ হয়। সেতু নির্মাণে যে বিনিয়োগ করা হয় তা দ্রুত উঠে আসে, সঙ্গে মুনাফাও। সেতুর সঙ্গে যুক্ত অঞ্চল তথা জেলাগুলোর অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত হয়ে থাকে। পদ্মা সেতুকে কেন্দ্র করে বাংলাদেশের প্রথম কোনো সমন্বিত যোগাযোগব্যবস্থা গড়ে উঠেছে। মংলা ও পায়রা বন্দর এবং বেনাপোল স্থলবন্দরের সঙ্গে রাজধানী ও বন্দরনগর চট্টগ্রামের সরাসরি যোগাযোগ স্থাপিত হয়েছে। পুরো দেশের অর্থনীতিতে এর প্রভাব পড়বে। কোনো বিনিয়োগের ১২ শতাংশ রেট অব রিটার্ন হলে সেটি আদর্শ বিবেচনা করা হয়। এই সেতুর ফলে বছরে বিনিয়োগের ১৯ শতাংশ করে উঠে আসবে। কৃষি, শিল্প, অর্থনীতি, শিক্ষা, বাণিজ্য সবক্ষেত্রেই এই সেতুর বিশাল ভূমিকা থাকবে। ২০৩৫-৪০ সালে বাংলাদেশ যে উন্নত দেশ হবে, সেক্ষেত্রে এই সেতু নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ii. **আর্থ-সামাজিক উন্নয়ন :** এ সেতুটি নির্মাণের ফলে জিডিপি প্রবৃদ্ধির হার ১.২৩ শতাংশ বেড়ে যাবে। দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জিডিপি বাড়াবে ২.৩%। আর প্রতিবছর দারিদ্র্য বিমোচনের হার বাড়াবে ০.৮৪%। এর মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে দক্ষিণাঞ্চলের ২১ জেলার প্রায় ছয় কোটি মানুষের ভাগ্যে পরিবর্তন আসবে। জাইকার সমীক্ষামতে, পদ্মা সেতুর মাধ্যমে দেশের ১.২ শতাংশ জিডিপি বৃদ্ধি পেয়ে আঞ্চলিক জিডিপি বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৩.৫ শতাংশে। দেশের দক্ষিণাঞ্চলের জেলাগুলো এখনও শিল্পের দিক দিয়ে বেশ পিছিয়ে রয়েছে। এ এলাকার বেশ কয়েকটি জেলার মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করছে। পদ্মা সেতুর নির্মাণকাজ শেষ হলে সবার আগে জীবনমান উন্নত হবে এই পিছিয়ে পড়া মানুষগুলোর। কারণ পদ্মা সেতুর কল্যাণে ঐসব এলাকায় ব্যাপক আকারে শিল্পায়ন হবে, লাখ লাখ মানুষের কর্মসংস্থান হবে। মানুষের আয় বাড়বে এবং জীবন-জীবিকায় পরিবর্তন আসবে।

iii. **আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি :** পদ্মা সেতুর ফলে দেশের অভ্যন্তরীণ যোগাযোগের পাশাপাশি আন্তর্জাতিক যোগাযোগ সহজ হবে। ফলে প্রতিবেশী দেশগুলোর সাথে আঞ্চলিক সহযোগিতা জোরদার করা সহজ হবে; যা বর্তমান প্রেক্ষাপটে অত্যন্ত জরুরি।

iv. **যোগাযোগের ক্ষেত্রে ভূমিকা :** এ সেতুর মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে রাজধানীর যোগাযোগব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন আসবে। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপিত হবে। এতে ঐ অঞ্চলের ব্যবসায়-বাণিজ্য বিস্তার লাভ করবে, বিনিয়োগ বাড়বে। ট্রান্স-এশিয়ান রেল ও সড়ক এই সেতুর মাধ্যমেই যুক্ত হবে। এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক যোগাযোগের ক্ষেত্রে এই সেতু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

v. **অভ্যন্তরীণ উন্নয়ন :** পদ্মা সেতুর মাধ্যমে দেশের অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হবে– যা প্রকারান্তরে দেশে পুঁজির সরবরাহ বৃদ্ধি করবে। এটা দেশের অর্থনীতির জন্য কল্যাণকর।

vi. **পর্যটন শিল্পে ভূমিকা :** পদ্মা সেতুর মাধ্যমে দক্ষিণ বাংলা হবে পর্যটনের এক উৎকৃষ্টতম স্থান। ছুটি পেলেই ঢাকা ও অন্যান্য নগরের বাসিন্দারা ছুটবে দক্ষিণ বাংলার প্রাকৃতিক ও ঐতিহাসিক সৌন্দর্যের সন্ধানে। তারা যাবে কুয়াকাটা, সুন্দরবন, ষাটগম্বুজ মসজিদ এবং টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি পরিদর্শনে, যাবে পায়রা বন্দরে। পদ্মার চরগুলোতে গড়ে উঠবে নতুন নতুন রিসোর্ট ও পরিকল্পিত ব্যবসায়-বাণিজ্য কেন্দ্র। সরকারও নানা পরিকল্পনা হাতে নিচ্ছে পদ্মাপাড়ের পুরো এলাকাকে উন্নত করার লক্ষ্যে। পদ্মার চরাঞ্চলে অলিম্পিক ভিলেজ, বঙ্গবন্ধু স্যাটেলাইট সিটি, হাইটেক পার্ক, বিমানবন্দরসহ নানা উন্নয়ন প্রকল্পের কথা ভাবছে সরকার। পদ্মা সেতু নির্মাণের ফলে কক্সবাজারের চেয়ে কম সময়ে সুন্দরবন ও কুয়াকাটায় পৌঁছানো সম্ভব হবে। কক্সবাজার যেতে যেখানে সময় লাগে ১০-১২ ঘণ্টা, সেখানে কুয়াকাটায় পৌঁছানো যাবে মাত্র ছয় ঘণ্টায়। ফলে সেখানে নিঃসন্দেহে পর্যটকের উপস্থিতি উল্লেখযোগ্য হারে বাড়বে। পায়রা বন্দরের সঙ্গে বুলেট ট্রেন চালুর কথা দীর্ঘমেয়াদি পরিকল্পনায় বলা হয়েছে। সেক্ষেত্রে কুয়াকাটা ও আশপাশে বেশকিছু দ্বীপের সঙ্গে উন্নত যোগাযোগ ব্যবস্থা চালু হবে। এতে পর্যটকরা আকৃষ্ট হবেন। এরই মধ্যে অনেক দেশি-বিদেশি প্রতিষ্ঠান পটুয়াখালীর পায়রা বন্দর এবং এর আশপাশে বিনিয়োগ করা শুরু করেছে। পদ্মা সেতুকে ঘিরে পদ্মার দুই পাড়ে সিঙ্গাপুর ও চীনের সাংহাই নগরের আদলে শহর গড়ে তোলা হচ্ছে। এই সেতুকে ঘিরে পর্যটনে যুক্ত হবে নতুন মাত্রা। অনেক আধুনিক মানের হোটেল, মোটেল ও রিসোর্ট গড়ে উঠবে।

CamScanner

৮. **Write a letter to your Headmaster for a one day leave.**

**Ans :**

24.3.2024

The Headmaster
'A' School,
Dhanmondi, Dhaka-1209

Subject : Leave of absence due to illness.

Sir,
With due respect and humble submission, I beg to state that I could not attend school on Tuesday, the 23rd March, 2024. I was confined to my home with a sudden attack of flu.
I, therefore, pray and hope that you would grant me leave of absence for a day only.

I remain Sir
Your most obedient student,
Abir Mahmud
Class – X, Sec– Science, Roll– 03

৯. **$a-b=7$ এবং $ab=60$ হলে, $a^2+b^2$ এর মান নির্ণয় করুন।**

**সমাধান :** দেওয়া আছে,

$a-b=7$ এবং $ab=60$

$\therefore a^2+b^2=(a-b)^2+2a$

$=7^2+2\times60$

$=49+120$

$=169$ **(Ans.)**

১০. **সমাধান কর : $x+2y=9$ এবং $2x-y=3$**

**সমাধান :** দেওয়া আছে,

$x+2y=9$ ... (i)

$2x-y=3$ ... (ii)

$(i)+(ii)\times2 \Rightarrow$

$x+2y=9$

$\underline{4x-2y=6}$

$5x \quad =15$

$\therefore x=3$

$(i)\times2-(ii) \Rightarrow$

$2x+4y=18$

$2x-y=3$

$- \quad + \quad -$

$5y=15$

১১. **উৎপাদকে বিশ্লেষণ করুন : $x^2+12x+35$**

**সমাধান :** $x^2+12x+35$

$=x^2+5x+7x+35$

$=x(x+5)+7(x+5)$

$=(x+5)(x+7)$ **(Ans.)**

১২. **একটি চৌবাচ্চা ক নল দিয়ে ১২ মিনিটে খালি হয়ে যায়। একই চৌবাচ্চা 'খ' নল দিয়ে ৮ মিনিটে ভরে যায়। দুটি নল একসাথে চালু করা হলে চৌবাচ্চাটি কত মিনিটে ভরে যাবে?**

**সমাধান :** ক নল দ্বারা,

১২ মিনিটে খালি হয় চৌবাচ্চাটির ১টি অংশ

$\therefore$ ১ " " " " $\frac{১}{১২}$ "

খ নল দ্বারা,

৮ মিনিটে পূর্ণ হয় চৌবাচ্চাটির ১ অংশ

$\therefore$ ১ " " " " $\frac{১}{৮}$ অংশ

দুটি নল দ্বারা, একত্রে ১ মিনিটে পূর্ণ হয় চৌবাচ্চাটির

$=\left(\frac{১}{৮}-\frac{১}{১২}\right)$ অংশ

$=\frac{৩-২}{২৪}$ অংশ

$=\frac{১}{২৪}$ অংশ

দুটি নল দ্বারা একত্রে $\frac{১}{২৪}$ অংশ পূর্ণ হয় ১ মিনিটে

" " " " ১ " " " ১ × ২৪ "

= ২৪ মিনিটে (উত্তর)

১৩. **একটি বর্গাকৃতি বাগানের বাইরে চতুর্দিকে ২ মিটার করে রাস্তা রাখা আছে। বাগানের একটি বাহুর দৈর্ঘ্য ১০ মিটার হলে রাস্তার ক্ষেত্রফল কত?**

**সমাধান :** দেওয়া আছে,

বর্গাকার বাগানের এক বাহুর দৈর্ঘ্য = ১০ মিটার

$\therefore$ " " ক্ষেত্রফল = $(১০)^২$ বর্গমিটার

= ১০০ বর্গমিটার

রাস্তাসহ বর্গাকার বাগানের এক বাহুর দৈর্ঘ্য = $(১০+২\times২)$ মিটার

= ১৪ মিটার

$\therefore$ " " " ক্ষেত্রফল = $(১৪)^২$ বর্গমিটার

= ১৯৬ বর্গমিটার

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = (১৯৬ − ১০০) বর্গমিটার

= ৯৬ বর্গমিটার **(উত্তর)**

১৪. **সংক্ষিপ্ত উত্তর দিন :**

ক. **১ ইঞ্চি = কত সেন্টিমিটার?**

**উত্তর :** ২.৫৪ সেন্টিমিটার।

খ. **ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র কী?**

গ. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের তিনটি কোণের মান কত?
উত্তর : 45°, 45° এবং 90°।

ঘ. বৃত্তের পরিধির সূত্র কী?
উত্তর : বৃত্তের পরিধি = $2\pi r$।

ঙ. $\pi$-এর মান কত?
উত্তর : $\pi = \frac{22}{7} = 3.14$।

১৫. সংক্ষিপ্ত উত্তরভিত্তিক (সাধারণ জ্ঞান)

i. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?
উত্তর : পদ্মা (সূত্র : জাতীয় নদী রক্ষা কমিশন)।

ii. বাউল সম্রাট শাহ আব্দুল করিম কোন সালে ২১শে পদক লাভ করেন?
উত্তর : ২০০১ সালে।

iii. শিমুল বাগান কোন উপজেলায় অবস্থিত?
উত্তর : সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলায়।

iv. স্বাধীনতা যুদ্ধের সময় সুনামগঞ্জ জেলা কত নম্বর সেক্টরের অধীন ছিল?
উত্তর : ৫নং সেক্টরের অধীনে।

v. বঙ্গবন্ধু টানেল কত তারিখে উদ্বোধন করা হয়?
উত্তর : ২৮ অক্টোবর ২০২৩।

vi. সুনামগঞ্জ জেলায় কতটি উপজেলা রয়েছে?
উত্তর : ১২টি।

vii. ভূমি জরিপে জমি পরিমাপের একক কী?
উত্তর : সর্বাধিক ব্যবহৃত জমি পরিমাপের একক হলো শতাংশ ও কাঠা।

viii. স্মার্ট বাংলাদেশ কোন সালের মধ্যে বাস্তবায়ন করা হবে?
উত্তর : ২০৪১ সাল।

ix. LAN এর পূর্ণরূপ কী?
উত্তর : Local Area Network.

x. AC (land) এর পূর্ণরূপ কী?
উত্তর : Assistant Commissioner (Land).

xi. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?
উত্তর : প্রথম।

xii. জাতীয় শিশু দিবস কোন তারিখে পালন করা হয়?
উত্তর : ১৭ মার্চ।

xiii. রাধা রমন দত্ত কোন উপজেলায় জন্মগ্রহণ করেন?
উত্তর : সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলায়।

xiv. 'সাদা কালো' গ্রন্থের লেখক কে?
উত্তর : শেখ হাসিনা।

xv. সদ্য সমাপ্ত এশিয়া কাপ ক্রিকেটে কোন দল রানার্স-আপ হয়েছে?
উত্তর : শ্রীলংকা।

xvi. সুনামগঞ্জের কোন উপজেলা নির্বাহী অফিসার ২০২৩ সালে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক লাভ করেন?
উত্তর : বিশ্বম্ভরপুর উপজেলা নির্বাহী অফিসার মো. সাদিউর রহিম জাদিদ।

xvii. ভূমি জরিপে জমির মালিকানার কাগজকে কী বলে?
উত্তর : খতিয়ান।

xviii. ৭/১১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কততম টার্মিনাল উদ্বোধন করা হয়?
উত্তর : তৃতীয়।

xix. SDG-এর কতটি লক্ষ্য (Goals) রয়েছে?
উত্তর : ১৭টি।

xx. মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের যে-কোনো একটির নাম লিখুন।
উত্তর : আশ্রয়ণ প্রকল্প।

CamScanner

# ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর প্রোগ্রামার ২০২৩

পরীক্ষার তারিখ : ১৫.০৭.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৮০

*(পরীক্ষার শেষে আবশ্যিকভাবে প্রশ্নপত্রটি উত্তরপত্রের সাথে ফেরত প্রদান করতে হবে)*

১. বিপরীত শব্দ লিখুন : ২

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. অনুরক্ত | বিরক্ত |
| খ. তারুণ্য | বার্ধক্য |

২. শুদ্ধ বানান লিখুন : ২

উত্তর :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ক. দুরাবস্থা | দুরবস্থা |
| খ. অদ্যবধি | অদ্যাবধি |

৩. **Make sentence with the following phrases :** ২

i. **All in all** (সর্বেসর্বা)— All in all it had been a great success.

ii. **Black and white** (লিখিত)— I've seen the proof in black and white.

৪. **Fill in the blanks with appropriate prepositions :** 2

i. Your conduct admits — no excuse.

ii. Please distribute the mangoes — the four boys.

Ans : i. of, ii. among.

৫. সংক্ষেপে উত্তর দিন : ৪

উত্তর :

ক. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কবে?

— বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি।

খ. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?

— বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ।

গ. NATO-এর পূর্ণরূপ লিখুন।

— NATO-এর পূর্ণরূপ– North Atlantic Treaty Organization.

ঘ. মঙ্গোলিয়া কোন মহাদেশে অবস্থিত?

— মঙ্গোলিয়া এশিয়া মহাদেশে অবস্থিত।

৬. $x-y=2$ এবং $xy=24$ হলে $x=?$ ৪

সমাধান : দেওয়া আছে, $x-y=2$ ... (i)

এবং $xy=24$

$$x+y=\sqrt{(x-y)^2+4xy}$$

$$=\sqrt{2^2+4.24}$$

$$=\sqrt{4+96}$$

$$=\sqrt{100}$$

$=10$ ... (ii)

(i) ও (ii) নং যোগ করে পাই,

$x-y=2$

$x+y=10$

$2x=12$

$\therefore x=6$ (Ans.)

৭. কলমের দাম ২০% কমে যাওয়ায় ১২ টাকায় পূর্বের অপেক্ষা ২টি কলম বেশি পাওয়া গেলে বর্তমানে ১টি কলমের দাম কত? ৪

সমাধান : ১০০ টাকায় কলমের দাম কমে ২০ টাকা

$\therefore$ ১ " " " " $\frac{২০}{১০০}$ "

$\therefore$ ১২ " " " " $\frac{২০\times১২}{১০০}$ "

$=২.৪$ টাকা

২টি কলমের বর্তমান মূল্য ২.৪ টাকা

$\therefore$ ১ " " " " $\frac{২.৪}{২}$ "

$=১.২$ টাকা (উত্তর)।

৮. **Answer the following :** $3\times2=6$

i. Write the principal features of security.

ii. What is DOS & DDOS?

৯. **Describe the OSI Model.** 6

১০. **Answer the following :** $3\times2=6$

i. Write the difference between primary key and foreign key.

ii. What is weak entity? Explain with example.

১১. **Write down the ACID properties.** 6

১২. **What is OOP? Write down the features of OOP.** 6

১৩. **Write down the algorithm of Fibonacci series.** 6

১৪. **You want to search a specific number x in the array where $2^{20}$ numbers are stored in ascending order. Write down a pseudo code to search x in an optimal search policy.** 6

১৫. **Write down the truth table of XOR Gate with diagram.** 6

১৬. **Describe SDLC.** 6

১৭. **Write the full meaning :** $3\times2=6$

i. **RFID** — Radio Frequency Identification.

ii. **SMTP** — Simple Mail Transfer Protocol.

iii. **API**— Application Programming Interface.

CamScanner

# ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর প্রশাসনিক কর্মকর্তা ২০২৩

পরীক্ষার তারিখ : ১৫.০৭.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ২০০

*(পরীক্ষার শেষে আবশ্যিকভাবে প্রশ্নপত্রটি উত্তরপত্রের সাথে ফেরত প্রদান করতে হবে)*

## বাংলা ♦ পূর্ণমান : ৪০ ♦ বিষয় কোড : ১০১

১. বিরামচিহ্ন প্রয়োগ করুন :
হঠাৎ গৃহপালিত ময়ূরের ডাক শুনিয়া আমার বন্ধু বলিয়া উঠিলেন আমি ঐ ময়ূরের ডাক সহ্য করিতে পারি না কবিরা কেকা রবকে কেন যে তাহাদের কাব্যে স্থান দিয়াছেন বুঝিবার জো নাই
**উত্তর :** হঠাৎ গৃহপালিত ময়ূরের ডাক শুনিয়া আমার বন্ধু বলিয়া উঠিলেন, "আমি ঐ ময়ূরের ডাক সহ্য করিতে পারি না। কবিরা কেকা রবকে কেন যে তাহাদের কাব্যে স্থান দিয়াছেন বুঝিবার জো নাই!"

২. 'ডিজিটাল ভূমি সেবা' সম্বন্ধে পাঁচটি বাক্য লিখুন।

৩. শুদ্ধ করে লিখুন :
ক. সকল শিক্ষকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
—শিক্ষকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
খ. সব মানুষেরাই মরণশীল।
—মানুষ মরণশীল।

৪. সন্ধিবিচ্ছেদ করুন :
**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| সচ্চরিত্র | সৎ + চরিত্র |
| মহর্ষি | মহা + ঋষি |

৫. বাক্য সংকোচন করুন :
ক. ওজন করা হয় যে যন্ত্রের সাহায্যে
—তুলাদণ্ড।
খ. ষাট বছর পূরণ উপলক্ষ্যে আনন্দ উৎসব
—হীরকজয়ন্তী।

৬. অর্থ লিখুন ও বাক্য রচনা করুন :
**উত্তর :**
ক. গৌরচন্দ্রিকা (ভূমিকা) — আর গৌরচন্দ্রিকা করে লাভ নেই, আসল কথা বলো।
খ. নগদ নারায়ণ (নগদ অর্থ) — নগদ নারায়ণের নিশ্চয়তা থাকলে সবাই পরিশ্রম করে কাজ করতে আরও আগ্রহী হবে।

৭. দুটি করে প্রতিশব্দ লিখুন :
**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রতিশব্দ |
|---|---|
| বায়ু | পবন, সমীর |
| ইচ্ছা | অভিলাষ, কামনা |

৮. বিপরীত শব্দ লিখুন :
**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| তিক্ত | মধুর |
| গরিষ্ঠ | লঘিষ্ঠ |

৯. ব্যাসবাক্য লিখুন :
**উত্তর :** ক. অনাদর—ন আদর।
খ. রাজর্ষি—যিনি রাজা তিনিই ঋষি।

১০. 'চতুরঙ্গ' কার লেখা?
**উত্তর :** রবীন্দ্রনাথ ঠাকুর।

১১. 'সঞ্চিতা' ও 'সঞ্চয়িতা' কোন কবির কাব্য সংকলন?
**উত্তর :** সঞ্চিতা— কাজী নজরুল ইসলাম, সঞ্চয়িতা— রবীন্দ্রনাথ ঠাকুর।

১২. 'অয়োময়' ও 'বরফ গলা নদী' এর রচয়িতা কে?
**উত্তর :** অয়োময়— হুমায়ূন আহমেদ, বরফ গলা নদী— জহির রায়হান।

১৩. কারক নির্ণয় করুন :
**উত্তর :** ক. গুরুদক্ষিণা দাও —সম্প্রদান কারকে শূন্য বিভক্তি।
খ. তিলে তৈল হয় —অপাদানে সপ্তমী।

১৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা দুটি গ্রন্থের নাম লিখুন।
**উত্তর :** অসমাপ্ত আত্মজীবনী (২০১২), কারাগারের রোজনামচা (২০১৭)।

১৫. 'কৃষ্ণকুমারী' ও 'নীলদর্পণ'-এর রচয়িতা কে?
**উত্তর :** কৃষ্ণকুমারী— মাইকেল মধুসূদন দত্ত; নীলদর্পণ— দীনবন্ধু মিত্র।

১৬. Make the sentence in passive form: Who has written 'Hamlet'?
**Ans :** By whom has Hamlet been written?

১৭. Fill in the blank: I saw a — of cows in the field.
**Ans :** herd.

১৮. Write the adjective of the word 'People'.
**Ans :** Populous.

১৯. Write the opposite gender of 'Emperor'.
**Ans :** Empress.

২০. Translate into English : 'চোরে চোরে মাসতুতো ভাই'।
**Ans :** Birds of same feather flock together.

২১. Write the synonym of 'Myopic'.
**Ans :** Short-sighted.

CamScanner

২২. **Write the antonym of 'concise'.**
**Ans :** Elaborate.

২৩. **Every mother loves her children. (Make it compound.)**
**Ans :** There is no mother but loves her children.

২৪. **Who wrote 'A Passage to India'?**
**Ans :** E. M. Forster.

২৫. **What kind of noun is 'River'?**
**Ans :** Common.

২৬. **What is the plural form of 'Sheep'?**
**Ans :** Sheep.

২৭. **Your opinion is identical — mine. (Fill in the blank with appropriate preposition)**
**Ans :** to.

২৮. **Translate into English : তুমি কি কখনো কক্সবাজার গিয়েছো?**
**Ans :** Have you ever been to Cox's Bazar?

২৯. **Translate into English :**
ক. **আমাকে বাড়ি যেতে হবে।**
—I have to go home.
খ. **ছেলেটি হাসতে হাসতে চলে গেল।**
— The boy went away laughing.

৩০. **Write the full meaning of 'UNESCO'.**
**Ans :** United Nations Educational, Scientific and Cultural Organization.

৩১. **৯৯৯৯৯৯ এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?**

**সমাধান :** ২, ৩, ৪, ৫ ও ৬-এর ল.সা.গু. = ৬০

৬০ ) ৯৯৯৯৯৯ (১৬৬৬৬
৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯

ভাগশেষ ও ভাজকের পার্থক্য সংখ্যাই হবে নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা।
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (৬০ – ৩৯) = ২১ **(উত্তর)**

৩২. **একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কী পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?**

**সমাধান :** দেওয়া আছে, সোনা : তামা = ৩ : ১
∴ অনুপাতদ্বয়ের যোগফল = (৩ + ১) = ৪

∴ সোনার পরিমাণ $= \left(১৬ \text{ এর } \frac{৩}{৪}\right)$ গ্রাম
$= ১২$ গ্রাম

এবং তামার পরিমাণ $= \left(১৬ \text{ এর } \frac{১}{৪}\right)$ গ্রাম
$= ৪$ গ্রাম

মনে করি, x গ্রাম সোনা মেশাতে হবে।
শর্তমতে, $(১২ + x) : ৪ = ৪ : ১$
বা, $\frac{১২ + x}{৪} = \frac{৪}{১}$
বা, $১২ + x = ১৬$
বা, $x = ১৬ - ১২$
∴ $x = ৪$
∴ ৪ গ্রাম সোনা মিশাতে হবে **(উত্তর)**

৩৩. **$a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হলে, $ab$ = কত?**

**সমাধান :** দেওয়া আছে, $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$
∴ $a^3 - b^3 = 513$
বা, $(a - b)^3 + 3ab(a - b) = 513$
বা, $3^3 + 3ab \times 3 = 513$
বা, $27 + 9ab = 513$
বা, $9ab = 486$
বা, $ab = \frac{486}{9}$
∴ $ab = 54$ **(Ans.)**

৩৪. **$a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$ হলে $8ab(a^2 + b^2)$ = কত?**

**সমাধান :** দেওয়া আছে, $a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$
∴ $8ab(a^2 + b^2)$
$= 4ab \times 2(a^2 + b^2)$
$= \{(a + b)^2 - (a - b)^2\}\{(a + b)^2 + (a - b)^2\}$
$= \left\{\left(\sqrt{7}\right)^2 - \left(\sqrt{5}\right)^2\right\}\left\{\left(\sqrt{7}\right)^2 + \left(\sqrt{5}\right)^2\right\}$
$= (7 - 5)(7 + 5)$
$= 2 \times 12$
$= 24$ **(Ans.)**

৩৫. **$১ + ৫ + ৯ + \ldots + ৮১$ = কত?**

**সমাধান :** এখানে, ধারাটির ১ম পদ, $a = ১$
এবং সাধারণ অন্তর, $d = ৫ - ১ = ৪$
মনে করি,
n তম পদ = ৮১
বা, $a + (n - ১)d = ৮১$
বা, $১ + (n - ১)৪ = ৮১$
বা, $(n - ১)৪ = ৮০$
বা, $n - ১ = ২০$
∴ $n = ২১$

CamScanner

# ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ২০২৩

পরীক্ষার তারিখ : ১৫.০৭.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৮০

*(পরীক্ষা শেষে আবশ্যিকভাবে প্রশ্নপত্রটি উত্তরপত্রের সাথে ফেরত প্রদান করতে হবে)*

১. **বাক্যগুলো শুদ্ধ করে লিখুন :** ২

**উত্তর : ক.** আমি অপমান হয়েছি—আমি অপমানিত হয়েছি।

খ. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ—বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

২. **এককথায় প্রকাশ করুন :** ২

**উত্তর :** ক. হনন করার ইচ্ছা — জিঘাংসা।

খ. কোকিলের ডাক — কুহু।

৩. **Change the voice :** ২

**Ans : i. Let him write a letter.**

— Let a letter be written by him.

**ii. We made him captain.**

— He was made captain by us.

৪. **Make sentence with the following phrases :** ২

**Ans : i. Look for** — What are you looking for?

**ii. Look after** — Mother looks after her children.

৫. **সংক্ষেপে উত্তর দিন :** ৪

**ক. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?**

**উত্তর :** বাংলাদেশের দীর্ঘতম সড়ক ও রেলসেতু হলো পদ্মা বহুমুখী সেতু। সেতুটির দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার।

**খ. পলাশীর যুদ্ধ কত সালে সংঘটিত হয়?**

**উত্তর :** ভাগীরথী নদীর তীরে পলাশীর প্রান্তরে ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর যুদ্ধ সংঘটিত হয়।

**গ. ক্যাপিটল হিল কোথায়?**

**উত্তর :** ক্যাপিটল হিল যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সিতে অবস্থিত। এখানে যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন অবস্থিত।

**ঘ. ন্যাটোর সর্বশেষ সদস্য কোন দেশ?**

**উত্তর :** ন্যাটোর সর্বশেষ (৩২তম) সদস্য দেশ সুইডেন। দেশটি ৭ মার্চ ২০২৪ ন্যাটোতে যোগ দেয়।

৬. **চালের মূল্য ১২% কমে যাওয়ায় ৬০০০ টাকায় পূর্বাপেক্ষা ১০০ কেজি চাল বেশি পাওয়া যায়। ১ কুইন্টাল চালের বর্তমান মূল্য কত?** ৪

**সমাধান :** ৬০০০ টাকার ১২% $= \frac{৬০০০ \times ১২}{১০০} = ৭২০$ টাকা

এই ৭২০ টাকায় এখন ১ কুইন্টাল চাল বেশি কেনা যায়।

∴ ১ কুইন্টাল চালের বর্তমান মূল্য ৭২০ টাকা। **(উত্তর)**

৭. **বার্ষিক $৪\frac{১}{২}$% সরল সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে?** ৪

**সমাধান :** *ধরি, আসল ১০০ টাকা*

*১ বছরে সুদ $= ৪\frac{১}{২}$ টাকা $= \frac{৯}{২}$ টাকা*

*৪ " " $\frac{৯ \times ৪}{২}$ " $= ১৮$ টাকা*

*∴ সুদাসল $= (১০০ + ১৮)$ টাকা $= ১১৮$ টাকা*

*সুদাসল ১১৮ টাকা হলে আসল ১০০ টাকা*

*" ৮২৬ " " " $\frac{১০০}{১১৮} \times ৮২৬ = ৭০০$ টাকা*

৮. **Answer the following :** $2 \times 5 = 10$

**a. Full form of HTTP**

**Ans :** Hypertext Transfer Protocol.

**b. What is Artificial Intelligence?**

**Ans :** The ability of a computer to do tasks that are usually done by humans in other words simulation of human intelligence by machines.

**c. What is Firewall and Virus?**

**Ans :** A firewall is a network security device that monitors and filters incoming and outgoing network traffic and allows or blocks traffic based on security policies.

A computer virus is a type of malicious software or malware that spreads between computers and causes damage to data and software.

**d. What does 'COD' mean?**

**Ans :** Chemical Oxygen Demand is the amount of oxygen needed to oxidize the organic and inorganic matter present in water.

**e. Write names of two output and two input device?**

**Ans : Input devices :** Keyboard, Mouse

**Output devices :** Printer, Monitor

৯. **Write the name of different types of attack.** ৬

১০. **Describe TCP/IP model.** ৬

১১. **Write RAID levels. Write the advantages and disadvantages of RAID-0.** ৬

১২. **Why NAND Gate is called Universal Gate? Explain with example.** ৬

১৩. **Given IP address is 172.16.128.120/25. Now answer the following :** ১০

a. What is the network address?
b. What is the subnet mask?
c. This network can cover how many host networks?
d. What is the Broadcast address?
e. What is the first IP address?

১৪. **Write a program with a recursive function that shows the sum of its digits. For example, input = 3426, output will be 3 + 4 + 2 + 6 = 15.** ৬

১৫. **Write about white box and black box testing.** ৬

১৬. **Write down the block diagram of waterfall model.** ৪

CamScanner

# ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর কম্পিউটার অপারেটর ২০২৩

পরীক্ষার তারিখ : ১৫.০৭.২০২৩; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৯০

*(পরীক্ষার শেষে আবশ্যিকভাবে প্রশ্নপত্রটি উত্তরপত্রের সাথে ফেরত প্রদান করতে হবে)*

১. **সন্ধিবিচ্ছেদ করুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. উত্থাপন | উৎ + স্থাপন |
| খ. কটাক্ষ | কটু + অক্ষ |
| গ. স্বাধীন | স্ব + অধীন |

২. **এককথায় প্রকাশ করুন :**

**উত্তর :** ক. যে নারীর হাসি সুন্দর — শুচিস্মিতা।
খ. ভ্রমরের ধ্বনি — গুঞ্জন।
গ. জানার ইচ্ছা — জিজ্ঞাসা।

৩. **শুদ্ধ বানান লিখুন :**

**উত্তর :**

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ক. সমিরণ | সমীরণ |
| খ. উদিচী | উদীচী |
| গ. পিপিলিকা | পিপীলিকা |

৪. **'আকাশ' শব্দটির তিনটি সমার্থক শব্দ লিখুন :**

**উত্তর :** অম্বর, ব্যোম, অন্তরীক্ষ।

৫. **বিপরীত শব্দ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. অনুরাগ | বিরাগ |
| খ. গৌণ | মুখ্য |
| গ. নির্দয় | সদয় |

৬. **অর্থসহ বাক্য লিখুন :**

**উত্তর :**

ক. **অর্ধচন্দ্র** (গলাধাক্কা) — চোরের মায়াকান্নায় কর্ণপাত করো না, বেশি করে অর্ধচন্দ্র দান করে বিদায় করো।

খ. **অরণ্যে রোদন** (নিষ্ফল আবেদন) — চৌধুরী সাহেবের নিকট সাহায্য চেয়ে তোষামোদ করা আর অরণ্যে রোদন করা একই কথা।

গ. **আঁতে ঘা** (মনে ব্যথা দেওয়া) — শফিক তোমার আঁতে ঘা দিয়ে কথা বলেছে, তুমি কাপুরুষ বলে এখনও চুপ করে রয়েছ।

৭. **নিম্নে উল্লিখিত সাহিত্যকর্মের রচয়িতার নাম লিখুন :**

**উত্তর :** ক. বরফ গলা নদী — জহির রায়হান।
খ. সোজন বাদিয়ার ঘাট — জসীমউদ্‌দীন।
গ. বীরবলের হালখাতা — প্রমথ চৌধুরী।

৮. **Fill in the blank : He divided the money — th two brothers.**
— between.

৯. **The antonym of 'Apex' is—.**
— Bottom.

১০. **Translate into English :**
**পরিশ্রমের বলে একজন শিক্ষার্থী জীবনে সফল হয়।**
— A student succeeds in life by dint of hard work.

১১. **Write the singular form of 'Data'.**
— Datum.

১২. **His behaviour surprised me. (Make it passive form**
— I was surprised at his behaviour.

১৩. **Fill in the blanks : The novels of Humayu Ahmed sell like—**
— hot cakes.

১৪. **Turn into indirect narration : I asked, "Whos picture is it?"**
— I asked whose picture it was.

১৫. **পূর্ণরূপ লিখুন : LAN, USB, SDG.**
**উত্তর : LAN :** Local Area Network.
**USB :** Universal Serial Bus.
**SDG :** Sustainable Development Goals.

১৬. **ই-মেইল ঠিকানার ক্ষেত্রে BCC-এর পূর্ণরূপ কী?**
**উত্তর :** BCC-এর পূর্ণরূপ হলো– Blind Carbon Copy একটি ই-মেইল যখন বহু প্রাপকের কাছে পাঠানোর প্রয়োজন হ কিন্তু প্রাপকরা একে অন্যের ই-মেইল অ্যাড্রেস দেখতে পাবে ন এমন ই-মেইলের BCC ঘরে প্রাপকদের ঠিকানা লিখতে হয় মূলত গোপনীয়তা ও নিরাপত্তার জন্য BCC ব্যবহার করা হয়।

১৭. **IoT-এর পূর্ণরূপ কী? এ সম্পর্কিত একটি বাক্য লিখুন।**
**উত্তর :** IoT-এর পূর্ণরূপ হলো– Internet of Things. Io হলো নেটওয়ার্ক, প্রোগ্রাম, সেন্সর আর মেশিনের সমন্বয়ে গঠি একটি সিস্টেম, যা দিয়ে ডিভাইস বা যন্ত্রপাতি, গাড়ি, বা ইত্যাদি একে অপরের সাথে যোগাযোগ করতে পারে এবং ডে বিনিময় করতে পারে।

১৮. **টীকা লিখুন : Cloud Computing.**
**উত্তর :** ক্লাউড কম্পিউটিং হচ্ছে একটি ইন্টারনেট সেবা যেখা কম্পিউটার সফটওয়্যার, হার্ডওয়্যার, ডেটা স্টোরেজ সহ

CamScanner

ক্রেতার সুবিধামতো, চাহিবামাত্র ভাড়া দেওয়া হয়। ক্লাউড কম্পিউটিং-এর তিনটি বৈশিষ্ট্য থাকে। যথা :

i. রিসোর্স স্কেলেবিলিটি বা ক্রেতার সব ধরনের চাহিদা মেটানো।
ii. অন ডিমান্ড বা ক্রেতা তার ইচ্ছা অনুযায়ী চাহিদা বাড়াতে বা কমাতে পারবে।
iii. পে-অ্যাজ ইউ-গো বা ক্রেতা যতটুকু সেবা নেবে শুধু তার জন্য পেমেন্ট করবে।

ক্লাউড কম্পিউটিং-এর মাধ্যমে অবকাঠামোগত সেবা, প্ল্যাটফর্মভিত্তিক সেবা ও সফটওয়্যার সেবা পাওয়া যায়। ক্লাউড কম্পিউটিং-এর সুবিধাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো– এটি সার্বক্ষণিক ব্যবহার করা যায়, যে-কোনো স্থান থেকে ইন্টারনেটের মাধ্যমে তথ্য আপলোড ও ডাউনলোড করা যায়, অপারেটিং খরচ তুলনামূলকভাবে কম থাকে ইত্যাদি।

**১৯. Artificial Intelligence-এর ৩টি ব্যবহার লিখুন।**

**উত্তর :** মানুষ যেভাবে চিন্তাভাবনা করে, কৃত্রিম উপায়ে কম্পিউটারকে সেভাবে চিন্তাভাবনা করার সক্ষমতার রূপদান করাকে Artificial Intelligence (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তা বলে। AI-এর উল্লেখযোগ্য তিনটি ব্যবহার নিচে দেওয়া হলো–

i. AI রোগীর উপসর্গের ডেটা সংগ্রহ করে এবং তা বিচার-বিশ্লেষণের মাধ্যমে রোগ শনাক্ত করতে পারে।
ii. কাস্টমারের পছন্দ, ব্রাউজিং হিস্টোরি ইত্যাদির ওপর ভিত্তি করে AI সেই অনুযায়ী বিজ্ঞাপন প্রদর্শন করে।
iii. নিরাপত্তা সম্পর্কিত ক্ষেত্রগুলোয় Face Recognition-এর ক্ষেত্রে AI-এর ব্যাপক ব্যবহার রয়েছে।

**২০. বাংলাদেশ যে সাবমেরিন ক্যাবলের সাথে যুক্ত তার নাম কী?**

**উত্তর :** বাংলাদেশ এখন পর্যন্ত তিনটি সাবমেরিন ক্যাবলের সাথে যুক্ত। যথা :

i. SEA-ME-WE-4– South East Asia Middle East Western Europe-4 (২১ মে ২০০৬)।
ii. বাংলাদেশ দ্বিতীয় সাবমেরিন ক্যাবলের নাম SEA-ME-WE-5 (২১ ফেব্রুয়ারি ২০১৭)।
iii. SEA-ME-WE-6 (২০২১ – ২০২৫ নির্মাণাধীন)।

**২১. ভূমি মন্ত্রণালয়ের আওতায় ৩টি ডিজিটাল ভূমিসেবার নাম লিখুন।**

**উত্তর :** ভূমি মন্ত্রণালয়ের আওতায় তিনটি ডিজিটাল ভূমিসেবা হলো নিম্নরূপ—

i. অনলাইনে জমির খতিয়ান সরবরাহ, ই-নামজারি ও ই-সেটেলমেন্ট কার্যক্রম।
ii. মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভূমির খাজনা পরিশোধ করা। এখন আর খাজনা পরিশোধের জন্য ভূমি অফিসে যেতে হয় না।
iii. ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের মাধ্যমে ই-মিউটেশন, রিভিউ আপিল মামলার ব্যবস্থাপনা, অনলাইনে ভূমি উন্নয়ন কর, রেন্ট সার্টিফিকেট মামলা ব্যবস্থাপনা, মিউটেড খতিয়ান, ডিজিটাল ল্যান্ড রেকর্ড ইত্যাদি ডিজিটাল সেবাগুলো ভূমি মন্ত্রণালয়ের অধীনে সম্পন্ন হচ্ছে।

**২২. ১টি ইনপুট ও ২টি আউটপুট ডিভাইসের নাম লিখুন।**

**উত্তর :** ইনপুট ডিভাইসগুলোর মাধ্যমে বাইরে থেকে তথ্য কম্পিউটারের অভ্যন্তরে জমা হয় আর আউটপুট ডিভাইসগুলোর মাধ্যমে কম্পিউটার থেকে তথ্য বা ডেটা বাইরে আসে।
**ইনপুট ডিভাইস :** কী-বোর্ড।
**আউটপুট ডিভাইস :** মনিটর, প্রিন্টার।

**২৩. 4IR কী? ফোর টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার কোথায় অবস্থিত?**

**উত্তর :** 4IR হলো 4th Industrial Revolution বা চতুর্থ শিল্পবিপ্লব। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, মেশিন লার্নিং, কারখানা অটোমেশন বিশেষ করে বিগডেটা, রোবোটিক্স, ক্লাউড কম্পিউটিং এর মাধ্যমে মানবসমাজের উন্নতি করা হলো এর উদ্দেশ্য। ফোর টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার গাজীপুরের কালিয়াকৈর-এ অবস্থিত।

**২৪. ৮ জন বালক অথবা ৬ জন স্ত্রীলোক একটি কাজ ১২ দিনে শেষ করতে পারে। ১২ জন বালক ও ৩ জন স্ত্রীলোক ঐ কাজটি কতদিনে শেষ করতে পারবে?**

**সমাধান :**

৮ জন বালকের কাজ = ৬ জন স্ত্রীলোকের কাজ

∴ ১ " " " $= \frac{৬}{৮}$ " " "

∴ ১২ " " " $= \frac{৬ \times ১২}{৮}$ " " "

= ৯ জন স্ত্রীলোকের কাজ

১২ জন বালক ও ৩ জন স্ত্রীলোকের কাজ = (৯ + ৩)

বা ১২ জন স্ত্রীলোকের কাজ

৬ জন স্ত্রীলোক কাজটি করতে পারে ১২ দিনে

∴ ১ " " " " " ১২ × ৬ "

∴ ১২ " " " " " $\frac{১২ \times ৬}{১২}$ "

= ৬ দিনে **(উত্তর)**

**২৫. প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রি করা হলো। একটি ২০% লাভে এবং অপরটি ২০% লোকসানে বিক্রি করা হলো। সব মিলিয়ে কত লাভ বা লোকসান হলো?**

**সমাধান :** মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা

২০% লাভে ১ম চেয়ারের বিক্রয়মূল্য ১২০ টাকা

∴ " " ১ম " ক্রয়মূল্য $= \frac{৩৬০০ \times ১০০}{১২০}$ টাকা

= ৩০০০ টাকা

২০% ক্ষতিতে ২য় চেয়ারের বিক্রয়মূল্য ৮০ টাকা

∴ " " " " ক্রয়মূল্য $= \frac{৩৬০০ \times ১০০}{৮০}$

= ৪৫০০ টাকা

CamScanner

∴ মোট বিক্রয়মূল্য = (৩৬০০ + ৩৬০০) টাকা
= ৭২০০ টাকা

এবং " ক্রয়মূল্য = (৩০০০ + ৪৫০০) টাকা
= ৭৫০০ টাকা

∴ মোট লোকসান = (৭৫০০ – ৭২০০) টাকা
= ৩০০ টাকা (উত্তর)

**২৬. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি গড়ে উইকেট প্রতি কত রান দিয়েছেন?**

সমাধান :

১২ উইকেট পান গড়ে ২০ রান দিয়ে

∴ ১২ " " মোট = (২০ × ১২) রান দিয়ে
= ২৪০ রান দিয়ে

আবার, ৪ উইকেট পান গড়ে ৪ রান দিয়ে

∴ ৪ " " মোট = (৪ × ৪) রান দিয়ে
= ১৬ রান দিয়ে

∴ মোট উইকেট = (১২ + ৪) টি
= ১৬টি

মোট রান = (২৪০ + ১৬) রান
= ২৫৬ রান

∴ উইকেট প্রতি গড় রান $= \frac{২৫৬}{১৬}$ রান
= ১৬ রান (উত্তর)

**২৭. $a + b = c$ হলে, $a^3 + b^3 + 3abc$ = কত?**

সমাধান : দেওয়া আছে, $a + b = c$

∴ $a^3 + b^3 + 3abc$
$= (a + b)^3 - 3ab(a + b) + 3abc$
$= c^3 - 3abc + 3abc$
$= c^3$ (Ans.)

**২৮. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে, ab এর মান কত?**

সমাধান : দেওয়া আছে, $a + b = 5$ এবং $a - b = 3$

$$\therefore ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$$
$$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$$
$$= \frac{25}{4} - \frac{9}{4}$$
$$= \frac{25-9}{4}$$
$$= \frac{16}{4} = 4 \text{ (Ans.)}$$

**২৯. ABC ত্রিভুজের $\angle A = 45°$ ও $\angle B = 30°$ হলে, $\angle C$ = ?**

সমাধান : দেওয়া আছে, $\angle A = 45°$ ও $\angle B = 30°$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180° ।

∴ $\angle A + \angle B + \angle C = 180°$

বা, $45° + 30° + \angle C = 180°$

বা, $\angle C = 180° - 75°$

∴ $\angle C = 105°$

**৩০. যে সামান্তরিকের সব বাহু সমান, কিন্তু কোণগুলো সম নয় তাকে কী বলে?**

সমাধান : যে সামান্তরিকের সব বাহু সমান, কিন্তু কো সমকোণ নয়, তাকে রম্বস বলে। রম্বসের কর্ণদ্বয় পর সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

CamScanner

# ভূমি মন্ত্রণালয়-এর সার্ভেয়ার ২০২৩

পরীক্ষার তারিখ : ০২.০৬.২০২৩; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

## বাংলা— ২৫

১. **অর্থসহ বাক্য রচনা করুন :**

**উত্তর :**

ক. **অনুরোধে ঢেঁকি গেলা** (অসম্ভবকার্য সম্পাদন করা)— কাজটা খুবই কঠিন, তারপরও অধ্যক্ষের অনুরোধে ঢেঁকি গিলতে হচ্ছে।

খ. **আষাঢ়ে গল্প** (অবিশ্বাস্য কাহিনী)— রহমত আষাঢ়ে গল্প বলায় বেশ পারদর্শী।

গ. **আকাশ ভেঙে পড়া** (আকস্মিক বিপদে দিশেহারা হয়ে যাওয়া)— মামলায় হারার ফলে তার মাথায় আকাশ ভেঙে পড়ল।

ঘ. **আঠারো মাসে বছর** (দীর্ঘসূত্রতা)— জুলহাসের তো আঠারো মাসে বছর, এমন জরুরি কাজ তাকে দিয়ে হবে না।

ঙ. **আকাশ কুসুম** (অবাস্তব কল্পনা)— চাকরিটা না হতেই আকাশ কুসুম ভাবতে শুরু করেছ।

২. **বিপরীত শব্দ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| মধুর | কটু |
| মুখ্য | গৌণ |
| স্বাধীন | পরাধীন |
| সংকীর্ণ | প্রশস্ত |
| সংক্ষিপ্ত | বিস্তৃত |

৩. **এককথায় প্রকাশ করুন :**

ক. বাঘের চামড়া— কৃত্তি।

খ. যা চিবিয়ে খাওয়ার যোগ্য— চর্ব্য।

গ. দমন করা কষ্টকর যাকে— দুর্দমনীয়।

ঘ. দিনের পূর্বভাগ— পূর্বাহ্ন।

ঙ. যা প্রকাশ করা হয়নি— অব্যক্ত।

৪. **বানান শুদ্ধ করুন :**

**উত্তর :**

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অদ্যবধি | অদ্যাবধি |
| দুরাবস্তা | দুরবস্থা |
| দুরাদৃষ্টি | দূরদৃষ্টি |
| মুখছবি | মুখচ্ছবি |
| আবশ্যকীয় | আবশ্যক |

৫. **টিকা লিখুন : ই-নামজারি**

**উত্তর :** জমি কিনলে বা অন্য কোনো উপায়ে জমির মালিক হয়ে থাকলে হালনাগাদ রেকর্ড সংশোধন করে নতুন মালিকের নামে জমি রেকর্ড করাকে নামজারি বলা হয়। মোটকথা, অনলাইন বা ইন্টারনেটের মাধ্যমে জমি সংক্রান্ত বিষয়ে মালিকানা পরিবর্তন করার পদ্ধতিই হলো 'ই-নামজারি'।

## ইংরেজি— ২৫

৬. **Translate into English :**

ক. আমার লেখার কলম নেই। — I have no pen to write with.

খ. সে সাঁতার কাটতে জানে না। — He does not know how to swim.

গ. সততা সর্বোকৃষ্ট পন্থা। — Honesty is the best policy.

ঘ. গোলাপটি সুন্দর। — The rose is beautiful.

ঙ. আমাকে এখন যেতে হবে। — I have to go now.

৭. **Fill in the blanks :**

a. He died — illness.

b. He is familiar — the subject.

c. There is no alternative — training.

d. Divide the mangoes — two boys.

e. I must not condemn her — knowing.

**Ans :** (a) of, (b) with, (c) to, (d) between, (e) for.

৮. **Change the sentences according to directions :**

a. **Post the letter. (Passive)**
**Ans :** Let the letter be posted.

b. **I said to her, 'He will not come.' (Indirect)**
**Ans :** I told her that he would not come.

c. **Only Rahim can do the sum. (Negative)**
**Ans :** None but Rahim can do the sum.

d. **He is so weak to walk. (Complex)**
**Ans :** He is so weak that he can't walk.

e. **Nobody wishes to be unhappy. (Interrogative)**
**Ans :** Who wishes to be unhappy?

৯. **Answer the following questions :**

a. **Write the Bengali meaning of 'practical'.**
**Ans :** ব্যবহারিক।

b. **Antonym of 'Difficult.**
**Ans :** Easy.

c. **Correct the spell — 'Aqusition'.**
**Ans :** Acquisition.

d. **Write a synonym of the word — 'efficient'.**
**Ans :** Skilled.

e. **Write the Bengali meaning of 'run out'.**
**Ans :** ফুরিয়ে যাওয়া।

১০. **Write five sentences on 'Digital Land Management'.**

### Digital Land Management

**Ans :** As part of digitalising Bangladesh's land management, around 65 lakh bhumi khatians (records of land rights) have been scanned and

CamScanner

indexed into a computerised system under a government initiative. According to an official document, 18,530 map-sheets have also been scanned and indexed under the Digital Land Management project that began in July, 2011. It ended in June, 2016. The government implemented the project to remove unnecessary complexities in land registration, transfer and other land-related issues. It will improve the existing land management system.

## সাধারণ জ্ঞান— ২০

২১. উত্তর দিন :

ক. মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?
উত্তর : আগারগাঁও, ঢাকা।

খ. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা দুটি গ্রন্থের নাম লিখুন।
উত্তর : i. অসমাপ্ত আত্মজীবনী ও ii. কারাগারের রোজনামচা।

গ. টেকনাফ ও তেঁতুলিয়া কোন দুটি জেলায় অবস্থিত?
উত্তর : টেকনাফ— কক্সবাজার; তেঁতুলিয়া— পঞ্চগড়।

ঘ. TIN-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : Taxpayer Identification Number.

ঙ. বাংলাদেশে কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করা হয়েছে?
উত্তর : ১৫ বিঘা পর্যন্ত।

চ. 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের লোকসংগীত?
উত্তর : রংপুর।

ছ. কবে প্রথম 'জাতীয় ভূমি সম্মেলন' অনুষ্ঠিত হয়েছে?
উত্তর : ২৯-৩১ মার্চ, ২০২৩।

জ. বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত জেলা কোনটি?
উত্তর : মাদারীপুর।

ঝ. 'ভূল' চাষ পদ্ধতি বাংলাদেশের কোন জেলাসমূহে দেখা যায়?
উত্তর : চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি।

ঞ. বাংলাদেশের জাতীয় সংসদের প্রথম নারী স্পিকারের নাম লিখুন।
উত্তর : ডা. শিরীন শারমিন চৌধুরী।

ট. সর্বপ্রথম ও সর্বশেষ জনশুমারি অনুষ্ঠিত হয় কোন সালে?
উত্তর : বাংলাদেশে সর্বপ্রথম জনশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে এবং সর্বশেষ জনশুমারি অনুষ্ঠিত হয় ২০২২ সালে।

ঠ. 'ফিউচার অব ডিসেন্ট্রালাইজড' -এর প্রণেতা কে?
উত্তর : আলভিন টফলার।

ড. স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ নেয় কোন তারিখে?
উত্তর : ১৭ এপ্রিল ১৯৭১ সালে।

ঢ. EU পূর্ণরূপ কী?
উত্তর : European Union.

ণ. 'অপারেশন জ্যাকপট' কী?
উত্তর : ১৯৭১ সালে বাঙালি নৌ-কমান্ডো কর্তৃক পরিচালিত প্রথম অভিযান ছিল অপারেশন জ্যাকপট। পাকিস্তান বাহিনীর দখলীকৃত বাংলাদেশে নৌপথে সৈন্য ও অন্যান্য সমর সরঞ্জাম পরিবহন ব্যবস্থা বানচাল করতে অভিযান পরিচালিত হয়। এ অপারেশন ১৯৭১-এর ১৫ আগস্ট ১২টার পর অর্থাৎ ১৬ আগস্ট প্রথম প্রহরে চট্টগ্রাম বন্দর, মংলা সমুদ্র বন্দর, দেশের অভ্যন্তরে চাঁদপুর নারায়ণগঞ্জ নদী বন্দর একই সময়ে পরিচালিত হয়। নৌ সেক্টরের অধীনে ট্রেনিং প্রাপ্ত নৌ কমান্ডো যোদ্ধাদের অসাহসিকতার নিদর্শন এই অপারেশন জ্যাকপট।

ত. পদ্মা সেতু কবে উদ্বোধন করা হয়?
উত্তর : ২৫ জুন ২০২২।

থ. বাংলাদেশের পাঁচটি মেগা প্রকল্পের নাম লিখুন।
উত্তর : সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত মেগা প্রকল্প হচ্ছে– মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, মেট্রোরেল প্রকল্প, এলএনজি টার্মিনাল নির্মাণ পায়রা সমুদ্রবন্দর।

দ. ২০২৩-২৪ অর্থবছরের বাজেট কবে সংসদে উপস্থাপিত হয়?
উত্তর : ১ জুন ২০২৩।

ধ. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী?
উত্তর : মিথেন।

ন. কোন সংস্থা একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করেছে?
উত্তর : ইউনেস্কো।

## গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয়— ৩০

১২. একটি চেইন দ্বারা মেপে একটি জমির ক্ষেত্রফল ১৩০ এ পাওয়া গেল। যদি মাপার কাজে ব্যবহৃত চেইন শতকরা ০ ভাগ বেশি লম্বা থাকে তাহলে জমির প্রকৃত ক্ষেত্রফল কত?

১৩. একটি শিকল রেখা হতে আঁকা বাঁকা সীমানা রেখায় ১ মি পরপর নিম্নরূপ অফসেট পাওয়া গেল। শিকল রেখা সীমানার মধ্যবর্তী স্থানের ক্ষেত্রফল কত?
অফসেটসমূহ : ০.০০,২.৭৫, ৩.৮৫, ৩.৮০, ৪.৭২, ৩.৬৭, ৫.০০, ৫৯

১৪. AB রেখার বিয়ারিং ১৪২°৩০′ এবং ABC রেখার ১২০° হলে BC রেখার বামাবর্তে বিয়ারিং কত?

১৫. একটি সুষম ঢাল বিশিষ্ট ভূমিতে ৩০ মিটার পর পর A হয় লেভিসিং শুরু করে B বিন্দুতে শেষ করার জন্যে নিম্নোক্ত স্টাফ পাঠ পাওয়া গে ০.০৮, ০.৮০৫, ১.৭৫০, ২.৮৫৫, ৩.৬৫, ৩.৯৮, ০.৮ ১.০০৫, ২.৪৫০, ৩.৬২৫, ০.০৩৫, ১.৪১৫, ২.৬১৫
A বিন্দুর আর এল ৪০.৪৫০ মিটার। AB রেখর ঢাল নির্ণয় করু

১৬. পুকুরের বিপরীত দুই পাড়ে দুটি বিন্দু A ও B। A বিন্দুতে যন্ত্র বসি A ও B তে স্টাফ পাঠ যথাক্রমে ১.৯৮ মি.। ২.৪৫ মি. A বিন্দুতে বসিয়ে A ও B স্টাফ পাঠ যথাক্রমে ২.৪৮৫ মি. ও ৩.৪০৫ মি. পা গেল। A ও B বিন্দুর প্রকৃত উচ্চতার পার্থক্য কত?

১৭. বেঞ্চমার্ক কী?
উত্তর : জরিপকৃত এলাকায় সাধারণত কোনো তীর চিহ্ন স্তম্ভের ওপর ঐ স্থানের উচ্চতা নির্দেশিত হলে, ঐ উচ্চ নির্দেশক চিহ্নকে মূল চিহ্ন বা বেঞ্চমার্ক বলে।

১৮. পূর্ণবৃত্ত বিয়ারিং বলতে কী বোঝায়?

CamScanner

# ভূমি মন্ত্রণালয়ের অধীন হিসাব নিয়ন্ত্রকের দপ্তর (রাজস্ব)-এর নিরীক্ষক ২০২৩

পরীক্ষার তারিখ : ১৩.০৫.২০২৩; সময় : ১ ঘণ্টা ; পূর্ণমান : ৫০

*[প্রত্যেক প্রশ্নের মান সমান]*

**০১. কোন রাজবংশের আমলে চর্যাপদ রচনা শুরু হয়?**

ক পাল খ সেন
গ মোগল ঘ তুর্কি

**ব্যাখ্যা** *চর্যাপদ বৌদ্ধ সিদ্ধাচার্যগণ রচনা করেন। বাংলার পালবংশের রাজারা বৌদ্ধ ছিলেন। সেজন্য পাল রাজাদের আনুকূল্যে সহজিয়াগণ চর্যাপদ রচনা শুরু করেন।*

**০২. 'স্বাধীন' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক স + অধিন খ শ + অধিন
গ স্ব + অধিন ঘ স্ব + অধীন

**ব্যাখ্যা** *'স্বাধীন' শব্দের সন্ধিবিচ্ছেদ 'স্ব + অধীন'। 'অ + অ = আ' এ নিয়মে সন্ধি হয়েছে। এটি স্বরসন্ধির উদাহরণ।*

**০৩. 'সিরাজাম মুনীরা' কাব্যের রচয়িতা কে?**

ক তালিম হোসেন খ ফররুখ আহমদ
গ গোলাম মোস্তফা ঘ আবুল হোসেন

**ব্যাখ্যা** *ইসলামি রেনেসাঁর কবি ফররুখ আহমদ রচিত কাব্যগ্রন্থ 'সিরাজাম মুনীরা' (১৯৫২)। তার বিখ্যাত কাব্যগ্রন্থের নাম 'সাত সাগরের মাঝি'।*

**০৪. বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থ কোনটি?**

ক কথোপকথন খ চর্যাপদ
গ মঙ্গলকাব্য ঘ আলালের ঘরের দুলাল

**ব্যাখ্যা** *বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থ 'কথোপকথন'। উইলিয়াম কেরি রচিত এ গ্রন্থটি ১৮০১ সালে প্রকাশিত হয়। এ গ্রন্থে বাঙালি সমাজ ও পরিবারের একটি সুন্দর চিত্র ফুটে উঠেছে।*

**০৫. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে কবে 'বিদ্যাসাগর' উপাধি দেওয়া হয়?**

ক ১৮৫১ খ ১৮৪৭
গ ১৮৩৯ ঘ ১৮৪১

**ব্যাখ্যা** *ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে ১৮৩৯ সালে 'বিদ্যাসাগর' উপাধি দেওয়া হয়। সংস্কৃত ভাষা ও সাহিত্যে অগাধ পাণ্ডিত্যের জন্য 'হিন্দু ল কমিটি' থেকে তিনি এ উপাধি পান। ১৮৪১ সালে সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' নামে প্রশংসাপত্রও পান।*

**০৬. কাজী নজরুল ইসলামের প্রেমের কাব্য কোনটি?**

ক ফণিমনসা খ বনগীতি
গ দোলনচাঁপা ঘ গানের মালা

**ব্যাখ্যা** *'দোলনচাঁপা' কাজী নজরুল ইসলামের প্রেমের কাব্য। কাব্যগ্রন্থটি ১৯২৩ সালের সেপ্টেম্বর মাসে প্রকাশিত হয়। এ কাব্যগ্রন্থের কবিতাগুলো কবি কারাগারে বন্দি থাকা অবস্থায় রচনা করেন। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য কবিতা– পূজারিণী, কবি-রাণী, অভিশাপ, অবেলার ডাক, পুবের চাতক।*

**০৭. তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?**

ক জসীমউদ্‌দীন খ ফররুখ আহমদ
গ আবুল হাসান ঘ শহীদ কাদরী

**ব্যাখ্যা** *পল্লীকবি জসীমউদ্‌দীন-এর জন্ম ফরিদপুর জেলার তাম্বুলখানা গ্রামে। এ গ্রামের মাতুলালয়ে কবির জন্ম হয়। তার বিখ্যাত দুটি কাব্যগ্রন্থ 'নক্সী কাঁথার মাঠ' ও 'সোজন বাদিয়ার ঘাট'। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সময়েই জসীমউদ্‌দীনের বিখ্যাত কবিতা 'কবর' প্রবেশিকা বাংলা সংকলনের অন্তর্ভুক্ত হয়, যা একটি বিরল ঘটনা।*

**০৮. 'উনকোটি চৌষট্টি' এ বাগধারার অর্থ কী?**

ক অপদার্থ খ পাগলামি
গ অপব্যয়ী ঘ প্রায় সম্পূর্ণ

**ব্যাখ্যা** *'উনকোটি চৌষট্টি' বাগধারার অর্থ 'প্রায় সম্পূর্ণ' বা 'কোনোকিছু বাদ না দেওয়া'। বাক্যে প্রয়োগ– আলতাফ সাহেব মেয়ের বিয়েতে ভরপুর আয়োজন করেছেন যাকে বলে উনকোটি চৌষট্টি।*

**০৯. 'তপোবন' কোন সমাস?**

ক দ্বন্দ্ব খ চতুর্থী তৎপুরুষ
গ প্রাদি ঘ বহুব্রীহি

**ব্যাখ্যা** *পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। 'তপোবন' চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ যার ব্যাসবাক্য 'তপের নিমিত্তে বন'।*

**১০. ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বোঝায়?**

ক আই খ আল
গ আন ঘ আও

**ব্যাখ্যা** *ধাতুর পরে ভাববাচক বিশেষ্য গঠনে 'আও' প্রত্যয় যুক্ত হয়। যেমন– √পাকড় + আও = পাকড়াও, √চড় + আও = চড়াও। অন্যদিকে, ভাববাচক বিশেষ্য গঠনে আই প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন– চড় + আই = চড়াই, সিল + আই = সিলাই > সেলাই।*

**উত্তর**

| | |
|---|---|
| ০১ | ক |
| ০২ | ঘ |
| ০৩ | খ |
| ০৪ | ক |
| ০৫ | গ |
| ০৬ | গ |
| ০৭ | ক |
| ০৮ | ঘ |
| ০৯ | খ |
| ১০ | ঘ |

CamScanner

১১. নিচের কোন শব্দটি অশুদ্ধ?
ক সুকেশী খ সুকেশা
গ সুকেশীনী ঘ সুকেশিনী
ব্যাখ্যা 'সুকেশীনী' বানানগতভাবে অশুদ্ধ শব্দ। অন্যদিকে 'সুকেশী, সুকেশা, সুকেশিনী' তিনটি শব্দই শুদ্ধ।

১২. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ কয়টি?
ক ২২ খ ২১
গ ২০ ঘ ১৯
ব্যাখ্যা বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ ২১টি। এগুলো হলো– অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। তৎসম উপসর্গ ২০টি।

১৩. 'ঋজু' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক উকত খ বক্র
গ সুষম ঘ স্পষ্ট
ব্যাখ্যা 'ঋজু' শব্দের বিপরীতার্থক শব্দ 'বক্র'। 'সুষম, স্পষ্ট' শব্দ দুটির বিপরীতার্থক শব্দ যথাক্রমে 'অসম, অস্পষ্ট'।

১৪. যা পান করার যোগ্য'–এককথায় কী হবে?
ক পানীয় খ পিপাসা
গ তৃষ্ণা ঘ পেয়
ব্যাখ্যা 'পান করার যোগ্য'-এর এককথায় প্রকাশ 'পেয়'। অন্যদিকে 'পান করার ইচ্ছা'-কে এককথায় বলে 'পিপাসা' বা 'তৃষ্ণা' এবং যা পান করা যায় 'পানীয়'।

১৫. 'বাবাকে বড্ড ভয় পাই'– এখানে 'বাবাকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্মে দ্বিতীয়া
খ অপাদানে দ্বিতীয়া
গ কর্মে চতুর্থী
ঘ অপাদানে পঞ্চমী
ব্যাখ্যা কোনোকিছু থেকে গৃহীত, জাত, আরম্ভ, উৎপন্ন, ভীত ইত্যাদি বোঝালে তাকে অপাদান কারক বলে। 'বাবাকে' ভীত অর্থে বাক্যে অপাদান কারক এবং 'কে' বিভক্তির জন্য দ্বিতীয়া বোঝাচ্ছে। তাই এটি অপাদানে দ্বিতীয়া হবে।

১৬. What is the synonym of the word 'pauper'?
ক destitution খ fortune
গ affluence ঘ opulence
ব্যাখ্যা Pauper অর্থ কাঙাল বা নিঃস্ব। Destitution অর্থ দারিদ্র্য, দৈন্যদশা; fortune অর্থ সৌভাগ্য, প্রাচুর্য; affluence অর্থ সমৃদ্ধি, ঐশ্বর্য, প্রাচুর্য। অন্যদিকে, opulence অর্থ ধনসম্পদ, সমৃদ্ধি, বিত্ত। সুতরাং pauper-

১৭. "I water the plants." The word 'water' is used as—
ক noun খ pronoun
গ verb ঘ adverb
ব্যাখ্যা বাক্যটিতে water subject-এর পরে বসে verb কাজ করছে। এখানে water-এর অর্থ পানি দেওয়া।

১৮. We need as — people as possible.
ক many খ much
গ most ঘ enough
ব্যাখ্যা People countable noun হওয়ায় শূন্যস্থানে many বসবে।

১৯. You had better — the offer.
ক than খ welcomed
গ accept ঘ accepted
ব্যাখ্যা Had better-এর পরে verb-এর base form বা তাই সঠিক উত্তর accept।

২০. This could have worked if I—been more sighted.
ক had খ might
গ have ঘ has
ব্যাখ্যা 3rd conditional (if + past perfect + per modal)-এর structure অনুযায়ী if-যুক্ত clauseটি perfect tense হয়। তাই শূন্যস্থানে had বসবে।

২১. What would be right synonym 'initiative'?
ক Apathy খ Enterprise
গ Indolence ঘ Try
ব্যাখ্যা Initiative অর্থ উদ্যোগ বা কর্মপ্রচেষ্টা। এ synonym enterprise (উদ্যোগ)। Apathy অর্থ বিতৃ অনীহা, অনাগ্রহ; indolence অর্থ আলস্য; try চেষ্টা করা।

২২. "Let us begin by looking at the minutes the meeting."– Here 'minutes' means :
ক time record খ written record
গ time frame ঘ ending time
ব্যাখ্যা Minutes অর্থ written record বা লিখিত দলি দস্তাবেজ।

২৩. Which of the following word can be used a verb?
ক Mister খ Mistress

উত্তর
১১ গ
১২ খ
১৩ খ
১৪ ঘ
১৫ খ
১৬ ক
১৭ গ
১৮ ক
১৯ গ
২০ ক
২১ খ
২২ খ

**ব্যাখ্যা** *Master শব্দটি verb হিসেবেও ব্যবহৃত হতে পারে। সেক্ষেত্রে master অর্থ কোনোকিছুর ওপরে দখল নেওয়া বা শিখে আয়ত্ত করা।*

**২৪. Which one is in feminine form?**

ক Deer খ Bee
গ Bull ঘ Horse

**ব্যাখ্যা** *Bee শব্দটি feminine form-এ রয়েছে। এটির masculine form হচ্ছে drone। Deer (হরিণ) ও horse (ঘোড়া) শব্দ দুটি common gender এবং bull (ষাঁড়) শব্দটি masculine gender হিসেবে রয়েছে।*

**২৫. Identify the correct word —.**

ক incocient খ insocant
গ insoucient ঘ insociant

**[Note :** *অপশনসমূহে কোনো সঠিক বানান নেই। সঠিক শব্দটি insouciant যার অর্থ উদাসীন।]*

**২৬. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাশ করল। যদি উভয় বিষয়ে ৬০% পাশ করে থাকে তবে উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?**

ক ৮% খ ১০%
গ ১৫% ঘ ১২%

**ব্যাখ্যা** *শুধু গণিতে পাশ করে = (৮০ − ৬০) % = ২০%*
*শুধু বাংলায় পাশ করে = (৭০ − ৬০) % = ১০%*
*∴ শুধু গণিত বা শুধু বাংলা অথবা উভয় বিষয়ে পাশ করে = (২০ + ১০ + ৬০)% = ৯০%*
*∴ উভয় বিষয়ে ফেল করে = (১০০ − ৯০) %*
*= ১০%।*

**২৭. একটি শ্রেণিতে যতজন ছাত্রছাত্রী আছে, তাদের প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ২৫ পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট ৭৫ টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্রছাত্রীর সংখ্যা কত?**

ক ৭০ খ ৮৫
গ ৭৫ ঘ ১০০

**ব্যাখ্যা** *মনে করি,*
*ছাত্রছাত্রীর সংখ্যা = x জন*
*১ জনে চাঁদা দেয় = (x + ২৫) পয়সা*
*∴ x " " " = x (x + ২৫) "*
*প্রশ্নমতে,*
$x(x+২৫) = ৭৫০০$ *[∵ ১ টাকা = ১০০ পয়সা]*
*বা,* $x^২ + ২৫x - ৭৫০০ = ০$
*বা,* $x^২ + ১০০x - ৭৫x - ৭৫০০ = ০$
*বা,* $x(x+১০০) - ৭৫(x+১০০) = ০$
*বা,* $(x+১০০)(x-৭৫) = ০$
*∴* $x = ৭৫$ *ও* $-১০০$*; কিন্তু* $x \neq -১০০$
*∴ ছাত্রছাত্রীর সংখ্যা = ৭৫ জন।*

**২৮. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ.সা.গু. ৪ হলে ছোট সংখ্যাটি কত?**

ক ১০ খ ১৫
গ ২৫ ঘ ২০

**ব্যাখ্যা** *মনে করি,*
*সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৬x*
*∴ সংখ্যা দুটির গ.সা.গু. = x*
*শর্তমতে, x = ৪*
*∴ ছোট সংখ্যাটি =* $৫x = ৫ \times ৪ = ২০$

**২৯. কোনো ভগ্নাংশের লবের সাথে ৭ যোগ করলে ভগ্নাংশটির মান ২ হয় এবং হর থেকে ২ বাদ দিলে ভগ্নাংশটির মান ১ হয়। ভগ্নাংশটি নির্ণয় কর।**

ক $\frac{৩}{৫}$ খ $\frac{৪}{৫}$
গ $\frac{২}{৫}$ ঘ $\frac{১}{৫}$

**ব্যাখ্যা** *মনে করি,*
*ভগ্নাংশটির লব = x এবং হর = y*
*∴ ভগ্নাংশটি =* $\frac{x}{y}$
*শর্তমতে,*
$\frac{x+৭}{y} = ২$
*বা,* $x - ২y = -৭$ *... (i)*
*এবং* $\frac{x}{y-২} = ১$
*বা,* $x - y = -২$ *... (ii)*
*(i) − (ii) × ২*
$x - ২y = -৭$
$২x - ২y = -৪$
$-x = -৩$
*∴* $x = ৩$
*x-এর মান (ii) নং এ বসিয়ে পাই*
$x - y = -২$
*বা,* $৩ - y = -২$
*∴* $y = ৫$
*∴ ভগ্নাংশটি =* $\frac{৩}{৫}$

**উত্তর**

| | |
|---|---|
| ২৪ | খ |
| ২৫ | Note |
| ২৬ | খ |
| ২৭ | গ |
| ২৮ | ঘ |
| ২৯ | ক |

CamScanner

৩০. $P = \{X : X, 12$ এর গুণনীয়কসমূহ$\}$ এবং $Q = \{X : X, 3$ এর গুণিতক এবং $x \le 12\}$ হলে $(P - Q)$ কত?

ক $\{1, 2, 4\}$ খ $\{1, 3, 4\}$
গ $\{1, 3, 6\}$ ঘ $\{1, 2, 6\}$

ব্যাখ্যা দেওয়া আছে,

$P = \{X : X, 12$ এর গুণনীয়কসমূহ$\}$
$= \{1, 2, 3, 4, 6, 12\}$

এবং $Q = \{X : X, 3$ এর গুণিতক এবং $x \le 12\}$
$= \{3, 6, 9, 12\}$

$\therefore P - Q = \{1, 2, 3, 4, 6, 12\} - \{3, 6, 9, 12\}$
$= \{1, 2, 4\}$

৩১. $x - 2y = 3$ হলে, $x^3 - 8y^3 - 18xy$ এর মান কোনটি?

ক 27 খ 36
গ 18 ঘ 42

ব্যাখ্যা দেওয়া আছে, $x - 2y = 3$

$\therefore x^3 - 8y^3 - 18xy$
$= (x)^3 - (2y)^3 - 18xy$
$= (x - 2y)^3 + 3.x.2y\,(x - 2y) - 18xy$
$= 3^3 + 6xy.\,3 - 18xy$
$= 27 + 18xy - 18xy = 27$

৩২. ১০০ থেকে ২০০ এর মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?

ক ৩১ খ ৩২
গ ৩৩ ঘ ৩৪

ব্যাখ্যা নির্ণেয় সংখ্যা $= \frac{১৯৮ - ১০২}{৩} + ১$

$= \frac{৯৬}{৩} + ১ = ৩৩$টি

৩৩. ৫০ মিনিট আগে সময় ছিল ৪টা বেজে ৪৫ মিনিট, ৬টা বাজতে আর কতক্ষণ সময় বাকি আছে?

ক ১৫ মিনিট খ ২০ মিনিট
গ ৩০ মিনিট ঘ ২৫ মিনিট

ব্যাখ্যা ৫০ মিনিট আগে সময় ছিল ৪টা ৪৫ মিনিট

$\therefore$ বর্তমান সময় $= ৪$টা ৪৫ মিনিট $+ ৫০$ মিনিট
$= ৫$টা ৩৫ মিনিট

সুতরাং, ৬টা বাজতে সময় বাকি $= ৬:০০ - ৫:৩৫$
$= ২৫$ মিনিট।

৩৪. $125\left(\sqrt{5}\right)^{2x} = 1$ হলে x -এর মান কত?

ক 3 খ $-3$

ব্যাখ্যা $125\left(\sqrt{5}\right)^{2x} = 1$

বা, $\left(\sqrt{5}\right)^{6}\left(\sqrt{5}\right)^{2x} = 1$

বা, $\left(\sqrt{5}\right)^{6+2x} = \left(\sqrt{5}\right)^{0}$ $[\because a^0 = 1]$

বা, $6 + 2x = 0$

$\therefore x = -3$

৩৫. বার্ষিক সুদের হার ৫% থেকে হ্রাস পেয়ে ৪ হওয়ায় এক ব্যক্তির ৪০ টাকা আয় কমে গেল। মূলধন কত?

ক ১,৬০০ টাকা খ ১৬,০০০ টাকা
গ ১,৬০,০০০ টাকা ঘ ১৬,০০,০০০ টাকা

ব্যাখ্যা ১০০ টাকায় সুদ কমে $= \left(৫ - ৪\frac{৩}{৪}\right)$ টাকা

$= \frac{১}{৪}$ টাকা

সুদ $\frac{১}{৪}$ টাকা কমে যখন মূলধন ১০০ টাকা
$\therefore$ " ১ " " " " $১০০ \times ৪$ "
$\therefore$ " ৪০ " " " " $১০০ \times ৪ \times ৪০$ "
$= ১৬,০০০$ টাকা

৩৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন ভাগে হিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রক পদের উল্লেখ আছে?

ক ৯ম ভাগে খ ৭ম ভাগে
গ ৮ম ভাগে ঘ ১০ম ভাগে

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১১টি ভ আছে। ৮ম ভাগে মহা হিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রক প উল্লেখ আছে। সংবিধানের প্রথম ভাগে প্রজাতন্ত্র, দ্বিতী ভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতি, তৃতীয় ভাগে মৌলি অধিকার, চতুর্থ ভাগে নির্বাহী বিভাগ, পঞ্চম ভা আইনসভা, ষষ্ঠ ভাগে বিচার বিভাগ, সপ্তম ভাগে নির্ব কমিশন, নবম ভাগে বাংলাদেশের কর্মবিভাগ, দশম ভা সংবিধান সংশোধন এবং একাদশ ভাগে রয়েছে বিবিধ

৩৭. বাংলাদেশে কোথায় প্রথম তেলক্ষেত্র আবিষ্কৃত হয়?

ক কৈলাসটিলা খ ফেঞ্চুগঞ্জ
গ হরিপুর ঘ বাখরাবাদ

ব্যাখ্যা ১৯৮৬ সালে সিলেটের হরিপুরে সর্বপ্রথম তেলক্ষে আবিষ্কৃত হয়। ১৯৮৭ সালে এ তেলক্ষেত্র থেকে তে উৎপাদন শুরু করার মধ্য দিয়ে তেল যুগে পদার্প করে বাংলাদেশ। উল্লেখ্য, ১০ ডিসেম্বর ২০২৩ সিলেটে

উত্তর

| | |
|---|---|
| ৩০ | ক |
| ৩১ | ক |
| ৩২ | গ |
| ৩৩ | ঘ |
| ৩৪ | খ |
| ৩৫ | খ |
| ৩৬ | গ |
| ৩৭ | গ |

CamScanner

৩৮. 'নয়কুড়ি কান্দা ছয় কুড়ি বিল' নামে পরিচিত কোনটি?
ক হাকালুকি হাওড় খ টাঙ্গুয়ার হাওড়
গ চলন বিল ঘ শনির হাওড়

ব্যাখ্যা টাঙ্গুয়ার হাওড় বাংলাদেশের সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলায় অবস্থিত একটি হাওড়। স্থানীয় লোকজনের কাছে হাওড়টি 'নয়কুড়ি কান্দা ছয়কুড়ি বিল' নামেও পরিচিত। এই হাওড়টি প্রায় ১০০ বর্গকিমি এলাকা জুড়ে বিস্তৃত এবং বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মিঠা পানির জলাভূমি।

৩৯. 'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্যটি কার অমর কীর্তি?
ক হামিদুজ্জামান খান খ নভেরা আহমেদ
গ শামীম শিকদার ঘ মৃণাল হক

ব্যাখ্যা একুশে পদকপ্রাপ্ত শামীম শিকদারের (১৯৫২-২০২৩) অমর কীর্তি স্বাধীনতা সংগ্রাম ভাস্কর্য, যা ফুলার রোড এলাকায় অবস্থিত। এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে স্বোপার্জিত স্বাধীনতা এবং ঢাকা কেন্দ্রীয় কারাগারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নির্মাণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনিস্টিটিউটের ভাস্কর্য বিভাগের একজন অধ্যাপক ছিলেন।

৪০. ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য কোনটি?
ক বর্ধমান হাউস খ লালবাগ
গ আহসান মঞ্জিল ঘ বড় কাটরা

ব্যাখ্যা ঢাকার বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত দুর্গ হলো লালবাগ কেল্লা। এটির নির্মাণ কাজ মুঘল সুবাদার মুহাম্মদ আজম শাহ্ কর্তৃক ১৬৭৮ সালে শুরু হয়। পরে তার উত্তরসূরি হিসেবে মুঘল সুবাদার শায়েস্তা খাঁ ১৬৮০ সালে নির্মাণ কাজ পুনরায় শুরু করেন কিন্তু শেষ করতে পারেননি।

৪১. কান চলচ্চিত্র উৎসবে পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশের ছায়াছবি কোনটি?
ক লালসালু খ সূর্যদীঘল বাড়ি
গ মুক্তির গান ঘ মাটির ময়না

ব্যাখ্যা তারেক মাসুদ পরিচালিত স্বাধীনতা যুদ্ধের প্রাক্কালে উনসত্তরের গণঅভ্যুত্থানের পটভূমিতে তৈরি বাংলাদেশি চলচ্চিত্র হলো 'মাটির ময়না' (২০০২)। এটি তারেক মাসুদ পরিচালিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। তারেকের গল্প অবলম্বনে যৌথভাবে চলচ্চিত্রটি চিত্রনাট্য রচনা করেন তারেক মাসুদ ও তার স্ত্রী ক্যাথরিন মাসুদ। 'মাটির ময়না' চলচ্চিত্রটি কান চলচ্চিত্র উৎসবে সেরা বিদেশি ভাষার ছবি বিভাগে মনোনয়ন লাভ করে ২০০২ সালে, ৫৫তম কান চলচ্চিত্র উৎসবে।

৪২. বাংলাদেশের নারী ক্রিকেট দল টেস্ট স্ট্যাটাস লাভ করে কোন সালে?
ক ২০০০ খ ২০১১
গ ২০১৮ ঘ ২০২১

ব্যাখ্যা ২০০০ সালের ২৬ জুন আইসিসির পূর্ণ সদস্য দেশের স্বীকৃতি লাভের মধ্য দিয়ে বাংলাদেশ পুরুষ ক্রিকেট দল টেস্ট মর্যাদা লাভ করে। আর ২ এপ্রিল ২০২১ ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি বাংলাদেশের মহিলা ক্রিকেট দলকে টেস্ট স্ট্যাটাসের মর্যাদা দেয়।

৪৩. সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ
ক ৭.৬ সে.মি. খ ৭৬ সে.মি.
গ ৭৬০ সে.মি. ঘ ৭২ সে.মি.

ব্যাখ্যা পৃথিবী তার মাধ্যাকর্ষণ শক্তির সাহায্যে বায়ুমণ্ডলকে নিজের কেন্দ্রের দিকে আকর্ষণ করলে বায়ুতে যে চাপ অনুভূত হয় তাই বায়ুচাপ। সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ ৭৬০ মিমি. (পারদ) বা ৭৬ সেমি।

৪৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন–
ক কফি আনান খ কুর্ট ওয়াল্ডহেইম
গ দ্যাগ হ্যামারশোল্ড ঘ উথান্ট

ব্যাখ্যা বর্মী কুটনীতিবীদ ও জাতিসংঘের তৃতীয় মহাসচিব উথান্ট ১৯৬১-১৯৭১ সাল পর্যন্ত জাতিসংঘের মহাসচিবের দায়িত্ব পালন করেন। জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব দ্যাগ হ্যামারশোল্ড ১৯৬১ সালে বিমান দুর্ঘটনায় মারা গেলে উথান্ট মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। জাতিসংঘের বর্তমান মহাসচিব পর্তুগালের নাগরিক অ্যান্তেনিও গুতেরেস।

৪৫. জাপানের পার্লামেন্টের নাম কী?
ক হাউজ অব লর্ডস খ কংগ্রেস
গ ডায়েট ঘ হাউজ অব সিনেট

ব্যাখ্যা হাউজ অব লর্ড হলো– যুক্তরাজ্যের সংসদের উচ্চকক্ষ আর নিম্নকক্ষ হলো– হাউস অব কমন্স। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম– কংগ্রেস এবং জাপানের পার্লামেন্টের নাম– ডায়েট। মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভা দ্বিকক্ষবিশিষ্ট। নিম্নকক্ষের নাম– হাউজ অব রিপ্রেজেন্টেটিভস। আর উচ্চকক্ষের নাম– সিনেট।

৪৬. বাংলাদেশের ৬ষ্ঠ জনশুমারি অনুযায়ী কত শতাংশ লোক গ্রামে বাস করে?
ক ৬৮.৩৪% খ ৩১.৬৬%
গ ৩৬.৩৪% ঘ ৫০.৩৬%

উত্তর

| | |
|---|---|
| ৩৮ | খ |
| ৩৯ | গ |
| ৪০ | খ |
| ৪১ | ঘ |
| ৪২ | ঘ |
| ৪৩ | খ |
| ৪৪ | ঘ |
| ৪৫ | গ |
| ৪৬ | ক |

CamScanner

ব্যাখ্যা *প্রায় ১১ বছর পর ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম অনুষ্ঠিত হয় ১৫ জুন থেকে ২১ জুন ২০২২ পর্যন্ত। প্রথমবারের মতো দেশে ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি অনুষ্ঠিত হয়। ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুযায়ী দেশে জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিমি-তে ১,১১৯ জন ও জনসংখ্যার বৃদ্ধির হার ১.২২ শতাংশ। ষষ্ঠ জনশুমারির চূড়ান্ত প্রতিবেদনে দেখা যায় বাংলাদেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ (৩১.৬৬%) নাগরিক শহরে বাস করে আর দুই-তৃতীয়াংশ (৬৮.৩৪%) মানুষ থাকে গ্রামে।*

**৪৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পত্রিকায় কাজ করেছিলেন?**

ক মিল্লাত　　খ ইত্তেহাদ
গ দৈনিক আজাদ　　ঘ ইত্তেফাক

ব্যাখ্যা *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে পত্রিকার মাধ্যমে কাজ শুরু করেছিলেন তার স্পষ্ট ভাষ্য পাওয়া যায় তাঁর অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থে। তিনি লেখেন, 'মানিক ভাই যখন কলকাতায় ইত্তেহাদ কাগজের সেক্রেটারি ছিলেন, তখন আমাদের টাকা-পয়সার খুবই প্রয়োজন কিন্তু কে দিবে? আমার একটু সচ্ছল অবস্থা ছিল, কারণ আমি ইত্তেহাদ কাগজের পূর্ব পাকিস্তানের প্রতিনিধি ছিলাম। মাসে প্রায় তিনশ টাকা পেতাম।'*

**৪৮. জাতিসংঘবিষয়ক আলোচনায় 'P5' বলতে কী বোঝায়?**

ক নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী রাষ্ট্র
খ পাঁচটি পরমাণু শক্তিধর রাষ্ট্র
গ জাতিসংঘের পাঁচটি সংস্থা
ঘ উপরের কোনোটিই নয়

ব্যাখ্যা *১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ গঠিত হয়। জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি৫ বা P5 বলতে বোঝায় Permanent of 5 Countries of the Security Counc অর্থাৎ নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য দেশ বোঝায়। দেশগুলো হলো : যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, চ ও রাশিয়া।*

**৪৯. প্রথম জাতীয় ভূমি সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?**

ক ২৯-৩১ মার্চ ২০২২
খ ২৯-৩১ মার্চ ২০২৩
গ ১১-১৪ মার্চ ২০২৩
ঘ ২৯-৩১ জানুয়ারি ২০২৩

ব্যাখ্যা *স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমি মন্ত্রণালয়ের ভূমি তুলে ধরা এবং ভূমি সেবা ডিজিটালাইজেশনের ভবি চ্যালেঞ্জগুলো খুঁজে বের করে তা মোকাবিলায় করণ নির্ধারণ করতে ২৯-৩১ মার্চ ২০২৩, প্রথমবারের ম তিন দিনব্যাপী জাতীয় ভূমি সম্মেলনের উদ্বোধন ক প্রধানমন্ত্রী শেখ হাসিনা।*

**৫০. নিচের কোন প্রতিষ্ঠান মাননীয় প্রধানমন্ত্রী হাসিনা 'ভ্যাকসিন হিরো' অ্যাওয়ার্ড প্রদান করে?**

ক গ্লোবাল অ্যালায়েন্স ফর ইম্যুনাইজেশন এন্ড ভ্যাক্সিনেশ
খ গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাক্সিনেশন এন্ড ইম্যুনাইজে
গ গ্লোবাল অ্যালায়েন্স ফর মাদার এন্ড চাইল্ড কেয়ার
ঘ গ্লোবাল অ্যালায়েন্স ফর চাইল্ড এন্ড মাদার কেয়ার

ব্যাখ্যা *বাংলাদেশে শিশুদের টিকাদান কর্মসূচির অন সাফল্যের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ভ্যাকসিন হি সম্মাননায় ভূষিত হয়েছেন। জাতিসংঘ সদর দপ্তরে অ অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রীকে এই পুরস্কার প্রদান ক গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাক্সিনস অ্যান্ড ইমিউনাইজে (জিএভিআই), যা বর্তমানে Gavi, the Vaccine Allian নামে পরিচিত।*

**উত্তর**

| | |
|---|---|
| ৪৭ | খ |
| ৪৮ | ক |
| ৪৯ | খ |
| ৫০ | খ |

CamScanner

# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর সার্ভেয়ার ২০২৩

পরীক্ষার তারিখ : ১০.০৩.২০২৩; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

১. ব্যাসবাক্যসহ সমাস লিখুন :

উত্তর :

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| ক. আপাদমস্তক | পা থেকে মাথা পর্যন্ত | অব্যয়ীভাব সমাস |
| খ. জনৈক | জন যে এক | কর্মধারয় সমাস |
| গ. আশীবিষ | আশীতে (দাঁতে) বিষ যার | বহুব্রীহি সমাস |
| ঘ. চতুষ্পদী | চার পদ আছে যার | বহুব্রীহি সমাস |

২. এককথায় প্রকাশ করুন :

উত্তর :

ক. বেঁচে আছে যা – জীবিত।

খ. অনুকরণ করবার ইচ্ছা – অনুচিকীর্ষা।

গ. অর্থহীন উক্তি – প্রলাপ।

ঘ. শুভক্ষণে জন্ম যার – ক্ষণজন্মা।

৩. বিপরীত শব্দগুলো লিখুন :

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ক. উজান | ভাটি |
| খ. কনিষ্ঠ | জ্যেষ্ঠ |
| গ. কৃত্রিম | স্বাভাবিক |
| ঘ. হাল | সাবেক |

৪. বাগধারাগুলোর অর্থসহ বাক্য লিখুন :

উত্তর :

ক. হ-য-ব-র-ল (এলোমেলো) : পড়ার টেবিলটা হ-য-ব-র-ল হয়ে আছে।

খ. সাক্ষী গোপাল (নিষ্ক্রিয় দর্শক) : ছেলেটি এমন সাক্ষী গোপাল কোনো কাজে পাঠিয়ে শান্তি নেই।

গ. রাবণের চিতা (চিরঅশান্তি) : একমাত্র ছেলের মৃত্যুতে মায়ের বুকে রাবণের চিতা দাউ দাউ করে জ্বলছে।

ঘ. ব্যাঙের সর্দি (অসম্ভব ঘটনা) : জেলেকে দেখাও পানির ভয়, ব্যাঙের আবার সর্দি।

৫. সন্ধিবিচ্ছেদ করুন :

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|
| ক. অরুণোদয় | অরুণ + উদয় |
| খ. প্রত্যহ | প্রতি + অহ |
| গ. ষষ্ঠ | ষষ্ + থ |
| ঘ. মতৈক্য | মত + ঐক্য |

৬. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫ হলে, ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত?

সমাধান : অনুপাতটির রাশিগুলোর যোগফল = ৩ + ৪ + ৫ = ১২

ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = ১৮০°

$\therefore$ ক্ষুদ্রতম কোণের পরিমাণ $= \left(১৮০ \times \frac{৩}{১২}\right)^\circ$

$= ৪৫^\circ$

উত্তর : ৪৫°।

৭. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। ঘরটির ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে, এর পরিসীমা কত?

সমাধান : মনে করি,

আয়তাকার ঘরটির প্রস্থ = x মিটার

$\therefore$ " " দৈর্ঘ্য $= \left(x \text{ এর } ১\frac{১}{২}\right)$ মি. $= \frac{৩x}{২}$ মি.

$\therefore$ আয়তাকার ঘরটির ক্ষেত্রফল $= \left(x \times \frac{৩x}{২}\right)$ মি. $= \frac{৩x^২}{২}$ মি.

প্রশ্নমতে,

$$\frac{৩x^২}{২} = ২১৬$$

বা, $x^২ = \frac{২১৬ \times ২}{৩}$

বা, $x^২ = ১৪৪$

বা, $x = \sqrt{১৪৪}$

$\therefore x = ১২$

$\therefore$ ঘরটির প্রস্থ = ১২ মি.

এবং ঘরটির দৈর্ঘ্য $= \frac{৩ \times ১২}{২}$ মি. = ১৮ মি.

$\therefore$ আয়তাকার ঘরটির পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ) একক

= ২ (১৮ + ১২) মি.

= (২ × ৩০) = ৬০ মি.

উত্তর : ৬০ মি।

৮. $x + \frac{1}{x} = \sqrt{6}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ -এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $x + \frac{1}{x} = \sqrt{6}$

এখন, $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= \left(\sqrt{6}\right)^3 - 3\sqrt{6}$

$= 6\sqrt{6} - 3\sqrt{6}$

$= 3\sqrt{6}$

Ans : $3\sqrt{6}$

CamScanner

৯. একজন ফল বিক্রেতার ৫% ফল পচে গেল এবং আরও ৫% ফল পরিবহনের সময় নষ্ট হল। বাকি ফল শতকরা কত লাভে বিক্রয় করলে মোটের উপর তার ২০% লাভ হবে?

সমাধান : পচে যায় ৫% ফল এবং পরিবহনে নষ্ট হয়ে যায় ৫% ফল।

মোট নষ্ট হয় = (৫ + ৫)% = ১০% ফল।

বাকি থাকে = (১০০ − ১০)% = ৯০% ফল।

ধরি, ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) = ১২০ টাকা

৯০ টাকার ফল বিক্রয় করতে হবে ১২০ টাকায়

∴ ১ " " " " " $\frac{১২০}{৯০}$ "

∴ ১০০ " " " " " $\frac{১২০ \times ১০০}{৯০}$ "

$= \frac{৪০০}{৩}$ টাকা

∴ শতকরা লাভের হার = $\left(\frac{৪০০}{৩} - ১০০\right)$ টাকা

$= \frac{৪০০ - ৩০০}{৩} = \frac{১০০}{৩}$ "

$= ৩৩\frac{১}{৩}$ টাকা

∴ লাভ $৩৩\frac{১}{৩}\%$। **(উত্তর)**

১০. একজন মাঝি স্রোতের অনুকূলে ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত?

সমাধান : মোট সময় = (১ + ৪) = ৫ ঘণ্টা

মোট দূরত্ব = (৫ + ৫) = ১০ মাইল

∴ গড় বেগ $= \frac{১০}{৫} = ২$ মাইল/ঘণ্টা

**উত্তর : ২ মাইল/ঘণ্টা**

১১. Use appropriate articles :

a. He is – MBBS.

b. I am – university student.

c. – sun rises in the East.

d. – Ittefaq is a famous newspaper in Bangladesh.

Ans : a. an, b. a, c. The, d. The.

১২. Correct the following sentences : (See voice/right form verb/article)

Ans :

a. He is known by me.
– He is known to me.

b. It is raining for two hours.
– It has been raining for two hours.

c. I searched for a good doctor before I had met him.
– I had searched for a good doctor before I met him.

d. Buriganga is a beautiful river.
– The Buriganga is a beautiful river.

১৩. Correct the spelling :

Ans :

| Incorrect | Correct |
|---|---|
| Comittee | Committee |
| Milenium | Millennium |
| Sacreaterate | Secretariat |
| Ocupied | Occupied |

১৪. Translate the following sentence into English :

Ans :

a. আমি তাকে একটি বই উপহার দিয়েছিলাম।
– I gifted him a book.

b. মেয়েটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো।
– The girl came to me crying.

c. সে একজন সৎ লোক।
– He is an honest person.

d. আমরা চার ভাই-বোন।
– We are four siblings.

১৫. Change the following sentences as directed :

Ans :

a. He is as good as Karim. (Comparative)
– Karim is not better than him.

b. If you read, you will learn. (Simple)
– By reading, you will learn.

c. Let me do it. (Passive)
– Let it be done by me.

d. He said, "I bought a pen yesterday." (Indirect spe
– He said that he had bought a pen the previous

১৬. সাধারণ জ্ঞান :

ক. 'মানবাধিকার দিবস' কত তারিখে পালিত হয়?
উত্তর : ১০ ডিসেম্বর।

খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজী
প্রথম প্রকাশিত হয় কত সালে?
উত্তর : ২০১২ সালে।

গ. নিচের ধারার শেষ সংখ্যা কত? ৩, ৯, ২৭, ৮১ .....
উত্তর : ২৪৩।

ঘ. বাংলাদেশে জুম চাষ কোথায় হয়?
উত্তর : তিন পার্বত্য জেলায় (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দর

ঙ. ফুটবলের রাজা 'পেলে' কোন দেশের বাসিন্দা?
উত্তর : ব্রাজিল।

চ. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির স্থপতি কে?
উত্তর : নিতুন কুণ্ডু।

ছ. ০.০১ × ০.১ × ০.৯ = ?
উত্তর : ০.০০০৯।

জ. ASEAN-এর সদস্য রাষ্ট্র কয়টি?
উত্তর : ১০টি।

ঝ. দেহের কোন অঙ্গটি জন্ডিসে আক্রান্ত হয়?
উত্তর : লিভার।

ঞ. 'The French' refers to —
উত্তর : The French people.

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর-এর সাঁটলিপিকার/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী/হিসাব সহকারী/সার্টিফিকেট সহকারী ২০২৩

পরীক্ষার তারিখ : ০৫.০৩.২০২৩; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৭০

১. এক-কথায় প্রকাশ করুন : ৫

ক. অশ্বের ডাক— হ্রেষা।
খ. অতি দীর্ঘ নয় যা— নাতিদীর্ঘ।
গ. উপকারীর অপকার করে যে— কৃতঘ্ন।
ঘ. চৈত্র মাসের ফসল— চৈতালি।
ঙ. মন হরণ করে যা— মনোহর।

২. শুদ্ধ বানান লিখুন ৫

উত্তর :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ফেব্রুয়ারী | ফেব্রুয়ারি |
| মুমুর্ষ | মুমূর্ষু |
| যথেষ্ট্য | যথেষ্ট |
| ইতোপূর্বে | ইতঃপূর্বে |
| সদ্যজাত | সদ্যোজাত |

৩. নিচের বাগধারাগুলোর অর্থসহ একটি করে পূর্ণ বাক্য লিখুন : ৫

ক. এলাহি কান্ড (বিরাট আয়োজন)— জব্বার সাহেব একমাত্র ছেলের বিয়েতে এলাহি কান্ড করেছেন।
খ. কলকাঠি নাড়া (গোপনে কু পরামর্শ দেওয়া)— যারা কলকাঠি নাড়ে তারা কখনও মানুষের ভালো করতে পারে না।
গ. মুখে খই ফোটা (অনর্গল কথা বলা)— বাচ্চাটির মুখে সব সময় খই ফোটে, এক বার কথা শুরু করলে থামতেই চায় না।
ঘ. গভীর জলের মাছ (ধূর্ত)— রহমত আলী তো গভীর জলের মাছ, তার মর্ম বোঝা মুশকিল।
ঙ. ঘাম দিয়ে জ্বর ছাড়া (বিপদ কেটে যাওয়া)— ছাত্রটির জেল হওয়ার কথা কিন্তু মহানুভব জজ সাহেব তাকে মুক্তি দেওয়ায় শিক্ষকদের ঘাম দিয়ে জ্বর ছাড়লো।

৪. বিপরীত শব্দ লিখুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| জ্ঞানী | মূর্খ |
| তারুন্য | বার্ধক্য |
| ধারালো | ভোঁতা |
| নিরক্ষর | সাক্ষর |
| ফাঁপা | নিরেট |

৫. দুইটি করে সমার্থক শব্দ লিখুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| বন | অরণ্য, জঙ্গল |
| হাত | হস্ত, কর |
| ঢেউ | ঊর্মি, বীচি |
| পুত্র | ছেলে, তনয় |
| চক্ষু | অক্ষি, আঁখি |

৬. **Write a meaningful sentence with each the following word :**

**Ans :**

a. Below (নিচ)— Write your name clearly below your signature.
b. Sing (গাওয়া)— Let her sing a song.
c. Human (মানুষ)— She killed a human being.
d. Visti (পরিদর্শন করা)— The inspector is coming to visit the college.
e. Remedy (প্রতিকার)— The best remedy for grief is hardwork.

৭. **Fill in the blanks with right form of the verbs :**

a. The audience started — (clap).
b. The book— (write) by him few year.
c. I wish I — (be) a king!
d. Rahim and Reshma — (be) siblings.
e. He took these measures with a view to — (help) people.

**Ans :** (a) clapping; (b) was written; (c) were; (d) are; (e) helping.

৮. **Change the antonym :**

**Ans :**

| Word | Antonym |
|---|---|
| Rich | Poor |
| Dark | Bright |
| Ugly | Beautiful |
| Far | Near |

৯. **Translate into English :**

**Ans :**

a. রহিম আগামীকাল গাজীপুর যাবে।
— Rahim will go to Gazipur tomorrow.
b. রিনা আমার চেয়ে দুই বছরে ছোট।
— Rina is junior to me by two years.
c. সে কি চিঠি লিখতে পারে?
— Can he write letter?
d. সততা সর্বোৎকৃষ্ট পন্থা।
— Honesty is the best policy.
e. ফলটি খেতে মিষ্টি।
— The fruit is sweet to taste.

১০. **Write a short (not more than 15 sentences) paragraph on 'A winter morning'** 5

CamScanner

খ. **SDG এর পূর্ণরূপ লিখুন :**
**উত্তর :** Sustainable Development Goals.

গ. **মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
**উত্তর :** তাজউদ্দিন আহমদ।

ঘ. **পদ্মা সেতু কোন দুটি জেলাকে সংযুক্ত করেছে?**
**উত্তর :** মুন্সিগঞ্জ ও শরীয়তপুর।

ঙ. **পৃথিবীর দীর্ঘতম নদী কোনটি?**
**উত্তর :** নীলনদ।

চ. **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের 'ফোর টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার' কোথায় অবস্থিত?**
**উত্তর :** কালিয়াকৈর, গাজীপুর।

ছ. **'সকল নাগরিক আইনের চোখে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী' সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে রয়েছে?**
**উত্তর :** ২৭ নং অনুচ্ছেদে।

জ. **মুক্তিযুদ্ধের সময় গাজীপুর কোন সেক্টরের অধীনে ছিল?**
**উত্তর :** ৩নং সেক্টর।

ঝ. **'রক্তাক্ত প্রান্তর' নাটকটি কার লেখা?**
**উত্তর :** মুনীর চৌধুরী।

ঞ. **মার্ক জুকারবার্গ ও তার ৩ সহপাঠী কত সালে ফেসবুক প্রতিষ্ঠা করেন?**
**উত্তর :** ২০০৪ সালে।

১৭. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫ × ১ = ৫

ক. **দুইটি প্রচলিত অপারেটিং সিস্টেমের নাম লিখুন।**
**উত্তর :** Windows ও Linux।

খ. **১টি ইনপুট ও ১টি আউটপুট ডিভাইসের নাম লিখুন।**
**উত্তর :** ইনপুট ডিভাইস– মাউস ও আউটপুট ডিভাইস– প্রিন্টার।

গ. **বাংলায় টাইপিং এর জন্য প্রচলিত সফটওয়্যারের নাম লিখুন।**
**উত্তর :** বিজয়।

ঘ. **পূর্ণরূপ লিখুন : WWW, WiFi।**
**উত্তর :** WWW– World Wide Web,
WiFi– Wireless Fidelity.

ঙ. **MS Word এ ফাইল সেইভ ও নতুন ডকুমেন্ট ফাইল তৈরির কমান্ড লিখুন।**
**উত্তর :** ফাইল সেইভ- Ctrl + S ও নতুন ডকুমেন্ট- Ctrl + N।

১৭. **সংক্ষেপে (অনাধিক ২০০ শব্দ) টীকা লিখুন : 'আন্তর্জাতিক মাতৃভাষা ও ৫২'এর ভাষা আন্দোলন'** ১০

**উত্তর :** "Languages connect us and break down barriers when we unite to nurture the best in us and help each other succeed. Happy International Mother Language Day" – Widad Akreyi,

একুশে ফেব্রুয়ারি বাংলাদেশসহ পৃথিবীর সমস্ত বাংলা ভাষা ব্যবহারকারী জনগণের নিকট গৌরবোজ্জ্বল একটি দিন। এটি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা আন্দোলনের মর্মন্তুদ ও গৌরবোজ্জ্বল স্মৃতিবিজড়িত একটি দিন হিসেবে চিহ্নিত হয়ে আছে।

**১৯৫২ সালের ভাষা আন্দোলন :** ভাষা আন্দোলন পৃথিবীর ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা। সমগ্র পাকিস্তানের শতকরা ৫৬ ভাগ জনগণের মাতৃভাষা বাংলা হওয়া সত্ত্বেও সম্পূর্ণ অগণতান্ত্রিক উপায়ে পূর্ব পাকিস্তানে উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দেওয়ার প্রচেষ্টা চালানো হয়। ১৯৪৭ সালের শিক্ষা সম্মেলনে উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব গৃহীত হলে পূর্ব বাংলায় এ প্রস্তাবের বিরুদ্ধে প্রচণ্ড প্রতিবাদ শুরু হয়। ১৯৪৮ সালের জানুয়ারি মাসে এ প্রস্তাবের বিরোধিতা করে ঢাকায় সর্বপ্রথম 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করা হয় এবং কতিপয় দাবিতে শান্তিপূর্ণ আন্দোলনের নীতি গৃহীত হয়।

১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে উর্দু ও ইংরেজির পাশাপাশি বাংলাকে গণপরিষদের ভাষা হিসেবে প্রস্তাব করলে মুসলিম লীগ এর তীব্র বিরোধিতা করে। ফলে ঢাকায় ছাত্র ও বুদ্ধিজীবী মহলে চরম অসন্তোষ দেখা দেয় এবং ২৬ ফেব্রুয়ারি সর্বত্র ধর্মঘট পালিত হয়। এভাবে সংগ্রাম পরিষদ ১৫ মার্চ পর্যন্ত ধর্মঘট ও হরতাল পালনের মধ্য দিয়ে দেশব্যাপী আন্দোলন অব্যাহত রাখে। ১৯৪৮ সালের ২১ মার্চ মুহাম্মদ আলী জিন্নাহ রেসকোর্স ময়দানের জনসভায় এবং কার্জন হলের এক সমাবর্তন অনুষ্ঠানে 'উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা' ঘোষণা দিলে পুনরায় আন্দোলন চাঙ্গা হয়ে ওঠে এবং দেশব্যাপী তীব্র প্রতিবাদ শুরু হয়।

১৯৫০ সালে প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান এবং ১৯৫২ সালের ২৬ জানুয়ারি খাজা নাজিমুদ্দিন পুনরায় একই ঘোষণা দেন যে, 'উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা।' ফলে ছাত্র-বুদ্ধিজীবী মহলে দারুণ ক্ষোভ ও হতাশা সৃষ্টি হয় এবং আন্দোলন তীব্র আকার ধারণ করে। ভাষা আন্দোলনকে আরো তীব্রতর করার লক্ষ্যে ৩০ জানুয়ারি ১৯৫২ এক জনসভায় 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' গঠন করা হয়। এতে ২১ ফেব্রুয়ারিকে ভাষা দিবস হিসেবে পালন ও দেশব্যাপী হরতাল পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। ২১ ফেব্রুয়ারির উক্ত কর্মসূচিকে বানচাল করার জন্য তৎকালীন গভর্নর নূরুল আমিন ঢাকায় ১৪৪ ধারা জারি করেন। কিন্তু সংগ্রাম পরিষদ এ নিষেধাজ্ঞা অমান্য করে মিছিল বের করলে পুলিশের সাথে ছাত্র-জনতার এক মারাত্মক সংঘর্ষ বাধে। এক পর্যায়ে পুলিশ মিছিলের ওপর গুলি চালালে সালাম, বরকত, রফিক, জব্বারসহ অনেকে প্রাণ হারান এবং আহত হন বহুসংখ্যক। এর ফলে সারা বাংলায় আন্দোলন ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। অবশেষে সরকার নতি স্বীকার করতে বাধ্য হয় এবং সাময়িকভাবে প্রাদেশিক মুখ্যমন্ত্রী বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব গ্রহণ করেন। অতঃপর ১৯৫৬ সালের ২৯ ফেব্রুয়ারি পাকিস্তানের সংবিধানে বাংলা অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে মর্যাদা লাভ করে।

বাংলাদেশিদের মাতৃভাষার দাবিতে দুর্বার আন্দোলন ও আত্মত্যাগের বিনিময়ে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে ইউনেস্কো। ১৭ নভেম্বর ১৯৯৯ ফ্রান্সের রাজধানী প্যারিসে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান, ও সংস্কৃতিবিষয়ক সংস্থার (ইউনেস্কো) ৩০তম অধিবেশনে এবং নির্বাহী পরিষদের ১৫৭তম অধিবেশনে এ স্বীকৃতি দেওয়া হয়। ২০০০ সাল থেকে ২১ ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে বিশ্বব্যাপী পালিত হচ্ছে। মাতৃভাষা এবং মাতৃভাষা দিবসের গুরুত্ব সম্পর্কে Frank Smith বলেন, "May our mother languages always be a reminder of our roots and a celebration of our diversity".

CamScanner

# বাংলা একাডেমি-এর অ্যাকউন্ট্যান্ট/স্টেনোটাইপিস্ট/সিনিয়র কম্পোজিটর/ কম্পোজিটর রেকর্ড কিপার/ল্যাব অ্যাসিস্ট্যান্ট/অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট (প্রেস) ২০২৩

পরীক্ষার তারিখ : ১৮.০২.২০২৩; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৮০

১. **এককথায় প্রকাশ করুন :**

**উত্তর :** ক. একই গুরুর শিষ্য— সতীর্থ।
খ. বাঘের চামড়া— কৃত্তি।
গ. যার দাড়ি গোঁফ ওঠেনি— অজাতশ্মশ্রু।
ঘ. যিনি প্রথম পথ দেখান— পথিকৃৎ।
ঙ. যা দেখা যায় না— অদৃশ্য।

২. **অর্থসহ বাক্য রচনা করুন :**

**উত্তর :**
ক. অর্ধচন্দ্র (গলাধাক্কা দিয়ে তাড়িয়ে দেওয়া)— জমিদারের পেয়াদা এসে লোকটিকে অর্ধচন্দ্র দিয়ে বিদায় করল।
খ. জিলাপির প্যাঁচ (কূটিলতা)— ভালো মানুষ মনে হলেও তার ভেতরে রয়েছে জিলাপির প্যাঁচ।
গ. গড্ডলিকা প্রবাহ (অন্ধ অনুকরণ)— গড্ডলিকা প্রবাহে ভেসে চললে জীবনে উন্নতির কোনো আশা নেই।
ঘ. পটল তোলা (মারা যাওয়া)— বুড়ো যেকোনোদিন পটল তুলতে পারে।
ঙ. অমাবস্যার চাঁদ (যাকে কদাচিৎ দেখা যায়)— তুমি তো আজকাল অমাবস্যার চাঁদ হয়ে উঠেছ, তোমার দেখা পাওয়াই ভার।

৩. **বিপরীত শব্দ লিখুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| অনুজ | অগ্রজ |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ/কৃতঘ্ন |
| নিশি | দিবা |
| অগ্র | পশ্চাৎ |
| উজান | ভাটি |

৪. **'মায়ের ভাষা' সম্পর্কে পাঁচ বাক্যে একটি অনুচ্ছেদ লিখুন :**

**উত্তর :** মায়ের মুখে পাওয়া ভাষা যা শিশু শিখে থাকে তাই মাতৃভাষা। আমাদের মাতৃভাষা বাংলা। বাংলা আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি ভাষা। এই মাতৃভাষার জন্য আমাদের দীর্ঘ সংগ্রাম করতে হয়েছে। প্রত্যেক নাগরিকের উচিত তার মাতৃভাষাকে সম্মান করা।

৫. **Fill in the blanks :**

a. Honesty is — best policy.
b. She is junior — me.
c. He is — one-eyed man.
d. It has been raining — Monday.
e. The man died — accident.

**Ans :** (a) the; (b) to; (c) a; (d) since; (d) by.

৬. **Make sentence with the following words :**

**Ans :** Good— She is a good singer.
We— We live in a society.
Country— Bangladesh is a beautiful country.
Work— Work hard or you will fail.
Leader— Bangabandhu was a charismatic leader.

৭. **Translate into English :**

a. **আমি তাকে চিনি না।**
— I do not know him.
b. **সে আমার বড় ভাই।**
— He is my elder brother.
c. **সে বই পড়ছে।**
— He is reading a book.
d. **আমি আমার দেশকে ভালোবাসি।**
— I love my country.
e. **বৃষ্টি পড়ছে।**
— It is raining.

৮. **Write five sentences on 'My country'**

**Ans :** My country's name is Bangladesh. I situated in eastern South Asia and is bordered the Bay of Bengal in the South, India and Myanm to the east and just India to the west. Its gene area is 1,47,570 square kilometers, includ waterway. It achieved independence afte struggle liberation fight. Approximately th million men and women gave their lives for cause of independence.

৯. **২১ ফেব্রুয়ারিকে কোন সংস্থা কখন আন্তর্জাতিক মাতৃ দিবস হিসেবে ঘোষণা করে?**

**উত্তর :** ইউনেস্কো, ১৯৯৯ সালের ১৭ নভেম্বর।

১০. **আয়তনের দিক থেকে বাংলাদেশের সবচেয়ে বড় ও জেলার নাম লিখুন।**

**উত্তর :** আয়তনে বাংলাদেশের বৃহত্তম ও ক্ষুদ্রতম যথাক্রমে— রাঙামাটি ও নারায়ণগঞ্জ।

১১. **বিপিএল ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩ এ কোন টিম রানার্স আপ হয়ে**

**উত্তর :** সিলেট স্টাইকার্স। উল্লেখ্য, ২০২৪ সালে বিপি আসরে চ্যাম্পিয়ন ও রানার্সআপ হয় যথাক্রমে ফরচুন বরিশাল কুমিল্লা ভিক্টোরিয়ান্স।

CamScanner

১২. ২০২৬ সালে বিশ্বকাপ ফুটবল কোন কোন দেশে অনুষ্ঠিত হবে?
উত্তর : যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো।

১৩. সম্প্রতি ভূমিকম্পে কোন কোন দেশ বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে?
উত্তর : তুরস্ক (সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত) ও সিরিয়া।

১৪. পূর্ণরূপ লিখুন :
উত্তর : IMF = International Monetary Fund.
ILO = International Labour Organization.

১৫. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটির গীতিকার ও সুরকার এর নাম লিখুন।
উত্তর : গীতিকার : আবদুল গাফফার চৌধুরী।
সুরকার : আলতাফ মাহমুদ। উল্লেখ্য গানটির প্রথম সুরকার ছিলেন আব্দুল লতিফ।

১৬. আমাদের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

১৭. ২৬ এ মার্চ ও ১৪ ডিসেম্বর কোন দিবস হিসেবে অভিহিত করা হয়?
উত্তর : ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস এবং ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস।

১৮. লেবু ও গাজরে কোন কোন ভিটামিন পাওয়া যায়?
উত্তর : লেবুতে ভিটামিন সি ও গাজরে ভিটামিন এ পাওয়া যায়।

১৯. একজন পাইকারি বিক্রেতা ২০% লাভে খুচরা বিক্রেতার কাছে পণ্য বিক্রয় করেন এবং খুচরা বিক্রেতা ১০% লাভে গ্রাহকের কাছে বিক্রয় করেন। যদি একজন গ্রাহক খুচরা বিক্রেতার ৬৬০ টাকায় পণ্য ক্রয় করেন, তাহলে পাইকারি বিক্রেতা কত টাকায় ঐ পণ্য ক্রয় করেছেন?
সমাধান : ধরি, পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য x টাকা
প্রশ্নমতে, x এর ১২০% এর ১১০% = ৬৬০ টাকা

বা, $x \times \frac{১২০}{১০০} \times \frac{১১০}{১০০} = ৬৬০$

বা, $x = ৬৬০ \times \frac{১০০}{১২০} \times \frac{১০০}{১১০} = ৬৬০$

$\therefore x = ৫০০$

∴ পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য ৫০০ টাকা (উত্তর)

২০. মারুফ সাহেব অতিক্রান্ত মোট পথের $\frac{১}{২}$ অংশ মেট্রোরেলে, $\frac{২}{৫}$ অংশ বাসে এবং বাকি অংশ হেঁটে গেলেন। তিনি হেঁটে দেড় কিলোমিটার দূরত্ব অতিক্রম করেছেন। মারুফ সাহেবের অতিক্রান্ত মোট পথের দূরত্ব নির্ণয় করুন।
সমাধান : মনে করি,
মোট পথের দূরত্ব = ১ অংশ

∴ তিনি হেঁটে গেলেন $= ১ - \left(\frac{১}{২} + \frac{২}{৫}\right)$ অংশ

$= \left(১ - \frac{৫+৪}{১০}\right)$ অংশ

$= \left(১ - \frac{৯}{১০}\right)$ অংশ

$= \frac{১}{১০}$ অংশ

শর্তমতে, $\frac{১}{১০}$ অংশ = ১.৫ কিমি

∴ ১ বা সম্পূর্ণ " = (১.৫ × ১০) কিমি
= ১৫ কিমি

∴ মোট পথের দূরত্ব = ১৫ কিমি (উত্তর)

২১. একটি আয়তাকার বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৩ মিটার বেশি। বাগানটির পরিসীমা ৩৮ মিটার। বাগানের ক্ষেত্রফল কত?
সমাধান : ধরি,
আয়তাকার বাগানের প্রস্থ = ক মিটার
∴ আয়তাকার বাগানের দৈর্ঘ্য = (ক + ৩) মিটার
আমরা জানি,
আয়তাকার বাগানের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
প্রশ্নমতে,
২ (দৈর্ঘ্য + প্রস্থ) = ৩৮
বা, ২ (ক + ক + ৩) = ৩৮
বা, ২ (২ক + ৩) = ৩৮
বা, ৪ক + ৬ = ৩৮
বা, ৪ক = ৩৮ − ৬
বা, ৪ক = ৩২
∴ ক = ৮

∴ আয়তাকার বাগানের প্রস্থ = ৮ মিটার
এবং দৈর্ঘ্য = (৮ + ৩) মিটার
= ১১ মিটার

∴ আয়তাকার বাগানের ক্ষেত্রফল = (১১ × ৮) বর্গমিটার
= ৮৮ বর্গমিটার (উত্তর)

২২. উৎপাদকে বিশ্লেষণ করুণ : $x^2 - 7x - 60$
সমাধান : $x^2 - 7x - 60$
$= x^2 - 12x + 5x - 60$
$= x(x - 12) + 5(x - 12)$
$= (x - 12)(x + 5)$ (Ans)

CamScanner

# চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, গাজীপুর-এর বেঞ্চ সহকারী ২০২

পরীক্ষার তারিখ : ২৫.১১.২০২২; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৫০

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ১০

ক. রণসংগীতটি কী শিরোনামে সর্ব প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

উত্তর : রণসংগীতটি 'নতুনের গান' শিরোনামে সর্বপ্রথম 'শিখা' পত্রিকায় প্রকাশিত হয়।

খ. কত সালে কলকাতা বিশ্ববিদ্যালয় রবীন্দ্রনাথ ঠাকুরকে ডিলিট উপাধি প্রদান করে?

উত্তর : ১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় রবীন্দ্রনাথ ঠাকুরকে ডিলিট উপাধি প্রদান করে।

গ. আর্জেন্টিনার কোন নারী কবিকে রবীন্দ্রনাথ ঠাকুর 'বিজয়া' নাম দেন?

উত্তর : আর্জেন্টিনার নারী কবি ভিক্টোরিয়া ওকাম্পোকে রবীন্দ্রনাথ ঠাকুর বিজয়া নাম দেন।

ঘ. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটি কে, কত সালে রচনা করেন?

উত্তর : 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটি ১৯৫৫ সালে আবু ইসহাক রচনা করেন।

ঙ. "সতত হে নদ তুমি পড় মোর মনে" —এ পঙ্‌ক্তিতে 'হে নদ' বলে কবি কোন নদকে সম্বোধন করেছেন?

উত্তর : "সতত হে নদ তুমি পড় মোর মনে" – এ পঙ্‌ক্তিতে 'হে নদ' বলে কবি কপোতাক্ষ নদকে সম্বোধন করেছেন।

২. একটি বানর একটি তৈলাক্ত বাঁশ বেয়ে উঠতে লাগল। বানরটি যদি ১ মিনিটে ৪ মিটার ওঠে এবং পরবর্তী ১ মিনিটে ১ মিটার নেমে পড়ে তবে ১৬ মিটার উচু বাঁশের মাথায় উঠতে কত সময় লাগবে? ১০

সমাধান : বানরটি যেহেতু বাঁশের শেষ মাথার ওপরে উঠে বসবে তখন আর নামবে না।

সুতরাং (১৬ – ৪) বা ১২ মিটারের মধ্যে বানরটি ওঠা-নামা করবে। বানরটি প্রতি ২ মিনিটে প্রকৃতপক্ষে ওঠে = (৪ – ১) = ৩ মিটার

৩ মিটার উঠতে সময় লাগে = ২ মিনিট

∴ ১ " " " " = $\frac{২}{৩}$ "

∴ ১২ " " " " = $\frac{২ \times ১২}{৩}$ "

= ৮ মিনিট

আবার, শেষ ৪ মিটার উঠতে সময় লাগে ১ মিনিট

∴ মোট সময় লাগে = (৮ + ১) মিনিট

= ৯ মিনিট। (উত্তর)

৩. কোনো টাকা ৬% হার সুদে ৫ বছরে সুদে-আসলে ১৩০০ টাকা হয়। কত বছরে ঐ টাকা সুদ-আসলে ১৩৯০ টাকা হবে?

সমাধান : এখানে,

সুদের হার = ৬%

সময় = ৫ বছর

সুদ-আসল = ১৩০০ টাকা

আসল = ?

আমরা জানি, আসল = $\frac{১০০ \times \text{সুদ–আসল}}{১০০ + (\text{সময় } \times \text{হার})}$ টাকা

= $\frac{১০০ \times ১৩০০}{১০০ + (৫ \times ৬)}$ টাকা

= $\frac{১০০ \times ১৩০০}{১৩০}$ টাকা

∴ আসল = ১০০০ টাকা

∴ সুদ = ১৩৯০ – ১০০০ = ৩৯০ টাকা

সুদের হার = ৬%

সময় = ?

আমরা জানি, সময় = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সুদের হার}}$

= $\frac{১০০ \times ৩৯০}{১০০০ \times ৬}$

= $\frac{১৩}{২}$

= ৬$\frac{১}{২}$ বছর। (উত্তর)

৪. Write a Paragraph on "A Book Fair"

Ans : **A Book Fair**

A book fair is an event where poeple come to
to celebrate literature and promote the l
reading. Book fairs are held all over the worl
they offer an opportunity for book lovers to e
a wide range of books, authors and publishers
book fair, visitors can browse through va
genres, including fiction, non-fiction, child
books, academic texts and more. There are
author talks and book signings, where visitor
meet their favorite authors and learn more a
their writing process. Book fair also provi

CamScanner

platform for publishers to showcase their latest titles and connect with potential readers. In addition to books, many book fairs feature cultural events, such as music performances, theater and art exhibits. The atmosphere of a book fair is typically lively and festive, with a diverse group of people coming together to celebrate the power of literature. Overall, book fairs are a wonderful opportunity for people to connect with others who share their love of reading, discover new books and authors and celebrate the beauty of language and storytelling.

২. **প্রশ্নগুলোর উত্তর লিখুন :** ১০

ক. **সংবিধানের কত নং অনুচ্ছেদে ন্যায়পালের বিধান রয়েছে?**
**উত্তর :** সংবিধানের ৭৭নং অনুচ্ছেদে ন্যায়পালের বিধান রয়েছে।

খ. **বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতির নাম কী?**
**উত্তর :** বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী।

গ. **'সালাম সালাম হাজার সালাম' —গানটির গীতিকার কে?**
**উত্তর :** ফজল-এ-খোদা।

ঘ. **বাংলাদেশের মানুষের মৌলিক অধিকার কতটি?**
**উত্তর :** বাংলাদেশের মানুষের মৌলিক অধিকার ১৮টি।

ঙ. **বাংলাদেশ কত সালে বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্যপদ লাভ করে?**
**উত্তর :** ১ জানুয়ারি ১৯৯৫ বাংলাদেশ বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্যপদ লাভ করে।

চ. **ম্যাগনাকার্টা চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?**
**উত্তর :** ম্যাগনাকার্টা চুক্তি স্বাক্ষরিত হয় ১২১৫ সালে।

ছ. **'Long Walk to Freedom' বইটির রচয়িতা কে?**
**উত্তর :** 'Long Walk to Freedom' বইটির রচয়িতা নেলসন ম্যান্ডেলা।

জ. **'ফ্লোর ক্রসিং' কী?**
**উত্তর :** সংসদীয় ব্যবস্থায় ফ্লোর ক্রসিং করার অর্থ হলো একটি রাজনৈতিক দলের ব্যানারে নির্বাচিত হয়ে মতদ্বৈততার কারণে সে দল ছেড়ে অন্য রাজনৈতিক দলে যোগ দেওয়া।

ঝ. **জাতীয় মানবাধিকার কমিশন কত সালে প্রতিষ্ঠিত হয়?**
**উত্তর :** জাতীয় মানবাধিকার কমিশন ২০০৮ সালে প্রতিষ্ঠিত হয়।

ঞ. **"সাবাস বাংলাদেশ" ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**
**উত্তর :** "সাবাস বাংলাদেশ" ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

CamScanner

# বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর সার্ভেয়ার/পরীক্ষাগার সহকারী/ভূপদার্থিক সহকারী/ হিসাব ... ট্রান্সপোর্ট সুপারভাইজার/অভ্যর্থনাকারী তথ্য-টেলিফোন অপারেটর/এসিসটেন্ট লাইব্রেরীয়ান ...

পরীক্ষার তারিখ : ২৫.১১.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

১. 'আমাদের সাংস্কৃতিক উৎসব' এর উপর ১০টি বাক্য লিখুন।

জ. বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতির নাম কী?
উত্তর : ওবায়দুল হাসান (২৪তম)।

ঝ. খোয়াই নদীর উৎপত্তিস্থল কোথায়?
উত্তর : ত্রিপুরায়, আঠারমুড়া পাহাড়ে।

ঞ. WiFi-এর পূর্ণরূপ কী?
উত্তর : WiFi-এর পূর্ণরূপ হলো Wireless Fidelity।

ট. ইউক্রেন এর রাজধানীর নাম কী?
উত্তর : কিয়েভ।

ঠ. বিশ্বকাপ ফুটবলে সর্বোচ্চবার চ্যাম্পিয়ন হয়েছে কোন দেশ এবং কতবার?
উত্তর : ব্রাজিল, (৫ বার)।

ড. মালদ্বীপ কোন মহাসাগরে অবস্থিত?
উত্তর : ভারত মহাসাগর।

ঢ. 'বিষাদ সিন্ধু' এর রচয়িতা কে?
উত্তর : মীর মশাররফ হোসেন।

ণ. বাংলাদেশের সংবিধানিক নাম কী?
উত্তর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

CamScanner

## জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/নাজির কাম ক্যাশিয়ার/সার্টিফি পেশকার/সার্টিফিকেট সহকারী/ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী/মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী ২০২

পরীক্ষার তারিখ : ১৩.০৫.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

**০১. সংক্ষেপে উত্তর লিখুন :**

**ক. মুসলিম নারী জাগরণের অগ্রদূত কে?**

**উত্তর :** বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।

**খ. শাহনামা এর লেখক কে?**

**উত্তর :** কবি ফেরদৌসী।

**গ. 'ঞ্ছ' যুক্ত বর্ণে কী কী বর্ণ আছে?**

**উত্তর :** ঞ + ছ।

**ঘ. 'পরিচ্ছেদ' এর সন্ধিবিচ্ছেদ করুন।**

**উত্তর :** পরি + ছেদ।

**ঙ. 'একাদশে বৃহস্পতি' এর অর্থ কী?**

**উত্তর :** সৌভাগ্যের বিষয়।

**চ. 'অপলাপ' শব্দের অর্থ কী?**

**উত্তর :** অস্বীকার।

**ছ. 'বীর' শব্দের বিপরীত লিঙ্গ কী?**

**উত্তর :** বীরাঙ্গনা।

**জ. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?**

**উত্তর :** চর্যাপদ।

**ঝ. যে ভূমিতে ফসল জন্মায় না তাকে কী বলে?**

**উত্তর :** উষর।

**ঞ. বাংলা ভাষার শব্দগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?**

**উত্তর :** উৎস অনুসারে ৫ ভাগে। গঠন অনুসারে ২ ভাগে এবং অর্থ অনুসারে ৩ ভাগে।

**০২. ভাবসম্প্রসারণ করুন : আমাদের দেশে হবে সেই ছেলে কবে, কথায় না বড় হয়ে কাজে বড় হবে।**

**ভাবসম্প্রসারণ :** বড় বড় কথা চমক সৃষ্টি করতে পারে, আশ্বাস সঞ্চার করতে পারে, কিন্তু শেষ অবধি তার অসারত্ব মানুষকে বিপদগ্রস্ত করে। বড় বড় কথার অধিকারী মানুষ শেষাবধি ময়ূরপুচ্ছধারী কাকের মতো মানুষের বিরক্তি উৎপাদন করে। আর তার বাক্য-জৌলুসে বিভ্রান্ত হয়ে অগণিত মানুষ বিপর্যয়ের মুখোমুখি হয়।

এ পৃথিবীতে এক শ্রেণীর মানুষ আছে যারা কথা কম বলে, কাজে দেখিয়ে দেয়। তারা মাঠে মাঠে বীজ বোনে, টানে দাঁড়, কাজ করে নগরে-প্রান্তরে। এরা আছে 'যুগ যুগান্তর হতে মানুষের নিত্য প্রয়োজনে জীবনে মরণে।' জীবনের সর্বক্ষেত্রে; যথা- শি সাহিত্যে, সংস্কৃতিতে, চিকিৎসায়, কলকারখানায়, রাষ্ট্রশ এরা কাজ করে। এদের ওপরই ভর করে গড়ে উঠেছে আম সভ্যতা। তারা কাজের মধ্যেই মানুষকে সেবা করার উদযাপন করে। তাই আমৃত্যু অকুণ্ঠ শ্রমদান করে চ পক্ষান্তরে আর এক শ্রেণীর বাকসর্বস্ব মানুষ এ পৃথিবীতে রয়ে তারা মুখে যেসব কথা বলে তা নিজেরা পালন করে না, তারা বিমুখ। পরের শ্রমের ওপর নির্ভরশীল পরজীবী এই ধর মানুষেরা বড় বড় কথা বলে সাময়িক মোহজাল বিস্তার ক একদিন তাদের সেই চালাকি ধরা পড়ে। মানুষ তখন তাদের ভরে প্রত্যাখ্যান করে। মানুষ চায় কাজের মানুষকে।

**০২. প্রবন্ধ লিখুন : পরিবেশ দূষণ**

**উত্তর :** সভ্যতার ক্রমবিবর্তনের মধ্য দিয়ে মানুষ প্রকৃতিকে করে গড়ে তুলেছে নিজের পরিবেশ। বিজ্ঞান ও প্রযু কল্যাণে মানুষ পেয়েছে আরো সুখ-স্বাচ্ছন্দ্য। কিন্তু আবি জিনিসের অপব্যবহার ও জনসংখ্যা বৃদ্ধির ফলে পরিবেশে হয়েছে দূষণ। মানুষই তার জল-মাটি-বায়ুকে করে তুে দূষিত। পরিবেশ দূষণ মূলত দুটি কারণে হয়ে থাকে। এ হলো প্রকৃতিগত কারণ; যেমন : ঝড়-বন্যা, জলোচ্ছ অগ্ন্যুৎপাত, ভূমিকম্প। আর দ্বিতীয়টি হলো মনুষ্যগত কৃত্রিম, যেমন : পানি দূষণ, বায়ুদূষণ, শব্দদূষণ, তেজ দূষণ। কীটনাশক, গুঁড়ো সাবান, ওষুধপত্র ও প্রসাধন সাম প্লাস্টিকের ব্যবহারের ফলেও পরিবেশ দূষণ হয়ে থাকে প্রাকৃতিকভাবে সিসা, পারদ, সালফার ডাই-অক্সাইড, কার ডান-অক্সাইড, কার্বন মনোক্সাইড ইত্যাদির ফলেও দূষণ ঘ থাকে। এতসব দূষণের ভয়াবহ পরিণতি নিয়ে বিশ্ব মানুষ আ শঙ্কিত। কেননা মানব সভ্যতার অস্তিত্বই আজ হুমকি সম্মুখীন। পরিবেশ সংরক্ষণে তাই বিশ্বের সচেতন মানুষ জে উঠেছে। গ্রিন হাউস গ্যাসের পরিমাণ কীভাবে কমানো যা জলবায়ু মোকাবিলায় করণীয় কী, বন্যপ্রাণী ও বনজ সম্প রক্ষা, পানিদূষণ, বায়ুদূষণরোধে মানুষ গ্রহণ করছে নানামুখী পরিকল্পনা। বিশ্বের পরিবেশবাদীদের ঐকান্তিক প্রচেষ্টায় সাধারণ মানুষ আজ সচেতন হয়ে পড়েছে পরিবেশ সম্পর্কে বিভিন্ন দেশের মতো বাংলাদেশের সংবিধানেও যুক্ত হয়েছে পরিবেশ সংরক্ষণ আইন। তবে জনসংখ্যা রোধ করা ও সর্বস্তরের মানুষকে পরিবেশ সম্পর্কে সচেতন করা ব্যতীত পরিবেশে দূষণ রোধ করা সম্ভব নয়।

CamScanner

**০৪. Translate into English :**

রহিম দুই ঘণ্টা যাবৎ একটি গল্পের বই পড়ছে। বইটি বাংলাদেশের একজন বিখ্যাত লেখক লিখেছেন। বইটিতে মুক্তিযুদ্ধ বিষয়ক গল্পগুলো রহিমের খুব ভালো লেগেছে। বীর মুক্তিযোদ্ধাগণ আমাদের মাতৃভূমির জন্য জীবন উৎসর্গ করেছেন। তাঁদের এই মহৎ অবদান এদেশের মানুষ চিরকাল শ্রদ্ধাভরে স্মরণ করবে।

**Ans :** Rahim has been reading a story book for two hours. The book is written by a famous author of Bangladesh. Rahim liked the stories about the liberation war in the book very much. Heroic freedom fighters sacrificed their lives for our motherland. The people of this country will forever remember their great contribution with reverence.

**০৫. Transform the following sentences :**

a. **He plays football. (Affirmative to Imperative )**
**Ans :** Let him play football.

b. **He speaks the truth (Assertive to Interrogative)**
**Ans :** Does he speak the truth?

c. **What a fool he is! (Exclamatory to Assertive)**
**Ans :** He is a great fool.

d. **Every mother loves her child. (Affirmative to Negative)**
**Ans :** There is no mother but loves her child.

e. **Wasn't I sincere to my duties? (Interrogative to Assertive)**
**Ans :** I was sincere to my duties.

**০৬. Write the past participle form of the following verbs :**

a. fly = flown; b. cost = cost; c. begin = begun; d. sell = sold; e. win = won.

**০৭. Write an application to the Deputy Commissioner for relief for the flood affected people in your area.**

Date : 26.04.2024
Deputy Commissioner
Sylhet
**Subject :** Prayer for relief for the flood affected people.
Dear sir,

I, on behalf of the people of Shahgoli village under the upazila of Zakiganj beg most respectfully to state that recently our village has been seriously affected by a devastating flood. It has caused a great havoc. It has rendered many people homeless and helpless and washed away their properties and household articles. Many people are suffering from want of food, cloth, drinking water and medicine etc. They need immediate help from the government.

May I therefore pray and hope that you would be kind enough to grant my prayer for relief for the flood affected people of our village.

Yours faithfully
'M'
On behalf of the people of Shahgoli village
Zakiganj, Sylhet

**০৮.** $x=\sqrt{4}+\sqrt{3}$ **হলে,** $x^3+\frac{1}{x^3}$ **কত?**

**সমাধান :** দেওয়া আছে,

$x=\sqrt{4}+\sqrt{3}$

$\Rightarrow \frac{1}{x}=\frac{1}{\sqrt{4}+\sqrt{3}}$

$=\frac{\sqrt{4}-\sqrt{3}}{\left(\sqrt{4}+\sqrt{3}\right)\left(\sqrt{4}-\sqrt{3}\right)}$

$=\frac{\sqrt{4}-\sqrt{3}}{\left(\sqrt{4}\right)^2-\left(\sqrt{3}\right)^2}$

$=\frac{\left(\sqrt{4}-\sqrt{3}\right)}{4-3}$

$=\sqrt{4}-\sqrt{3}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{4}+\sqrt{3}+\sqrt{4}-\sqrt{3}=2\sqrt{4}=2\times2=4$

$\therefore x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=4^3-3\times4$

$=64-12$

$=52$ (Ans)

**০৯. একটি ঘড়ি ৬২৫ টাকায় বিক্রয় করায় ১০% লাভ হলো। ঘড়িটির ক্রয়মূল্য কত?**

**সমাধান :** মনে করি,
ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা
= ৯০ টাকা
বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ " ১ " " " $\frac{১০০}{৯০}$ "
∴ " ৬২৫ " " " $\frac{১০০\times৬২৫}{৯০}$
= ৬৯৪.৪৪
∴ ঘড়িটির ক্রমূল্য ৬৯৪.৪৪ টাকা। **(উত্তর)**

CamScanner

# জেলা জজ আদালত, সিরাজগঞ্জ-এর নাজির ২০২২

পরীক্ষার তারিখ : ২২.০৪.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ৭০

০১. **রচনা লিখুন (বাংলা) : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, কর্ম ও বাংলাদেশের স্বাধীনতা।**

**উত্তর :** হাজার বছরের ইতিহাসে বাঙালির শ্রেষ্ঠ অর্জন বাংলাদেশের স্বাধীনতা। আর এ স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের সঙ্গে যার নাম চিরস্মরণীয় হয়ে আছে, তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। দীর্ঘ সংগ্রাম, সাধনা ও তার ক্যারিশম্যাটিক নেতৃত্বের গুণাবলির মধ্য দিয়ে তিনি ইতিহাসের বরপুত্র হিসেবে মর্যাদা লাভ করেছেন।

**জন্ম :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধুর স্বকীয় নেতৃত্বের আভাস তার কিশোর বয়সেই ফুটে উঠেছিল। তিনি ১৯৪২ সালের ৬ মার্চ পাকিস্তান আন্দোলনের সাথে সক্রিয়ভাবে যুক্ত হয়ে পড়েন। এর মাধ্যমেই রাজনীতিতে তার হাতেখড়ি। পরবর্তীতে আর পিছন ফিরে তাকাতে হয়নি এ মহান রাজনৈতিক ব্যক্তিত্বকে। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা যুদ্ধ পর্যন্ত প্রতিটি সংগ্রামে বঙ্গবন্ধুর অবদান অনস্বীকার্য। তার হাত ধরেই পৃথিবীর বুকে জন্ম নেয় স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্র।

**শিক্ষাজীবন ও ছাত্রনেতা মুজিব :** সাত বছর বয়সে বঙ্গবন্ধুর ছাত্রজীবন শুরু হয় গোপালগঞ্জের গিমাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে। অতঃপর গোপালগঞ্জ মিশন হাই স্কুল থেকে ১৯৪২ সালে ম্যাট্রিক পাশ করেন। একবার অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী শেরেবাংলা একে ফজলুল হক এবং মন্ত্রী হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী গোপালগঞ্জ মিশনারি স্কুল পরিদর্শনে আসেন। কিন্তু কেউ-ই স্কুল ও শিক্ষার্থীদের সমস্যার কথা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরলেন না। ছাত্রদের পক্ষ থেকে কিশোর মুজিব স্কুলের দাবি-দাওয়া অর্থাৎ সমস্যার কথা তাদের সামনে তুলে ধরেন। ছোটবেলা থেকেই মুজিব ছিলেন সুস্পষ্ট প্রতিবাদী ব্যক্তিত্বের অধিকারী। ১৯৪৭-এ দেশ বিভাগের পর তিনি আইন পড়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। ঢাকা বিশ্ববিদ্যালয়েও তিনি অন্যায়-অবিচারের বিরুদ্ধে সবার সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন। ছাত্রছাত্রীদের অধিকার আন্দোলন থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের দাবি আদায়ের আন্দোলনেও তিনি সবসময় সক্রিয় ছিলেন। ১৯৪৮ সালে গঠিত পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগের তিনি ছিলেন অন্যতম প্রতিষ্ঠাতা।

**ছয়-দফা দাবি উত্থাপন ও জাতীয় নেতায় উপনীত :** ১৯৬৬ সালে তিনি পেশ করেন বাঙালি জাতির ঐতিহাসিক মুক্তির সনদ ছয়-দফা। এ সনদ পাকিস্তানি শাসকগোষ্ঠী ভালোভাবে নেয়নি। কিন্তু শেখ মুজিবুর রহমান পাকিস্তানি শাসকগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে জাতি-ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকলকে নিয়ে ছয়-দফার পক্ষে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলেন, যা তাকে জাতীয় নেতার আসনে প্রতিষ্ঠিত করে।

**উনসত্তরের গণঅভ্যুত্থান ও বঙ্গবন্ধু উপাধি :** ১৯৬৯ সালের ৩০ জানুয়ারি উদ্ভূত পরিস্থিতি ঠেকাতে আলোচনার জন্য শেখ মুজিবুর রহমানকে প্যারোলে মুক্তির প্রস্তাব দেয় পাকিস্তানি জান্তা সরকার। কিন্তু তিনি সে প্রস্তাব ঘৃণাভরে প্রত্যাখান করেন। ১৫ ফেব্রুয়ারি ঢাকা ক্যান্টনমেন্টের অভ্যন্তরে মামলার অন্যতম আসামি সার্জেন্ট জহুরুল হককে নির্মমভাবে হত্যা করা হলে বিক্ষুব্ধ জনতা বাঁধভাঙ্গা জোয়ারের মতো রাস্তায় নেমে আসে। ২২ ফেব্রুয়ারি জনগণের অব্যাহত চাপের মুখে কেন্দ্রীয় সরকার 'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য' শিরোনামে মামলা প্রত্যাহার করে শেখ মুজিবুর রহমানসহ অন্য আসামিদের মুক্তি দিতে বাধ্য হয়। ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক আয়োজিত রেসকোর্স ময়দানে লক্ষ মানুষের এক নাগরিক সংবর্ধনায় তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমদ তাকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

**বঙ্গবন্ধু কর্তৃক বাংলাদেশ-এর নামকরণ :** ৫ ডিসেম্বর ১৯৬৯ হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত জনসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব বাংলার নামকরণ করেন 'বাংলাদেশ'।

**জাতির জনক ঘোষণা :** ৩ মার্চ ১৯৭১ সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের ঢাকার পল্টন ময়দানে জনসভায় ছাত্রলীগের তৎকালীন সাধারণ সম্পাদক শাজাহান সিরাজ স্বাধীনতার ইশতেহার পাঠ করেন। এ ইশতেহারে বঙ্গবন্ধুর অসাধারণ নেতৃত্বের স্বীকৃতিস্বরূপ স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের 'জাতির জনক' হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম ঘোষণা করা হয়।

**৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ও মুক্তির সুস্পষ্ট নির্দেশনা :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন অত্যন্ত দূরদর্শী। তিনি মওলানা ভাসানীর কথায় স্বাধীনতার ঘোষণা না দিয়ে অত্যন্ত ধীরে, পরিবেশ-পরিস্থিতি উপলব্ধি করে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন। যা তার দূরদর্শিতার পরিচয় বহন করে। ১৯৭১ সালের ৩ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর আহ্বানে সারাবাংলায় সর্বাত্মক অসহযোগ আন্দোলন পরিচালিত হয়। এর মধ্যে ৭ মার্চ ১৯৭১ তৎকালীন ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহ্‌রাওয়ার্দী উদ্যান) প্রায় দশ লক্ষ লোকের উপস্থিতিতে বঙ্গবন্ধু এক ঐতিহাসিক ভাষণ দেন। ঐতিহাসিক ঐ ভাষণে তিনি বাঙালির মুক্তি না হওয়া পর্যন্ত স্বাধীনতা সংগ্রামের আহ্বান জানান।

CamScanner

# জেলা প্রশাসক (চট্টগ্রাম) কার্যালয়-এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ নাজির কাম ক্যাশিয়ার/মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী/ সার্টিফিকেট পেশকার/ সার্টিফিকেট সহকারী/ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী ২০২২

পরীক্ষার তারিখ : ১৮.০৩.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

**০১. বাগ্‌ধারাগুলোর অর্থ লিখুন :**

**উত্তর :** ইতর বিশেষ — পার্থক্য।
গোলক ধাঁধা — জটিল সমস্যা।
ধর্মের ষাড় — যথেচ্ছাচারী।
উলুখাগড়া — গুরুত্বহীন লোক।
ঝাঁকের কই — একই দলভুক্ত।

**০২. গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন :**

**উত্তর :**

| গ্রন্থের নাম | রচয়িতার নাম |
|---|---|
| একাত্তরের দিনগুলি | জাহানারা ইমাম |
| মতিচূর | বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন |
| The Cruel Birth of Bangladesh | আর্চার কেন্ট ব্লাড |
| আমার দেখা নয়াচীন | শেখ মুজিবুর রহমান |
| অরণ্যের দিনরাত্রি | সুনীল গঙ্গোপাধ্যায় |

**০৩. বাংলা শব্দগুলো কোন ভাষা থেকে আগত :**

**উত্তর :**

| | |
|---|---|
| বালতি | পর্তুগিজ |
| নগদ | আরবি |
| দারোগা | তুর্কি |
| সাম্পান | চীনা |
| সুড়ঙ্গ | সংস্কৃত |

**০৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :**

**ক. বাংলা বর্ণমালার অনুনাসিক বর্ণ কোনটি?**

**উত্তর :** ঙ, ঞ, ণ, ন, ম।

**খ. অর্থপূর্ণ বাক্য গঠনের ২টি শর্ত লিখুন।**

**উত্তর :** ১. আকাঙ্ক্ষা; ২. আসত্তি (মোট শর্ত ৩টি, অন্যটি যোগ্যতা)

**গ. প্রত্যয় কাকে বলে?**

**উত্তর :** ধাতু বা শব্দের পরে ভিন্ন ভিন্ন অর্থে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেগুলোকে প্রত্যয় বলে।

**ঘ. বাংলা বর্ণমালায় মোট বর্ণ কয়টি?**

**উত্তর :** ৫০টি।

**ঙ. ক্রিয়ার কাল কত প্রকার?**

**উত্তর :** ৩ প্রকার। যথা : বর্তমান, অতীত ও ভবিষ্যৎ কাল।

**০৫. অনুচ্ছেদ লিখুন : মুজিব শতবর্ষ**

**উত্তর :** মুজিববর্ষ/মুজিব শতবর্ষ বলতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষকে বুঝিয়ে থাকে। অর্থাৎ জাতির পিতার জন্মের ১০০তম বর্ষপূর্তি উপলক্ষ্যে পালিত সময়ই মুজিববর্ষ। বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধুর স্বকীয় নেতৃত্বের গ তার কিশোর বয়সেই ফুটে উঠেছিল। তিনি ১৯৪২ সালে পাকি আন্দোলনের সাথে সক্রিয়ভাবে যুক্ত হয়ে পড়েন। এর মাধ্যমেই রাজনৈতিক হাতেখড়ি। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধী যুদ্ধ পর্যন্ত প্রতিটি সংগ্রামে বঙ্গবন্ধুর অবদান অনস্বীকার্য। তার ধরেই পৃথিবীর বুকে জন্ম নেয় স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ। সেই মহান নেতার জন্মের শতবর্ষ পূর্ণ হয় ২০২০ সালের ১৭ মা তাই তার জন্মের শতবর্ষকে স্মরণীয় করে রাখতে বঙ্গবন্ধুকন্যা শে হাসিনার নেতৃত্বাধীন সরকার ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০ সালের ৩১ মার্চ সময়কে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করে।

**০৬. বঙ্গানুবাদ করুন :**

26 March, our Independence day, is one of the mo important day. The day is celebrated every year in t country with great enthusiasm and fervor. The d begins with a 31 gun salute. We, all pay homage the martyrs. People from all walks of life to t national mausoleum in rallies and processions. Th are many cultural programs throughout the d highlighting the heroic struggle and sacrifice in 197

**বঙ্গানুবাদ :** সবচেয়ে গুরুত্বপূর্ণ দিবসগুলোর মধ্যে একটি হলো মার্চ যা আমাদের স্বাধীনতা দিবস। ব্যাপক উৎসাহ-উদ্দীপনার দিয়ে প্রতি বছর আমাদের দেশে দিবসটি পালিত হয়। ৩১ তোপ ধ্বনির মাধ্যমে দিবসটি শুরু হয়। আমরা সবাই শহিদের শ্রদ্ধা জানাই। সর্বস্তরের মানুষ মিছিল ও সমাবেশ নিয়ে জা স্মৃতিসৌধে যায়। একাত্তরের বীরত্বপূর্ণ সংগ্রাম ও আত্মত্যাগকে ধরে দিনব্যাপী নানারকম সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

**০৭. Write antonym of the following words :**

**Ans :**

| Given word | Antonym |
|---|---|
| Deficit (ঘাটতি) | Surplus (বাড়তি) |
| Idle (অলস) | Active (কর্মঠ) |
| Prompt (ক্ষিপ্র) | Slow (ধীর) |
| Wicked (দুষ্ট) | Decent (শিষ্ট) |
| Zigzag(আঁকাবাঁকা) | Straight (সোজা) |

**০৮. Change the following sentences as directed in the brackets**

**a. Would that I could be a child again! (Assertive)**

— I wish I could be a child again.

**b. Work hard or you cannot prosper in life. (Complex)**

— If you do not work hard, you cannot prosper in life.

CamScanner

c. **The cow is more useful than most other animals. (Positive)**
— Very few animals are as useful as the cow.
d. **Honey tastes sweet. (Passive)**
— Honey is sweet when it is tasted.
e. **Father said to me, "May you pass the examination." (Indirect)**
— Father wished that I might pass in the exam.

০৯. **Write the meaning of the phrase and idioms :**
**Ans :** Dead of night (মাঝরাত) — Midnight.
Gala day (আনন্দের দিন) — Day of celebration.
Fish out of water (অস্বস্তিকর অবস্থা) — Uncomfortable condition.
Silver tongue (মিষ্টভাষী) — To do something by gentle talk.
Lion's share (সিংহভাগ) — The largest part or quantity of something.

১০. **Write a paragraph on "Chattogram : Business capital of Bangladesh".**
**Ans :** Located geographically in bangladesh's southeast, Chattogram is an essential hub for regional connections across the Indian subcontinent and South Asia. The government's efforts to fully realize Chattogram potential are still woefully inadequate, even with the slogan "Commercial Capital" being used only symbolically. Thanks to its strategic location, Chattogram has the potential to develop into a major transshipment hub for northeast India, Myanmar, Nepal, Bhutan and southeast China, as well as a major world wide financial center. Because of its strategic significance, colonical powers like the British and Pakistanis have always paid attention to Chattogram. Stakeholders stress the need of Chattogram being a commercial capital, citing the example provided by port towns like Mumbai and New York. A proactive approach to policymaking is essential given the city's natural advantages, which include its prime seaport, strategic location and prospects in tourism, energy production, blue economy and river connectivity. In Bangladesh's economic landscape, Chattogram port is significant since it allows around 98% of container export and import transactions. To further cement its crucial position in the country's economic structure, Chattogram is home to significant industrial zones, gas fields, fuel depots, tea gardens and a well known tea auction center.

১১. এক মাসে ইকবাল সাহেব ৫০,০০০ টাকা স্থায়ী বেতন এবং পণ্য বিক্রির উপর ১০.৫% কমিশন পেয়ে থাকেন। ফেব্রুয়ারি মাসে তিনি ৭% আয়কর বাদ দিয়ে ৬৬,০৩০ টাকা আয় করে থাকলে, তিনি কত টাকার পণ্য বিক্রয় করেছিলেন?
সমাধান : ৭% আয়কর বাদে আয় করেন = (১০০ − ৭) = ৯৩ টাকা
আয়কর বাদে আয় ৯৩ টাকা হলে আয়কর সহ আয় ১০০ টাকা
" " " ১ " " " " " $\frac{১০০}{৯৩}$ "
" " " ৬৬০৩০ " " " " " $\frac{১০০ \times ৬৬০৩০}{৯৩}$ "
= ৭১০০০ টাকা
তিনি বিক্রয়ের উপর কমিশন পান = (৭১০০০ − ৫০০০০) = ২১০০০ টাকা
১০.৫০ টাকা কমিশন পান ১০০ টাকা বিক্রয়ে
∴ ১ " " " $\frac{১০০}{১০.৫০}$ " "
∴ ২১০০০ " " " $\frac{১০০ \times ২১০০০}{১০.৫০}$ " "
= ২০০০০০ টাকা **(উত্তর)**

১২. আয়তাকার পানিপূর্ণ একটি ট্যাংকের দৈর্ঘ্য ৬ মিটার, প্রস্থ ৫ মিটার ও গভীরতা ২ মিটার। প্রতি বর্গমিটারে ৭৭ টাকা হারে ট্যাংকের ভেতরের চার দেওয়ালের রঙ করতে কত টাকা প্রয়োজন?
সমাধান : ট্যাংকের চার দেয়ালের ক্ষেত্রফল = ২ (দৈর্ঘ্য + প্রস্থ) × গভীরতা
= {২ (৬ + ৫) × ২} বর্গমিটার
= ৪৪ বর্গমিটার
১ বর্গমিটারে খরচ হয় ৭৭ টাকা
∴ ৪৪ " " " ৭৭ × ৪৪ "
= ৩৩৮৮ টাকা **(উত্তর)**

১৩. $a^2 + 1 = 3a$ হলে $\left(a^2 + \frac{1}{a^2}\right)\left(a^3 + \frac{1}{a^3}\right)$-এর মান নির্ণয় করুন।
**সমাধান :** দেওয়া আছে, $a^2 + 1 = 3a$
বা, $\frac{a^2}{a} + \frac{1}{a} = \frac{3a}{a}$
$\therefore a + \frac{1}{a} = 3$
$\therefore \left(a^2 + \frac{1}{a^2}\right)\left(a^3 + \frac{1}{a^3}\right)$
$= \left\{\left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}\right\}\left\{\left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)\right\}$
$= (3^2 - 2)(3^3 - 3 \times 3)$
$= (9 - 2)(27 - 9)$
$= 7 \times 18 = 126$ **(Ans.)**

১৪. করিম ও রহিম যথাক্রমে ২০ দিন ও ৩০ দিনে একটি জমির ধান কাটতে পারে। তারা একত্রে ৭ দিন কাজ করার পর উভয়েই চলে গেল। বাকি কাজ মানিক ১০ দিনে শেষ করলো। মানিক সম্পূর্ণ কাজটি একা কতদিনে করতে পারবে?
সমাধান :
করিম ২০ দিনে করতে পারে কাজটির ১ অংশ
∴ " ১ " " " " $\frac{১}{২০}$ "
আবার, রহিম ৩০ দিনে করতে পারে কাজটির ১ অংশ
∴ " ১ " " " " $\frac{১}{৩০}$ "

CamScanner

করিম ও রহিম একত্রে ১ দিনে করতে পারে কাজটির $= \left(\frac{১}{২০} + \frac{১}{৩০}\right)$ অংশ

$= \left(\frac{৩+২}{৬০}\right)$ অংশ

$= \frac{৫}{৬০}$ " $= \frac{১}{১২}$ অংশ

করিম ও রহিম একত্রে ৭ দিনে করতে পারে কাজটির $= \frac{১ \times ৭}{১২} = \frac{৭}{১২}$ অংশ

বাকি কাজ $= \left(১ - \frac{৭}{১২}\right)$ অংশ $= \frac{৫}{১২}$ অংশ

মানিক $\frac{৫}{১২}$ অংশ কাজ করতে পারে ১০ দিনে

∴ " ১ " " " " $\frac{১০ \times ১২}{৫}$ "

= ২৪ দিনে (উত্তর)

**১৫. ক. ক্যাশ বহি কী?**

**উত্তর :** যে বইয়ে নগদ টাকার আদান প্রদান লিপিবদ্ধ করা হয় তাকে ক্যাশ বহি বা নগদান বই বলে।

**খ. সার্টিফিকেট মামলা কী?**

**উত্তর :** সরকারী ও বিভিন্ন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের দাবি আদায়ের জন্য সরকারী পাওনা আদায় আইন-১৯১৩ এর বিধান মোতাবেক যে মামলা চালু করা হয় তাকে সার্টিফিকেট মামলা বলা হয়।

**গ. ২টি সায়রাত মহালের নাম লিখুন।**

**উত্তর :** সায়রাত মহাল শব্দের অর্থ বিবিধ করভুক্ত সম্পত্তি। সরকারের যে সমস্ত ভূ-সম্পত্তি হতে ভূমিকর ব্যতীত অন্যান্য বিবিধ কর আদায় করা হয় সেগুলোকে সায়রাত মহাল বলা হয়। যেমন : জলমহাল, হাট-বাজার, বালু মহাল, পাথর মহাল, বাঁশ মহাল, ফেরীঘাট/খেয়াঘাট রাস্তা সংলগ্ন জমি, কাছারি প্রাঙ্গন ইত্যাদি।

**ঘ. ১ পেটাবাইটে কত গিগাবাইট?**

**উত্তর :** ১০২৪ × ১০২৪ গিগাবাইট।

**ঙ. দুটি এন্টিভাইরাসের নাম লিখুন।**

**উত্তর :** Kaspersky এবং Avast।

**১৬. ক. ভূমির নামজারি করার তিনটি প্রয়োজনীয়তা লিখুন।**

**উত্তর :**

১. প্রপার্টি হস্তান্তরের পর নতুন মালিকের নামে নামজারি না করলে প্রপার্টি ভোগ-দখল, খাজনা প্রদান, কেনা-বেচা ও ব্যাংক লোন পেতে নানা জটিলতা সৃষ্টি হতে পারে ও নানাভাবে ব্যক্তি হয়রানি ও প্রতারণার শিকার হতে পারে। যেমন– নামজারি না করলে আগের মালিকের নামে রেকর্ডে থেকে যায় এবং ক্রেতা হিসেবে রেকর্ড অব রাইটে ব্যক্তির নাম রেকর্ডভুক্ত হয় না। এতে একদিকে যেমন ব্যক্তি সরকারের খাজনাভুক্ত হতে পারবেন না তেমনি প্রপার্টি বিক্রি বা দান করতে পারবেন না। তাছাড়া, যেহেতু পূর্বের মালিকের নামেই রেকর্ডটি থেকে যাচ্ছে, তিনি পূর্বের মালিক মিউটেশন দেখিয়ে প্রপার্টির উপর দাবি করতে পারে। তাই নতুনভাবে কেনা প্রপার্টির আইনী সুরক্ষার জন্যই নামজারি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২. প্রপার্টি কেনার পর নামজারি করে নিয়ে ব্যক্তির নামে স্বতন্ত্র খতিয়ান তৈরি হয়। ফলে, জমির মালিকানার হিসেবে সব জায়গায় এই খতিয়ানটি গ্রহণযোগ্য হবে। নামজারি বা খারিজ খতিয়ানের উপর সহজেই ব্যক্তি ভূমি কর পরিশোধ করতে পারে। এবং এই দাখিলা সহজে মালিকানা ও দখল প্রমাণ করতে ব্যক্তিকে সাহায্য করবে।

৩. গৃহ নির্মাণ, ব্যাংক ঋণ, জমি বিক্রয় ইত্যাদি যে কাজে নামজারিটি অনেক বেশি কাজে দেয়। কারণ উপর বাড়ি নির্মাণ, ব্যাংক লোন এর আবেদন ম কোনো আইনি কাজে নামজারি বা মিউটেশন গুরুত্বপূর্ণ আইনি দলিল। এটি ছাড়া মর্টগেজ লোন বা বাড়ি নির্মাণ, কোনোটিই আইনিভাবে সম্ভব নয়।

**খ. বাংলাদেশে ইতোমধ্যে সম্পাদিত চারটি ভূমি জরিপের নাম লি**

**উত্তর :** সিএস জরিপ, বিএস জরিপ, আর এস জরিপ, এস এ জ

**১৭. পূর্ণরূপ লিখুন : MFS, e-TIN, DCR, ULAO, BEZA**

**উত্তর :** MFS — Mobile Financial Services.
e-TIN — Electronic Tax Payer's Identification Numb
DCR — Duplicate Carbon Receipt.
ULAO — Union Land Assistant Officer.
BEZA — Bangladesh Economic Zones Authorit

**১৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন :**

**ক. আজ বাংলা পঞ্জিকার কত তারিখ?**

**উত্তর :** পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিনে বাংলা তারিখ ছিল ৪ চৈত্র ১৪

**খ. বাংলাদেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চলের নাম লিখুন**

**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর, (মিরসরাই, চট্টগ্রাম)

**গ. ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের শব্দ সংখ্যা কত?**

**উত্তর :** ১১০৮টি।

**ঘ. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর নাম লিখু**

**উত্তর :** রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ।

**ঙ. মহান মুক্তিযুদ্ধে চট্টগ্রাম কত নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল**

**উত্তর :** ১ নং সেক্টর।

**১৯. ক. নিম্নলিখিত বিখ্যাত ব্যক্তিবর্গের বাড়ি চট্টগ্রাম জেলার কোন উপজেলা**

**উত্তর :**

| বিখ্যাত ব্যক্তিবর্গ | উপজেলা |
|---|---|
| বিপ্লবী সূর্যসেন | রাউজান |
| আবদুল করিম সাহিত্য বিশারদ | পটিয়া |
| আবুল ফজল | সাতকানিয়া |
| আহমদ ছফা | চন্দনাইশ |
| ড. মুহাম্মদ এনামুল হক | ফটিকছড়ি |

**২০. মহান স্বাধীনতা যুদ্ধে বীরশ্রেষ্ঠদের মধ্যে ৫ জনের নাম পদবিসহ লিখুন।**

**উত্তর :** ১. ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ। ২. সিপাহি মোহাম্ম মোস্তফা কামাল। ৩. ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান। ৪. ল্যান্ নায়েক নূর মোহাম্মদ শেখ। ৫. সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান।

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর অফিস সহকারী/ক্রেডিট চেকিং/সার্টিফিকেট সহকারী/নাজির ২০২২

পরীক্ষার তারিখ : ০৪.০৩.২০২২; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

১. সংক্ষিপ্ত উত্তর দিন :

ক. 'অদ্যাপি' শব্দের চলিত রূপ লিখুন।
উত্তর : আজও/এখনও।

খ. 'হরতাল' কোন দেশি শব্দ?
উত্তর : গুজরাটি।

গ. সঠিক বানান লিখুন : আখাংকো
উত্তর : আকাঙ্ক্ষা।

ঘ. (ঘ, চ, ছ, জ, য) এ বর্ণগুলোর কোনটি তালু থেকে উচ্চারিত হয় না?
উত্তর : ঘ।

ঙ. অনুসর্গ কাকে বলে?
উত্তর : বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদরূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বলে।

২. বন্ধনীতে প্রদত্ত নির্দেশনা মতে উত্তর দিন :

ক. বিষাদসিন্ধু (ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন)।
উত্তর : বিষাদ রূপ সিন্ধু (রূপক কর্মধারয় সমাস)।

খ. ভূর্ধ্ব (সন্ধিবিচ্ছেদ করুন)।
উত্তর : ভূ + উর্ধ্ব।

গ. আমি টিফিন খেয়েছি (অকর্মক ক্রিয়ায় রূপান্তর করুন)।
উত্তর : আমি খেয়েছি।

ঘ. বিদ্বান (বিপরীত লিঙ্গ লিখুন)।
উত্তর : বিদুষী।

ঙ. লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয় (নিম্নরেখ শব্দের কারক ও বিভক্তি নির্ণয় করুন)।
উত্তর : করণে শূন্য।

৩. এককথায় প্রকাশ করুন :
উত্তর :

ক. অক্ষির সম্মুখে বর্তমান— প্রত্যক্ষ।
খ. আপনাকে কেন্দ্র করে যার চিন্তা— আত্মকেন্দ্রিক।
গ. ইতিহাস রচনা করেন যিনি— ঐতিহাসিক।

অর্থসহ বাক্য রচনা করুন :
দুধে-ভাতে থাকা (সুখে থাকা)— আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।
ঝাঁকের কৈ (এক দলভুক্ত)— ওসব লোক আর কতদিন দলের বাইরে থাকবে? ঝাঁকের কৈ ঝাঁকে মিশবেই একদিন।

৪. ঢাকা মেট্রোরেল সম্পর্কে একটি সংক্ষিপ্ত রচনা লিখুন।
উত্তর : বাংলাদেশের যোগাযোগব্যবস্থায় নবদিগন্তের সূচনা করেছে মেট্রোরেল। ঢাকা মেট্রোরেল হলো বাংলাদেশের রাজধানী ঢাকার একটি দ্রুতগামী গণপরিবহণব্যবস্থা। অতি জনবহুল ঢাকা মহানগরীর ক্রমবর্ধমান যানবাহন সমস্যা ও পথের দুঃসহ যানজট কমিয়ে আনার লক্ষ্যে ২০০৫ সালে বিশ্বব্যাংকের সহায়তায় ঢাকায় স্ট্র্যাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এসটিপি) তৈরি করে মেট্রোরেল নির্মাণের প্রাথমিক কার্যক্রম শুরু হয়। উক্ত এসটিপি প্রণয়ন, অনুমোদন এবং শহরের পরিবহণ নেটওয়ার্কের জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিলো। এ পরিকল্পনায় ৩টি এমআরটি ও ৩টি বিআরটি লাইন নির্মাণের প্রস্তাব করা হয়। পরবর্তীতে ২০১৩ সালে কৌশলগত পরিবহণ পরিকল্পনার অধীনে ঢাকায় মেট্রোরেল স্থাপনের চূড়ান্ত কাজ শুরু হয়। মেট্রোরেলের নিয়ন্ত্রক সংস্থা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড। ২০১৬ সালে সংশোধিত "কৌশলগত পরিবহণ পরিকল্পনা" অনুসারে ঢাকায় নির্মিতব্য মেট্রোরেলের লাইনের সংখ্যা ৩টি থেকে বাড়িয়ে ৫টি করা হয়। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ এমআরটি লাইন ৬-কে নির্বাচন করা হয়। ২০১৬ সালের ২৬ জুন উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে এমআরটি লাইন-৬ এর নির্মাণকাজ শুরু হয়।

জাইকা ও ডিএমটিসিএল ২০৩০ সাল নাগাদ ১২৮ কিলোমিটার দৈর্ঘ্যের মোট ৬টি মেট্রোলাইন নির্মাণের পরিকল্পনা করেছে। এই নেটওয়ার্কে ৫১টি উড়াল স্টেশন ও ৫৩টি ভূগর্ভস্থ স্টেশন থাকবে। ছয়টি লাইন মিলিতভাবে দিনে ৪৭ লাখ যাত্রী পরিবহণ করতে পারবে। ২৮ ডিসেম্বর ২০২২ সালে এমআরটি লাইন ৬ উত্তরা থেকে আগারগাঁও অংশ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধনের মাধ্যমে ঢাকায় মেট্রোরেল আংশিক চালু হয়। ২৯ ডিসেম্বর ২০২২ থেকে জনসাধারণের চলাচলের জন্য এটি খুলে দেওয়া হয়। ৫ নভেম্বর ২০২৩ এমআরটি লাইন-৬ এর আগরগাঁও থেকে মতিঝিল অংশে যাত্রী চলাচল শুরু হয়। এর মাধ্যমে ৬০তম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেলে যুক্ত হয়।

৫. Name the parts of speech of the underlined words :
A <u>white</u> whale was swimming in the <u>sea</u>.
Ans : White = adjective; sea = noun
The waves <u>were</u> small <u>but</u> the wind was blowing <u>vigorously</u>.
Ans : Were = verb; but = conjunction; vigorously = adverb

৬. ইংরেজিতে অনুবাদ করুন :
শ্রীমঙ্গলকে চা এর রাজধানী বলা হয়। শ্রীমঙ্গলে ৯২টি চা বাগান রয়েছে। শ্রীমঙ্গলের চা খুবই উপাদেয়। কুলিরা হাত দিয়ে চা পাতা সংগ্রহ করে। প্রক্রিয়াজাত চা পাতা থেকে চা উৎপন্ন করা হয়।
Translation : Shrimangal is called the capital of tea. There are 92 tea gardens in Shrimangal. The tea of Shrimangal is very delicious. Coolies collect the tea leaves by hand. Tea is produced from processed tea leaves.

CamScanner

১৩. ক, খ ও গ এর মধ্যে ২৬০ টাকা ভাগ করে দাও যেন ক এর অংশের ২ গুণ, খ এর অংশের ৩ গুণ এবং গ এর অংশের ৪ গুণ (প্রশ্নে ৩ গুণ ছিল) পরস্পর সমান হয়।

সমাধান : মনে করি,

ক পায় = x টাকা, খ পায় = y টাকা এবং গ পায় = z টাকা

শর্তমতে, $2x = 3y = 4z$

$\therefore 3y = 2x$ এবং $4z = 2x$

বা, $y = \frac{2x}{3}$ বা, $z = \frac{2x}{4}$

$\therefore z = \frac{x}{2}$

শর্তমতে, $x + y + z = 260$

বা, $x + \frac{2x}{3} + \frac{x}{2} = 260$

বা, $\frac{6x + 4x + 3x}{6} = 260$

বা, $13x = 260 \times 6$

বা, $x = \frac{260 \times 6}{13}$

$\therefore x = 120$

$\therefore$ ক পায় = ১২০ টাকা

খ পায় $= \frac{2 \times 120}{3}$ টাকা = ৮০ টাকা

এবং গ পায় $= \frac{120}{2}$ টাকা = ৬০ টাকা (উত্তর)

১৪. একটি বর্গক্ষেত্র বাগানের চার পাশে ২ মি. প্রস্থের রাস্তা আছে। বাগানের ক্ষেত্রফল ৮১ বর্গ মি., হলে রাস্তার ক্ষেত্রফল কত?

সমাধান : দেওয়া আছে,

বর্গাকার বাগানের ক্ষেত্রফল = ৮১ বর্গমিটার

$\therefore$ বর্গাকার বাগানের এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{81}$ মিটার

= ৯ মিটার

রাস্তাসহ বর্গাকার বাগানের এক বাহুর দৈর্ঘ্য = {৯ + (২ × ২)} মিটার

= ১৩ মিটার

রাস্তাসহ বর্গাকার বাগানের ক্ষেত্রফল = $(13)^2$ বর্গমিটার

= ১৬৯ বর্গমিটার

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = (১৬৯ – ৮১) বর্গমিটার

= ৮৮ বর্গমিটার (উত্তর)

১৫. সংক্ষিপ্ত উত্তর দিন :

ক. কোন তারিখ পর্যন্ত মুজিববর্ষ পালিত হয়?

উত্তর : ৩১ মার্চ ২০২২।

খ. চা নিলাম কেন্দ্র কোথায় অবস্থিত?

উত্তর : প্রথমটি চট্টগ্রামে, দ্বিতীয়টি মৌলভীবাজারের শ্রীমঙ্গলে এবং তৃতীয়টি পঞ্চগড়ে অবস্থিত।

গ. UNICEF-এর পূর্ণরূপ কী?

উত্তর : United Nations Children's Fund।

ঘ. ইউক্রেন-এর রাজধানীর নাম কী?

উত্তর : কিয়েভ।

ঙ. ১৭ মার্চ কোন দিবস পালন করা হয়?

উত্তর : জাতীয় শিশু দিবস।

চ. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ UNESCO-এর কোন দলিলে অন্তর্ভুক্ত করা হয়েছে?

উত্তর : মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার।

ছ. কম্পিউটারে POST-এর পূর্ণরূপ কী?

উত্তর : Power On Self Test.

জ. বাউল সম্রাট শাহ আব্দুল করিমের বাড়ি কোন উপজেলায়?

উত্তর : দিরাই উপজেলা (সুনামগঞ্জ)।

ঝ. কুশিয়ারা ও সুরমা নদী যে স্থান দিয়ে বাংলাদেশ সীমান্তে প্রবেশ করেছে সে স্থানের নাম কী?

উত্তর : জকিগঞ্জ, সিলেট।

ঞ. জাতিসংঘে কে সর্বপ্রথম বাংলা ভাষায় ভাষণ দেন?

উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

ট. কার নামানুসারে ওসমানীনগর উপজেলার নামকরণ করা হয়?

উত্তর : জেনারেল মুহাম্মদ আতাউল গণি (এম.এজি.) ওসমানী।

ঠ. ১৬ ডিসেম্বর ১৯৭১ তারিখ পাক হানাদার বাহিনীর প্রধান কোন ব্যক্তির নিকট আত্মসমর্পণ দলিল স্বাক্ষর করেন?

উত্তর : লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা।

ড. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?

উত্তর : পানি উন্নয়ন বোর্ডের তথ্যমতে, মেঘনা। জাতীয় নদী রক্ষা কমিশনের মতে, পদ্মা।

ঢ. মুক্তিযুদ্ধে ৪ নং সেক্টরের কমান্ডার কে ছিলেন?

উত্তর : মেজর চিত্ত রঞ্জন দত্ত।

ণ. ROM-এর পূর্ণরূপ কী?

উত্তর : Read Only Memory.

ত. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?

উত্তর : ৬.১৫ কি.মি.।

থ. প্রকৃতিতে সবচেয়ে কঠিন পদার্থ কী?

উত্তর : হীরা।

দ. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণকারী সংস্থার নাম কী?

উত্তর : স্পেসএক্স।

ধ. বিপন্ন গণতন্ত্র লাঞ্ছিত মানবতা গ্রন্থের লেখক কে?

উত্তর : শেখ হাসিনা।

ন. বাংলাদেশের বৃহত্তম প্রাকৃতিক গ্যাসক্ষেত্রের নাম কী?

উত্তর : তিতাস গ্যাসক্ষেত্র। [বর্তমানে মজুতের দিক থেকে বৃহত্তম : রশিদপুর গ্যাস ক্ষেত্র]

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা-এর সার্টিফিকেট সহকারী/অফিস সহকারী/হিসাব সহকারী ২

পরীক্ষার তারিখ : ১৫.০১.২০২২; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ৯০

১. ক. **বর্ণ কাকে বলে?**

**উত্তর :** মনের কথা লিখে প্রকাশ করার জন্য যে সকল সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় তাকে বর্ণ বলে।

খ. **বর্ণ কয় প্রকার ও কী কী?**

**উত্তর :** বর্ণ দুই প্রকার। যথা : স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ।

২. ক. **সন্ধি কাকে বলে? সন্ধি কয় প্রকার ও কী কী?**

**উত্তর :** সন্নিহিত দুই বর্ণের মিলনকে সন্ধি বলে। সন্ধি দুই প্রকার। যথা : স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি।

খ. **সন্ধি বিচ্ছেদ করুন :**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| লঘুর্মি | লঘু + ঊর্মি |
| নাতবৌ | নাতি + বৌ |
| তদন্ত | তদ্ + অন্ত |

৩. ক. **পদ কাকে বলে?**

**উত্তর :** বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকেই পদ বলে।

খ. **পদ কত প্রকার ও কী কী?**

**উত্তর :** পদ পাঁচ প্রকার। যথা : বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

গ. **লিঙ্গান্তর করুন :**

**উত্তর :** ধাত্রী— ধাতা
সুকেশ— সুকেশী
অরণ্য— অরণ্যানী
গরিয়সী— গরিয়ান

৪. ক. **বচন কাকে বলে?**

**উত্তর :** যে সকল শব্দ দ্বারা কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর সংখ্যা বোঝায় তাদেরকে বচন বলে।

খ. **বচন কয় প্রকার ও কী কী? সংজ্ঞাসহ লিখুন।**

**উত্তর :** বচন দুই প্রকার। যথা : একবচন ও বহুবচন।

**একবচন :** যে সকল শব্দ দ্বারা একটি মাত্র ব্যক্তি বা বস্তুকে বোঝায় তাকে একবচন বলে।

**বহুবচন :** যে সকল শব্দ দ্বারা একাধিক ব্যক্তি বা বস্তুকে বোঝায় তাকে বহুবচন বলে।

গ. **যৌগিক ক্রিয়া কাকে বলে?**

**উত্তর :** একটি সমাপিকা ক্রিয়া ও একটি অসমাপিকা ক্রিয়া মিলিত হয়ে যে ক্রিয়াপদ গঠিত হয়, তাকে যৌগিক ক্রিয়া বলে।

৫. **ভাব-সম্প্রসারণ করুন : বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।**

**উত্তর :** নারী-পুরুষের যৌথ প্রচেষ্টার ফসল এ বিশ্বসভ্যতা। এখানে কারো অবদানকে ছোট কিংবা বড় করে দেখার কোনো অবকাশ নেই। সৃষ্টিকর্তা নারী এবং পুরুষকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন। উভয়ের যৌথ প্রচেষ্টার ফলেই পৃথিবী ক্রমশ সমৃদ্ধি ও উন্নতির দিকে এগিয়েছে। কোনোকিছুই এখানে কারো একার প্রচেষ্টায় সফল বা ব হয়ে ওঠেনি। সৃষ্টির উষালগ্ন থেকেই তারা একে অপরে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে এসেছে। তবে স্থান, কাল পরিস্থিতিভেদে এদের ভূমিকার ধরন ও মাত্রার স্বাভাবিকভাবেই ছিল এবং আছে। নারীরা যেসব ক্ষেত্রে সরাসরি মুখ্য ভূমিকায় অবতীর্ণ হতে পারেনি সেখা পুরুষের কাজে সমর্থন ও প্রেরণা যুগিয়েছে। আর তাদে ও উৎসাহ পেয়েই পুরুষরা গড়ে তুলেছে আধুনিক সং তিলোত্তমা বিশ্ব। তাইতো বাংলাদেশের জাতীয় ক নজরুল ইসলাম তার নারী কবিতায় বলেছেন, কোনো ক হয়নিকো জয়ী পুরুষের তরবারি, প্রেরণা দিয়াছে, শক্তি বিজয়-লক্ষ্মী নারী। তবে যুগে যুগে নারীরা তাদের ভূমি স্বীকৃতিটুকু থেকে বঞ্চিত হয়ে এসেছে এবং এখনো ত নিজেদের ন্যায্য অধিকার আদায় করার জন্য সংগ্রাম হচ্ছে। কিন্তু পুরুষরা শাসনদণ্ড নিজেদের হাতে রাখতে সুবাদে কখনোই নারীদের ভূমিকার স্বীকৃতিটুকু দিতে রাজি যদিও বর্তমান যুগে ধীরে ধীরে এ দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটছে নারীরা বর্তমানে পূর্বের চেয়ে ক্রমশ ভালো অবস্থানের যাচ্ছে। ইতিহাসের পাতা খুঁজলে প্রতিটি পরতে পরতে পড়ে নারীর গৌরবময় ভূমিকার কথা। সংসারে যেমন পুরুষের সঙ্গী হয়েছে, তেমনি রণক্ষেত্রে হয়েছে প্রেরণার তাই বর্তমানে বিজ্ঞান, প্রযুক্তি ও উন্নয়নের এ যুগেও অ খেয়াল রাখতে হবে যে, পৃথিবীর জনসংখ্যার অর্ধাংশ ন সমাজকে বাদ দিয়ে উন্নয়ন, অগ্রগতি আর শান্তির আশা দুরাশা। বরং নারী এবং পুরুষের সম উন্নয়ন ও ভূমিকার মা মানুষের সার্বিক কল্যাণ ও সমৃদ্ধি সম্ভব। এর উজ্জ্বল দৃষ্টান্ত দেখতে পাই, ২০২৩ সালে যৌথভাবে চিকিৎসাবিজ্ঞানে পুরস্কার লাভ করেন ক্যাটালিন ক্যারিকো (নারী) ওয়াইজম্যান (পুরুষ)। তারা কোভিড-১৯ এর বিরুদ্ধে ব এমআরএনএ ভ্যাকসিন উদ্ভাবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ক

৬. **বাংলায় অনুবাদ করুন :**

Boiled rice is the staple food. It is served w variety of vegetables, curry, lentil, soups, fishe meat. Fish is the main source of protein. Fishes now cultivated in ponds. Also we have fresh-w fishes in the lakes and rivers.

**অনুবাদ :** ভাত হল প্রধান খাদ্য। এটি বিভিন্ন ধরনের শাক-স তরকারী, মশুর ডাল, মাছ এবং মাংসের সাথে পরিবেশন করা মাছ হচ্ছে আমিষের প্রধান উৎস। বর্তমানে পুকুরে মাছ চাষ হয়। এছাড়াও নদীতে এবং হ্রদে আমাদের মিঠা পানির মাছ আছে

৭. ক. **Tense কাকে বলে?**

**উত্তর :** verb বা ক্রিয়া সম্পাদনের সময়কে Tense বলে

CamScanner

**খ. Gerund এর সংজ্ঞা লিখুন।**
**উত্তর :** মূল verb এর সাথে ing যুক্ত হওয়ার ফলে যদি তা sentence-এ একই সাথে noun ও verb এর কাজ করে তবে, তাকে gerund বলে।

**গ. Present Perfect Continuous Tense এর একটি উদাহরণ দিন।**
**উত্তর :** He has been writing the book for two hours.

**ঘ. Translate into English : আমি দুই ঘন্টা ধরে পড়তে থাকব।**
**উত্তর :** I shall have been reading for two hours.

**ঙ. সে আসিবার পূর্বে আমি কাজটি শেষ করব।**
**উত্তর :** I shall have done the work before he comes.

৮. **Change the following sentence a directed in the brakets.**

**a. I know that he is a poet. (Change into negative sentencee)**
**Ans :** I know him to be a poet.

**b. Only he can do this (change into simple sentenc)**
**Ans :** None but he can do this.

**c. Do not hate the poor. (Change the voice)**
**Ans :** Let not the poor be hated.

**d. Have you eaten rice? (Change the voice)**
**Ans :** Has rice been eaten by you?

**e. Read more and you can succeed. (Change into simple sentence)**
**Ans :** Read more to succeed.

**f. Hasan said, 'I am eating rice' (Change the speech)**
**Ans :** Hasan said that he was eating rice.

**g. He said, 'I could do it tomorrw'. (Change the speech)**
**Ans :** He said that he could have done it the next day.

**h. At a loss. (Make a sentence with Bengali meaning)**
**Ans :** কিংকর্তব্যবিমূঢ়। I was at a loss what to do.

**i. Everyone should abstain —— smoking. (Fill in the blank with a appropriate preposition)**
**Ans :** from

৯. **Write a paragraph on 'A village Market'**

**Ans : A village Market**

A village market is a place where different kinds of daily necessaries are sold and bought. It generally sits in the open space of a village near a river or a canal or a big road. It is a busy place. There are two types of village market. One is called hat and another is called bazar. The hat sits twice or thrice a week in the afternoon. The bazar sits everyday. Different types of things such as rice, vegetables, fish, clothes, oil, sugar, salt etc are sold here. In a village market, there are two kinds of shops. One is permanent whereas another is temporary. The shopkeepers sit on rows. There is open space for the customers. There exists a din and bustle here. Bargaining prevails here always. A village market play a vital role. It is the source of economy of the village. The villagers here meet with one another. It is a meeting place for the villagers. It should be clean and free form any sort of theft, violence etc. We should keep its proper atmosphere always.

১০. **দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টির সাথে ৭ যোগ করলে যোগফল দশক স্থানীয় অঙ্কটির তিনগুণ হয়। কিন্তু সংখ্যাটি থেকে ১৮ বাদ দিলে অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করে। সংখ্যাটি নির্ণয় করুন।**

**সমাধান :** মনে করি, একক স্থানীয় অঙ্ক = x
এবং দশক " " = y

$\therefore$ সংখ্যাটি = ১০y + x

শর্তমতে, $x + y + ৭ = ৩y$

$\Rightarrow x + y - ৩y = -৭$

$\therefore x - ২y = -৭ \ldots$ (i)

এবং $১০y + x - ১৮ = y + ১০x$

$\Rightarrow ১০x + y - ১০y - x = -১৮$

$\Rightarrow ৯x - ৯y = -১৮$

$\Rightarrow ৯(x - y) = -১৮$

$\therefore x - y = -2 \ldots$ (ii)

(i) – (ii) × 2

$x - ২y = -৭$
$২x - ২y = -৪$
$- + \quad +$
$-x = -৩$

$\therefore x = ৩$

আবার, (i) – (ii)

$x - ২y = -৭$
$x - y = -২$
$- + +$
$-y = -৫$

$\therefore y = ৫$

$\therefore$ সংখ্যাটি = ১০y + x = ১০ × ৫ + ৩ = ৫৩ (উত্তর)

১১. **ক. মধ্যক কাকে বলে?**
**উত্তর :** পরিসংখ্যানে উপাত্তগুলো মানের ক্রমানুসারে সাজালে যে সকল উপাত্ত ঠিক মাঝখানে থাকে সেইগুলোর মানই হবে উপাত্তগুলোর মধ্যক।

**খ. সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করুন : ২৫, ১১, ২৩, ১২, ১৫, ২১, ২২, ২৭, ১৮, ২৯, ১৭, ৩০, ১৯, ১৬।**
**সমাধান :** উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই : ১১, ১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২১, ২২, ২৩, ২৫, ২৭, ২৯, ৩০।
এখানে গণসংখ্যা, n = ১৪ যা জোড়

$$\text{মধ্যক} = \frac{\frac{n}{২}\text{তম পদ} + \left(\frac{n}{২}+১\right)\text{তম পদ}}{২}$$

$$= \frac{\frac{১৪}{২}\text{তম পদ} + \left(\frac{১৪}{২}+১\right)\text{তম পদ}}{২}$$

$$= \frac{৭\text{তম পদ} + ৮\text{তম পদ}}{২} \quad = \frac{১৯+২১}{২} = ২০$$

১২. রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক ঐ কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?

সমাধান : রফিক ১০ দিনে করতে পারে কাজটির ১ অংশ

∴ " ১ " " " " $\frac{১}{১০}$ "

আবার, শফিক ১৫ দিনে করতে পারে কাজটির ১ অশ

∴ " ১ " " " " $\frac{১}{১৫}$ অংশ

∴ রফিক ও শফিক একত্রে ১ দিনে করতে পারে কাজটির $= \left(\frac{১}{১০}+\frac{১}{১৫}\right)$ অংশ

$= \left(\frac{৩+২}{৩০}\right)$ অংশ

$= \frac{৫}{৩০}$ অংশ $= \frac{১}{৬}$ অংশ

রফিক ও শফিক একত্রে $\frac{১}{৬}$ অংশ কাজ করতে পারে ১ দিনে

" " " ১ " " " " ১ × ৬ "

= ৬ দিনে (উত্তর)

১৩. ক. বেলন কাকে বলে?

**উত্তর :** কোনো আয়তক্ষেত্রের যে-কোনো বাহুকে অক্ষ ধরে আয়তক্ষেত্রটিকে ঐ বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তুর সৃষ্টি হয়, তাকে সমবৃত্তভূমিক বেলন বলে।

খ. একটি সমবৃত্তভূমিক বেলুনের ব্যসার্ধ ৪.৫ সেন্টিমিটার ও উচ্চতা ৬ সেন্টিমিটার। বেলনটির বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় করুন। (এখানে, $\pi = ৩.১৪$)

সমাধান : দেওয়া আছে, বেলনের ব্যসার্ধ, r = ৪.৫ সেমি এবং উচ্চতা, h = ৬ সেমি

∴ বেলনটির বক্রতলের ক্ষেত্রফল = $২\pi rh$ বর্গসেমি

= (২ × ৩.১৪ × ৪.৫ × ৬) বর্গসেমি

= ১৬৯.৫৬ বর্গসেমি

১৪. সংজ্ঞা লিখুন : গাণিতিক গড়, কেন্দ্রীয় প্রবণতা, ট্রাপিজিয়াম, সেট, সমকোণী ত্রিভুজ।

**উত্তর : গাণিতিক গড় :** সংগৃহীত উপাত্তসমূহের চলকের মানের সমষ্টিকে যদি চলকের সংখ্যা দ্বারা ভাগ করা হয়, তবে গাণিতিক গড় পাওয়া যায়।

**কেন্দ্রীয় প্রবণতা :** উপাত্তসমূহের কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জিভূত হওয়ার ঝোঁক বা প্রবণতাকেই কেন্দ্রীয় প্রবণতা বলে।

**ট্রাপিজিয়াম :** যে চতুর্ভুজের কেবলমাত্র দুটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।

**সেট :** বাস্তব বা চিন্তাজগতের বস্তুর যে-কোনো সুনির্ধারিত সংগ্রহকে সেট বলে।

**সমকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের একটি কোণ সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে।

১৫. ক. বাংলাদেশের সংবিধানিক নাম কী?

**উত্তর :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

খ. বাংলাদেশের সংবিধানের মূলনীতি কয়টি ও কী কী?

**উত্তর :** ৪টি। যথা : জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা।

গ. বাংলাদেশের সংবিধানের দুটি বৈশিষ্ট্যের নাম লি

**উত্তর :** এককেন্দ্রিক সরকার এবং এক কক্ষবিশিষ্ট আইন

১৬. ক. স্থানীয় সরকার কাকে বলে?

**উত্তর :** স্থানীয় সরকার হলো নিম্নতম পর্যায়ের বা স্থা সংগঠিত সরকার ব্যবস্থা। স্থানী সরকার হচ্ছে এম শাসনব্যবস্থা যার মাধ্যমে একটি নির্দিষ্ট এলাকার জনগ প্রাপ্য অধিকার, ক্ষমতা ও সম্পদ একটি গণতান্ত্রিক প্রক্রিয়া সহজে লাভ করে এবং একই সাথে স্থানীয় বিষয়সমূহের ব্য ক্ষেত্রে তাদের নিজস্ব কর্তব্য ও দায়বদ্ধতা প্রতিষ্ঠা করতে প

খ. গ্রামাঞ্চলে সর্বনিম্ন স্তরের স্থানীয় সরকার কোনটি?

**উত্তর :** ইউনিয়ন পরিষদ।

গ. পূর্ণরূপ লিখুন : BARD।

**উত্তর :** Bangladesh Academy for Rural Develop

১৭. ক. বঙ্গবন্ধু কর্তৃক লিখিত দুটি বইয়ের নাম লিখুন।

**উত্তর :** অসমাপ্ত আত্মজীবনী এবং কারাগারের রোজ

খ. সুনীল অর্থনীতি কী?

**উত্তর :** সুনীল অর্থনীতি Blue Economy সমুদ্রে নির্ভর অর্থনীতি। এটি অর্থনীতির এমন একটি বিষয় একটি দেশের সামুদ্রিক পরিবেশ কিংবা সামুদ্রিক স সুষ্ঠ ব্যবহার ও রক্ষণাবেক্ষন নিয়ে আলোচনা করা হ

১৮. আপনার কম্পিউটারে কী-বোর্ড যদি কাজ না করে তা সমস্যা হয়েছে বলে অনুমান করবেন।

**উত্তর :** কম্পিউটারে কী-বোর্ড কাজ না করলে কয়েকটি হতে পারে। যেমন—

i. সফটওয়্যারজনিত সমস্যা

ii. হার্ডওয়্যারজনিত সমস্যা

iii. কানেক্টিভিটিজনিত সমস্যা ইত্যাদি।

১৯. কম্পিউটার Hang হয়ে যাবার কারণ এবং সমাধান লি

**উত্তর : কম্পিউটার Hang হওয়ার কারণ :** i. অপর্যাপ্ত ভাইরাস/ম্যালওয়ারজনিত, iii. ড্রাইভারের সমস্যা, iv. অপারেটিং সমস্যা, v. হার্ড ডিস্কের সমস্যা, vi. Ram/প্রসেসর/মাদারবোর্ড vii. হার্ডওয়্যারের সংযোগে সমস্যা ইত্যাদি।

**সমাধান :** i. আপগ্রেড, ii. হার্ড ডিস্ক পরীক্ষা, iii. হার্ডওয়্যার প্রতিস্থাপন, iv. রিস্টার্ট করা, v. অপ্রয়ে অ্যাপ্লিকেশন বন্ধ করা, vi. ভাইরাস স্ক্যান করা ইত্যাদি।

২০. কম্পিউটারে ট্রাবল শুটিং বিষয়ে জানার প্রয়োজনীয়তা

**উত্তর :** কম্পিউটারে ট্রাবল শুটিং বিষয়ে জানার প্রয়োজনী ট্রাবল শুটিং হচ্ছে কম্পিউটার সমস্যার উৎস ও উৎপ নির্ণয়ের প্রক্রিয়া। ট্রাবল শুটিং প্রক্রিয়ায় কিছু প্রশ্ন উপস্থাপ হয় এবং পাশাপাশি সমাধান দেওয়া থাকে। ট্রাবল শুটিং জানা থাকলে কম্পিউটার ব্যবহারকারী সমস্যার সমাধান পারে এবং স্বাচ্ছন্দ্যের সাথে কম্পিউটার ব্যবহার করতে তাই কম্পিউটার ব্যবহারকারীর কম্পিউটারের সমাধান শুটিং সম্পর্কে জেনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

CamScanner

# জেলা প্রশাসকের কার্যালয়-এর নাজির কাম ক্যাশিয়ার ২০১৮

পরীক্ষার তারিখ : ২৭.০৭.২০১৮; সময় : ২ ঘণ্টা; পূর্ণমান : ৮০

০১. সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখুন : (যে-কোনো একটি) ১০

ক. বাংলা নববর্ষ, খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধ

**উত্তর : ক. বাংলা নববর্ষ**

পৃথিবীর সর্বত্রই নববর্ষ একটি প্রথা বা প্রচলিত সাংস্কৃতিক ধারা। আদিকাল থেকেই যে-কোনো বছরে প্রথম দিনটি 'নববর্ষ' নামে পরিচিত হয়ে আসছে। 'পুরাতন বছরের জীর্ণ ক্লান্ত রাত্রি'-এ অন্তিম প্রহর হলো ঘোষিত। দিকে দিকে মানুষের বর্ষবরণের উৎসব-আয়োজন। কৃষিকাজের সুবিধার্থে মোগল সম্রাট আকবর ১৫৮৪ সালের ১০/১১ মার্চ বাংলা সন প্রবর্তন করেন এবং তা ১৫৫৬ সালের ৫ নভেম্বর তার সিংহাসনে আরোহণের সময় থেকে কার্যকর হয়। পহেলা বৈশাখ বাংলা সনের প্রথম দিন। দিনটি বাংলাদেশে ও পশ্চিমবঙ্গে বাংলা নববর্ষ হিসেবে পালিত হয়। এটি বাঙালির একটি সর্বজনীন লোকউৎসব। এদিন আনন্দঘন পরিবেশে বরণ করে নেওয়া হয় নতুন বছরকে। কল্যাণ ও নতুন জীবনের প্রতীক হলো বাংলা নববর্ষ। অতীতের ব্যর্থতার গ্লানি ভুলে নতুন করে সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনায় উদ্‌যাপিত হয় বাংলা নববর্ষ। পয়লা বৈশাখ বাংলা জনসমষ্টি অতীতের দুঃখ-ব্যথা ভুলে গিয়ে নতুনের আহ্বানে সাড়া দেয়। আর সেদিন প্রাত্যহিক কাজকর্ম ছেড়ে দিয়ে ঘরবাড়ি ধুয়েমুছে পরিষ্কার করে। আটপৌরে জামাকাপড় ছেড়ে ধোপদুরস্ত পোশাক-পরিচ্ছদ পরে, বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনের সাথে দেখা করে পানাহারে মেতে ওঠে। রমনার বটমূলে জড়ো হয়ে গান গায়, হাততালি দেয়। সবকিছু মিলে দেশটা যেন হয়ে ওঠে উৎসবে-আনন্দে পরিপূর্ণ। নববর্ষের উৎসব গ্রামীণ জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, ফলে গ্রামের সাধারণ মানুষের কাছে দিনটি বিশেষ তাৎপর্যপূর্ণ। নববর্ষে পল্লি অঞ্চলের কোথাও কোথাও বেশ বর্ণাঢ্য মেলা বসে। মেলার বিচিত্র আনন্দ-অনুষ্ঠানে, কেনা-বেচার বাণিজ্যিক লেনদেনে, মিলনের অমলিন খুশিতে, অবারিত আন্তর প্রীতির স্পর্শে নববর্ষের বিশেষ দিনটি মুখর হয়ে ওঠে। নববর্ষকে উৎসবমুখর করে তোলে বৈশাখী মেলা। এটা মূলত সর্বজনীন লোকজ মেলা। বর্তমানে নগরজীবনে নগর-সংস্কৃতির আদলে অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে নববর্ষ উদ্‌যাপিত হয়। পয়লা বৈশাখের প্রভাতে উদীয়মান সূর্যকে স্বাগত জানানোর মধ্য দিয়ে শুরু হয় নববর্ষের উৎসব। এদিন সাধারণত সকল শ্রেণির এবং সকল বয়সের মানুষ ঐতিহ্যবাহী বাঙালি পোশাক পরিধান করে। নববর্ষকে স্বাগত জানাতে তরুণীরা লালপেড়ে সাদা শাড়ি, হাতে রেশমি চুড়ি, খোপায় ফুল, গলায় ফুলের মালা এবং কপালে টিপ পরে; আর ছেলেরা পরে পাজামা ও পাঞ্জাবি। কেউ কেউ ধুতি-পাঞ্জাবিও পরে। এদিন সকালবেলা পানতা ভাত খাওয়া একটি ফ্যাশনে পরিণত হয়েছে। সঙ্গে থাকে ইলিশ মাছ ভাজা। এভাবে লোকজ বর্ষবরণ প্রথাগুলোর কোনো কোনোটির অনুসরণের মাধ্যমে গ্রামীণ ঐহিত্য অনেকটা সংরক্ষিত হচ্ছে। আমাদের জীবনেতিহাসের সার্বিক পটভূমিতে এ দিবসের গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম। আমাদের জাতীয় চেতনা অর্থাৎ বাঙালি সত্তার সঙ্গে পহেলা বৈশাখের সম্পর্ক অত্যন্ত নিবিড়। বাংলাদেশ ধর্মনিরপেক্ষ ও বহুজাতি গোষ্ঠী অধ্যুষিত একটি শান্তির দেশ। এখানে প্রতিটি সম্প্রদায়ের রয়েছে নিজস্ব ধর্মীয় উৎসব। কিন্তু পহেলা বৈশাখই একমাত্র উৎসব যা কোনো ধর্মের বা গোষ্ঠীর মানুষের মধ্যে সীমাবদ্ধ নয়। এটি গোটা জাতির তথা ধর্ম-নির্বিশেষে অখণ্ড বাঙালি জাতির উৎসব। পহেলা বৈশাখের অনুষঙ্গে দেশের সকল মানুষ একই সময় অভিন্ন আনন্দ-অনুভূতিতে উদ্বেল হয়ে পড়ে। তারা নিজেদের মনে করে এক অখণ্ড সত্তা রূপে। ফলে জাতিগত সংহতি ও ঐক্য সুদৃঢ় হয়ে মানুষে মানুষে, ধর্মে ধর্মে, বর্ণে বর্ণে দূরত্ব কমে আসে। নববর্ষ পরিণত হয় একটি সর্বজনীন অনুষ্ঠানে।

**খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধ**

১৯৭১ সালে এক রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাঙালি জাতি অর্জন করে তার প্রাণপ্রিয় স্বাধীনতা। ১৯৭১ সালের ঐতিহাসিক মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল যে বোধ বা চেতনাকে কেন্দ্র করে তারই নাম মুক্তিযুদ্ধের চেতনা। ত্রিশ লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত হয়েছে যে স্বাধীনতা তাকে চিরসমুন্নত রাখতে মুক্তিযুদ্ধের চেতনা আমাদের প্রেরণা জোগাবে চিরদিন। ১৯৪৭ সালে ব্রিটিশ শাসন থেকে মুক্তি লাভ করলেও প্রকৃত মুক্তি আসেনি বাঙালি জাতির। ১৯৫২ সালে বাংলা ভাষার ওপর আঘাত, ৫৪ সালের যুক্তফ্রন্ট, ৫৮ সালের সামরিক শাসনবিরোধী আন্দোলন, ৬৬ সালের ৬ দফা, ৬৯ সালের গণঅভ্যুত্থানসহ বিভিন্ন গণআন্দোলনের মধ্য দিয়ে বিকাশ লাভ করে আমাদের স্বাধীনতা আন্দোলন। সর্বোপরি ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে তৎকালীন আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলেও পাকিস্তানিরা ক্ষমতা হস্তান্তর করতে গড়িমসি শুরু করে। তখনই স্বাধীনতা আন্দোলন শুরু হয়। পাকিস্তানি শাসকগোষ্ঠী ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে নিরীহ-নিরস্ত্র বাঙালির ওপর আক্রমণ চালায়। হত্যা, ধর্ষণ, লুটপাট, অগ্নিসংযোগসহ নানা ধরনের বর্বরতা চালায় দেশজুড়ে। তখন বাংলার জনতা পাকিস্তানিদের আক্রমণ রুখে দেয়। দীর্ঘ নয় মাস ধরে রক্তক্ষয়ী সশস্ত্র যুদ্ধ চলে। অবশেষে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করলে বাংলাদেশ বিজয় লাভ করে। ৩০ লক্ষ শহিদের প্রাণ এবং ২ লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে অর্জিত

CamScanner

হয় স্বাধীনতা। ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত রক্তক্ষয়ী যুদ্ধই আমাদের মুক্তিযুদ্ধ। আমাদের মুক্তিযুদ্ধ আমাদের ঐতিহ্য, আমাদের চেতনা। একে ভূলুণ্ঠিত করা যাবে না।

**০২. এক কথায় প্রকাশ করুন :** ৫

ক. চিরস্থায়ী নয় যা = নশ্বর।

খ. তিনটি ফলের সমাহার = ত্রিফলা।

গ. যিনি বিচার করেন = বিচারক।

ঘ. শত্রুকে দমন করে যে = অরিন্দম।

ঙ. ক্ষমার যোগ্য = ক্ষমার্হ।

**০৩. সন্ধি বিচ্ছেদ করুন :** ৫

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| গবেষণা | গো + এষণা |
| চান্দিন | চার + দিন |
| লতৌষধি | লতা + ঔষধি |
| বাঙ্ময় | বাক্ + ময় |
| রাজ্ঞী | রাজ্ + নী |

**০৪. বঙ্গানুবাদ করুন :** ১০

We should bear the courage to say right thing. We should neither fear men nor care for what others would think of us. As long as our purpose is honest God will be on our side. And with his help we shall be able to encourage the weak. Thus we shall be able to march in life and search its goal.

**অনুবাদ :** আমাদের সত্য কথা বলার সাহস থাকা চাই। অন্যকে ভয় পেলে চলবে না এবং আমাদেরকে নিয়ে কে কী ভাবে তা নিয়েও শঙ্কিত হবার কিছু নেই। যত দিন আমাদের উদ্দেশ্য সৎ থাকবে ততদিন স্রষ্টা আমাদের পাশে থাকবে। আর তার সহায়তায় আমরা দুর্বলদেরকে উৎসাহিত করতে সক্ষম হব। এভাবেই আমরা জীবনে এগিয়ে যাব এবং খুঁজে নেব অভীষ্ট লক্ষ্য।

**০৫. Correct any five of the following :** 10

a. The train is running in time.
— The train is running on time.

b. This ship was drowned and the crew sank.
— The ship sank and the crew were drowned.

c. We went to Rajshahi by the train.
— We went to Rajshahi by train.

d. The girl was continued to sing.
— The girl continued to sing.

e. He prevented me to go there.
— He prevented me from going there.

f. Tell me whom did you meet yesterday?
— Tell me whom you met yesterday.

g. What kind of a man are you?
— What kind of man are you?

h. He denied to help me.
— He refused to help me.

i. We went to fetch him.
— We went to bring him back.

j. He went away with bag and baggage.
— He went away bag and baggage.

**০৬. Translate into English :**

ক. জ্ঞান আলোর মতো।
— Knowledge is like light.

খ. দেশপ্রেম একটি মহৎ গুণ।
— Patriotism is a great virtue.

গ. ঢাকা একটি জনবহুল শহর।
— Dhaka is a populous city.

ঘ. সে হাসতে হাসতে ঘরে ঢুকলো।
— He entered the room laughing.

ঙ. নিরক্ষরতা অভিশাপ।
— Illiteracy is a curse.

চ. সে চাকুরি থেকে পদত্যাগ করল।
— He has resigned from service.

ছ. বই মানুষের সবচেয়ে উত্তম সঙ্গী।
— The book is good company for human.

জ. চক চক করলেই সোনা হয় না।
— All that gliters is not gold.

ঝ. সকাল থেকে গুঁড়িগুঁড়ি বৃষ্টি হচ্ছে।
— It has been drizzling since morning.

**০৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪৮ মিটার এবং প্র মিটার হলে ক্ষেত্রফল কত?**

**সমাধান :** দেওয়া আছে,

আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য = ৪৮ মিটার এবং প্রস্থ = ৩৩ মি

∴ আয়তাকার ঘরের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

= (৪৮ × ৩৩) বর্গ মিটার

= ১৫৮৪ বর্গ মিটার **(উত্তর)**

**০৮. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তাহলে $ab$ = কত?**

**সমাধান :** দেওয়া আছে,

$a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$

∴ $a^3 - b^3 = 513$

CamScanner

# ভূমি মন্ত্রণালয়ের হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) কার্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারী ২০১

পরীক্ষার তারিখ : ২০.০৭.২০১৮; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৭০

১. বাংলা স্বরবর্ণের সংখ্যা কতটি ও কী কী? ২
উত্তর : ১১টি। যথা : অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ।

২. বাংলায় পদ কত প্রকার কি কি? ২
উত্তর : পদ ৫ প্রকার। যথা : বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন সালের কত তারিখে জন্মগ্রহণ করেন? ২
উত্তর : ১৯২০ সালের ১৭ই মার্চ।

৪. বাংলাদেশের জাতীয় কবি কে? তিনি কোন সালের কত তারিখে জন্মগ্রহণ করেন? ২
উত্তর : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। তিনি ১৮৯৯ সালের ২৪ মে জন্মগ্রহণ করেন।

৫. 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' বঙ্গবন্ধু এ উক্তিটি কবে কোথায় করেছেন? ২
উত্তর : ১৯৭১ সালের ৭ই মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান)।

৬. সঠিক বানান লিখুন : ৩
উত্তর :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| মুমুর্ষু | মুমূর্ষু |
| বাঙালী | বাঙালি |
| শিহরণ | শিহরন |

৭. 'স্বাধীনতা দিবস' সম্পর্কে পাঁচটি বাক্য লিখুন। ৫
| এ বছর ভালো ফসল হয়েছে | অধিকরণে শূন্য |
| এ বাড়িতে কেউ নেই | অধিকরণে সপ্তমী |
| এ কলমে ভালো লেখা হয় না | করণে সপ্তমী |
| এ সুতায় কাপড় হয় না | করণে সপ্তমী |
| **ক, গ, ঘ** | |
| কাননে কুসুমকলি সকলি ফুটিল | অধিকরণে সপ্তমী |
| কেন বঞ্চিত হব ভোজনে | অপাদানে সপ্তমী |
| কত ধানে কত চাল তা আমি জানি | অপাদানে সপ্তমী |

| বাক্য | কারক ও বিভক্তি |
|---|---|
| কপালের লেখা খণ্ডাবে কে | অধিকরণে ষষ্ঠী |
| কুকর্মে বিরত হও | অপাদানে সপ্তমী |
| কাজে মন দাও | অধিকরণে সপ্তমী |
| কলমের খোঁচা দিও না | করণে ষষ্ঠী |
| গাড়ি স্টেশন ছাড়ল | অপাদানে শূন্য |
| গাছে কাঁঠাল গোঁফে তেল | অধিকরণে সপ্তমী |
| গাঁয়ে মানে না আপনি মোড়ল | কর্তায় সপ্তমী |
| গুরুজনে কর নতি | সম্প্রদানে সপ্তমী |
| গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে | সম্প্রদানে সপ্তমী |
| গৃহহীনে গৃহ দাও | সম্প্রদানে সপ্তমী |
| গরুতে ঘাস খায় | কর্তায় সপ্তমী |
| ঘাটে নৌকা বাঁধা আছে | অধিকরণে সপ্তমী |
| ঘোড়ায় চড়িয়া মদ্দ হাঁটিয়া চলিল | অধিকরণে সপ্তমী |
| ঘরেতে ভ্রমর এলো গুনগুনিয়ে | অধিকরণে সপ্তমী |
| ঘোড়ায় গাড়ি টানে | কর্তায় সপ্তমী |
| **চ, ছ, জ, ট, ড** | |
| চোরে না শুনে ধর্মের কাহিনী | কর্তায় সপ্তমী |
| চোর পালালে বুদ্ধি বাড়ে | কর্তায় শূন্য |
| চণ্ডীদাসে কয় শুন পরিচয় | কর্তায় সপ্তমী |
| চেষ্টায় সব হয় | করণে সপ্তমী |
| ছাগলে কি না খায় | কর্তায় সপ্তমী |

CamScanner

| বাক্য | কারক ও বিভক্তি |
|---|---|
| ছেলেরা বল খেলে | করণে শূন্য |
| ছাদ দিয়া পানি পড়ে | অপাদানে তৃতীয়া |
| ছাদে পানি পড়ে | অপাদানে সপ্তমী |
| জলকে চল | নিমিত্তার্থে চতুর্থী |
| জগতে কীর্তিমান হও সাধনায় | করণে সপ্তমী |
| জিজ্ঞাসিব জনে জনে | কর্মে সপ্তমী |
| জল পড়ে পাতা নড়ে | কর্মে শূন্য |
| জাহাজ হতে দেখলাম | অধিকরণে পঞ্চমী |
| টাকায় টাকা হয় | অপাদানে সপ্তমী |
| টাকায় বাঘের দুধ মেলে | করণে সপ্তমী |
| টাকায় কিনা হয় | করণে সপ্তমী |
| টাকার লোভ ভালো নয় | অপাদানে ষষ্ঠী |
| ডাক্তার ডাক | কর্মে শূন্য |
| ডাক্তারকে ডাক | কর্মে দ্বিতীয়া |
| **ত, দ, ধ, ন** | |
| তিনি শুক্রবারে আসবেন | অধিকরণে সপ্তমী |
| তিনি চট্টগ্রাম যাচ্ছেন | অধিকরণে শূন্য |
| তোমায় যেতে হবে | কর্তায় সপ্তমী |
| তোমার যাওয়া উচিত | কর্তায় ষষ্ঠী |
| তিনি বাড়ি নেই | অধিকরণে শূন্য |
| তিলে তৈল হয় | অপাদানে সপ্তমী |
| তিলে তৈল আছে | অধিকরণে সপ্তমী |
| তোমার দেখা পেলাম | কর্মে ষষ্ঠী |
| তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে | অধিকরণে শূন্য |
| তিনি ব্যাকরণে পণ্ডিত | অধিকরণে সপ্তমী |
| দুঃখীকে দয়া কর | সম্প্রদানে চতুর্থী |
| দীনে দয়া কর | সম্প্রদানে সপ্তমী |
| দিব তোমা শ্রদ্ধা ভক্তি | সম্প্রদানে শূন্য |
| দেশের সেবা কর | সম্প্রদানে ষষ্ঠী |
| দশে মিলি করি কাজ | কর্তায় সপ্তমী |
| ধর্মের কল বাতাসে নড়ে | করণে সপ্তমী |
| ধোপাকে কাপড় দাও | কর্মে দ্বিতীয়া |
| নদীতে মাছ ধরা সহজ নয় | অধিকরণে সপ্তমী |
| নিজের চেষ্টায় রত হও | করণে সপ্তমী |
| নৌকা আছে ঘাটে বাঁধা | অধিকরণে সপ্তমী |
| নতুন ধান্যে হবে নবান্ন | করণে সপ্তমী |
| নদীতে মাছ আছে | অধিকরণে সপ্তমী |
| **প, ফ, ব, ভ, ম** | |
| পাগলে কিনা বলে | কর্তায় সপ্তমী |
| পাখি সব করে রব রাতি পোহাইল | কর্তায় শূন্য |
| পরীক্ষা আসিলে চোখে জল ঝরে | অপাদানে সপ্তমী |
| পাতায় পাতায় পড়ে নিশির শিশির | অধিকরণে সপ্তমী |
| পাছে লোকে কিছু বলে | কর্তায় সপ্তমী |
| পুলিশ চোর ধরেছে | কর্তায় শূন্য |

| বাক্য | কারক ও বিভক্তি |
|---|---|
| পরাজয়ে ডরে না বীর | অপাদানে সপ্তমী |
| পাপে বিরত হও | অপাদানে সপ্তমী |
| পাঠে মনোযোগ দাও | অধিকরণে সপ্তমী |
| ফলে বৃক্ষের পরিচয় | করণে সপ্তমী |
| ফুলের গন্ধে ঘুম আসে না | সম্বন্ধে ষষ্ঠী |
| বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে | অধিকরণে সপ্তমী |
| বাবাকে বড্ড ভয় পাই | অপাদানে দ্বিতীয়া |
| বনে বাঘ থাকে | অধিকরণে সপ্তমী |
| বসন্তে কোকিল ডাকে | অধিকরণে সপ্তমী |
| বাবা আজ বাড়ি নেই | অধিকরণে শূন্য |
| বিপদে মোরে রক্ষা কর | অপাদানে সপ্তমী |
| বিপদে আমি যেন না করি ভয় | অপাদানে সপ্তমী |
| বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দিব কিসে | কর্তায় সপ্তমী |
| বাঘে-মহিষে এক ঘাটে পানি খায় | কর্তায় সপ্তমী |
| বেলা যে পড়ে এল জলকে চল | নিমিত্তার্থে চতুর্থী |
| বাঁশি বাজে | কর্তায় শূন্য |
| মেঘে বৃষ্টি হয় | অপাদানে সপ্তমী |
| ভিখারীকে সাহায্য কর | সম্প্রদানে চতুর্থী |
| ভূতকে আবার কিসের ভয়? | অপাদানে দ্বিতীয়া |
| **য, র, ল, শ, স, হ** | |
| যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয় | অপাদানে ষষ্ঠী |
| রতনে রতন চিনে | কর্তায় সপ্তমী, কর্মে শূন্য |
| রেখ মা দাসেরে মনে | কর্মে দ্বিতীয়া |
| রবীন্দ্রনাথ গীতাঞ্জলি লিখেছেন | কর্মে শূন্য |
| লোভে পাপ, পাপে মৃত্যু | অপাদানে সপ্তমী |
| লাঙল দ্বারা জমি চাষ করা হয় | করণে তৃতীয়া |
| লোকে বলে | কর্তায় সপ্তমী |
| লোকমুখে এ কথা শোনা যায় | অপাদানে সপ্তমী |
| শিক্ষক ছাত্রদের পড়ান | কর্মে ষষ্ঠী |
| শিকারি বিড়াল গোঁফে চেনা যায় | করণে সপ্তমী |
| শিকারি কর্তৃক বাঘ নিহত হলো | কর্মে শূন্য |
| সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা | অধিকরণে সপ্তমী |
| সমিতিতে চাঁদা দাও | সম্প্রদানে সপ্তমী |
| সোনার খাঁচায় রাখব তোমায় | করণে ষষ্ঠী |
| সৎপাত্রে কন্যা দান কর | সম্প্রদানে সপ্তমী |
| সব ঝিনুকে মুক্তা পাওয়া যায় না | অপাদানে সপ্তমী |
| সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয় | অধিকরণে সপ্তমী |
| সরোবরে পদ্ম ফোটে | অধিকরণে সপ্তমী |
| সর্বভূতে ধন দাও | সম্প্রদানে সপ্তমী |
| হাতে না মেরে ভাতে মারব | করণে সপ্তমী |
| হাতের তৈরি জিনিস | করণে ষষ্ঠী |
| হৃদয়ে বুদ বুদ যত | অধিকরণে সপ্তমী |
| হালে যেমন তেমন মইয়ে তুফান | অধিকরণে সপ্তমী |

CamScanner

# ০৪ সমাস

সমাস কথাটির অর্থ হচ্ছে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে আগত।

## সমাসের কয়েকটি পরিভাষা

| | |
|---|---|
| সমস্তপদ | সমাসবদ্ধ বা সমাস নিষ্পন্ন পদটির নাম সমস্তপদ। |
| সমস্যমান পদ | যে যে পদে সমাস হয়, তাদের প্রত্যেককে সমস্যমান পদ বলে। |
| পূর্বপদ | সমাসযুক্ত পদের প্রথম অংশকে বলে পূর্বপদ। |
| পরপদ | সমাসযুক্ত পদের পরবর্তী অংশকে বলে পরপদ বা উত্তর পদ। |
| সমাসবাক্য বা বিগ্রহবাক্য বা ব্যাসবাক্য | সমস্ত পদকে ভাঙলে যে বাক্যাংশ পাওয়া যায় তাকে বলা হয় ব্যাসবাক্য। |

**সমাসের প্রকারভেদ :** সমাস প্রধানত ছয় প্রকার। যথা : দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বিগু ও অব্যয়ীভাব। তবে অর্থের প্রাধান্যের ভিত্তিতে সমাস চার প্রকার। যথা : দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ ও বহুব্রীহি। *[তথ্যসূত্র : নবম-দশম শ্রেণির 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' গ্রন্থ (শিক্ষাবর্ষ ২০২১)]।*

নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ (শিক্ষাবর্ষ ২০২১) গ্রন্থে দ্বিগু ও অব্যয়ীভাব সমাস রাখা হয়নি। দ্বিগু সমাসকে কর্মধারয় সমাসের শ্রেণিভুক্ত দ্বিগু কর্মধারয় সমাসের অন্তর্ভুক্ত করা হয়। এখানে প্রত্যেকটি সমাস আলাদাভাবে আলোচনা করা হয়েছে। তবে দ্বিগু সমাসের ক্ষেত্রে অপশন দেখে উত্তর করতে হবে।

## দ্বন্দ্ব সমাস

দ্বন্দ্ব মানে জোড়া। যে সমাসে সমস্যমান প্রত্যেক পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় দ্বন্দ্ব সমাস। যেমন– মা ও বাবা = মা-বাবা, অহি ও নকুল = অহিনকুল। দ্বন্দ্ব সমাস কয়েক প্রকারে সাধিত হয়। যথা–

| সমাসের নাম | উদাহরণ |
|---|---|
| মিলনার্থক দ্বন্দ্ব | ভাই ও বোন = ভাই-বোন, মাসি ও পিসি = মাসি-পিসি, চা ও বিস্কুট = চা-বিস্কুট |
| বিরোধার্থক দ্বন্দ্ব | দা ও কুমড়া = দা-কুমড়া, অহি ও নকুল = অহি-নকুল, স্বর্গ ও নরক = স্বর্গ-নরক। |
| সমার্থক দ্বন্দ্ব | হাট ও বাজার = হাট-বাজার, ঘর ও দুয়ার = ঘর-দুয়ার, খাতা ও পত্র = খাতা-পত্র |
| বহুপদী দ্বন্দ্ব | তেল-নুন-লাকড়ি; সাহেব-বিবি-গোলাম, হাত-পা-নাক-মুখ-চোখ |
| বিপরীতার্থক দ্বন্দ্ব | আয় ও ব্যয় = আয়-ব্যয়, ছেলে ও বুড়ো = ছেলে-বুড়ো, জমা ও খরচ = জমা-খরচ। |

**অলুক দ্বন্দ্ব :** যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না তাকে অলুক দ্বন্দ্ব বলে। যেমন– দুধে ও ভাতে = দুধেভাতে, দেশে ও বিদেশে = দেশে-বিদেশে, হাতে ও কলমে = হাতে-কলমে, জলে ও স্থলে = জলেস্থলে।

## কর্মধারয় সমাস

বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের যে সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় কর্মধারয় সমাস। যেমন— নীল যে পদ্ম = নীলপদ্ম, মহান যে নবী = মহানবী। কর্মধারয় সমাস কয়েক প্রকার। যথা :

**মধ্যপদলোপী কর্মধারয় :** যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন– সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, বিজয় নির্দেশক পতাকা = বিজয়-পতাকা, চালে ধরে যে কুমড়া = চালকুমড়া, স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ। এরূপ- জ্যোৎস্নারাত, প্রাণভয়, ঘরজামাই, জাদুঘর, রাষ্ট্রনীতি, সংবাদপত্র, একাদশ ইত্যাদি।

**উপমান কর্মধারয় :** উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। যেমন– ভ্রমরের ন্যায় কৃষ্ণকেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে ভ্রমর উপমান, কেশ উপমেয় এবং সাধারণ ধর্ম হলো কৃষ্ণত্ব। তাই বলা যায়, সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যথা : মিশির ন্যায় কালো = মিশকালো, অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা, তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র, কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল। এরূপ– অগ্নিশর্মা, কচুকাটা, কাজলকালো, হস্তিমুখ, বকধার্মিক, বিড়ালতপস্বী, বরফসাদা, বজ্রকঠিন, শিশির-স্নিগ্ধ, সিঁদুররাঙা ইত্যাদি।

**উপমিত কর্মধারয় :** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এক্ষেত্রে সাধারণ গুণটি অনুমান করে নেওয়া হয় এবং উপমেয় পদটি পূর্বে বসে)। যেমন– কুমারী ফুলের ন্যায় = ফুলকুমারী, আঁখি পদ্মের ন্যায় = পদ্মআঁখি, পুরুষ সিংহের ন্যায় = সিংহপুরুষ, কর পল্লবের ন্যায় = করপল্লব, বাহু লতার ন্যায় = বাহুলতা, মুখ চন্দ্রের ন্যায় = চন্দ্রমুখ। এরূপ– চরণকমল, করকমল, করপল্লব, চরণপদ্ম, চাঁদবদন, হাতিমুখ ইত্যাদি।

**রূপক কর্মধারয় :** উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়। এ সমাসে উপমেয় পদ পূর্বে আর উপমান পদ পরে বসে এবং সমস্যমান পদে 'রূপ' বা 'ই' যোগ করে ব্যাসবাক্য গঠন করা হয়। যেমন– দিল রূপ দরিয়া = দিলদরিয়া, বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু, যৌবন রূপ সূর্য = যৌবনসূর্য, মোহ রূপ নিদ্রা = মোহনিদ্রা। এরূপ– কালরাত্রি, কালসর্প, কথামৃত, ক্রোধানল, জীবনতরী, জ্ঞানবৃক্ষ, দেশমাতৃকা, ভবসিন্ধু ইত্যাদি।

CamScanner

## তৎপুরুষ সমাস

যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় তৎপুরুষ সমাস। যেমন— ঢেঁকি দ্বারা ছাঁটা = ঢেঁকিছাঁটা।

| সমাসের নাম | উদাহরণ |
|---|---|
| দ্বিতীয়া তৎপুরুষ সমাস | সাহায্যকে প্রাপ্ত = সাহায্যপ্রাপ্ত, বইকে পড়া = বইপড়া |
| তৃতীয়া তৎপুরুষ সমাস | মন দ্বারা গড়া = মনগড়া, মধু দিয়ে মাখা = মধুমাখা |
| চতুর্থী তৎপুরুষ সমাস | দেবকে দত্ত = দেবদত্ত, মুক্তির জন্য যুদ্ধ = মুক্তিযুদ্ধ |
| পঞ্চমী তৎপুরুষ সমাস | স্কুল থেকে পালানো = স্কুলপালানো |
| ষষ্ঠী তৎপুরুষ সমাস | পিতার তুল্য = পিতৃতুল্য, রাজার পুত্র = রাজপুত্র |
| সপ্তমী তৎপুরুষ সমাস | গাছে পাকা = গাছপাকা, দিবায় নিদ্রা = দিবানিদ্রা |
| নঞ তৎপুরুষ সমাস | ন আদর = অনাদর, ন আচার = অনাচার; এরূপ– নাতিদীর্ঘ, নাতিখর্ব, অভাব, বেতাল |
| অলুক তৎপুরুষ সমাস | গরুর গাড়ি = গরুরগাড়ি; এরূপ— ঘিয়ে ভাজা, কলে ছাঁটা, কলের গান, তেলে ভাজা, সোনার বাংলা ইত্যাদি। |

**উপপদ তৎপুরুষ :** যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন– জলে চরে যা = জলচর, জল দেয় যে = জলদ, পঙ্কে জন্মে যা = পঙ্কজ। এরূপ– গৃহস্থ, সত্যবাদী, ইন্দ্রজিৎ, ছেলেধরা, ধামাধরা, পকেটমার, মাছিমারা, ছারপোকা, ঘরপোড়া, বর্ণচোরা, গলাকাটা, পা-চাটা, ছা-পোষা ইত্যাদি।

## বহুব্রীহি সমাস

যে সমাসের সমস্তপদে পূর্বপদ ও পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান না হয়ে অন্য একটি পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহুব্রীহি = বহু ব্রীহি (ধান) আছে যার। এরূপ— মহাত্মা, নীলবাসনা, ধীরবুদ্ধি, সহোদর, নদীমাতৃক, বিপত্নীক, পদ্মনাভ, যুবজানি, চন্দ্রচূড়, মৎস্যগন্ধা, কমলাক্ষ, সলজ্জ, স্বচ্ছসলিলা ইত্যাদি।

| সমাসের নাম | উদাহরণ |
|---|---|
| সমানাধিকরণ বহুব্রীহি | নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ, লাল পাড় যে শাড়ির = লালপেড়ে, খোশ মেজাজ যার = খোশমেজাজ |
| ব্যধিকরণ বহুব্রীহি | বীণা পাণিতে যার = বীণাপাণি, আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ, গোঁফে খেজুর যার = গোঁফখেজুরে |
| মধ্যপদলোপী বহুব্রীহি | হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি, গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ |
| ব্যতিহার বহুব্রীহি | কানে কানে যে কথা = কানাকানি; লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি |
| অলুক বহুব্রীহি | মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি, কানে খাটো যে = কানেখাটো |
| নঞ বহুব্রীহি | নয় জানা যা = অজানা, ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান |
| প্রত্যয়ান্ত বহুব্রীহি | দো (দুদিকে) টান যার = দোটানা |
| সংখ্যাবাচক বহুব্রীহি | চার ভুজ যে ক্ষেত্রের = চতুর্ভুজ, সে (তিন) তার যে যন্ত্রের = সেতার, চৌ চাল যে ঘরের = চৌচালা |
| নিপাতনে সিদ্ধ বহুব্রীহি | যে বহুব্রীহি সমাস কোনো নিয়মের অধীনে নয়, তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি বলে। যেমন– দু দিকে অপ যার = দ্বীপ, অন্তর্গত অপ যার = অন্তরীপ। এরূপ– নরপশু, জীবন্মৃত, পণ্ডিতমূর্খ ইত্যাদি। |

## দ্বিগু সমাস

যে সমাসে পূর্বপদটি সংখ্যাবাচক বিশেষণ হয়ে সমাহার বা সমষ্টি বুঝায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন— তিন পদের সমাহার = ত্রিপদী, তিন প্রান্তরের সমাহার = তেপান্তর। এরূপ— ত্রিকাল, চৌরাস্তা, তেমাথা, শতাব্দী, পঞ্চবটী, চতুরঙ্গ, পঞ্চভূত, ত্রিমোহিনী, সাতসমুদ্র, শতবর্ষ, ত্রিরত্ন, অষ্টধাতু ইত্যাদি। উল্লেখ্য, নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ (শিক্ষাবর্ষ ২০২১) গ্রন্থে 'দ্বিগু' সমাসকে 'দ্বিগু কর্মধারয়' সমাসের অন্তর্ভুক্ত করা হয়েছে।

## অব্যয়ীভাব সমাস

পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন– মরণ পর্যন্ত = আমরণ। সামীপ্য (নৈকট্য), বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। নিচে কয়েকটি উদাহরণ দেয়া হলো :

| অর্থ | সমাস |
|---|---|
| ১. সামীপ্য (উপ) | কণ্ঠের সমীপে = উপকণ্ঠ, কূলের সমীপে = উপকূল |
| ২. বিপ্সা (অনু, প্রতি) | দিন দিন = প্রতি দিন, ক্ষণ ক্ষণ = অনুক্ষণ |
| ৩. অভাব (নিঃ = নির) | আমিষের অভাব = নিরামিষ, ভাবনার অভাব = নির্ভাবনা |
| ৪. পর্যন্ত (আ) | সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত = আসমুদ্রহিমাচল, পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক |
| ৫. সাদৃশ্য (উপ) | শহরের সদৃশ = উপশহর, গ্রহের তুল্য = উপগ্রহ, বনের সদৃশ = উপবন |
| ৬. অনতিক্রম্যতা (যথা) | রীতিকে অতিক্রম না করে = যথারীতি, সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য |
| ৭. অতিক্রান্ত (উৎ) | বেলাকে অতিক্রান্ত = উদ্বেল, শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল |
| ৮. বিরোধ (প্রতি) | বিরুদ্ধ বাদ = প্রতিবাদ, বিরুদ্ধ কূল = প্রতিকূল |
| ৯. পশ্চাৎ (অনু) | পশ্চাৎ গমন = অনুগমন, পশ্চাৎ ধাবন = অনুধাবন |
| ১০. ঈষৎ (আ) | ঈষৎ নত = আনত, ঈষৎ রক্তিম = আরক্তিম |

## বিশেষ অর্থে কয়েকটি সমাস

**প্রাদি সমাস :** প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ-প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তাকে প্রাদি সমাস বলে। যেমন– প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন। এরূপ— পরিভ্রমণ, অনুতাপ, প্রভাব, প্রভাত, প্রগতি।

**নিত্য সমাস :** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন– অন্য গ্রাম = গ্রামান্তর, দুই এবং নব্বই = বিরানব্বই। এরূপ— দর্শনমাত্র, গৃহান্তর, কালসাপ, আমরা (একশেষ দ্বন্দ্ব সমাসও হয়), কালান্তর, দেশান্তর, নামান্তর ইত্যাদি।

**সুপসুপা সমাস :** বিভক্তিযুক্ত এক পদের সঙ্গে অন্য এক বিভক্তিযুক্ত পদের যে সমাস হয়, তাকে সুপসুপা সমাস বলে। যেমন– পূর্বে ভূত = ভূতপূর্ব, রাত্রির মধ্য = মধ্যরাত, পূর্বে দৃষ্ট = দৃষ্টপূর্ব।

CamScanner

# গুরুত্বপূর্ণ সমাসের উদাহরণ

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| **দ্বন্দ্ব সমাস** | |
| আদ্যোপান্ত | আদ্য ও উপান্ত |
| ইতর-ভদ্র | ইতর ও ভদ্র |
| কুশীলব | কুশ ও লব |
| ক্ষুৎপিপাসা | ক্ষুধা ও পিপাসা |
| ধুতি-চাদর | ধুতি ও চাদর |
| পুঙ্খানুপুঙ্খ | পুঙ্খ ও অনুপুঙ্খ |
| হাট-বাজার | হাট ও বাজার |
| হিতাহিত | হিত ও অহিত |
| হ্রাসবৃদ্ধি | হ্রাস ও বৃদ্ধি |
| পথে-প্রান্তরে | পথে ও প্রান্তরে |
| বনেবাদাড়ে | বনে ও বাদাড়ে |
| **তৎপুরুষ সমাস** | |
| **দ্বিতীয়া তৎপুরুষ** | |
| চিরসুখী | চিরকালব্যাপী সুখী |
| জ্ঞানার্জন | জ্ঞানকে অর্জন |
| নদীশাসন | নদীকে শাসন |
| বেগসংবরণ | বেগকে সংবরণ |
| ভারপ্রাপ্ত | ভারকে প্রাপ্ত |
| মূল্যনিরূপণ | মূল্যকে নিরূপণ |
| রথদেখা | রথকে দেখা |
| হলুদ-বাটা | হলুদকে বাটা |
| বিপদাপন্ন | বিপদকে আপন্ন |
| **তৃতীয়া তৎপুরুষ** | |
| ঈশ্বরদত্ত | ঈশ্বর কর্তৃক দত্ত |
| ক্ষুধার্ত | ক্ষুধা দ্বারা আর্ত |
| ছায়াশীতল | ছায়া দ্বারা শীতল |
| জবানবন্দি | জবান দ্বারা বন্দি |
| তাসখেলা | তাস দিয়ে খেলা |
| তমসাচ্ছন্ন | তমসা দ্বারা আচ্ছন্ন |
| দেশবরেণ্য | দেশ কর্তৃক বরেণ্য |
| পুষ্পাঞ্জলি | পুষ্প দিয়ে অঞ্জলি |
| বাগ্‌দত্তা | বাক্ দ্বারা দত্তা |
| মাতৃহীন | মাতা দ্বারা হীন |
| রক্তাক্ত | রক্ত দ্বারা অক্ত |
| **চতুর্থী তৎপুরুষ** | |
| ছাত্রাবাস | ছাত্রদের জন্য আবাস |
| জলকর | জলের নিমিত্ত কর |
| ডাকমাশুল | ডাকের জন্য মাশুল |
| পোস্ট-অফিস | পোস্টের নিমিত্ত অফিস |

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| ফাঁসিকাঠ | ফাঁসির নিমিত্ত কাঠ |
| সেচন-কলস | সেচনের নিমিত্ত কলস |
| হজযাত্রা | হজের জন্য যাত্রা |
| **পঞ্চমী তৎপুরুষ** | |
| আশ্রয়চ্যুত | আশ্রয় থেকে চ্যুত |
| ঋণমুক্ত | ঋণ থেকে মুক্ত |
| জেলমুক্ত | জেল থেকে মুক্ত |
| দেশপলাতক | দেশ থেকে পলাতক |
| ধর্মভীরু | ধর্ম থেকে ভীরু |
| পথভ্রষ্ট | পথ থেকে ভ্রষ্ট |
| প্রাণপ্রিয় | প্রাণের চেয়ে প্রিয় |
| বোঁটাখসা | বোঁটা থেকে খসা |
| রোগমুক্ত | রোগ থেকে মুক্ত |
| **ষষ্ঠী তৎপুরুষ** | |
| অর্ধপথ | পথের অর্ধ |
| কবিগুরু | কবিদের গুরু |
| গন্ধবণিক | গন্ধের বণিক |
| ছাগদুগ্ধ | ছাগীর দুগ্ধ |
| পুষ্পসৌরভ | পুষ্পের সৌরভ |
| বিজয়-পতাকা | বিজয়ের পতাকা |
| বিদ্যাসাগর | বিদ্যার সাগর |
| মৌচাক | মৌ (মধু) এর চাক |
| মৃগশিশু | মৃগীর শিশু |
| মৃতপ্রায় | মৃতের প্রায় |
| রক্তক্ষরণ | রক্তের ক্ষরণ |
| রাজকুমার | রাজার কুমার |
| রাজনীতি | রাজার নীতি |
| রাজপথ | পথের রাজা |
| রাজহংস | হংসের রাজা |
| সাহিত্যচর্চা | সাহিত্যের চর্চা |
| স্বাক্ষর | স্ব (নিজ) এর অক্ষর |
| **সপ্তমী তৎপুরুষ** | |
| অকালপক্ব | অকালে পক্ব |
| কল্পনাবিলাস | কল্পনাতে বিলাস |
| তালকানা | তালে কানা |
| পাপমতি | পাপে মতি |
| বনভোজন | বনে ভোজন |
| রথারোহণ | রথে আরোহণ |
| সলিলসমাধি | সলিলে সমাধি |

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| **উপপদ তৎপুরুষ** | |
| ইন্দ্রজিৎ | ইন্দ্রকে জয় করেছে |
| ক্ষীণজীবী | ক্ষীণভাবে বাঁচে যে |
| খেচর | খে (আকাশে) চরে |
| জাদুকর | জাদু করে যে |
| ধামাধরা | ধামা ধরে যে |
| পকেটমার | পকেট মারে যে |
| মাছিমারা | মাছি মারে যে |
| মৃত্যুঞ্জয় | মৃত্যুকে জয় করেছে |
| শ্মশানচারী | শ্মশানে চরে যে |
| স্বর্ণকার | স্বর্ণ (অলংকার) তৈরি কর |
| **অলুক তৎপুরুষ** | |
| গানের আসর | গানের আসর |
| চোখের-বালি | চোখের বালি |
| কলুর বলদ | কলুর বলদ |
| খেলার মাঠ | খেলার মাঠ |
| ঘোড়ার গাড়ি | ঘোড়ার গাড়ি |
| **নঞ্ তৎপুরুষ** | |
| অকাতর | নয় কাতর |
| অনতিবৃহৎ | নয় অতিবৃহৎ |
| অনাবৃষ্টি | নেই বৃষ্টি |
| অনুচিত | ন উচিত |
| অপর্যাপ্ত | নয় পর্যাপ্ত |
| আগাছা | নয় গাছ |
| **বহুব্রীহি সমাস** | |
| অঙ্কনকুশল | অঙ্কনে কুশল আছে যার |
| অধর্ম | ধর্ম নাই যাতে |
| আধ্যাত্মিক | অধ্যাত্ম বিষয়ে জ্ঞান আছে যার |
| আনমনা | আন (অন্য) দিকে মন যার |
| আয়তলোচন | আয়ত লোচন যার |
| উনপাঁজুরে | উন (দুর্বল) পাঁজর যা |
| উর্ণনাভ | উর্ণা নাভিতে যার |
| ক্ষীণপ্রভা | ক্ষীণ প্রভা যার |
| তিমিরকুন্তলা | তিমিরের ন্যায় কুন্তল যার |
| দশগজি | দশ গজ পরিমাণ যার |
| নদীমাতৃক | নদী মাতা যার |
| পদ্মনাভ | পদ্ম নাভিতে যার |
| পীতাম্বর | পীত অম্বর যার |
| বিমনা | বিচলিত মন যার |
| মন্দভাগ্য | মন্দভাগ্য যার |
| মাতৃহীন | মাতা নেই যার |

CamScanner

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| মৃগনয়না | মৃগের ন্যায় নয়ন যার |
| শতবার্ষিকী | শত বর্ষপূর্তি উপলক্ষ্যে যে অনুষ্ঠান |
| সতীর্থ | সমান তীর্থ যাদের |
| সপুত্র | পুত্রের সঙ্গে বর্তমান |
| সমুজ্জ্বল | সম উজ্জ্বল যা |
| শশাঙ্ক | শশ অঙ্ক যার |
| সহোদর | সমান (একই) উদর যার |
| হাভাতে | ভাতের অভাব যার |
| হাঘরে | ঘরের অভাব যার |
| গজানন | গজের ন্যায় আনন যার |
| মৃগলোচনা | মৃগের ন্যায় লোচন যার |
| **ব্যতিহার বহুব্রীহি** | |
| কোলাকুলি | কোলে কোলে যে মিলন |
| চুলাচুলি | চুল টেনে টেনে যে যুদ্ধ |
| হাসাহাসি | হাসতে হাসতে যে ক্রিয়া |
| গলাগলি | গলায় গলায় যে মিলন |
| রক্তারক্তি | রক্তপাত করে যে যুদ্ধ |
| হাতাহাতি | হাতে হাতে যে দ্বন্দ্ব |
| **নঞ্ বহুব্রীহি** | |
| অকৃতজ্ঞ | নেই কৃতজ্ঞতা যার |
| অপার্থিব | নয় পার্থিব যা |
| অবোধ | নেই বোধ যার |
| নিরক্ষর | নেই অক্ষরজ্ঞান যার |
| নিরামিষ | আমিষ নেই যাতে |
| নির্ভীক | নেই ভয় যার |
| বেওয়ারিশ | নেই ওয়ারিশ যার |
| বেতার | নেই তার যাতে |
| বেহায়া | নেই হায়া (লজ্জা) যার |
| **অলুক বহুব্রীহি** | |
| মুখেভাত | মুখে ভাত দেয়া হয় যে অনুষ্ঠানে |
| মাথায় পাগড়ি | মাথায় পাগড়ি যার |
| গলায় গামছা | গলায় গামছা যার |
| পায়েবেড়ি | পায়ে বেড়ি আছে যার |
| **কর্মধারয় সমাস** | |
| অলসতন্দ্রা | অলস যে তন্দ্রা |
| আগ্নেয়গিরি | আগ্নেয় যে গিরি |
| আলুভাজা | ভাজা যে আলু |
| গুরুভার | গুরু যে ভার |
| চালাকচতুর | যে চালাক সেই চতুর |
| কাঁচাপাকা | যা কাঁচা তাই পাকা |
| রাজর্ষি | যিনি রাজা তিনিই ঋষি |
| জজসাহেব | যিনি জজ তিনিই সাহেব |
| নিমরাজি | নিম (অল্প) যে রাজি |

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| নীলাম্বর | নীল যে অম্বর |
| প্রিয়সখা | প্রিয় যে সখা |
| মিঠাকড়া/মিঠেকড়া | যা মিঠা তাই কড়া |
| রাঙামাটি | রাঙা যে মাটি |
| সংগ্রহগ্রন্থ | সংগৃহীত যে গ্রন্থ |
| হারামণি | হারানো যে মণি |
| হৃষ্টপুষ্ট | যিনি হৃষ্ট তিনিই পুষ্ট |
| **মধ্যপদলোপী কর্মধারয়** | |
| আয়কর | আয়ের ওপর কর |
| উর্ণাজাল | উর্ণা নির্মিত জাল |
| খেয়াঘাট | খেয়া পারাপারের ঘাট |
| ঘরজামাই | (শ্বশুরের) ঘরে আশ্রিত জামাই |
| জয়পতাকা | জয়সূচক পতাকা |
| জয়মুকুট | জয়সূচক মুকুট |
| ডাকগাড়ি | ডাক বহনকারী গাড়ি |
| পলান্ন | পল (মাংস) মিশ্রিত অন্ন |
| প্রীতিভোজ | প্রীতি জনক ভোজ |
| বরযাত্রী | বরানুগত যাত্রী |
| বিরানব্বই | বি (দ্বি) অধিক নব্বই |
| ভিক্ষান্ন | ভিক্ষায় লব্ধ অন্ন |
| মৌমাছি | মৌ (মধু) আশ্রিত মাছি |
| শিক্ষামন্ত্রী | শিক্ষা বিষয়ক মন্ত্রী |
| সন্ধ্যাপ্রদীপ | সন্ধ্যা বেলায় জ্বালানো প্রদীপ |
| হাতঘড়ি | হাতে পরা হয় যে ঘড়ি |
| হাতপাখা | হাতে চালিত পাখা |
| **উপমান কর্মধারয়** | |
| তুষারধবল | তুষারের ন্যায় ধবল |
| তুষারশীতল | তুষারের ন্যায় শীতল |
| দুগ্ধধবল | দুগ্ধের ন্যায় ধবল |
| বকধার্মিক | বকের (বকের স্বভাবের) ন্যায় ধার্মিক |
| বজ্রকণ্ঠ | বজ্রের ন্যায় কণ্ঠ |
| রক্তলাল | রক্তের ন্যায় লাল |
| শশব্যস্ত | শশকের ন্যায় ব্যস্ত |
| হস্তীমূর্খ | হস্তীর ন্যায় মূর্খ |
| **উপমিত কর্মধারয়** | |
| করকমল | কর কমলের ন্যায় |
| চাঁদমুখ | চাঁদের ন্যায় মুখ |
| মুখচন্দ্র | মুখ চন্দ্রের ন্যায় |
| চন্দ্রমুখ | চন্দ্রের ন্যায় মুখ |
| নরসিংহ | নর সিংহের ন্যায় |
| চরণকমল | চরণ কমলের ন্যায় |
| বদ্বীপ | ব-এর মতো দ্বীপ |
| রক্তকমল | কমল রক্তের ন্যায় |

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য |
|---|---|
| **রূপক কর্মধারয়** | |
| ক্রোধানল | ক্রোধ রূপ অনল |
| জীবনবারি | জীবন রূপ বারি |
| বিদ্যাধন | বিদ্যা রূপ ধন |
| মনমাঝি | মন রূপ মাঝি |
| ভবনদী | ভব রূপ নদী |
| শোকাগ্নি | শোক রূপ অগ্নি |
| শোকানল | শোক রূপ অনল |
| সংসার-সমুদ্র | সংসার রূপ সমুদ্র |
| **দ্বিগু/দ্বিগু কর্মধারয় সমাস** | |
| চৌমুহনী | চৌ (চার) মোহনার সমাহার |
| নবরত্ন | নব রত্নের সমাহার |
| শতবর্ষ | শত বর্ষের সমাহার |
| সপ্তর্ষি | সপ্ত ঋষির সমাহার |
| পঞ্চনদ | পঞ্চ নদের সমাহার |
| **নিত্য সমাস** | |
| ঘোলাটে | ঈষৎ ঘোলা |
| তন্মাত্র | কেবল তা |
| দ্বীপান্তর | অন্য দ্বীপ |
| ভাষান্তর | অন্য ভাষা |
| **অব্যয়ীভাব সমাস** | |
| অতীন্দ্রিয় | ইন্দ্রিয়কে অতিক্রম করে |
| অণুক্ষণ | ক্ষণে ক্ষণে |
| আকর্ণ | কর্ণ পর্যন্ত |
| আজানু | জানু পর্যন্ত |
| আমূল | মূল পর্যন্ত |
| আরক্ত | ঈষৎ রক্ত |
| আলুনি | নুনের অভাব |
| আসমুদ্র | সমুদ্র পর্যন্ত |
| উপভাষা | ভাষার সদৃশ |
| গরমিল | মিলের অভাব |
| দুর্ভিক্ষ | ভিক্ষার অভাব |
| বেহায়া | হায়ার অভাব |
| যথাশক্তি | শক্তিকে অতিক্রম না করে |
| হররোজ | রোজ রোজ |
| হাভাত | ভাতের অভাব |
| **প্রাদি সমাস** | |
| উদ্বাস্তু | উৎ (ত্যক্ত) বাস্তু |
| প্রতিহিংসা | প্রতি যে হিংসা |
| প্রশিক্ষিত | প্র (প্রকৃষ্ট) শিক্ষিত |
| প্রত্যহ | প্রতি অহ |

CamScanner

# ০৫ প্রত্যয়

- ধাতু বা শব্দের পরে ভিন্ন ভিন্ন অর্থে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেগুলোই—প্রত্যয়।
- 'প্রকৃতি' বলতে বোঝায়—শব্দ ও ধাতুর মূল।
- প্রকৃতি মূলত—দুই প্রকার (নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি)।
- ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে—কৃৎ প্রত্যয়।
- গুণ ও বৃদ্ধি বলা হয়—কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে।
- ধাতুর পরে কৃৎ প্রত্যয় যোগ হয়ে যে শব্দ গঠিত হয় তাকে বলা হয়—কৃদন্ত শব্দ।
- উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য—উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে।
- বিভক্তিহীন নাম শব্দকে বলে—প্রাতিপদিক।
- বাংলা তদ্ধিত-প্রত্যয় দিয়ে গঠিত শব্দ—জুতানো।

- প্রত্যয় দুই প্রকার। যথা— ১. কৃৎ প্রত্যয় ২. তদ্ধিত প্রত্যয়।

১. **কৃৎ প্রত্যয়** : ধাতু বা ক্রিয়ার সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে প্রত্যয় বলে। যেমন– √ রাঁধ + উনি = রাঁধুনি (উনি) মিল + আই = মিলাই (আই); √ ডুব্ + অন্ত = ডু (অন্ত)। এখানে 'উনি', 'আই' ও 'অন্ত' এগুলো কৃৎ প্রত্য

কৃৎ প্রত্যয় দুই প্রকার। যথা :

১. সংস্কৃত কৃৎ প্রত্যয়, ২. বাংলা কৃৎ প্রত্যয়।

২. **তদ্ধিত প্রত্যয়** : শব্দের সঙ্গে (শেষে) যেসব প্রত্যয় যে নতুন শব্দ গঠিত হয়, তাদেরকে বলে তদ্ধিত প্রত্যয়। য বর্ষ + ইক = বার্ষিক। বন্ধু + অ = বান্ধব। এখানে ইক, তদ্ধিত প্রত্যয়। তদ্ধিত প্রত্যয় তিন প্রকার। যথা :

১. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়, ২. বাংলা তদ্ধিত প্রত্যয় ৩. বিদেশি তদ্ধিত প্রত্যয়।

## কতিপয় গুরুত্বপূর্ণ প্রকৃতি ও প্রত্যয়

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| আকস্মিক | অকস্মাৎ + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| ঈশ্বর | √ঈশ্ + বর | কৃৎ প্রত্যয় |
| উড়ন্ত | √উড় + অন্ত | কৃৎ প্রত্যয় |
| উক্তি | √বচ্ + ক্তি | কৃৎ প্রত্যয় |
| কর্তব্য | √কৃ + তব্য | কৃৎ প্রত্যয় |
| গেঁয়ো | গাঁ + ইয়া = গাঁইয়া > গেঁয়ো | তদ্ধিত প্রত্যয় |
| গেছো | গাছ + উয়া = গাছুয়া > গেছো | তদ্ধিত প্রত্যয় |
| জেলে | জাল + ইয়া = জালিয়া > জেলে | তদ্ধিত প্রত্যয় |
| ঝলক | √ঝল্ + অক | কৃৎ প্রত্যয় |
| ডুবন্ত | √ডুব্ + অন্ত | কৃৎ প্রত্যয় |
| দর্শনীয় | √দৃশ্ + অনীয় | কৃৎ প্রত্যয় |
| দোলনা | √দুল্ + অনা = দুলনা > দোলনা | কৃৎ প্রত্যয় |
| নীলিমা | নীল + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| পাথুরে | পাথর + ইয়া = পাথরিয়া > পাথুরে | তদ্ধিত প্রত্যয় |
| বার্ষিক | বর্ষ + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| বৈজ্ঞানিক | বিজ্ঞান + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| মেছো | মাছ + উয়া = মাছুয়া > মেছো | তদ্ধিত প্রত্যয় |
| খেলনা | √খেল্ + অনা | বাংলা কৃৎ প্রত্যয় |
| সর্বাঙ্গীণ | সর্বাঙ্গ + ঈন | তদ্ধিত প্রত্যয় |
| কুসুমিত | কুসুম + ইত | তদ্ধিত প্রত্যয় |
| বুদ্ধিমান | বুদ্ধি + মতুপ্ | তদ্ধিত প্রত্যয় |
| সূর্য | √সৃ + য | কৃৎ প্রত্যয় |
| বর্ধমান | √বৃধ্ + শানচ | কৃৎ প্রত্যয় |
| সৌভাগ্য | সুভগ + ষ্ণ্য | তদ্ধিত প্রত্যয় |
| পার্থিব | পৃথিবী + ষ্ণ | তদ্ধিত প্রত্যয় |
| অন্তিম | অন্ত + ইম্ | তদ্ধিত প্রত্যয় |
| আগ্নেয় | অগ্নি + ঢেয়(এয়) | তদ্ধিত প্রত্যয় |

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| আত্মীয় | আত্মন্ + ঈয় | তদ্ধিত প্রত্যয় |
| উক্ত | √বচ্ + ক্ত | কৃৎ প্রত্যয় |
| ঐতিহাসিক | ইতিহাস + ইক | তদ্ধিত প্রত্যয় |
| ওষ্ঠ্য | ওষ্ঠ + য | তদ্ধিত প্রত্যয় |
| কান্না | √কাঁদ + না | কৃৎ প্রত্যয় |
| গমন | √গম্ + অন | কৃৎ প্রত্যয় |
| গরিমা | গুরু + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| ঘুমন্ত | √ঘুম্ + অন্ত | কৃৎ প্রত্যয় |
| চরণ | √চর্ + অন | কৃৎ প্রত্যয় |
| চিরুনি | √চির্ + উনি = চিরনি > চিরুনি | কৃৎ প্রত্যয় |
| ছাত্র | ছত্র + অ | তদ্ধিত প্রত্যয় |
| জীবন্ত | √জীব্ +অন্ত | কৃৎ প্রত্যয় |
| জলীয় | জল + ঈয় | তদ্ধিত প্রত্যয় |
| জয় | √জি + অল্ | কৃৎ প্রত্যয় |
| ঝরনা | √ঝর্ + না | কৃৎ প্রত্যয় |
| ঝাড়ুদার | ঝাড়ু + দার | তদ্ধিত প্রত্যয় |
| ঢাকাই | ঢাকা + আই | তদ্ধিত প্রত্যয় |
| দর্শন | √দৃশ + অন | কৃৎ প্রত্যয় |
| ধার্মিক | ধর্ম + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| নয়ন | √নী + অন | কৃৎ প্রত্যয় |
| নায়ক | √নী + ণক (অক) | কৃৎ প্রত্যয় |
| পবন | √পূ + অন | কৃৎ প্রত্যয় |
| পড়ুয়া | √পড় + উয়া | কৃৎ প্রত্যয় |
| পাঠক | √পঠ্ + অক | কৃৎ প্রত্যয় |
| ফুটন্ত | √ফুট্ + অন্ত | কৃৎ প্রত্যয় |
| বক্তা | √বচ্ + তৃচ (তা) | কৃৎ প্রত্যয় |
| বর্ধিষ্ণু | √বৃধ্ + ইষ্ণু | কৃৎ প্রত্যয় |

CamScanner

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| বাঁশি | বাঁশ + ই | তদ্ধিত প্রত্যয় |
| ভক্তি | √ভজ্ + ক্তি | কৃৎ প্রত্যয় |
| ভৌগোলিক | ভূগোল + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| মুক্ত | √মুচ্ + ক্ত | কৃৎ প্রত্যয় |
| মেঠো | মাঠ + উয়া = মাঠুয়া > মেঠো | তদ্ধিত প্রত্যয় |
| রান্না | √রাঁধ্ + না = রাঁধনা > রান্না | কৃৎপ্রত্যয় |

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| লেখক | √লিখ্ + ণক(অক) | কৃৎ প্রত্যয় |
| শৈশব | শিশু + ষ্ণ | তদ্ধিত প্রত্যয় |
| সাহিত্যিক | সাহিত্য + ষ্ণিক (ইক) | তদ্ধিত প্রত্যয় |
| সিক্ত | √সিচ্ + ক্ত (সিক্ + ত) | কৃৎ প্রত্যয় |
| সুপ্ত | √স্বপ্ + ক্ত | কৃৎ প্রত্যয় |
| হাতুড়ে | হাত + উড়িয়া = হাতুড়িয়া>হাতুড়ে | তদ্ধিত প্রত্যয় |

## ০৬ সমার্থক শব্দ

অগ্নি : আগুন, বহ্নি, অনল, পাবক, হুতাশন, দহন, সর্বভুক, সর্বশুচি, বৈশ্বানর, কৃশানু, শিখা, শিখিন, হুতভুক, বায়ুসখা।

অশ্ব : ঘোড়া, ঘোটক, তুরগ, তুরঙ্গম, তুরঙ্গ, হয়, বাজী, বামী, টাঙ্গন, সৈন্ধব, হ্রেষী, মরুদ্রথ।

আকাশ : আসমান, অম্বর, গগন, ব্যোম, নভঃ, নভোমণ্ডল, অন্তরিক্ষ, শূন্য, দ্যু, ছায়ালোক, নীলিমা, অভ্র, খ, অনন্ত, খগোল, খলোক।

কপাল : ললাট, ভাল, ভাগ্য, অলিক, অদৃষ্ট, নিয়তি।

কূল : কিনারা, তট, তীর, পুলিন, পাড়।

কন্যা : মেয়ে, তনয়া, নন্দিনী, দুহিতা, আত্মজা, দুলালি।

কিরণ : কর, আলো, রশ্মি, প্রভা, দীপ্তি, অংশু, আলোক, বিভা, ময়ূখ।

কোকিল : অন্যপুষ্ট, কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, বসন্তদূত, পিক, মধুসখ, মধুস্বর।

কাক : বায়স, পরভৃৎ, বৃক, বলিভুক।

কপোল : গাল, গণ্ডদেশ, মুখবিবর।

কেশ : কবরী, চুল, চিকুর, কুন্তল, কেশপাশ, কেশদাম, অলক।

গা : শরীর, গাত্র, দেহ, তনু, কায়া, অবয়ব।

গৃহ : ঘর, ধাম, আবাস, আলয়, নিলয়, নিকেতন, ভবন, সদন, বাড়ি, বাটি, নিবাস, আগার, কক্ষ, বাসস্থান, আশ্রয়, নিকেতন।

চন্দ্র : চাঁদ, শশধর, নিশাকর, সুধাকর, কুমুদনাথ, সিতাংশু, কলাভৃৎ, কলাধর, মৃগাঙ্ক, শশী, নিশানাথ, দ্বিজরাজ, নিশাকান্ত, নিশাপতি, ইন্দু, চন্দ্রমা, হিমকর, কলানিধি, সুধানিধি, বহিমাংশু, সুধাংশু, শীতাংশু, সোম, শশাঙ্ক।

চক্ষু : আঁখি, চোখ, অক্ষি, দর্শন, ঈক্ষণ, দৃষ্টি, দৃক, নেত্র, নয়ন।

জল : পানি, পানীয়, বারি, সলিল, পয়ঃ, অম্বু, নীর, উদক, জীবন, অপ, অম্ভ, তোয়, অর্ণ।

ঢেউ : তরঙ্গ, ঊর্মি, বীচি, লহরি, কল্লোল, হিল্লোল, মহাতরঙ্গ, তরঙ্গমালা, মহোর্মি।

নদী : স্রোতঃস্বিনী, তটিনী, তরঙ্গিণী, প্রবাহিণী, শৈবলিনী, কল্লোলিনী, গাঙ, সরিৎ, স্রোতঃস্বতী, নির্ঝরিণী, কূলবতী।

নারী : রমণী, স্ত্রীলোক, রমা, অবলা, মহিলা, বনিতা, কামিনী, ললনা, কান্তা।

পুত্র : ছেলে, তনয়, নন্দন, সুত, দুলাল, আত্মজ, অঙ্গজ।

পদ্ম : পঙ্কজ, সরোজ, সরসিজ, কমল, নলিন, উৎপল, শতদল, কুবলয়, তামরস, অরবিন্দ, সরোবর, ইন্দীবর, কোকনদ, কুমুদ, পুণ্ডরীক, পুষ্কর, রাজীব।

পৃথিবী : ধরা, ধরণি, ধরিত্রী, মহী, মেদিনী, ক্ষিতি, অবনী, বসুন্ধরা, বসুমতী, পৃথ্বী, দুনিয়া, বসুধা, ভূ, ভূমণ্ডল, জগৎ, মর্ত্য, ব্রহ্মাণ্ড, বিশ্ব, ভুবন, অখিল, ভূলোক, উর্বী, মরলোক, সংসার।

পর্বত : পাহাড়, অচল, গিরি, ভূধর, শৈল, অদ্রি, নগ, শিখরী, মহীধর, শৃঙ্গধর, মহীধ্র, ভূভৃৎ।

পাখি : পক্ষী, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, শকুন্ত, দ্বিজ, পত্রী, খেচর, খগ, গরুড়।

বিদ্যুৎ : বিজলি, তড়িৎ, ক্ষণপ্রভা, সৌদামিনী, চপলা, চঞ্চলা, অচিরপ্রভা, দামিনী, শম্পা।

বন : অরণ্য, জঙ্গল, কানন, বিপিন, কুঞ্জ, কান্তার, অটবি, উপবন, বনানী, গহন।

বৃক্ষ : পাদপ, গাছ, তরু, বিটপী, দ্রুম, মহীরুহ, শাখী, শিখরী, পর্ণী, দ্রুম।

বাতাস : বায়ু, বাত, অনিল, পবন, হাওয়া, মরুৎ, মারুত, সমীর, সমীরণ, প্রভঞ্জন, গন্ধবহ, জগদ্বল।

ভ্রমর : অলি, মধুকর, ষটপদ, ভৃঙ্গ, মধুপ, মধুলেহ, দ্বিরেখ, শিলীমুখ।

ময়ূর : কেকা, কেকী, শিখী, শিখণ্ডী, কলাপী, শিখণ্ডক, বর্হী।

মেঘ : ঘন, বারিদ, জলদ, জলধর, জীমূত, অম্বুদ, তোয়দ, পয়োধর, পর্জন্য, নীরদ, পয়োদ, বলাহক, তোয়ধর, পয়োমুক।

রাত : নিশি, নিশা, রজনী, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশীথিনী, ক্ষণদা, ত্রিযামা, রাত্রি।

সূর্য : আদিত্য, তপন, দিবাকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, সবিতা, অর্ক, কিরণমালী, মিহির, দিনমণি, প্রভাকর, দিনেশ, সুর, অংশুমালী, অরুণ, বালার্ক, দিনকর, বিভাকর, বিভাবসু, আফতাব, বিবস্বান, রবি।

স্বর্ণ : কনক, কাঞ্চন, মহাধাতু, সোনা, সুবর্ণ, হেম, হিরণ।

সংবাদ : খবর, বার্তা, তথ্য, সন্দেশ, সন্ধান, সমাচার, তত্ত্ব।

সাপ : অহি, উরগ, ভুজগ, ভুজঙ্গম, নাগ, ফণী, ফণাধর, আশীবিষ, বিষধর, আশীবিষ, বায়ুভুক, পন্নগ।

সমুদ্র : সাগর, সিন্ধু, বারিধি, জলধি, অর্ণব, পারাবার, রত্নাকর, জলনিধি, নীলাম্বু, অম্বুধি, সরোধি, পাথার, বারীশ, উদধি, পয়োনিধি, অম্বুনিধি, তোয়ধি, তোয়নিধি, বারিনিধি, বারীন্দ্র।

সিংহ : কেশরী, মৃগরাজ, মৃগেন্দ্র, হরি, হর্যক্ষ, সিঙ্গি, পারীন্দ্র।

সুন্দর : অভিরাম, শোভন, মনোহর, মনোরম, চারু, রম্য, ললিত, সুকান্ত, অনুপম, নিরুপম, সুরম্য, সুশ্রী, নয়নাভিরাম, শোভাময়।

স্ত্রী : ভার্যা, অর্ধাঙ্গী, পত্নী, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা, বণিতা, দারা, ধনিকা।

হস্ত : হাত, কর, বাহু, ভুজ, পাণি।

হাতি : গজ, দন্তী, দ্বিরদ, হস্তী, করী, দ্বিপ, নাগ, বারণ, কুঞ্জর, মাতঙ্গ, বারণ, বৃংগল, পিল।

হরিণ : কুরঙ্গ, মৃগ, শম্বর, সারঙ্গ, সুনয়ন, কুড়ঙ্গম, ঋষ্য।

CamScanner

# ০৭ লিঙ্গ পরিবর্তন

- লিঙ্গ শব্দটির অর্থ— চিহ্ন বা লক্ষণ।
- পুরুষ, স্ত্রী, জড় পদার্থ ও উভয় সম্প্রদায়ভুক্ত জাতি বোঝাতে যে চিহ্ন, লক্ষণ বা সংকেত ব্যবহার করা হয় তাকে— লিঙ্গ বলে।
- 'লিঙ্গ' শব্দটির ব্যুৎপত্তি— √লিঙ্গ্ + অ।
- পুংলিঙ্গবাচক শব্দের শেষে স্ত্রী প্রত্যয় যোগ করে, স্ত্রীবাচক শব্দ আগে বা পরে বসিয়ে বা ভিন্ন শব্দ ব্যবহার করে— লিঙ্গান্তর করা হয়।
- 'মানুষ মরণশীল'-এ বাক্যে 'মানুষ' শব্দটি— উভয়লিঙ্গ।
- 'মালী' শব্দের স্ত্রীলিঙ্গ— মালিনী।
- 'গরীয়ান' শব্দটির স্ত্রীবাচক শব্দ— গরিয়সী।
- 'নাটিকা' যে অর্থে স্ত্রীবাচক শব্দ— ক্ষুদ্রার্থে।
- 'মজুর' শব্দের স্ত্রীবাচক শব্দ— মজুরনী।
- 'কুহক' শব্দের স্ত্রী-বাচক শব্দ— কুহকিনী।
- নিত্য স্ত্রীবাচক শব্দ— কুলটা।
- যে শব্দটির পুরুষবাচক রূপ নেই— সতীন।
- 'ঠাকুর' শব্দের লিঙ্গান্তর— ঠাকুরানি।
- 'সাথী' শব্দটি যে লিঙ্গ— উভয়লিঙ্গ।
- নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ— সতীন।
- যে শব্দটির পুরুষবাচক শব্দ নেই— ডাইনি।
- 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ— সারী।
- যে পুরুষবাচক শব্দের দুটি স্ত্রীবাচক শব্দ রয়েছে— ভাই।
- যেটি পত্নী অর্থে স্ত্রীবাচক শব্দ— দাদি।
- 'আমি' শব্দটি যে লিঙ্গ— উভয় লিঙ্গ।
- নিত্য স্ত্রীবাচক শব্দ— এয়ো।
- লিঙ্গ প্রধানত চার প্রকার। যথা :




বাংলা ভাষায় প্রাতিষ্ঠানিক পদমর্যাদাকে নারীবাচক করা হয় না। যেমন— নার্গিস আখতার একজন সহকারী শিক্ষক। নমিতা রায় সংবর্ধনা অনুষ্ঠানের সভাপতি।

## নিত্য পুরুষবাচক শব্দ

যে শব্দগুলোর কোনো স্ত্রীবাচক শব্দ হয় না সেগুলোকে— নিত্য পুরুষবাচক শব্দ বলে। যেমন— রাষ্ট্রপতি, কাজী, কুস্তিগীর, কবিরাজ, কেরানি, পুরোহিত, জামাতা, অকৃতদার, কৃতদার, যোদ্ধা, ঢাকী, বিচারপতি, সেনাপতি প্রভৃতি।

## নিত্য স্ত্রীবাচক শব্দ

নিত্য স্ত্রীবাচক শব্দ বলতে— শুধু স্ত্রীবাচক শব্দ বোঝায়। নিত্য স্ত্রীবাচক শব্দের কখনো পুরুষবাচক শব্দ হয় না। যেমন— শাঁকচুন্নী, সতীন, কুলটা, বিমাতা, কমলা, পোয়াতি, লক্ষ্মী, সজনি, সুজলা, সুফলা, অন্তঃসত্ত্বা, গর্ভিণী, দাই, সধবা, সপত্নী, ডাইনি, বাইজি, সধবা, অরক্ষণীয়া, অসূর্যম্পশ্যা, এয়ো, অসতী, বন্ধ্যা, বারবনিতা প্রভৃতি।

### পুরুষবাচক শব্দের শেষে 'নি'-প্রত্যয় যোগ করে স্ত্রীবাচক

| পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক শব্দ | পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| গয়লা | গয়লানি | জেলে | জেলেনি |
| কামার | কামারনি | ধোপা | ধোপানি |
| কুমার | কুমারনি | বেদে | বেদেনি |

### পুরুষবাচক শব্দের শেষে 'ইনী' প্রত্যয় যোগ করে স্ত্রীবাচক

| পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক শব্দ | পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| বিজয় | বিজয়িনী | তেজস্বী | তেজস্বিনী |
| নন্দন | নন্দিনী | কুহক | কুহকিনী |

### যেসব পুরুষবাচক শব্দের দুটো বা তিনটি স্ত্রীবাচক শব্দ

| পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক শব্দ |
|---|---|
| পুত্র | কন্যা, পুত্রবধূ |
| দেবর | ননদ, ননদিনী, জা |
| ভাই | বোন, ভাবী |
| বন্ধু | বান্ধবী, বন্ধুপত্নী |
| শিক্ষক | শিক্ষিকা, শিক্ষয়িত্রী, শিক্ষক |
| দাদা | দাদি, বৌদি |
| অভাগা | অভাগী, অভাগিনী |
| সুকণ্ঠ | সুকণ্ঠী, সুকণ্ঠা |
| সুকেশ | সুকেশিনী, সুকেশা |
| রজক | রজকী, রজকিনি |
| আচার্য | আচার্যা, আচার্যানী |
| স্বামী | স্ত্রী, জায়া, ভার্যা |

### স্ত্রীবাচক শব্দে ক্ষুদ্রার্থ প্রকাশ

| পুরুষবাচক শব্দ | স্ত্রীবাচক শব্দ |
|---|---|
| নাটক | নাটিকা |
| মালা | মালিকা |
| গীত | গীতিকা |
| পুস্তক | পুস্তিকা |

CamScanner

### বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ

১. যেসব পুরুষবাচক শব্দের শেষে 'তা' রয়েছে, স্ত্রীবাচক বোঝাতে সেসব শব্দে 'ত্রী' হয়। যেমন– নেতা-নেত্রী, কর্তা-কর্ত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী।

২. পুরুষবাচক শব্দের শেষে অত্, বান্, মান্, ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতি, ঈয়সী হয়। যথা : সৎ-সতী, মহৎ-মহতী, গুণবান-গুণবতী, রূপবান-রূপবতী, শ্রীমান-শ্রীমতী, বুদ্ধিমান-বুদ্ধিমতী, গরীয়ান-গরিয়সী।

৩. কোনো কোনো পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমন– সম্রাট-সম্রাজ্ঞী, রাজা-রানি, যুবক-যুবতী, শ্বশুর-শ্বশ্রূ, নর-নারী, বন্ধু-বান্ধবী, দেবর-জা, শিক্ষক-শিক্ষয়িত্রী, স্বামী-স্ত্রী, পতি-পত্নী, সভাপতি-সভানেত্রী ইত্যাদি।

**বিদেশি স্ত্রীবাচক শব্দ :** খান-খানম, মরদ-জেনানা, মালেক-মালেকা, মুহতারিম-মুহতারিমা, সুলতান-সুলতানা।

**নিত্য স্ত্রীবাচক শব্দ :** সতীন, বিধবা, কুলটা, অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া ইত্যাদি।

## ০৮ বিপরীতার্থক শব্দ

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| অগ্র | পশ্চাৎ |
| অন্তর | বাহির |
| অগ্রজ | অনুজ |
| অতিকায় | ক্ষুদ্রকায় |
| অর্থ | অনর্থ |
| অর্বাচীন | প্রাচীন |
| অনুরাগ | বিরাগ |
| অপরাধী | নিরপরাধ |
| অধমর্ণ | উত্তমর্ণ |
| অসীম | সসীম |
| অলীক | সত্য/বাস্তব |
| অনুরক্ত | বিরক্ত |
| অমৃত | গরল |
| অর্পণ | গ্রহণ |
| অধিত্যকা | উপত্যকা |
| অর্থী | প্রত্যর্থী |
| অশন | অনশন |
| অনাবিল | আবিল |
| অপাঙ্‌ক্তেয় | সামাজিক |
| অনির্বাণ | নির্বাণ |
| আগমন | নির্গমন |
| আসক্ত | বিরক্ত |
| আবির্ভাব | তিরোভাব |
| আবির্ভূত | তিরোহিত |
| আদিষ্ট | নিষিদ্ধ |
| আকুঞ্চন | প্রসারণ |
| আস্তিক | নাস্তিক |
| আদিম | অন্তিম |

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| আকর্ষণ | বিকর্ষণ |
| আস্থা | অনাস্থা |
| আরোহণ | অবরোহণ |
| আহূত | অনাহূত |
| আকস্মিক | চিরন্তন |
| আপদ | নিরাপদ |
| ইতর | ভদ্র |
| ইষ্ট | অনিষ্ট |
| ইদানীং | তদানীং |
| ইহলৌকিক | পারলৌকিক |
| ঈর্ষা | প্রীতি |
| ঈশান | নৈর্ঋত |
| ঈদৃশ | তাদৃশ |
| উচাটন | প্রশান্ত |
| উষ্ণ | শীতল |
| উৎকর্ষ | অপকর্ষ |
| উদ্ধত | বিনীত |
| উগ্র | সৌম্য/নম্র |
| উক্ত | অনুক্ত |
| উর্বর | অনুর্বর |
| উপচিকীর্ষা | অপচিকীর্ষা |
| উন্মীলন | নিমীলন |
| উদ্বৃত্ত | ঘাটতি |
| উদ্দিষ্ট | নিরুদ্দিষ্ট |
| উৎকৃষ্ট | অপকৃষ্ট |
| উদীয়মান | অপসৃয়মান |
| উন্নীত | অবনমিত |
| উষর | উর্বর |

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ঊর্ধ্ব | অধঃ |
| ঊর্ধ্বতন | অধস্তন |
| ঊর্ধ্বগতি | অধোগতি |
| ঋজু | বক্র |
| এঁড়ে | বকনা |
| ঐহিক | পারত্রিক |
| একান্ন | পৃথগন্ন |
| ঐশ্বর্য | দারিদ্র্য |
| ঐতিহাসিক | অনৈতিহাসিক |
| ওস্তাদ | সাগরেদ |
| ঔদার্য | কার্পণ্য |
| ঔজ্জ্বল্য | ম্লানিমা |
| কড়ি | কোমল |
| কনিষ্ঠ | জ্যেষ্ঠ |
| কপট | অকপট/সরল |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ/কৃতঘ্ন |
| কুৎসা | প্রশংসা |
| কৃষ্ণ | শুভ্র |
| কৃশ | স্থূল |
| কৃশকায় | স্থূলকায় |
| কুলীন | অন্ত্যজ |
| কুঞ্চন | প্রসারণ |
| কৌতূহলী | নিস্পৃহ |
| কৃপণ | বদান্য |
| ক্ষীণ | পুষ্ট |
| ক্ষয়িষ্ণু | বর্ধিষ্ণু |
| ক্ষিপ্ত | শান্ত |
| ক্ষীয়মাণ | বর্ধমান |

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| খুঁত | নিখুঁত |
| খাতক | মহাজন |
| খরিদ | বিক্রয় |
| খিড়কি | সিংহদার |
| গরল | অমৃত |
| গরিষ্ঠ | লঘিষ্ঠ |
| গ্রহণ | বর্জন |
| গুরু | লঘু |
| গৃহী | সন্ন্যাসী |
| গ্রাহ্য | অগ্রাহ্য |
| গ্রহীতা | দাতা |
| গতি | স্থিতি |
| ঘুমন্ত | জাগ্রত |
| ঘাটতি | বাড়তি |
| চিরায়ত | সাময়িক |
| চড়াই | উৎরাই |
| চপল | গম্ভীর |
| চোর | সাধু |
| চোখা | ভোঁতা |
| ছটফটে | শান্ত |
| জঙ্গম | স্থাবর |
| জনাকীর্ণ | জনবিরল |
| জ্যেষ্ঠা | কনিষ্ঠা |
| জাগ্রত | সুপ্ত/ঘুমন্ত |
| জিন্দা | মুর্দা |
| জাগরিত | নিদ্রিত |
| জ্যোৎস্না | অমাবস্যা |
| জোয়ার | ভাটা |

CamScanner

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ঋনু | অদক্ষ/অপটু |
| ঝুনা | কাঁচা |
| ঝগড়া | ভাব |
| টাটকা | বাসি |
| টুনকো | মজবুত |
| ডুবন্ত | ভাসন্ত |
| ডাগর | ছোট |
| তন্ময় | মন্ময় |
| ত্যক্ত | গৃহীত |
| তাপ | শৈত্য |
| তেজ | নিস্তেজ |
| তীক্ষ্ণ | ভোতা |
| তিরস্কার | পুরস্কার |
| ত্যাজ্য | গ্রাহ্য |
| ত্বরিত | শ্লথ |
| তস্কর | সাধু |
| থোঁতা/ভোঁতা | চোখা |
| থোড়া | অনেক/বেশি |
| দাতা | গ্রহীতা |
| দিবা | নিশি |
| দুরন্ত | শান্ত |
| দুষ্কৃত | সুকৃত |
| দোষী | নির্দোষ |
| দৃঢ় | শিথিল |
| দ্বৈত | অদ্বৈত |
| দ্বিধা | নির্দ্বিধা |
| দুর্জন | সুজন |
| দুর্গম | সুগম |
| দুরন্ত | শান্ত |
| ধ্বংস | সৃষ্টি |
| ধনিক | নিঃস্ব |
| ধবল | কৃষ্ণ |
| ধূর্ত | বোকা |
| ধারালো | ভোঁতা |
| নিমীলিত | উন্মীলিত |
| নিমগ্ন | উদাসীন |
| নন্দিত | নিন্দিত |
| নির্দয় | সদয় |

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| নির্মল | পঙ্কিল |
| নাস্তিক | আস্তিক |
| নিরত | বিরত |
| নির্লজ্জ | সলজ্জ |
| নিরপেক্ষ | সাপেক্ষ |
| নিরাকার | সাকার |
| নিচেষ্ট | সচেষ্ট |
| নীরস | সরস |
| নৈসর্গিক | কৃত্রিম |
| নিকৃষ্ট | উৎকৃষ্ট |
| পাপ | পুণ্য |
| প্রভু | ভৃত্য |
| প্রচ্ছন্ন | ব্যক্ত |
| প্রসারণ | সংকোচন |
| পুষ্ট | ক্ষীণ |
| প্রত্যর্থী | অর্থী |
| প্রাচ্য | পাশ্চাত্য |
| প্রশান্ত | অশান্ত |
| প্রাচী | প্রতীচী |
| প্রফুল্ল | ম্লান |
| প্রত্যক্ষ | পরোক্ষ |
| প্রকৃষ্ট | নিকৃষ্ট |
| প্রকৃতি | বিকৃতি |
| পূর্বাহ্ন | অপরাহ্ন |
| পরার্থ | স্বার্থ |
| পক্ব | অপক্ব |
| ফাঁপা | নিরেট |
| বিদিত | অজ্ঞাত |
| বৈরাগ্য | আসক্তি |
| ব্যক্ত | গূঢ় |
| বাদী | বিবাদী |
| বন্য | গৃহপালিত |
| বরখাস্ত | বহাল |
| বিনীত | দুর্বিনীত, উদ্ধত |
| বন্দনা | গঞ্জনা |
| বিরল | বহুল |
| বিয়োগান্ত | মিলনান্ত |
| বাচাল | স্বল্পভাষী |

| মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| বিষ | অমৃত |
| বিনয় | ঔদ্ধত্য |
| বিদ্যমান | অন্তর্হিত |
| ব্যষ্টি | সমষ্টি |
| বন্ধুর | মসৃণ |
| বন্ধন | মুক্ত |
| ভূত | ভবিষ্যৎ/ভাবী |
| ভয় | সাহস |
| ভাটা | জোয়ার |
| ভোগ | ত্যাগ |
| ভূ-স্বামী | ভূমিহীন |
| মুখ্য | গৌণ |
| মনীষা | নির্বোধ |
| মৃদু | প্রবল |
| মহাজন | খাতক |
| মহাত্মা | নীচাত্মা/দুরাত্মা |
| মূর্ত | বিমূর্ত |
| মোক্ষ | বন্ধন |
| যৌবন | বার্ধক্য |
| যশ | অপযশ |
| যোজক | প্রণালি |
| রাগ | বিরাগ |
| রোগ | নীরোগ |
| রুগ্ণ | সুস্থ |
| রত | বিরত |
| রুষ্ট | তুষ্ট |
| রক্ষক | ভক্ষক |
| লঘু | গুরু |
| লেশ | যথেষ্ট |
| লঘিষ্ঠ | গরিষ্ঠ |
| লম্ব | তির্যক |
| লাজুক | নির্লজ্জ |
| লিপ্সা | বিরাগ |
| শিষ্ট | অশিষ্ট |
| শৈত্য | উত্তাপ |
| শুকনা | ভিজা |
| শালীন | অশালীন |
| শায়িত | উত্থিত |

| মূল শব্দ | বিপরীত |
|---|---|
| শঠ | সাধু |
| ষণ্ড | গাভী |
| সিক্ত | শুষ্ক |
| স্থাবর | অস্থাবর |
| সন্ধি | বিগ্রহ |
| সাধু | তস্কর |
| স্মরণ | বিস্মরণ |
| স্মৃতি | বিস্মৃতি |
| স্নিগ্ধ | রুক্ষ |
| স্তুতি | নিন্দা |
| সুষম | অসম |
| সুশ্রী | কুশ্রী |
| সুর | অসুর |
| সাকার | নিরাকার |
| সসীম | অসীম |
| সদাচার | কদাচার |
| সদর | অন্দর |
| সতী | অসতী |
| সংহত | বিভক্ত |
| সংশ্লিষ্ট | বিশ্লিষ্ট |
| সংযোগ | বিয়োগ |
| সংযুক্ত | বিযুক্ত |
| সংকোচন | প্রসারণ |
| সহোদর | বৈমাত্রেয় |
| সংশয় | প্রত্যয় |
| সান্ত | অনন্ত |
| সৌম্য | উগ্র |
| সুরভি | পূতি |
| সম্পদ | আপদ |
| সার্থক | ব্যর্থ |
| হরণ | পূরণ |
| হরদম | কদাচিৎ |
| হর্ষ | বিষাদ |
| হলাহল | অমৃত, সু |
| হাজির | গরহাজির |
| হৃদ্যতা | শত্রুতা |
| হৃদ্য | ঘৃণ্য,কটু |
| হাল | সাবেক |

CamScanner

## ০৯ শুদ্ধ শব্দ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অকস্মাৎ | উচ্চৈঃস্বর | ক্ষুব্ধ | ত্বরিত | পরিষ্কার | ব্যত্যয় | যথোপযুক্ত | সূচ্যগ্র |
| অগ্ন্যাশয় | উচ্ছ্বাস | ক্ষুন্নিবৃত্তি | ত্যক্ত | পরাঙ্মুখ | ব্যথা | যথোচিত | সরস্বতী |
| অগ্ন্যুৎপাত | উজ্জ্বল | ক্ষুন্নিবারণ | দধীচি | পরিপক্ব | ব্যর্থ | যদ্যপি | সাত্ত্বিক |
| অচিন্ত্য | উত্ত্যক্ত | খ্রিষ্টাব্দ/খ্রিষ্ট | দয়ার্দ্র | পাণিনি | বুদ্ধিজীবী | যশঃপ্রার্থী | সান্ত্বনা |
| অত্যধিক | উদীচী | গার্হস্থ্য | দারিদ্র্য/দরিদ্রতা/দরিদ্র | প্রতিদ্বন্দ্বিতা | বৈদগ্ধ্য | যক্ষ্মা | সিন্দূর |
| অধ্যাত্ম | উপলব্ধি | গৃহস্থ | দীনতা | প্রতিদ্বন্দ্বী | ব্যাকুল | যশস্বী | সুশ্রী |
| অনিন্দ্য | উৎকর্ষ/উৎকৃষ্টতা | গৃহিণী | দুর্নিরীক্ষ্য | প্রত্যুষ | ব্যুৎপত্তি | যাঞ্চা | সূক্ষ্ম |
| অনূর্ধ্ব | উপর্যুক্ত | গণনা | দুরবস্থা | প্রতীতি | ব্যূহ | যাথার্থ্য | সৌহার্দ্য |
| অন্তঃসত্ত্বা | উদ্‌গিরণ | গড্ডলিকা | দুস্থ | পূর্বাহ্ণ | ব্রাহ্মণ | যূপকাষ্ঠ | স্মরণ |
| অন্তর্জলি | উর্মি | গীতাঞ্জলি | দৌরাত্ম্য | প্রোজ্জ্বল | ভাগীরথী | রীতিনীতি | সুকেশিনী |
| অন্ত্যেষ্টিক্রিয়া | উর্ধ্বলোক | গভর্নর | দ্বন্দ্ব | পৌরোহিত্য | ভৌগোলিক | রৌদ্রকরোজ্জ্বল | সদ্যোজাত |
| অপাঙ্‌ক্তেয় | উষর | গীতালি | দ্বিধা | পৈতৃক | ভণিতা | লক্ষণ | সমভিব্যাহারে |
| অমাবস্যা | উর্ণনাভ | গোধূলি | দূরীভূত | পিপীলিকা | ভ্রাতুষ্পুত্র | লবণ | সমীচীন |
| অমর্ত্য | উর্ধ্ব | গ্রামীণ | দ্বেষ | পাষাণ | ভ্রাম্যমাণ | লক্ষ্মী | সংশপ্তক |
| অলঙ্ঘ্য | এতদ্দ্বারা | ঘূর্ণায়মান | দ্বৈত | পুণ্য | ভুবন | লজ্জাকর | সরীসৃপ |
| অশ্বত্থ | এতদ্ব্যতীত | ঘন্টা | দূষণীয় | পুরস্কার | ভদ্রোচিত | শস্য | সম্পূর্ণ |
| অনুকূল | ঐকাত্ম্য | ঘ্রাণেন্দ্রিয় | দ্ব্যর্থ | পীড়াপীড়ি | ভুল | শশিভূষণ | সুষম |
| অন্বেষণ | ঐন্দ্রজালিক | চাণক্য | দূষণ | পল্লব | ভবিষ্যদ্বাণী | শাশ্বত | সূদন |
| অনসূয়া | ঐকতান | জলোচ্ছ্বাস | দুরতিক্রম্য | প্রতিযোগিতা | মধুসূদন | শিরশ্ছেদ | স্মর্তব্য |
| অদ্যাপি | ঐশ্বর্য | জাজ্বল্যমান | ধ্বংস | প্রণয়ন | মনস্তত্ত্ব | শ্বশুর | সংশ্রব |
| অভ্যন্তরীণ | ঐকমত্য | জ্বলজ্বল | ধ্বজা | প্রণয়িনী | মুখস্থ | শ্মশ্রু (শাশুড়ি) | সারথি |
| অহোরাত্র | ওষ্ঠাধর | জাগরূক | ধূলিসাৎ | পুঙ্খানুপুঙ্খ | মন্ত্রিসভা | শ্বাপদ | স্বতঃস্ফূর্ত |
| অনুশাসন | ওজস্বিতা | জ্বালানি | ধ্বন্যাত্মক | প্রাণিবিদ্যা | মন্বন্তর | শ্মশান | স্বত্ব |
| অগ্নি-বীণা | ওতপ্রোতভাবে | জ্যেষ্ঠ | ধস | প্রাণিকুল | মরীচিকা | শ্মশ্রু (দাড়ি) | স্বাচ্ছন্দ্য |
| অন্তর্ভুক্ত | ঔজ্জ্বল্য | জ্যৈষ্ঠ | নিস্পন্দ | প্রজ্বলিত | মর্ত্য | শ্রদ্ধাঞ্জলি | সরস্বতী |
| অদ্ভুত | ঔদ্ধত্য | জ্যোৎস্না | নিক্বণ | প্রতীতি | মূর্ধন্য | শ্রদ্ধাস্পদেষু | স্বাতন্ত্র্য |
| অধ্যয়ন | কনিষ্ঠ | জ্যোতিষী | নিমীলিত | বক্ষ্যমাণ | মহত্ত্ব | শ্রীমতী | স্বায়ত্তশাসন |
| অকালপক্ব | কর্তৃক | জ্যোতিষ্ক | নিশীথ | বন্দ্যোপাধ্যায় | মাহাত্ম্য | শারীরিক | স্বাস্থ্য |
| অপরাহ্ণ | কর্ত্রী | ঝঞ্ঝাট | নিরীক্ষণ | বয়ঃসন্ধি | মাধ্যাকর্ষণ | শ্লেষ্মা | স্বায়ত্ত |
| অসূর্যম্পশ্যা | কাঙ্ক্ষিত | টীকা-টিপ্পনী | নিরীহ | বয়োজ্যেষ্ঠ | মুহুর্মুহু | শিরঃপীড়া | স্বত্বাধিকার |
| আকাঙ্ক্ষা | কৃচ্ছ্র | টানাপোড়েন | নৈর্ঋত | বাল্মীকি | মুমূর্ষু | শুশ্রূষা | হিরন্ময় |
| আদ্যাক্ষর | কৃত্তিবাস | টানাহেঁচড়া | ন্যস্ত | বিদ্বজ্জন | মুহূর্ত | শুচিস্মিতা | হুলুস্থুল |
| আদ্যন্ত | ক্বচিৎ | তৎক্ষণাৎ | নির্নিমেষ | বিভীষিকা | মহৌষধ | শূন্য | হৃদ্‌রোগ |
| আপাদমস্তক | ক্রূর | তত্ত্ব | ন্যুব্জ | বিভূতিভূষণ | মনঃকষ্ট | ষড়ানন | হরিৎ |
| আনুষঙ্গিক | কঙ্কণ | তত্ত্বাবধান | ন্যূনতম | বুদ্ধিজীবী | মাতৃষ্বসা | ষাণ্মাতুর | হতভম্ব |
| আবিষ্কার | কনীনিকা | তদ্ব্যতীত | নিশীথিনী | বৈচিত্র্য | মৃণালিনী | ষাণ্মাসিক | হীনম্মন্যতা |
| আয়ত্ত | কুক্ষিলক | তাত্ত্বিক | ন্যূনাধিক | বৈদগ্ধ্য | মুহুর্মুহু | সংবর্ধনা | হ্রস্ব |
| আশিস | কৌতুক | তিতিক্ষা | নীরস | বৈশিষ্ট্য | ম্রিয়মাণ | সত্তা | হ্রাস |
| আহ্নিক | কৌতূহল | তীক্ষ্ণ | নিপীড়িত | বিদ্বান | মরূদ্যান | সত্ত্বেও | হৃৎপিণ্ড |
| ইন্দ্রিয় | কালিদাস | তিরস্কার | নিশীথিনী | ব্যঞ্জনা | মনীষী | সন্ধ্যা | হ্রেষা |
| ইতোমধ্যে | কৃত্তিবাস | তৃষ্ণীম্ভাব | নিস্পৃহ | ব্যতিক্রম | মধ্যাহ্ন | সন্ন্যাসী | হ্রদ |
| ইতঃপূর্বে | ক্ষুৎপীড়িত | ত্বরণ | পক্ব | ব্যাকরণ | মনোযোগ | সামীপ্য | হাতি |
| ইন্দ্রজালিক | ক্ষীণজীবী | ত্বরান্বিত | পঙ্‌ক্তি | ব্যতীত | যশোলাভ | | |

# ১০ শুদ্ধ বাক্য

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ০১. যুক্তি খণ্ডণ হয়েছে কিন্তু মুক্তি মেলেনি | যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি। |
| ০২. সমুদয় পক্ষীই নীর বাঁধে | সমুদয় পক্ষীই নীড় বাঁধে। |
| ০৩. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় | দীনতা/দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়। |
| ০৪. বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে | বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে। |
| ০৫. তিনি সাক্ষি দেবেন না | তিনি সাক্ষ্য দেবেন না। |
| ০৬. তুমি নির্দোষী নও | তুমি নির্দোষ নও। |
| ০৭. বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ | বাংলাদেশ সমৃদ্ধ/ সমৃদ্ধিশালী দেশ। |
| ০৮. 'গীতাঞ্জলী' পড়েছ কী? | 'গীতাঞ্জলি' পড়েছ কি? |
| ০৯. আমি, কবীর ও তুমি বেড়াতে যাবো | তুমি, কবীর ও আমি বেড়াতে যাবো। |
| ১০. তুমি কী ঢাকা যাবে? | তুমি কি ঢাকা যাবে? |
| ১১. রহিমা পাগলি হয়ে গেছে | রহিমা পাগল হয়ে গেছে। |
| ১২. জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর | জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। |
| ১৩. আমি এ ঘটনা স্বচক্ষে দেখেছি | আমি এ ঘটনা চাক্ষুস দেখেছি। |
| ১৪. দুর্বলবশতঃ অনাথিনী বসে পড়ল | দুর্বলতাবশত অনাথা বসে পড়ল। |
| ১৫. তিনি আরোগ্য হয়েছেন | তিনি আরোগ্য লাভ করেছেন। |
| ১৬. তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল | তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল। |
| ১৭. অতিশয় দুঃখিত হলাম | অতিশয় দুঃখ পেলাম। |
| ১৮. অন্যায়ের প্রতিফলন দুর্নিবার্য | অন্যায়ের প্রতিফল অনিবার্য। |
| ১৯. সূর্য উদয় হয়েছে | সূর্য উদিত হয়েছে। |
| ২০. অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার | অন্নাভাবে প্রতিঘরে/ ঘরে ঘরে হাহাকার। |
| ২১. তিনি স্বস্ত্রীক বেড়াতে এসেছিলেন | তিনি সস্ত্রীক বেড়াতে এসেছিলেন। |
| ২২. সে সঙ্কট অবস্থায় পড়েছে | সে সংকটে পড়েছে। |
| ২৩. আমার কথাই প্রমাণ হলো | আমার কথাই প্রমাণিত হলো। |
| ২৪. বিধি লঙ্ঘন হয়েছে | বিধি লঙ্ঘিত হয়েছে। |
| ২৫. সে বড় মনোকষ্টে আছে | সে বড় মনঃকষ্টে আছে। |
| ২৬. সকল আলেমগণ আজ উপস্থিত | সকল আলেম আজ উপস্থিত। |
| ২৭. আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম | আকণ্ঠ ভোজন করলাম/কণ্ঠ পর্যন্ত ভোজন করলাম। |
| ২৮. মেয়েটি সুকেশিনী এবং সুহাসি | মেয়েটি সুকেশা/সুকেশী এবং সুহাসিনী। |
| ২৯. গণিত খুব কঠিন | গণিত খুব জটিল। |
| ৩০. তাহার সাথে আমার দেখা হয়নি কতকাল | তার সাথে আমার দেখা হয়নি কতকাল। |
| ৩১. তার সৌজন্যতা ভুলতে পারব না | তার সৌজন্য ভুলতে পারব না। |
| ৩২. সর্ববিষয়ে বাহুল্যতা বর্জন কর | সব বিষয়ে বাহুল্য বর্জন কর। |
| ৩৩. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্যতা অনুচিত | আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত। |
| ৩৪. তাহার জীবন সংশয়পূর্ণ | তাহার জীবন সংশয়াপন্ন। |
| ৩৫. বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রতার স্বীকার হন | বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন। |
| ৩৬. একটি গোপন কথা বলি | একটা গোপনীয় কথা বলি। |
| ৩৭. দরিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা | দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা। |
| ৩৮. কীর্তিবাস বাংলা রামায়ন লিখিয়াছেন | কীর্তিবাস বাংলা রামায়ণ লিখিয়াছেন। |
| ৩৯. দারিদ্রতা আমাদের প্রধান সমস্যা | দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা। |
| ৪০. আপনি স্বপরিবার আমন্ত্রিত | আপনি সপরিবারে আমন্ত্রিত। |
| ৪১. সাহিত্য ও সংস্কৃতিক অনুষ্ঠান | সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। |

CamScanner

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ৪২. এ কথা প্রমাণ হয়েছে | এ কথা প্রমাণিত হয়েছে। |
| ৪৩. প্রত্যেক শিক্ষকগন অনুষ্ঠানে উপস্থিত থাকিবেন | প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। |
| ৪৪. অধ্যাপনাই ছাত্রদের তপস্যা | অধ্যয়নই ছাত্রদের তপস্যা। |
| ৪৫. বিরাট গরু-ছাগলের হাট | গরু-ছাগলের বিরাট হাট। |
| ৪৬. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ | বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। |
| ৪৭. পাঁচ জন ছাত্ররা স্কুলে যায় | পাঁচ জন ছাত্র স্কুলে যায়। |
| ৪৮. আমি সন্তোষ হলাম | আমি সন্তুষ্ট হলাম। |
| ৪৯. দৈন্যতা প্রশংসনীয় নয় | দীনতা/ দৈন্য প্রশংসনীয় নয়। |
| ৫০. চন্দ্র ও সূর্যগ্রহণ দুইটি বিস্ময়কর ঘটনা | চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ দুইটি বিস্ময়কর ঘটনা। |
| ৫১. যাবতীয় প্রাণীরাই এই গ্রহের বাসিন্দা | যাবতীয় প্রাণী এই গ্রহের বাসিন্দা। |
| ৫২. আপনি স্ববান্ধব আমন্ত্রিত | আপনি সবান্ধব আমন্ত্রিত। |
| ৫৩. সাবধান পূর্বক চলবে | সাবধানে চলবে। |
| ৫৪. সে বড় দুরাবস্থায় পড়েছে | সে বড় দুরবস্থায় পড়েছে। |
| ৫৫. পরোপকার মানুষত্বের পরিচায়ক | পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক। |
| ৫৬. আমার আর বাঁচিবার স্বাদ নাই | আমার আর বাঁচিবার সাধ নাই। |
| ৫৭. এটি লজ্জাষ্কর ব্যাপার | এটা লজ্জাকর ব্যাপার। |
| ৫৮. আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি | আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি/চাক্ষুষ দেখেছি। |
| ৫৯. আমি অহর্নিশি সে কথাই ভেবেছি | আমি অহর্নিশ সে কথাই ভেবেছি। |
| ৬০. রচনার উৎকর্ষতা অনস্বীকার্য | রচনার উৎকর্ষ অনস্বীকার্য। |
| ৬১. এখানে প্রবেশ নিষেধ | এখানে প্রবেশ নিষিদ্ধ। |
| ৬২. প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বীতা থাকবেই | প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা থাকবেই। |
| ৬৩. সকল বন্যার্তদের ত্রাণসামগ্রী দেওয়া হয়েছে | সকল বন্যার্তকে ত্রাণসামগ্রী দেওয়া হয়েছে। |
| ৬৪. আসামির অনুপস্থিতে বিচার চলছে | আসামির অনুপস্থিতিতে বিচার চলছে। |
| ৬৫. অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য | অন্যায়ের প্রতিফল দুর্নিবার/অনিবার্য। |
| ৬৬. অসুস্থবশত সে কলেজে আসতে পারে নি | অসুস্থতাবশত সে কলেজে আসতে পারে নি। |
| ৬৭. বাংলাদেশ একটি উন্নতশীল দেশ | বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। |
| ৬৮. তাহার সাংঘাতিক আনন্দ হইল | তাহার অপরিসীম আনন্দ হইল। |
| ৬৯. ছেলেটি ভয়ানক মেধাবী | ছেলেটি অত্যন্ত মেধাবী। |
| ৭০. পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্ণীয়মান | পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্ণায়মান (বা ঘূর্ণ্যমান)। |
| ৭১. ডালিম ফুলের রক্তিমতা চোখে পড়ার মতো | ডালিম ফুলের রক্তিমা চোখে পড়ার মতো। |
| ৭২. এটা হচ্ছে ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভা | এটা হচ্ছে ষোড়শ বার্ষিক সাধারণ সভা। |
| ৭৩. ইহার আবশ্যক নাই | ইহার আবশ্যকতা নাই। |
| ৭৪. সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয় | সদা/সর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়। |
| ৭৫. অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভালো নয় | অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভালো নয়। |
| ৭৬. নিশ্চয় সংবাদ পেয়েছ কি? | নিশ্চিত সংবাদ পেয়েছ কি? |
| ৭৭. নীরোগী লোক প্রকৃত সুখী | নীরোগ লোক প্রকৃত সুখী। |
| ৭৮. পুলিশ অপরাধী সম্পর্কে নিঃসন্দিহান | পুলিশ অপরাধী সম্পর্কে নিঃসন্দেহ। |
| ৭৯. যৌথবদ্ধ হস্তীদল গ্রামে প্রবেশ করিয়াছে | যূথবদ্ধ হস্তীদল গ্রামে প্রবেশ করিয়াছে। |
| ৮০. সমৃদ্ধমান পরিবারে তার জন্ম | সমৃদ্ধ /সমৃদ্ধিমান পরিবারে তার জন্ম। |
| ৮১. হীন চরিত্রবান লোক পশুরও অধম | হীনচরিত্র লোক পশুরও অধম। |
| ৮২. সশঙ্কিতচিত্তে সে কথাটা বলল | সশঙ্কচিত্তে (বা শঙ্কিতচিত্তে) সে কথাটা বলল। |
| ৮৩. কেবলমাত্র দুর্নীতিই এ সংকটের জন্যে দায়ী | কেবল দুর্নীতিই এ সংকটের জন্যে দায়ী। |
| ৮৪. ব্যাপারটা আমার আয়ত্তাধীন নয় | ব্যাপারটা আমার আয়ত্ত/ অধীন নয়। |

CamScanner

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ৮৫. চোরটি বমালসুদ্ধ ধরা পড়েছে | চোরটি বমাল/ মালসুদ্ধ ধরা পড়েছে। |
| ৮৬. তিনি অদ্যাপিও নিরুদ্দেশ | তিনি অদ্যাপি নিরুদ্দেশ। |
| ৮৭. তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল | তার দুচোখ অশ্রুতে ভেসে গেল। |
| ৮৮. আপনার তথ্য গ্রাহ্যযোগ্য নয় | আপনার তথ্য গ্রাহ্য/গ্রহণযোগ্য নয়। |
| ৮৯. ছেলেটি দারুণ সুবুদ্ধিমান | ছেলেটি দারুণ বুদ্ধিমান। |
| ৯০. বিদেশি অতিথিদের সুস্বাগত জানানো হলো | বিদেশি অতিথিদের স্বাগত জানানো হলো। |
| ৯১. লেখাপড়ার পাশাপাশি সুস্বাস্থ্য রক্ষাও দরকার | লেখাপড়ার পাশাপাশি স্বাস্থ্য রক্ষাও দরকার। |
| ৯২. যুক্তি খণ্ডন হয়েছে | যুক্তি খণ্ডিত হয়েছে। |
| ৯৩. সিদ্ধান্ত গ্রহণ হয়েছে | সিদ্ধান্ত গৃহীত হয়েছে। |
| ৯৪. আমরা প্রতিপালন হইতেছি | আমরা প্রতিপালিত হইতেছি। |
| ৯৫. গৌরব লোপ পেয়েছে | গৌরব লুপ্ত হয়েছে। |
| ৯৬. ঘটনা বর্ণনা হয়েছে | ঘটনা বর্ণিত হয়েছে। |
| ৯৭. তোমাকে দেখে সে আশ্চর্য হয়েছে | তোমাকে দেখে সে আশ্চার্যান্বিত হয়েছে। |
| ৯৮. বর্তমানে বিদ্বান মহিলার সংখ্যা উল্লেখযোগ্য | বর্তমানে বিদুষী মহিলার সংখ্যা উল্লেখযোগ্য। |
| ৯৯. রাজা পাপিষ্ঠ রানিকে শাস্তি দিলেন | রাজা পাপিষ্ঠা রানিকে শাস্তি দিলেন। |
| ১০০.যেমন বুনো কচু তেমনি বাঘা তেঁতুল | যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল। |

## ১১ বিরামচিহ্ন

- হৃদয়াবেগ প্রকাশে যে চিহ্ন ব্যবহৃত হয়— বিস্ময়সূচক।
- বাংলা ভাষায় ব্যবহৃত "/" চিহ্নটিকে বলে— বিকল্প চিহ্ন।
- যে যতিচিহ্নের ক্ষেত্রে কোনো বিরামের প্রয়োজন হয় না—ব্র্যাকেট।
- বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্নের প্রচলন আছে— ১২টি।
- একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে যে যতি চিহ্নটি ব্যবহৃত হয়— কোলন।
- বাক্যের পরিসমাপ্তি বোঝাতে যে চিহ্ন ব্যবহৃত হয়— দাঁড়ি।
- সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয়— কমা।
- সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য যে চিহ্ন ব্যবহৃত হয়— হাইফেন।
- উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) বসাতে হবে— কমা।
- কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে যে বিরামচিহ্ন বসে— সেমিকোলন।
- বাক্যে যে যতিচিহ্নটি থাকলে থামার প্রয়োজন নেই— হাইফেন
- উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে সাধারণত যে বিরামচিহ্ন ব্যবহৃত হ কোলন ড্যাশ।
- প্রান্তিক বিরামচিহ্ন— প্রশ্নচিহ্ন।
- বিরামচিহ্নের অপর নাম— ছেদ চিহ্ন।
- শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে যে বিরামচিহ্ন বসে— বিন্দু।
- বাড়ি বা রাস্তার নম্বরের পর যে চিহ্নটি বসে— কমা।
- বাক্যে সেমিকোলন ( ; ) থাকলে থামতে হয়— ১ বলার দ্বিগুণ সম
- যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাবে সমন্বয় বা সংযোগ বোঝাতে যে বিরাম চিহ্ন ব্যবহৃত হয়— ড্যাশ
- উদ্ধৃতি চিহ্ন— দুই প্রকার।
- ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়— বিলুপ্ত বর্ণের জন্য।

### বাংলা ভাষায় ব্যবহৃত যতিচিহ্ন

| বিরামচিহ্নের নাম | বিরতির সময় | ব্যবহার | উদাহরণ |
|---|---|---|---|
| ১. কমা বা পাদচ্ছেদ (,) | এক বলতে যে সময় লাগে | বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ বিভাগের জন্য | সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে। |
| | | পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক পদ এক সঙ্গে বসলে শেষ পদটি ছাড়া সবগুলোর পরে | সুখ, দুঃখ, আশা, নৈরাশ্য একই মালিকার পুষ্প |
| | | সম্বোধনের পর | রশিদ, এদিকে এসো। |
| | | জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পরে | কাল যে লোকটি এসেছিল, সে আমার পূর্বপরিচিত |
| | | উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ড বাক্যের শেষে) | সাহেব বললেন, 'ছুটি পাবেন না'। |
| | | মাসের তারিখ লিখতে বার ও মাসের পর | ১৬ পৌষ, বুধবার, ১৪৩০ সন। |
| | | বাড়ি বা রাস্তার নম্বরের পর | ৬৮, নবাবপুর রোড, ঢাকা-১০০০। |
| | | নামের পরে ডিগ্রিসূচক পরিচয় লিখতে | ডক্টর মুহম্মদ এনামুল হক, এম.এ., পিএইচ. ডি.। |

CamScanner

| বিরামচিহ্নের নাম | বিরতির সময় | ব্যবহার | উদাহরণ |
|---|---|---|---|
| ২. উদ্ধরণ বা উদ্ধৃতি চিহ্ন (" ") | এক উচ্চারণে যে সময় লাগে | বক্তার উক্তি প্রত্যক্ষ বা হুবহু ব্যবহারকালে | শিক্ষক বললেন, "গতকাল তুরস্কে ভয়ানক ভূমিকম্প হয়েছে"। |
| ৩. সেমিকোলন বা অর্ধচ্ছেদ (;) | এক দুইবার বলতে যে সময় লাগে | কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজনে এবং একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে | সংসারের মায়াজালে আবদ্ধ আমরা; এ মায়ার বাধন কি সত্যিই দুচ্ছেদ্য? |
| ৪. দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ( । ) | ১ সেকেন্ড | বাক্যের পরিসমাপ্তি বোঝাতে | শীতকালে এ দেশে আবহাওয়া শুষ্ক থাকে। |
| ৫. প্রশ্নবোধক বা জিজ্ঞাসা চিহ্ন (?) | ১ সেকেন্ড | কোনো কিছু জিজ্ঞাসা করা হলে বাক্যের শেষে | তুমি কখন এলে? |
| ৬. বিস্ময়সূচক চিহ্ন (!) | ১ সেকেন্ড | হৃদয়াবেগ প্রকাশ করতে | আহা! কী চমৎকার দৃশ্য। |
| ৭. ড্যাস (—) | ১ সেকেন্ড | যৌগিক বা মিশ্র বাক্যে দুই বা ততোধিক বাক্যের সংযোগ বোঝাতে | তোমরা দরিদ্রদের উপকার কর—এতে তোমাদের সম্মান যাবে না— বাড়বে। |
| ৮. কোলন (:) | ১ সেকেন্ড | অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে | সভায় সাব্যস্ত হলো : এক মাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে। |
| ৯. কোলন ড্যাস (:–) | ১ সেকেন্ড | উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগের পূর্বে | যথা : পদ পাঁচ প্রকার :– বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়া |
| ১০. বিলুপ্তি বা লোপ চিহ্ন (') | থামার প্রয়োজন নেই | কোনো বর্ণ বিশেষের লোপ বোঝাতে | মাথার 'পরে জ্বলছে রবি ('পরে = ওপরে) |
| ১১. হাইফেন বা সংযোগ চিহ্ন (-) | থামার প্রয়োজন নেই | সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাতে | এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার। |
| ১২. বন্ধনী চিহ্ন () {} [] | থামার প্রয়োজন নেই | তিনটি চিহ্নই গণিতশাস্ত্রে ব্যবহৃত হয় প্রথম বন্ধনীটি বিশেষ ব্যাখ্যামূলক অর্থে সাহিত্যে ব্যবহৃত হয় | ত্রিপুরায় (বর্তমান কুমিল্লা) তিনি জন্মগ্রহণ করেন। |

[Note : *উপর্যুক্ত যতিচিহ্ন ছাড়াও বিন্দু (.), ত্রিবিন্দু (...), বিকল্প চিহ্ন (/), জোড় দাঁড়ি (॥) ইত্যাদির ব্যবহার দেখা যায়।*]

## ১২ এককথায় প্রকাশ

| অ, আ | |
|---|---|
| অগ্রে যে গমন করে | অগ্রগামী |
| অতি কষ্টে যা নিবারণ করা যায় | দুর্নিবার |
| অন্ত নেই যার | অনন্ত |
| অনুকরণ করার ইচ্ছা | অনুচিকীর্ষা |
| অনুকরণে ইচ্ছুক | অনুচিকীর্ষু |
| অনুসন্ধান করার ইচ্ছা | অনুসন্ধিৎসা |
| অনেকের মধ্যে একজন | অন্যতম |
| অপকার করার ইচ্ছা | অপচিকীর্ষা |
| অরিকে দমন করে যে | অরিন্দম |
| অলংকারের শব্দ | শিঞ্জন |
| অসূয়া নেই এমন নারী | অনসূয়া |
| অক্ষির অগোচর | পরোক্ষ |
| অক্ষির সম্মুখে | প্রত্যক্ষ |
| অক্ষীর সমীপে | সমক্ষ |
| অগ্র-পশ্চাৎ না ভেবে যে কাজ করে | অবিমৃশ্যকারী |
| অগ্র-পশ্চাৎ বিবেচনা করে না যে | অবিবেচক |

| | |
|---|---|
| অগ্রে জন্ম যার | অগ্রজ |
| অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার | চতুরঙ্গ |
| অন্য কোনো কর্ম নেই যার | অনন্যকর্মা |
| অন্য ভাষায় রূপান্তরিত | অনূদিত |
| অন্বেষণ করার ইচ্ছা | অন্বেষা |
| অগভীর সতর্ক নিদ্রা | কাকনিদ্রা |
| অল্প কথা বলে যে | মিতভাষী |
| অশ্বের ডাক | হ্রেষা |
| অকালে যে পেকে গেছে | অকালপক্ব |
| অগ্রসর হয়ে অভ্যর্থনা | প্রত্যুদ্‌গমন |
| অনায়াসে লাভ করা যায় এমন | অনায়াসলভ্য |
| আকাশ ও পৃথিবী | ক্রন্দসী |
| আগমনের কোনো তিথি নেই যার | অতিথি |
| আকাশে বিচরণ করে এমন | খেচর, আকাশচারী |
| আজন্ম শত্রু | জাতশত্রু |
| আপনার বর্ণ লুকায় যে | বর্ণচোরা |
| আবক্ষ জলে নেমে স্নান | অবগাহন |

CamScanner

| | |
|---|---|
| আমৃত্যু যুদ্ধ করে যে | সংশপ্তক |
| আপনাকে যে পণ্ডিত মনে করে | পণ্ডিতম্মন্য |
| আরোগ্য হওয়া কঠিন এমন | দুরারোগ্য |
| আয় অনুসারে ব্যয় করে যে | মিতব্যয়ী |
| আড়ম্বরের সঙ্গে বর্তমান | সাড়ম্বর |
| আকাশে গমন করে যা | বিহগ, বিহঙ্গ |
| আত্ম বিষয়কেই সর্বস্ব বলে মনে করে | আত্মসর্বস্ব |
| আদি হতে অন্ত পর্যন্ত | আদ্যন্ত, আদ্যোপান্ত |

## ই, ঈ, উ, ঊ, ঋ

| | |
|---|---|
| ইতিহাস রচনা করেন যিনি | ঐতিহাসিক |
| ইচ্ছামত কাজ বা আচরণ যে করে | স্বেচ্ছাচারী |
| ইন্দ্রকে জয় করেছে যে | ইন্দ্রজিৎ |
| ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি | ইতিহাসবেত্তা |
| ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি | জিতেন্দ্রিয় |
| ঈশ্বরে যার বিশ্বাস নেই | নাস্তিক |
| ঈশ্বরে যার বিশ্বাস আছে | আস্তিক |
| ঈষৎ রক্তবর্ণ | আরক্ত |
| ঈষৎ আমিষ গন্ধবিশিষ্ট | আঁষটে |
| উপকার করার ইচ্ছা | উপচিকীর্ষা |
| উপকার স্বীকার করে না যে | অকৃতজ্ঞ |
| উপকারীর অপকার করে যে | কৃতঘ্ন |
| উদিত হচ্ছে এমন | উদীয়মান |
| উপস্থিত বুদ্ধি আছে যার | প্রত্যুৎপন্নমতি |
| উভয় হাত যার সমান চলে | সব্যসাচী |
| উপায় নেই যার | নিরুপায় |
| উর্ণা নাভিতে যার | উর্ণনাভ |
| ঋণ দেয় যে | উত্তমর্ণ |
| ঋণ গ্রহণ করে যে | অধমর্ণ |

## এ, ঐ, ও, ঔ

| | |
|---|---|
| এইমাত্র জন্ম যার | সদ্যোজাত |
| এক থেকে আরম্ভ করে | একাদিক্রমে |
| একস্থান থেকে অন্যস্থানে ঘুরে বেড়ায় যে | যাযাবর |
| একবার সন্তান প্রসব করেন যিনি | কাকবন্ধ্যা |
| একবার শুনলেই যার মনে থাকে | শ্রুতিধর |
| এখনও যার শত্রু জন্মায়নি | অজাতশত্রু |
| একই সময়ে বর্তমান | সমসাময়িক |
| একই সঙ্গে | যুগপৎ |
| একই মায়ের পুত্র | সহোদর |
| একই কালে বর্তমান | সমকালীন |
| একই গুরুর শিষ্য | সতীর্থ |
| একই বিষয়ে নিবিষ্ট চিত্ত যার | একাগ্রচিত্ত |
| এসেছেন যিনি অথচ অপরিচিত | আগন্তুক |

## ক, খ, গ, ঘ

| | |
|---|---|
| কথায় পটু | বাগীশ |
| কাজে যার অভিজ্ঞতা আজে | করিতকর্মা |
| কোনোভাবেই যা নিবারণ করা যায় না | অনিবার্য |
| কথায় যা প্রকাশ করা যায় না | অনির্বচনীয় |
| কর দিতে হয় না যে জমির | নিষ্কর |
| কোথাও উঁচু কোথাও নিচু | বন্ধুর |
| ক্রমাগত দুলছে এমন | দোদুল্যমান |
| কোনো উপকারে আসে না যে গাছ | আগাছা |
| কোনো কিছু থেকেই যে ভীত নয় | অকুতোভয় |
| কোনো কিছু পাবার ইচ্ছা | লিপ্সা |
| কোনো বিষয়ে নতুন পথ নির্দেশ করে যে | পথিকৃৎ |
| ক্ষণস্থায়ী প্রভা যার | ক্ষণপ্রভা |
| ক্ষয়প্রাপ্ত হচ্ছে যা | ক্ষীয়মান |
| ক্ষমা পাওয়ার যোগ্য | ক্ষমার্হ |
| কোকিলের ডাক | কুহু |
| কর্মে অতিশয় দক্ষ | কর্মঠ |
| কর্মে যার ক্লান্তি নেই | অক্লান্তকর্মী |
| ক্রমশই বর্ধিত হচ্ছে যা | ক্রমবর্ধমান |
| কী করতে হবে তা যে বুঝতে পারে না | কিংকর্তব্যবিমূঢ় |
| ক্রমকে বজায় রেখে | যথাক্রমে, ক্রমান্বয়ে |
| খুব শীত নয়, খুব গরমও নয় | নাতিশীতোষ্ণ |
| খেয়া পার করে যে | পাটনী |
| গণনার যোগ্য নয় যা | নগণ্য |
| গবাদি পশুর পাল | বাথান |
| গোপন করতে ইচ্ছুক | জুগুপ্সু |
| গরুর ডাক | রম্ভা |
| গমন করার ইচ্ছা | জিগমিষা |
| গম্ভীর ধ্বনি | মন্দ্র |
| ঘোড়ার ডাক | হ্রেষা |
| ঘোড়া রাখার জায়গা | আস্তাবল |
| ঘৃণার যোগ্য | ঘৃণ্য, ঘৃণার্হ |

## চ, ছ, জ, ঝ

| | |
|---|---|
| চট করে মেজাজ খারাপ করেন যিনি | বদমেজাজী |
| চক্ষু লজ্জা নেই যার | চশমখোর |

CamScanner

| | |
|---|---|
| চামড়ার কাজ বৃত্তি যার | চর্মকার |
| চুষে খেতে হয় এমন | চোষ্য |
| চিবিয়ে খেতে হয় যা | চর্ব্য |
| চক্ষুর সম্মুখে | চাক্ষুষ |
| চক্ষুর আড়ালে | পরোক্ষ |
| চিরস্থায়ী নয় যা | নশ্বর |
| চিরকালব্যাপী স্থায়ী | চিরস্থায়ী |
| জলেও চরে স্থলেও চলে | উভচর |
| জলে জন্মে যার | জলজ |
| জন্ম থেকে অন্ধ | জন্মান্ধ |
| জয়সূচক উৎসব | জয়ন্তী |
| জয়লাভ করার ইচ্ছা | জিগীষা |
| জয় করা কঠিন এমন | দুর্জয় |
| জ্বলজ্বল করছে এমন | জাজ্বল্যমান |
| জানার ইচ্ছা | জিজ্ঞাসা |
| জয়ের জন্য যে উৎসব | জয়োৎসব |
| জীবিত থেকেও মৃতের মতো | জীবন্মৃত |
| জানতে ইচ্ছুক | জিজ্ঞাসু |
| জানবার ইচ্ছা | জিজ্ঞাসা |

## ত, থ, দ, ধ, ন

| | |
|---|---|
| তপস্যার নিমিত্ত বন | তপোবন |
| তীর নিক্ষেপে ওস্তাদ | তীরন্দাজ |
| তর্কশাস্ত্রে পটু | তার্কিক |
| ত্বরায় গমন করে যে | তুরগ |
| তুলা দ্বারা তৈরি | তুলোট |
| থেমে থেমে চলার ভঙ্গি | ঠমক |
| থই পাওয়া যায় না যেখানে | অথৈ |
| দমন করা যায় না যাকে | অদম্য |
| দাঁতে বিষ যার | আশীবিষ |
| দার পরিগ্রহ করেননি যিনি | অকৃতদার |
| দান করার যোগ্য | দেয় |
| দুয়ের মধ্যে একটি | অন্যতর |
| দ্বারে থাকে যে | দৌবারিক |
| দর্শনশাস্ত্র জানেন যিনি | দার্শনিক |
| দিবসের শেষভাগ | অপরাহ্ণ |
| দিবসের মধ্যভাগ | মধ্যাহ্ন |
| দিবসের প্রথমভাগ | পূর্বাহ্ণ |
| দুগ্ধ হতে পোষ্য লাভ করে যে | দুগ্ধপোষ্য |
| দুই নদীর মধ্যবর্তী স্থান | দোয়ার |
| দুই সময়ের মিলনের মুহূর্ত | সন্ধিক্ষণ |
| দুইবার জন্ম যার | দ্বিজ |
| দর্শন করতে ইচ্ছুক | দিদৃক্ষু |
| দেখার ইচ্ছা | দিদৃক্ষা |
| দেহে, মনে ও কথায় | কায়মনোবাক্যে |
| দেশের প্রতি প্রেম আছে যার | দেশপ্রেমিক |
| দিনের আলো ও রাত্রির অন্ধকারের সন্ধিক্ষণ | গোধূলি |
| দমন করা কষ্টকর যাকে | দুর্দমনীয় |
| দূর ভবিষ্যৎ ভেবে দেখে না যে | অদূরদর্শী |
| ধন জয় করেন যিনি | ধনঞ্জয় |
| ধনুকের শব্দ | টংকার |
| ধন্যবাদের যোগ্য | ধন্যাবাদার্হ |
| ধী শক্তির অধিকারী | ধীমান |
| ধূলার মতো রঙ যার | পাংশুল |
| নব প্রসূতা গাভী | ধেনু |
| নদীর বালুকাময় তট | সৈকত |
| নদী মাতা যে দেশের | নদীমাতৃক |
| নতুন অন্নের উৎসব | নবান্ন |
| নূপুরের ধ্বনি | নিক্বণ |
| নাটকের পাত্রপাত্রী | কুশীলব |
| নাই আনন্দ যার | নিরানন্দ |
| ন্যায়শাস্ত্র জানেন যিনি | নৈয়ায়িক |
| নিজেই পতি নির্বাচন করে যে | স্বয়ংবরা |
| নিজেকে ধন্য মনে করে যে | ধন্যম্মন্য |
| নিজেকে পণ্ডিত মনে করে যে | পণ্ডিতম্মন্য |
| নিন্দা করার ইচ্ছা | জুগুপ্সা |
| নিমন্ত্রণ না করা সত্ত্বেও যিনি উপস্থিত | অনাহূত |
| নতুন বিবাহিত স্ত্রী | নবোঢ়া |
| নৌকা চালায় যে | নাবিক |
| নৌ বা নৌকা চলাচলের যোগ্য | নাব্য |

## প, ফ, ব, ভ, ম

| | |
|---|---|
| পট আঁকেন যিনি | পটুয়া |
| পাঁজরের জোর কম যার | উনপাঁজুরে |
| পরিমিত ব্যয় করে যে | মিতব্যয়ী |
| পরিমিত কথা বলে যে | মিতভাষী |
| পঁচিশ বছর পূর্তির জন্য যে উৎসব | রজতজয়ন্তী |
| পশ্চাতে গমন করে যে | অনুগামী |

CamScanner

| | |
|---|---|
| পঞ্চাশ বছর পূর্তির জন্য যে অনুষ্ঠান | সুবর্ণজয়ন্তী |
| পদ্মের মতো সুন্দর চোখ যার | কমলাক্ষ |
| প্রবেশে ইচ্ছুক | বিবিক্ষু |
| প্রবেশ করার ইচ্ছা | বিবিক্ষা |
| প্রথম থেকে শেষ পর্যন্ত | আদ্যন্ত |
| প্রতিরোধ করা যায় না | অপ্রতিরোধ্য |
| পানের যোগ্য | পেয় |
| পা থেকে মাথা পর্যন্ত | আপাদমস্তক |
| পাখির ডাক | কূজন |
| পালকি বহন করে যারা | বেহারা |
| প্রিয় কথা বলে যে নারী | প্রিয়ংবদা |
| পূজার উপকরণ | অর্ঘ্য |
| পূর্বে ছিল এখন নেই | ভূতপূর্ব |
| পূর্বে যা ঘটেনি | অভূতপূর্ব |
| পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে যা | দেদীপ্যমান |
| পূর্বে যা দেখা যায়নি | অদৃষ্টপূর্ব |
| পুনঃ পুনঃ রোদন করে যে | রোরুদ্যমান |
| পা ধুইবার জল | পাদ্য |
| প্রতিকার করার ইচ্ছা | প্রতিচিকীর্ষা |
| প্রতিকার করতে ইচ্ছুক | প্রতিচিকীর্ষু |
| ফল পাকলে যে গাছ মরে যায় | ওষধি |
| ফাল্গুন মাসের পূর্ণিমা | ফাল্গুনী |
| ফেলে দেয়ার যোগ্য | ফেলনা |
| ফেনা সহ বর্তমান | সফেন |
| বর্ষের শেষে আয়-ব্যয়ের প্রতিবেদন | সালতামামি |
| বক্রভাবে গমন করে যে | ভুজগ, ভুজঙ্গ |
| বর্ণনা করা যায় না যা | অবর্ণনীয় |
| বর্ণ চুরি করে যে | বর্ণচোরা |
| বপন করা হয়েছে এমন | উপ্ত |
| বলা হয়েছে যা | উক্ত |
| বাস্তু হতে উৎখাত হয়েছে যে | উদ্বাস্তু |
| বাঘের চামড়া | কৃত্তি |
| ব্যাকরণ জানেন যিনি | বৈয়াকরণ |
| ব্যাঙের ডাকের শব্দ | মকমকি |
| বাগদত্তা হয়ে যে নারীর বিয়ে অন্য পুরুষের সঙ্গে হয় | অন্যপূর্বা |
| বিজয় লাভের ইচ্ছা | বিজিগীষা |
| বাস করার ইচ্ছা | বিবৎসা |
| বিভিন্ন দিক জয় করেছেন যিনি | দিগ্বিজয়ী |
| বিড়ালের মতো অক্ষি যার | বিড়ালাক্ষী |

| | |
|---|---|
| বিদেশে থাকে যে | প্রবাসী |
| বিধিকে অতিক্রম না করে | যথাবিধি |
| বিশ্বকে জয় করেছে যে | বিশ্বজিৎ |
| বিনাশ নেই যার | অবিনশ্বর |
| বীণা পাণিতে যার | বীণাপাণি |
| বীণার শব্দ | ঝংকার, নিক্কণ |
| বীর সন্তান প্রসব করে যে | বীরপ্রসূ |
| বুকে হেঁটে চলে যে | উরগ |
| বৃক্ষাদির নতুন কচি শাখা বা পাতা | কিশলয় |
| বৃষ্টির জল | শীকর |
| বেশি কথা বলে যে | বাচাল |
| বহু গৃহ হতে ভিক্ষা সংগ্রাহক | মাধুকর |
| বিচার করে কাজ করে না যে | অবিমৃশ্যকারী |
| বিশ্ববাসীর জন্য হিত/বিশ্বজনের নিমিত্ত হিত | বিশ্বজনীন |
| ভবিষ্যতে হবে এমন | ভাবী |
| ভাতের অভাব আছে যার | হা-ভাতে |
| ভয় নেই যার | নির্ভীক |
| ভবিষ্যতে যা ঘটবে | ভবিতব্য |
| ভবিষ্যৎ চিন্তা করে কাজ করে যে | দূরদর্শী |
| ভক্ষণের ইচ্ছা | বুভুক্ষা |
| ভক্ষণের ইচ্ছুক | বুভুক্ষু |
| ভিক্ষার অভাব | দুর্ভিক্ষ |
| ভালো-মন্দ ন্যায়-অন্যায় বিচার জ্ঞান | বিবেক |
| ভ্রমণ করার ইচ্ছা | বিভ্রমিষা |
| ভ্রমরের শব্দ | গুঞ্জন |
| ভবিষ্যৎ কী হবে দেখে যে | অপরিণামদর্শী |
| ভস্মে পরিণত হয়েছে যা | ভস্মীভূত |
| মাটি দিয়ে শিল্পকর্ম করে যে | মৃৎশিল্পী |
| মনে জন্মে যা | মনোজ |
| মধু পান করে যে | মধুপ |
| মাছের মতো অক্ষি যার | মীনাক্ষী |
| ময়ূরের ডাক | কেকা |
| মর্মস্পর্শ করে যা | মর্মস্পর্শী |
| মেঘের ডাক | মন্দ্র |
| মেঘের ন্যায় শ্যাম | ঘনশ্যাম |
| মুক্তি পেতে ইচ্ছুক | মুমুক্ষু, মুক্তিকামী |
| মৃত্তিকার দ্বারা নির্মিত | মৃন্ময় |
| মুক্তি পেতে ইচ্ছা | |

## য, র, ল

| | |
|---|---|
| যা অতিক্রম করা যায় না | অনতিক্রম্য |
| যা অধিক উষ্ণ বা অধিক শীতল নয় | নাতিশীতোষ্ণ |
| যা গমন করতে পারে না | নগ |
| যা গতিশীল | জঙ্গম |
| যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে | বর্ধিষ্ণু |
| যা ক্রমাগত ক্ষয় পাচ্ছে | ক্ষয়িষ্ণু |
| যা আগে হয়নি | অভূতপূর্ব |
| যা চেটে খেতে হয় | লেহ্য |
| যা চুষে খেতে হয় | চোষ্য |
| যা পিশাচের উপযুক্ত | পৈশাচিক |
| যা পূর্বে ছিল এখন নেই | ভূতপূর্ব |
| যা পূর্বে হয়নি | অপূর্ব |
| যা বচনে বা ভাষায় প্রকাশ করা যায় না | অনির্বচনীয় |
| যা বপন করা হয়েছে | উপ্ত |
| যা বলা হয়েছে | উক্ত |
| যা বলা হয়নি | অনুক্ত |
| যা বলতে হবে | বক্তব্য |
| যা হৃদয় বিদীর্ণ করে | হৃদয়বিদারক |
| যা সহজে লঙ্ঘন করা যায় না | দুর্লঙ্ঘ্য |
| যার অন্য বা দ্বিতীয় নেই | অনন্য, অদ্বিতীয় |
| যার অন্য গতি নেই | অনন্যগতি |
| যাকে পরাভূত করা যায় না | অপরাজেয় |
| যার স্বামী বিদেশে থাকে | প্রোষিতভর্তৃকা |
| যার নাশ আছে | নশ্বর |
| যার দাড়ি জন্মায়নি | অজাতশ্মশ্রু |
| যার চক্ষুলজ্জা নেই | চশমখোর |
| যার তল স্পর্শ করা যায় না | অতলস্পর্শ |
| যার পত্নী বিগত হয়েছে | বিপত্নীক |
| যার শত্রু জন্মায়নি | অজাতশত্রু |
| যার সবকিছু চুরি হয়ে গিয়েছে | হৃতসর্বস্ব |
| যার চিত্ত এক বিষয়ে নিবিষ্ট | একাগ্রচিত্ত |
| যার বিনাশ হয়নি | অবিনশ্বর |
| যার স্ত্রী বিদেশে থাকে | প্রোষিতপত্নীক |
| যার মৃত্যুকাল উপস্থিত | মুমূর্ষু |
| যার কোনো কিছু চাওয়ার নেই | অকিঞ্চন |
| যা স্থানান্তর করা যায় | অস্থাবর |
| যা স্থানান্তর করা যায় না | স্থাবর |
| যা বচনের অতীত | অনির্বচনীয় |
| যা জয় করা হয়েছে | বিজিত |
| যা গ্রহণ করার যোগ্য | গ্রাহ্য |
| যার কোনো কিছুতে ভয় নেই | অকুতোভয় |
| যিনি বহু দেখেছেন | বহুদর্শী |
| যিনি ব্যাকরণ জানেন | বৈয়াকরণ |
| যিনি অনেক দেখেছেন | ভূয়োদর্শী |
| যিনি বক্তৃতায় পটু | বাগ্মী |
| যিনি স্মৃতিশাস্ত্র ভালো বোঝেন | স্মার্ত |
| যিনি ভূত, ভবিষ্যৎ ও বর্তমান কালের বৃত্তান্ত জানেন | ত্রিকালজ্ঞ |
| যিনি বাঘের চামড়া পরিধান করেন | কৃত্তিবাস |
| যিনি নিজেকে হীন মনে করেন | হীনমন্য |
| যিনি বিদ্যা লাভ করেছেন | কৃতবিদ্য |
| যিনি যুদ্ধে স্থির থাকেন | যুধিষ্ঠির |
| যুদ্ধ হতে পলায়ন করে না যে সৈন্য | সংশপ্তক |
| যে অপরিচিত ব্যক্তি হঠাৎ এসেছে | আগন্তুক |
| যে উপকারীর উপকার স্বীকার করে | কৃতজ্ঞ |
| যে উপকারীর উপকার স্বীকার করে না | অকৃতজ্ঞ |
| যে গাছে ফুল হয় না ফল হয় | বনস্পতি |
| যে কর্মের অযোগ্য | অকর্মণ্য |
| যে নারী অন্যের নিন্দা করে না | অনসূয়া |
| যার বর্ণ পরিচয় হয়নি | নিরক্ষর |
| যে জমিতে কোনো ফসল হয় না | উষর |
| যে নারীর স্বামী পুত্র আছে | বীরা |
| যে নারীর সন্তান হয় না | বন্ধ্যা |
| যে নারী পূর্বে অপরের স্ত্রী ছিল | অন্যপূর্বা |
| যে নারী সূর্যকে দেখেনি | অসূর্যম্পশ্যা |
| যে নারী স্বামীর প্রতি অনুরক্তা | পতিব্রতা |
| যে নারীর চোখ সুন্দর | সুনয়না |
| যে নারীর (বিধবা) পুনরায় বিয়ে হয়েছে | পুনর্ভূ |
| যে নারীর হাসি শুচি | শুচিস্মিতা |
| যে নারীর স্বামী বর্তমান | সধবা |
| যে প্রাণী বুকে ভর দিয়ে চলে | সরীসৃপ |
| যে পাখি বৃষ্টির জল ছাড়া অন্য জল পান করে না | চাতক |
| যে পরকে আশ্রয় করে বাঁচে | পরজীবী |
| যে বিষয় ভীতি উৎপাদন করে | বিভীষিকা |
| যে বাস্তু হারিয়েছে | বাস্তুহারা |
| যে বালির নিচে চোরা গহ্বর থাকে | চোরাবালি |
| যে হিসাব করে ব্যয় করে না | অমিতব্যয়ী |

CamScanner

| | |
|---|---|
| যে হাতে কলমে কাজ করে দক্ষতা লাভ করেছে | করিতকর্মা |
| যে স্ত্রীর বশীভূত | স্ত্রৈণ |
| যে সব জানে | সবজান্তা, সর্বজ্ঞ |
| যে ভূমি উর্বর নয় | অনুর্বর |
| যে মেয়ের বিয়ে হয়নি | অনূঢ়া |
| যে যাত্রায় কেউ গমন করলে আর ফেরে না | অগস্ত্যযাত্রা |
| যেখানে মৃত জীবজন্তু ফেলা হয় | ভাগাড় |
| যা অবশ্যই ঘটবে | অবশ্যম্ভাবী |
| যা অধ্যয়ন করা হয়েছে | অধীত |
| যা হেমন্তকালে জন্মে | হৈমন্তিক |
| যা বর্ণনা করা যায় না | অবর্ণনীয় |
| যা দমন করা যায় না | অদম্য |
| যা পরিমাণ করা যায় না | অপরিমেয় |
| যা বিনা আয়াসে লাভ করা যায় | অনায়াসলভ্য |
| যা বিনা যত্নে উৎপন্ন করা হয়েছে | অযত্নসম্ভূত |
| যা বিনা যত্নে লাভ করা হয়েছে | অযত্নলব্ধ |
| যা ভস্ম হয়েছে | ভস্মীভূত |
| যা মাটি ভেদ করে উঠে | উদ্ভিদ |
| যা লঙ্ঘন করা উচিত নয় | অলঙ্ঘনীয় |
| যা সহজে ভেঙে যায় | ভঙ্গুর |
| যা সম্পন্ন করতে অনেক অপব্যয় হয় | ব্যয়বহুল |
| যা পূর্বে শোনা যায়নি | অশ্রুতপূর্ব |
| যার আকার কুৎসিত | কদাকার |
| যার উপস্থিত বুদ্ধি আছে | প্রত্যুৎপন্নমতি |
| যার জায়া যুবতী | যুবজানি |
| যার প্রভা ক্ষণকাল স্থায়ী হয় | ক্ষণপ্রভা |
| যার লজ্জা নেই | নির্লজ্জ, বেহায়া |
| যে নারী স্বয়ং পতি বরণ করে | স্বয়ংবরা |
| যে পুরুষ বিবাহ করেছে | কৃতদার |
| যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ | শ্বাপদসংকুল |
| যে বা যা প্রবীণ বা প্রাচীন নয় | অর্বাচীন |
| যে (ভাই) অগ্রে জন্মগ্রহণ করেছে | অগ্রজ |
| যে (ভাই) পরে জন্মগ্রহণ করেছে | অনুজ |
| যে রমণীর সুন্দর কেশ আছে | সুকেশা, সুকেশিনী |
| যে রোগ নির্ণয়ে হাতড়িয়ে মরে | হাতুড়ে |
| যে সকল বস্তু ভক্ষণ করে | সর্বভুক |
| রাত্রিকালীন যুদ্ধ | সৌপ্তিক |
| রাতের শিশির | শবনম |
| রেশম ও পশমের দ্বারা প্রস্তুত | মখমল |
| রীতিকে অতিক্রম না করে | যথারীতি |
| রব শুনে এসেছে যে | রবাহূত |
| লাভের ইচ্ছা | লিপ্সা |
| লাফিয়ে চলে যা | প্লবগ |

## শ, ষ, স, হ

| | |
|---|---|
| শত পাপড়িযুক্ত ফুল | শতদল |
| শতবর্ষ পূর্তির জন্য অনুষ্ঠান | শতবার্ষিকী |
| শরৎকাল সম্পর্কিত | শারদ |
| শুনলেই যার মনে থাকে | শ্রুতিধর |
| শুভক্ষণে জন্ম যার | ক্ষণজন্মা |
| শোভন হৃদয় যার | সুহৃদ |
| শত্রুকে পীড়া দেয় যে | অরিন্দম |
| শত্রুকে হনন করে যে | শত্রুঘ্ন |
| ষাট বছর পূর্তির অনুষ্ঠান | হীরকজয়ন্তী |
| সব কিছু জানে যে | সবজান্তা, সর্বজ্ঞ |
| সরোবরে জন্ম যার | সরোজ |
| সর্বজনের কল্যাণে | সর্বজনীন |
| সকলের মধ্যে প্রবীণ বা জ্যেষ্ঠ | সার্বজনীন |
| সর্বত্র গমন করেন যিনি | সর্বগ |
| সাপ খেলানো বৃত্তি যার | সাপুড়ে |
| স্বর্ণকারের মজুরি | বানি |
| স্ত্রীর সঙ্গে বর্তমান | সস্ত্রীক |
| সুহৃদের ভাব | সৌহার্দ্য |
| সরোবরে জন্মায় যা | সরোজ |
| সমান বয়স যাদের | সমসাময়িক |
| সমুদ্র হতে হিমালয় পর্যন্ত | আসমুদ্রহিমাচল |
| সিংহের ধ্বনি | নাদ |
| স্বয়ং যে হয়েছে | স্বয়ম্ভূ |
| হস্তী, অশ্ব, রথ ও পদাতিকের সমাহার | চতুরঙ্গ |
| হত্যা করার ইচ্ছা | জিঘাংসা |
| হত্যা করতে ইচ্ছুক | জিঘাংসু |
| হরিণের চামড়া | অজিন |
| হাতির বাসস্থান | পিলখানা |
| হাতির ডাক | বৃংহিত, বৃংহণ |
| হাতের চতুর্থ আঙুল | অনামিকা |
| হরণ করার ইচ্ছা | জিহীর্ষা |
| হরণ করিতে ইচ্ছুক | জিহীর্ষু |
| হাতির শাবক | করভ |

CamScanner

# ১৩ অর্থসহ বাক্য রচনা (বাগধারা)

## অ

**অক্কা পাওয়া** (মারা যাওয়া)— প্রায় বছরখানেক ভুগে কাল রাতে সৈয়দ সাহেব অক্কা পেয়েছেন।

**অতিদর্পে হত লঙ্কা** (বেশি অহংকারে পতন)— লোকটি কালো টাকার জোরে কাউকে পাত্তাই দিতো না; এখন দুর্নীতির দায়ে কারাবন্দি, একেই বলে অতিদর্পে হত লঙ্কা।

**অন্ধের যষ্টি** (একমাত্র অবলম্বন)— বৃদ্ধা জননীর অন্ধের যষ্টি পুত্রটি অকালে প্রাণ হারালো।

**অগস্ত্য যাত্রা** (শেষ প্রস্থান)— শ্বশুরের সাথে ঝগড়া করে জামাতা একেবারে অগস্ত্য যাত্রা করল।

**অল্পবিদ্যা ভয়ঙ্করী** (অল্প বিদ্যার গর্ব)— অল্পবিদ্যা ভয়ঙ্করী বলেই অর্বাচীন গফুর মিয়া বাংলাদেশের সেরা বিজ্ঞানী ড. কুদরত-ই-খুদার বৈজ্ঞানিক তত্ত্বের সমালোচনায় অগ্রসর হলো।

**অগাধ জলের মাছ** (অত্যন্ত কৌশলী)— কথাবার্তায় সাদাসিধে হলেও লোকটি অগাধ জলের মাছ, ওর প্রকৃত পরিচয় পেতে একটু দেরি হবে।

**অর্ধচন্দ্র দান** (গলাধাক্কা দেয়া)— চোরটার মায়াকান্নায় কর্ণপাত করো না, বেশ করে অর্ধচন্দ্র দান করে বিদায় করো।

**অগ্নিশর্মা হওয়া** (অত্যন্ত রাগান্বিত হওয়া)— সাহেব বড় বদমেজাদি, তার কথার ওপর কথা বলতেই অগ্নিশর্মা হয়ে উঠলেন।

**অন্তরটিপুনী** (মর্মপীড়াদায়ক)— তোমার কথা শুনলে গা জ্বালা করে, তুমি প্রত্যেক কথাতেই অন্তরটিপুনী দিতে ওস্তাদ।

**অগ্নিপরীক্ষা** (চরম পরীক্ষা)— বাঙালি জাতি একাত্তর সালে অগ্নিপরীক্ষায় জয়লাভ করেছে।

**অকূলে কূল পাওয়া** (নিরূপায় অবস্থা হতে উদ্ধার পাওয়া)— এই ঘোরতর দুর্দিনে তোমার সাহায্য পেয়ে যেন অকূলে কূল পেলাম।

**অনুরোধে ঢেঁকি গেলা** (অসম্ভবকার্য সম্পাদন করা)— কাজটা খুবই কঠিন, তারপরও অধ্যক্ষের অনুরোধে ঢেঁকি গিলতে হচ্ছে।

**অন্ধকার দেখা** (বিপদে পড়ে ভয় ও ভাবনায় আকুল হওয়া)— পিতৃমাতৃহীন আকবর দেনার দায়ে গৃহহীন হয়ে দুই চোখে অন্ধকার দেখতে লাগল।

**অন্ধকারে থাকা** (কোনো বিষয়ে অনভিজ্ঞ থাকা)— আমি তো সবসময়ই অন্ধকারে থাকলাম, অথচ কি দোষে আমাকে দোষী করছো, ভাই?

**অকালকুষ্মাণ্ড** (অপদার্থ)— অকালকুষ্মাণ্ড ছেলেটির উপর এত বড় দায়িত্ব দিও না।

**অকালপক্ব** (ইঁচড়ে পাকা)— এমন অকালপক্ব ছেলেকে যে সবাই অপছন্দ করবে সেটাই তো স্বাভাবিক।

**অকূল পাথার** (সীমাহীন বিপদ/মহাসংকট)— অকূল পাথারে পড়েছি ভাই, কি করে উদ্ধার পাব জানি না।

**অকূলে ভাসা** (ভীষণ সংকটে পড়ে দিশাহারা হওয়া)— স্বামী-পুত্র হারিয়ে মেয়েটি অকূলে ভাসছে।

**অক্ষর-পরিচয়** (সামান্য বিদ্যা/বর্ণপরিচয়/বর্ণজ্ঞান)— আট বছর বয়স হতে চলল, এখনো ছেলের অক্ষর পরিচয় হয়নি।

**অগতির গতি** (নিরুপায়ের সহায়, অসহায়ের আশ্রয়) এই ঘোর বিপদে তুমিই অগতির গতি।

**অগত্যা মধুসূদন** (অনন্যোপায় হয়ে, উপায়ান্তর না থাকায়)— তার অনুরোধ এড়াতে পারলাম না, অগত্যা মধুসূদন আর কি।

**অগাকান্ত, অগারাম, অগাচণ্ডী** (একেবারে নির্বোধ, নিরেট বোকা)— তার মতো অগারামকে দিয়ে এ কাজ হবে না।

**অগ্নিগর্ভ** (তেজঃপূর্ণ)— তার অগ্নিগর্ভ বক্তৃতায় সকলেই অনুপ্রাণিত হয়।

**অগ্রপশ্চাৎ** (আগপাছ/সব দিক)— অগ্রপশ্চাৎ ভেবে কাজ করলে সমস্যায় পড়তে হয় না।

**অঘটন-ঘটন-পটীয়সী** (যে স্ত্রীলোক অঘটন ঘটাতে পারে)— তার মতো অঘটন-ঘটন-পটীয়সীর পক্ষে সবই সম্ভব।

**অঘাটে জল খাওয়া** (ভুল বা বাজে জায়গায় কাজের চেষ্টা করা/বাজে কাজ, ভুল কাজ বা অনুচিত কাজ করা)— অনেক অঘাটে জল খেয়ে এখন তার বুদ্ধি খুলেছে।

**অঙ্গুলি-নির্দেশ/অঙ্গুলি-সংকেত** (আঙুল দিয়ে ইশারা বা নির্দেশ, নির্দেশ)— সমস্ত ঘটনাটা তারই অঙ্গুলি-সংকেতে ঘটেছে।

**অজ পাড়া গাঁ** (একেবারে গ্রাম/গণ্ডগ্রাম)—তার মতো শহুরে লোক এই অজ পাড়া গাঁয়ে এসে থাকতে পারবে?

**অজুহাত দেখানো** (তুচ্ছ এবং অপ্রকৃত কারণকে প্রকৃত কারণ হিসেবে দেখানো)— বাজে অজুহাত দেবার চেষ্টা করো না। তুমি যে সেদিন ইচ্ছে করেই আসোনি সে তো বোঝাই যাচ্ছে।

**অতলে তলানো** (ডুবে যাওয়া/হারিয়ে যাওয়া/বিস্মৃত হওয়া)— কত সম্ভাবনাময় তরুণ বিপথগামী হয়ে অতলে তলিয়ে গেছে তার ইয়ত্তা নেই।

**অতিমানুষ, অতিমানব** (অলৌকিক ক্ষমতাসম্পন্ন মানুষ)— এ কাজ কেবল একজন অতিমানুষের পক্ষেই সম্ভব।

**অথই জল** (গভীর সংকট, ঘোর বিপদ)— বাবার হঠাৎ মৃত্যুতে ছেলেটা অথই জলে পড়েছে।

**অদৃষ্টের পরিহাস** (ভাগ্যের বিড়ম্বনা)— অদৃষ্টের পরিহাসে রাজা ফকির হয়েছেন।

**অধঃপাতে যাওয়া** (উচ্ছন্নে যাওয়া)— হাতে অতিরিক্ত টাকা পাবার ফলেই ছেলেটা অধঃপাতে গেছে।

**অধমে অধমে** (মন্দের সঙ্গে মন্দে/খারাপের সঙ্গে খারাপে)— উত্তমে উত্তমে যেমন মেলে তেমনি মেলে অধমে অধমে।

**অনধিকার চর্চা** (যে বিষয়ে তেমন জ্ঞান নেই সেই বিষয়ে হস্তক্ষেপ/যে বিষয় তেমন জানা নেই সেই বিষয়ে অযথা আলোচনা)— আমি ভাই ব্যবসায়ী লোক, সাহিত্যের আলোচনায় যোগ দিয়ে অনধিকার চর্চা করতে চাই না।

CamScanner

**অন্ধ বিশ্বাস** (যুক্তিহীন বিবেচনাহীন প্রবল বিশ্বাস)— অন্ধবিশ্বাস থেকেই কুসংস্কারের জন্ম হয়।

**অন্ধভক্তি** (যুক্তিবর্জিত গভীর ভক্তি)— তিনি যুক্তিবাদী লোক, এসব অন্ধভক্তিকে আমল দেন না।

**অন্ধকারে ঢিল ছোঁড়া** (পুরোপুরি আন্দাজে কাজ করা, অনুমানের ওপর নির্ভর করে কিছু করা বা বলা)— অন্ধকারে ঢিল না ছুঁড়ে কি হয়েছিল জানতে চেষ্টা করো।

**অন্ধিসন্ধি** (ফাঁকফোকর/গোপন তথ্য)— এই ব্যবসার অন্ধিসন্ধি কেবল তারই জানা আছে।

**অন্ন ধ্বংস করা** (অলসভাবে জীবন কাটানো এবং নির্বিকারভাবে খেয়ে যাওয়া)— এতদিন তো মামার অন্ন ধ্বংস করলে, এবার কিছু কাজের চেষ্টা করো।

**অপোগণ্ড** (নাবালক)— দুটি অপোগণ্ড ভাই নিয়ে কি করে চালিয়ে এসেছি তা আমি জানি।

**অবরে-সবরে, অবুরে-সবুরে** (কখনো-সখনো, কালেভদ্রে)— সে অবরে-সবরে গ্রামের বাড়িতে যায়।

**অমৃতে অরুচি** (পছন্দসহ খাবারে বা ভালো জিনিসে অনিচ্ছা)— তুমি যে বড় ধূমপান ছেড়ে দিয়েছ? হঠাৎ অমৃতে এমন অরুচি হলো কেন?

**অল্পের উপর দিয়ে যাওয়া** (সামান্য কষ্ট বা ক্ষতিতেই রেহাই পাওয়া)— দুর্ঘটনায় তাদের বড় কিছু হয়নি, অল্পের ওপর দিয়েই গেছে।

**অশ্বডিম্ব** (অলীক বস্তু, যার অস্তিত্বই নেই এমন জিনিস)— এত খাটনি খেটে কি লাভ হলো? পেলাম তো অশ্বডিম্ব।

**অষ্টকপাল** (আটকপালে; হতভাগ্য)— আমার মতো অষ্টকপাল লোকের আশা কি পূর্ণ হবে?

**অষ্টরম্ভা** (কাঁচকলা; কিছুই না)— সবাই কিছু কিছু পেল, কিন্তু আমি পেলাম অষ্টরম্ভা/নেতারা লম্বা লম্বা বক্তৃতা করেন, কিন্তু কাজের বেলায় অষ্টরম্ভা।

**অসাধ্য সাধন** (সুকঠিন কাজ সম্পাদন)— এমন বিপথগামী ছেলের শুভবুদ্ধি জাগিয়ে তুমি অসাধ্য সাধন করেছ।

**অসূর্যম্পশ্যা** (বাড়ির বাইরে বেরোয় না এমন)— মেয়েকে অসূর্যম্পশ্যা করে রাখলেই কি বাইরের প্রভাব আটকাতে পারবে?

**অস্ত যাওয়া** (পতন হওয়া/অবসান হওয়া)— ইংরেজ শাসকরা কি কোনোদিন ভেবেছিল যে তাদের সাম্রাজ্যও একদিন অস্ত যাবে?

**অহঙ্কারে মাটিতে পা না পড়া** (অতিরিক্ত দম্ভে কাউকে গ্রাহ্য না করা)— বড় ঘরে বিয়ে হয়েছে বলে অহঙ্কারে মেয়েটির মাটিতে পা পড়ে না।

## আ

**আকাশ-পাতাল** (ব্যবধানে বিশালতা)— কার সাথে কার তুলনা করছো ভাই? উভয়ের মধ্যে আকাশ-পাতাল তফাত।

**আক্কেল গুড়ুম** (স্তম্ভিত ভাব/হতবুদ্ধি অবস্থা)— কথাটা শুনে আমার তো আক্কেল গুড়ুম।

**আদায়-কাঁচকলায়** (ঘোর শত্রুতা)— খালিদ ও রফিকের মধ্যে মুখ দেখাদেখি পর্যন্ত নেই; উভয়ের সম্পর্কটা একেবারে আদায়-কাঁচকলায়।

**আঁধার ঘরের মানিক** (প্রিয়বস্তু)— পুত্রটি ছিল বিধবা মাতার আঁধার ঘরের মানিক, সেও মাকে ফাঁকি দিল।

**আদার বেপারী** (সামান্য বিষয়ে ব্যস্ত ব্যক্তি)— তুমি আদার বেপারী হয়ে জাহাজের খবর নিতে চাও? লাভ কিছুই হবে না।

**আহ্লাদে আটখানা** (অত্যন্ত খুশি)— প্রাইজবন্ডে হাজার টাকা পেয়ে আহ্লাদে আটখানা হয়েছ দেখছি।

**আকাশে তোলা** (অতিরিক্ত প্রশংসা করা)— এসব বলে ছেলেটাকে আকাশে তুলো না, তাহলে লেখাপড়া ভেস্তে যাবে।

**আসরে নামা** (কাজে অবতীর্ণ হওয়া)— সে এতক্ষণ একটি কথা বলেনি, এখন আসরে নেমে গেল।

**আদা-জল খেয়ে নামা** (কোমর বেঁধে নামা)— সাব্বির গতবার পরীক্ষায় ভালো করেনি তাই এবার আদা-জল খেয়ে নেমেছে।

**আঁতে ঘা দেয়া** (মনে ব্যথা দেওয়া)— নুরু তোমার আঁতে ঘা দিয়ে কথা বলেছে, তুমি কাপুরুষ বলে এখনো চুপ করে রয়েছ।

**আপন পায়ে কুড়োল মারা** (নিজের অনিষ্ট করা)— অসৎ সঙ্গে পড়ে তুমি আপন পায়ে কুড়োল মারছো।

**আকাশ থেকে পড়া** (না জানার ভান করে বিস্ময় প্রকাশ করা)— ও গফুর, ছেলেপেলের কথা শুনে তুমি আকাশ থেকে পড়লে যে।

**আড়িপাতা** (লুকিয়ে শোনা)— অন্যের কথা আড়ি পেতে শোনা বাজে অভ্যাস।

**আঠারো মাসে বছর** (দীর্ঘসূত্রতা)— তুমি একটা কুঁড়ের বাদশা তোমার আঠারো মাসে বছর, তোমার দ্বারা এ কাজ হবে না।

**আমড়াগাছি করা** (তোষামোদে আত্মবিস্মৃতি করা)— চতুর ব্যক্তি নির্বোধ ধনী লোককে আমড়াগাছি করে নিজেদের কাজ হাসিল করে।

**আওয়াজ তোলা** (দাবিমূলক বা আন্দোলনমূলক ধ্বনি দেয়া, ধ্বনি স্লোগান দেয়া)— আমার কথা শেষ হলে সবাই আওয়াজ তুলবে।

**আওয়াজ দেয়া** (বিদ্রূপ করা, ব্যঙ্গ করা)— এই সেকেলে পোশাক পরে বেরুলে লোকে আওয়াজ দেবে।

**আঁকুপাঁকু** (অতিরিক্ত ব্যগ্রতা বা ব্যস্ততার ভাব)— এই তো এলে আবার এরই মধ্যে যাবার জন্য এমন আঁকুপাঁকু করছ কেন?

**আঁচা-আঁচি** (পরস্পরের মনের ভাব)— তার মনের কথার আঁচা-আঁচি পাওয়া সহজ নয়।

**আঁটকুড়ে** (নিঃসন্তান)— আঁটকুড়ে বুড়ো ছেলেপুলেদের একদম সহ্য করতে পারে না।

**আঁতকে ওঠা** (ভয়ে শিউরে ওঠা/ভয়ে চমকে ওঠা)— কথাটা শুনেই সে আঁতকে উঠল।

**আকার-ইঙ্গিত** (ভাবভঙ্গি)— আকার-ইঙ্গিত দেখেই তার অনিচ্ছার কথা বুঝে গেছি।

**আগলে রাখা** (পাহারা দিয়ে রাখা/চোখে চোখে রাখা)— আমি ওকে যত্ন করেই চারদিক থেকে আগলে রেখেছি।

CamScanner

**আগাপাছতলা, আগাপাস্তলা** (আগাগোড়া, আদ্যন্ত)— আগাপাছতলা খুঁজেও বইটা পাওয়া গেল না।

**আঙুল ফুলে কলাগাছ হওয়া** (হঠাৎ বড়লোক হয়ে যাওয়া, খুব অল্প সময়ে প্রচুর টাকাকড়ি হওয়া)— আমাদের রতন আর সে রতন নেই, কন্ট্রাক্টরি করে তার এখন আঙুল ফুলে কলাগাছ হয়েছে।

**আচার-বিচার** (সদ্বিবেচনা/নিয়ম-শৃঙ্খলা)— তিনি গরিব হলেও আচার-বিচারহীন নন।

**আটকপালে, আটকপালিয়া** (হতভাগ্য, অভাগা)— আমার মতো আটকপালের ভাগ্যে কি ঐ চাকরি জুটবে?

**আটঘাট বাঁধা** (চারদিক সম্পর্কে সাবধানতা অবলম্বন করা)— সবসময় আটঘাট বেঁধে কাজ করবে।

**আটপ্রহর** (সারা দিনরাত)— ছেলেটা আটপ্রহর খেলে বেড়াচ্ছে।

**আটপৌরে** (সারাদিন পরা বা ব্যবহার করা হয় এমন, নিত্যপরিধেয়)— আটপৌরে পোশাক পরে অনুষ্ঠানে আসাতে সবাই তাকে নিয়ে মজা করল।

**আদিখ্যেতা** (ন্যাকামি)— এই বয়সে ছেলেকে নিয়ে আদিখ্যেতা আর ভালো দেখায় না।

**আনাড়ি** (অপটু, অনভিজ্ঞ)— আনাড়ি হাতের কাজ দেখেই বোঝা যায়।

**আমড়াগাছি** (তোষামোদ, চাটুকারিতা)— আমড়াগাছি করে কাজ হাসিল করা আমার ধাতে নেই।

**আলাভোলা** (নিতান্ত ভালোমানুষ গোছের, সাদাসিধে)— একেবারেই আলাভোলা ধরনের মানুষ তিনি।

**আসকারা দেয়া** (প্রশ্রয় দেয়া)— চাকরবাকরকে অত আসকারা দাও কেন?

**আষ্টেপৃষ্ঠে** (সারা গায়, সর্বাঙ্গে)— ডাকাতরা লোকটিকে আষ্টেপৃষ্ঠে বেঁধেছে।

## ই

**ইঁদুর কপালে** (মন্দ ভাগ্য)— ওরে হাসান, তুই ইঁদুর কপালে। একের পর এক তোর সবাই মরে গেল।

**ইতর বিশেষ** (প্রভেদ বা পার্থক্য)— কাজী সাহেব নিজের ছেলে আর ভাইয়ের ছেলের মধ্যে কোনোরূপ ইতর বিশেষ না করে একরকম পোশাক দিতেন।

**ইনিয়ে বিনিয়ে** (ঘুরিয়ে ফিরিয়ে/নানাভাবে)— ইনিয়ে বিনিয়ে না বলে সরাসরি বলো।

**ইলশেগুঁড়ি** (গুঁড়িগুঁড়ি বৃষ্টি)— ভোর থেকেই শুরু হলো ইলশেগুঁড়ি।

## উ

**উত্তম-মধ্যম** (প্রহার)— চোরটাকে ভালো রকম উত্তম-মধ্যম দিয়ে ছেড়ে দেয়া হয়েছে।

**উড়নচণ্ডী** (অমিতব্যয়ী)— উড়নচণ্ডী হয়ে আর কতদিন বাপের হোটেলে কাটাবে, নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করো।

**উড়ো চিঠি** (ভিত্তিহীন পত্র বা সংবাদ)— তোমার মতো সাহসী লোকের এরকম উড়ো চিঠিতে ভীত হলে চলবে না।

**উপরোধে ঢেঁকি গেলা** (অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা)—লোকে উপরোধে ঢেঁকি গেলে, আর তুমি আমার সামান্য অনুরোধটি রাখবে না?

**উচ্ছন্নে যাওয়া** (অধঃপাতে যাওয়া/চরিত্রের অবনতি হওয়া)— কুসংসর্গে পড়ে ছেলেটা ধীরে ধীরে উচ্ছন্নে যাচ্ছে।

**উঠে পড়ে লাগা** (বিশেষ যত্ন ও একাগ্রতার সঙ্গে কাজে প্রবৃত্ত হওয়া/যথাযোগ্য উদ্যমের সঙ্গে কাজে নামা বা কাজ আরম্ভ করা)— খেলাধুলো অনেক তো হলো, সামনেই পরীক্ষা। এবার উঠে পড়ে লাগো।

**উসখুস করা** (ছটফট করা)— চুপচাপ বসো, এমন উসখুস করলে চলবে না।

## ঊ

**ঊনপঞ্চাশ বায়ু** (পাগলামি)— পরীক্ষা পরীক্ষা করতে করতে তার ঊনপঞ্চাশ বায়ু প্রবল হয়েছে, পরীক্ষা শেষ হলেই বাঁচি।

**ঊনপাঁজুরে** (মন্দভাগ্য)— ঊনপাঁজুরে মেয়ের কোনো আশা নেই।

## এ

**এলোপাতাড়ি** (বিশৃঙ্খলা)— সন্ত্রাসীদের এলোপাতাড়ি গুলিবর্ষণে এক পথচারী মারা গেল।

**একচোখা** (পক্ষপাত দোষদুষ্ট)— সেলিম চৌধুরীর মতো এমন একচোখা মানুষ আমি আর দেখিনি। নিজের ছেলেদের কোনো দোষ তার চোখে পড়ে না, যত দোষ সব ভাইয়ের ছেলেদের।

**এক ক্ষুরে মাথা মুড়ানো** (একই অবস্থা বা স্বভাববিশিষ্ট)— যেমন বড় ভাই তেমনি ছোট ভাই, উভয়ে এক ক্ষুরে মাথা মুড়ানো, টাকার জন্য এরা করতে পারে না এমন কাজ জগতে নেই।

**এসপার ওসপার** (মীমাংসা)— আর চিন্তা করো না, হয় কাজে যোগদান করো না হয় ছাড়ো, একটা এসপার ওসপার করে ফেল।

**এক মাঘে শীত যায় না** (পুনরায় বিপদ ঘটার সম্ভাবনা)— আমার পাওনা টাকা নিয়ে এমন করছো মনে রেখো— এক মাঘে শীত যায় না।

**এলেবেলে** (বাজে, নিকৃষ্ট)— এলেবেলে খেলা দেখলে ভালো লাগে না।

## ও

**ওজন বুঝে চলা** (আত্মমর্যাদা)— ইদানীং দিনকাল খারাপ, ওজন বুঝে চলো, নইলে অপমানিত হবে।

**ওষুধ করা** (জাদু করা)— নিশ্চয় কেউ তাকে ওষুধ করেছে। নইলে তার মুখে রা নেই কেন?

**ওষুধ ধরা** (আকাঙ্ক্ষিত ফল লাভ)— বড় বাবুর তিরস্কারে আবুল পড়াশোনায় মন দিয়েছে। তাহলে বোঝা যাচ্ছে ওষুধ ধরেছে।

**ওত পাতা** (শিকারের অপেক্ষায় থাকা)— বিড়ালটা তখন থেকে মাছের জন্য ওত পেতে রয়েছে।

**ওলা-ওঠা** (কলেরা রোগ) — প্রতি গ্রীষ্মে গ্রামের অনেক লোক ওলা-ওঠায় মারা যায়।

## ক

**কচু বনের কালাচাঁদ** (অপদার্থ)— পড়াশোনার নাম নেই, পোশাকের কি ঘটা। এমন কচুবনের কালাচাঁদ আর দেখিনি বাবা।

**কথায় চিঁড়ে ভিজে না** (ফাঁকা আওয়াজে কাজ হয় না)— লোকের উপকার করতে গেলে শুধু কথায় চিঁড়ে ভিজে না, কাজ দেখানো চাই।

CamScanner

**কলুর বলদ** (নির্বিকারে পরিশ্রম করা)— সে না বুঝে-সুজে কেবল কলুর বলদের মতো খেটে মরে।

**কন্ধে পাওয়া** (পাত্তা পাওয়া)— কেমন ভাই নতুন জামাই, বিয়ে করতে যাবার সময় আমাদের নাকি নিয়ে যাবে, এখন দেখছি তোমার কন্ধে পাওয়াই ভার হলো।

**কপাল কাটা** (অদৃষ্ট মন্দ হওয়া)— বিধবার একমাত্র পুত্রের মৃত্যুতে তার কপাল কেটেছে।

**কাজির বিচার** (গোঁজামিল দিয়ে বিচার)— আরে ভাই, বিবাদ তো মিটেই গেল, এ যে কাজির বিচার।

**কাজের কাজি** (উপযুক্ত ব্যক্তি)— ইউনিয়ন পরিষদ গঠিত হলো, কিন্তু কাজের কাজি কেউ নেই।

**কুঁড়ের বাদশা** (ভয়ানক অলস)— তুমি দেখছি একটা কুঁড়ের বাদশা, শুয়ে বসে থাকলে সংসার চলবে কী করে?

**কংস মামা** (নির্মম আত্মীয়)— কংস মামার হাত থেকে উদ্ধার না পেলে আর বাঁচার উপায় নেই, জীবন যায় যায়।

**কানাকড়ি** (কপর্দক)— লোকটি পকেটে হাত দিয়ে দেখল যে, তার কানাকড়িও নেই।

**কাকভূশণ্ডি** (দীর্ঘজীবী)— আমার দাদা প্রায় ১২০ বছর বেঁচে কাকভূশণ্ডি হয়েছিলেন।

**কাঁচা বাঁশে ঘুণ ধরা** (অল্প বয়সে বিগড়ানো)— শিশুকাল থেকে ছেলেদের দিকে নজর না রাখলে কাঁচা বাঁশে ঘুণ ধরবে।

**কাঁচা হাত** (অপক্ব)— লোকটির লেখা ভালো নয়, দেখেই মনে হয় কাঁচা হাতের লেখা।

**কাঁচা পয়সা** (নগদ প্রচুর উপার্জন)— ভালো ডাক্তার হতে পারলে কাঁচা পয়সার অভাব নেই।

**কেতাদুরস্ত** (পরিপাটি)— ওহে বাপু শুধু কেতাদুরস্ত হলেই চলবে না, কিছু বিদ্যাও থাকতে হবে।

**কাঁটা দিয়ে কাঁটা তোলা** (শত্রু দ্বারা শত্রু নাশ)— আসাদ আমার বিরুদ্ধে গিয়ে কি করবে, তার অন্তরঙ্গ বন্ধুকে আমি তার বিরুদ্ধে লাগিয়েছি, কাঁটা দিয়ে কাঁটা তুলতে জানি।

**কেঁচো খুঁড়তে সাপ** (তুচ্ছ বিষয় থেকে গুরুতর বিষয়ের উদ্ভব)— বাতেনের চুরির সামান্য ব্যাপারটা সন্ধান করতে গিয়ে পুলিশ বিমল তালুকদারের সক্রিয়তা বুঝতে পারলো—এ যেন কেঁচো খুঁড়তে সাপ বের হলো।

**কপাল ফেরা** (অবস্থার উন্নতি)— ছেলে ডাক্তার হওয়াতে অল্পদিনের মধ্যেই তাদের কপাল ফিরলো।

**কানে খাটো** (যে কম শুনতে পায়)— তুমি জানো না ও যে কানে খাটো, চেঁচিয়ে না বললে শুনবে না।

**কূপমণ্ডূক** (সীমাবদ্ধ জ্ঞান)— আজকাল সমাজে কূপমণ্ডূক মানুষের সংখ্যা বেশি।

**কেউকেটা** (সর্বেসর্বা)— স্থানীয় এমপি সাহেব একজন কেউকেটা লোক, তাকে ধরলে স্কুলের কাজটা হতে পারে।

**কত ধানে কত চাল** (অভিজ্ঞতা অর্জন)— বাপের টাকায় ... থেকে নবাবি করছ; যখন নিজে রোজগার করে সংসার চালা... তখন বুঝবে কত ধানে কত চাল।

**কান ভারী করা** (কুপরামর্শ দান)— কন্যার বিরুদ্ধে পিতার ... করল সৎ মা।

**কান খাড়া করা** (সতর্ক হওয়া)— ঝোপের ধারে বাঘের গ... শিকারী কান খাড়া করল।

**কথার কথা** (প্রসঙ্গত যা বলা যায়)— আমি যা বললাম তা ... কথার কথা, আসলে কি ঘটবে, বলা যায় না।

**কাঁঠালের আমসত্ত্ব** (অসম্ভব বস্তু)— তোমার সেদিনকার আমা... কাঁঠালের আমসত্ত্বের মতোই আমাদের কাছে উপভোগ্য মনে হ...

**কেঁচে গণ্ডূষ** (পুনরায় শুরু)— কবিতার সরলার্থটি কেঁচে গণ্ডূষ ক...

**কুল কাঠের আগুন** (তীব্র জ্বালা)—পুত্রশোকাতুর পিতা একমা... মৃত্যুতে অন্তরে কুল কাঠের আগুন অনুভব করছে।

**কোণঠাসা করা** (সংকীর্ণ গণ্ডিতে আবদ্ধ করা)— সরকারি চাপ ... কোণঠাসা করে রেখেছে।

**কুনোব্যাঙ** (সীমিত জ্ঞান)— কুসংস্কারের বশীভূত হলে মানুষ ... কুনোব্যাঙ হয়ে পড়ে, স্বাধীন চিন্তাশক্তি লোপ পায়।

**কালেভদ্রে** (কদাচিৎ)— কালেভদ্রে দেখা সাক্ষাৎ হলে আত্মী... জন্মাতে পারে না।

**এক কথার মানুষ** (উচিত বক্তা)— আমি বাপু এক কথার মানু... সময়ে টাকা দেব, দেখে নিও।

**কচকচি, কচকচানি** (তর্ক-বিতর্ক/বাদ-প্রতিবাদ)— আমি বাপু ... কথা ভালোবাসি, তোমাদের কচকচি আমার সয় না।

**কচুকাটা করা** (কেটে টুকরো টুকরো করা)— একা সে শত্রুসৈ... কচুকাটা করে ফিরে এলো।

**কলা দেখানো** (ফাঁকি দেওয়া)— তুমি তাকে এত যত্ন-আত্তি ক... আর সে কলা দেখিয়ে চলে গেল?

**কাবু করা** (দুর্বল করে ফেলা/শক্তিহীন করা)— ঠান্ডা আমাকে ... করতে পারবে না।

**কুবেরের ভাণ্ডার, কুবেরের ধন** (অফুরন্ত ভাণ্ডার, অফুরন্ত ঐশ্বর্য)— ... কি কুবেরের ভাণ্ডার রয়েছে যে, সারা জীবন তোমরা বসে বসে খাবে

**কুসুম-কুসুম** (অল্প গরম)— কুসম-কুসুম জলে স্নান করা তার অ... পরিণত হয়েছে।

## খ

**খণ্ডকপালে** (দুর্ভাগ্য)— আমরা খণ্ডকপালে মানুষ রে ভাই; এ... কি আমাদের সয়?

**খণ্ডপ্রলয়** (তুমুল কাণ্ড)— গতকাল রহিম ও করিমের মধ্যে এ... খণ্ডপ্রলয় বেধে গিয়েছিল।

**খোদার খাসি** (হৃষ্টপুষ্ট ব্যক্তি)— উকিল সাহেবের ছেলে ইউসুফ ... কাজকর্ম করে না, খায় দায় ও ঘুরে বেড়ায়, একদম খোদার খাসি।

**খাল কেটে কুমির আনা** (স্বীয় দোষে বিপদে পড়া)— ওর মতো বদমাশ লোককে স্থান দিয়ে আমি যেন খাল কেটে কুমির এনেছি, ওর জন্য আমাকে বিপদে পড়তে হলো।

**খরচের হাত** (দরাজভাবে খরচ করা, খরচে উদারতা)— ওর যা খরচের হাত, ও কি আর বাড়ি-গাড়ি করতে পারবে?

**খাই-খরচ** (খাওয়ার খরচ, খোরাকি)— খাই-খরচ বাবদ কিছু টাকা নিজের হাতে রেখে দিই।

**খেজুরে আলাপ** (ধানাইপানাই কথাবার্তা, অকাজের কথাবার্তা)— লোকের সঙ্গে অকারণে খেজুরে আলাপ করতে ভালো লাগে না আমার।

## গ

**গাছে না উঠতেই এক কাঁদি** (কাজ না করে ফল চাওয়া)— কাজ না করেই টাকা চাও এ যে দেখছি গাছে না উঠতেই এক কাঁদি।

**গায়ে ফুঁ দিয়ে বেড়ানো** (চিন্তাহীন লোক)— পরীক্ষায় ফেল করেও গায়ে ফুঁ দিয়ে বেড়াচ্ছ, তোমার কি ভাবনা-চিন্তা নেই?

**গড্ডলিকা প্রবাহ** (অন্ধ অনুকরণ)— গড্ডলিকা প্রবাহে ভেসে চললে জীবনে উন্নতির কোনো আশা নেই।

**গায়ে পড়া** (অযাচিত)— তোমার গায়ে পড়া কথায় কি আসে যায়— আমরা মোটেই তাতে কোনো গুরুত্ব দেই না।

**গা ঢাকা দেয়া** (আত্মগোপন করা)— খুনী ঘটনার পর গা ঢাকা দিয়েছে, পুলিশ তাকে খুঁজে পাচ্ছে না।

**গো মূর্খ** (নিরেট মূর্খ বা বর্ণজ্ঞানহীন)— হাফিজ সাহেবের গো মূর্খ ছেলেটার এমন রূপসী গুণবতী বৌ জুটল, একেই বলে ভাগ্য।

**গোঁয়ার গোবিন্দ** (কাণ্ডজ্ঞানহীন মানুষ)— গোঁয়ার গোবিন্দের মতো কাজ করলে ঠকতে হয়।

**গোবরে পদ্মফুল** (নীচকুলে মহৎ ব্যক্তি)—কৃষকের ঘরে এমন দয়ালু ও শিক্ষিত ছেলে—এ যে দেখছি গোবরে পদ্মফুল।

**গৌরীসেনের টাকা** (অফুরন্ত অর্থ)— একি গৌরীসেনের টাকা পেয়েছ যে, দেদারছে খরচ করছ? রেখে-ঢেকে খরচ কর।

**গাঁয়ে মানে না আপনি মোড়ল** (গ্রামবাসী না মানলেও নিজেই নিজেকে কর্তা বলে জাহির করা)— তুমি বাপু ফপর দালালি করছ কেন, গাঁয়ে মানে না আপনি মোড়ল হয়ে বসেছ দেখছি।

**গোল্লায় যাওয়া** (নষ্ট হওয়া)— রহমান সাহেবের অমন তুখোড় ছেলেটি গোল্লায় গিয়েছে, সে চুপেচুপে মাদক সেবন করে।

**গভীর পানির মাছ** (ধূর্ত)— রহমত আলী তো গভীর পানির মাছ, তার মর্ম বোঝা মুশকিল।

**গদাই লস্করি চাল** (আলসেমি)— ওহে বাপু তাড়াতাড়ি হাত চালাও, অমন গদাই লস্করি চালে কাজ করলে সব পণ্ড হবে।

**গো-বৈদ্য** (হাতুড়ে)— ইসলাম সাহেবের মেয়ে একবার এক গো-বৈদ্যের হাতে পড়ে মরতে বসেছিল।

**গৌরচন্দ্রিকা** (ভূমিকা)— গৌরচন্দ্রিকা না করে আসল কথা বল।

**গাছে কাঁঠাল গোঁফে তেল** (প্রাপ্তির পূর্বেই ভোগের আয়োজন)— তোমার চাকরি হলে তবে তুমি খাওয়াবে, আমাদের সেই আশায় বসে থাকতে হবে, এ যে গাছে কাঁঠাল গোঁফে তেলের মতো ব্যাপার।

**গণেশ উল্টানো** (তুলে নেওয়া/উঠে যাওয়া)— কর্মচারীদের চুরির ফলে দোকানটি গণেশ উল্টিয়েছে।

**গা তোলা** (উঠা)— এখন গা তুলুন, ট্রেনের সময় হয়েছে।

**গা মাখা** (আমল দেয়া)— বড় ভাই গুরুজন, তার বকুনি গায়ে মাখতে নেই।

**গা-করা** (মনোযোগ দেয়া)— পরের কাজ হলেও গা-করা দরকার, নচেৎ সব পণ্ডশ্রম হবে।

**গলগ্রহ** (পরের বোঝা হয়ে থাকা)— অনেক দায়িত্বজ্ঞানহীন ব্যক্তি পুত্র ও পুত্রবধূর গলগ্রহ হয়ে থাকে।

**গড়িমসি** (ঢিলেমি/আলসেমি/দীর্ঘসূত্রতা)— সব কাজেই তার গড়িমসি কারও ভালো লাগে না।

**গণ্ডগ্রাম** (অজ পাড়া গাঁ)— সেই কোন গণ্ডগ্রামে তার বাড়ি!

## ঘ

**ঘরের শত্রু বিভীষণ** (যে গৃহবিবাদ বাধায়)— আজিজ, ওর জন্য তুমি তো ওকালতি করছ, কিন্তু জানো ও ঘরের শত্রু বিভীষণ।

**ঘোড়ার ডিম** (অলীক পদার্থ)— লোকটা যেমন হাড় কিপটে, তার কাছে যাচ্ছ টাকা ধার করতে। ঘোড়ার ডিম পাবে।

**ঘোড়ার ঘাস কাটা** (বাজে কর্ম করা)— মনে রেখ, স্কুলে তোমরা পড়াশুনা করতে এসেছ, ঘোড়ার ঘাস কাটতে আসনি।

**ঘটিরাম** (অপদার্থ)— রিলিফের বদৌলতে কত ঘটিরাম অজস্র টাকা উপার্জন করেছে সে কথা সবারই জানা।

**ঘা খাওয়া** (দুঃখ পাওয়া)— বৃদ্ধা জীবনে অনেক ঘা খেয়ে শেষে মারা গেলেন।

**ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া** (ওপরওয়ালাকে ডিঙিয়ে স্বার্থ হাসিল করা)— অফিসের বড় সাহেবের হাতে দরখাস্ত দিয়ে পাঠাও, ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়ার চেষ্টা করো না।

**ঘুঘু চরানো** (সর্বনাশ সাধন)— চাঁদা না দিলে সন্ত্রাসীরা আমার বাড়িতে ঘুঘু চরানোর হুমকি দিয়েছে।

**ঘুমকাতুরে** (ঘুমোতে ভালোবাসে/যে অত্যধিক ঘুমোয়)— সে এতই ঘুমকাতুরে যে শ্রেণিকক্ষে মাঝে মাঝে ঘুমিয়ে পড়ে।

## চ

**চাটি বাটি গুটানো** (বাস্তুত্যাগ করা)— চাটি বাটি গুটিয়ে চলে যাচ্ছ যাও, বলে রাখলাম সেখানে না খেয়ে মরতে হবে।

**চক্ষু চড়ক গাছ** (বিস্ময়ে হতবুদ্ধি)— চোখের সামনে এমন একটা ভৌতিক কাণ্ড দেখে আমার চক্ষু চড়ক গাছ হলো।

**চশমখোর** (লজ্জাহীন)— তোমার মতো চশমখোর লোক ভূ-মণ্ডলে বিরল।

**চিনির বলদ** (যে খাটে অথচ ফল ভোগ করতে পারে না)— ক্যাশিয়ার সাহেব যে চিনির বলদ, কোটি কোটি টাকার হিসাব রাখেন, কিন্তু একটি পয়সাও নেয়ার অধিকার তার নেই।

CamScanner

**চাচা আপন প্রাণ বাঁচা** (সর্বাগ্রে নিজের জীবন রক্ষা করা)— বিগত স্বাধীনতা সংগ্রামে আত্মীয়-স্বজন ছেড়ে অনেকে চাচা আপন প্রাণ বাঁচা বলে চলে যায়।

**চুল পাকানো** (অভিজ্ঞতা অর্জন)— মাস্টারি করে চুল পাকালাম, তুমি এসেছ ভুল ধরতে।

**চক্ষুদান করা** (চুরি)— পকেটমার আমার কলমটা চক্ষুদান করে নিয়ে গেল।

**চোখের বালি** (চক্ষুশূল)— সতীনের মেয়েটি নতুন বৌয়ের যেন চোখের বালি, একেবারে দেখতে পারে না ওকে।

**চোখে ধুলো দেয়া** (প্রতারণা করা)— আমার চোখে ধুলো দিতে চাও, এতখানি বুদ্ধি তোমার এখনও হয়নি।

**চোরাবালি** (প্রচ্ছন্ন আকর্ষণ)— প্রলোভনের চোরাবালিতে সে নষ্ট হলো।

**চোখে অন্ধকার দেখা** (নিরাশ হওয়া)— পরিবার থেকে ফেল হওয়ায় রহমান চোখে অন্ধকার দেখতে লাগল।

**চোখ পাকানো** (ক্রোধ দেখানো)— তোমার চোখ পাকানো দেখে আমি ভয় করি মনে করো না।

**চোখের মাথা খাওয়া** (কানা বা অন্ধ হওয়া)— তুমি কি চোখের মাথা খেয়েছ যে, ভূগোল আনতে গিয়ে ইতিহাস এনেছ।

**চিনির পুতুল** (যে অল্প পরিশ্রমে ভেঙে পড়ে)— ভালোভাবে পরিশ্রম কর, এইরূপ চিনির পুতুল হয়ে থাকলে শেষে মুশকিলে পড়তে হবে।

**চোখে ধোঁয়া দেখা** (হতভম্ব হওয়া)— মামলা-মকদ্দমায় হেরে তালুকদার সাহেব চোখে ধোঁয়া দেখতে লাগলেন।

**চোখের চামড়া** (নির্লজ্জ)— লোকটা সুদখোর, চোখের চামড়া নেই, কাজেই সুদ চাইতে দ্বিধা করল না।

**চোখের নেশা** (মোহ)— কী চোখের নেশায় তাকে পেয়ে বসেছে, এ নেশা কী সহজে কাটবে?

**চোখে সরষে ফুল দেখা** (হতবুদ্ধি)— প্রশ্নপত্রে কিছুই কমন আসেনি দেখে ছাত্রটি চোখে সরষে ফুল দেখছে।

**চিটিংবাজি করা** (ঠকানো, প্রতারণা করা)— আমার সঙ্গে চিটিংবাজি করলে তার ফল হাতে নাতে পাবে।

**চিৎপটাং** (চিৎ হয়ে পড়ে গেছে এমন)— ছোট্ট এক ধাক্কায় একেবারে চিৎপটাং হয়ে পড়ে গেলে?

**চুনোপুঁটি** (সামান্য লোক/গুরুত্বহীন বা কম দরের লোক)— চুনোপুঁটিদের হয়রানি না করে বড় বড় চোরাকারবারিদের কাছে যাও।

**চুপসানো, চুপসে যাওয়া** (সংকুচিত হওয়া)— ধমক খেয়ে ছেলেটা খুবই চুপসে গেলে।

**চুলোয় যাওয়া** (অধঃপাতে যাওয়া, উচ্ছন্নে যাওয়া)— চুলোয় যাক অমন চাকরি।

**চোখ-কান খুলে রাখা** (সজাগ ও সতর্ক থাকা)— একটু চোখ কান-খুলে রেখো, তাহলেই সব টের পাবে।

**চোখ ছানাবড়া হওয়া** (বিস্ময়ে চোখ গোল হয়ে যাওয়া)— এত বড় মাছ দেখে তার চোখ ছানাবড়া হয়ে গেল।

**চোখ টাটানো** (অন্যের সাফল্য, সমৃদ্ধি প্রভৃতিতে ঈর্ষান্বিত) আমার বাড়ি-গাড়ি দেখে এদের নিশ্চয় চোখ টাটাচ্ছে।

**চোখ ফোটা** (ভুল বা অস্পষ্ট ধারণা দূর হওয়া/প্রকৃত ব্যাপার বা বুঝতে পারা)— এতদিনে আমার চোখ ফুটল।

**চোখ বুলানো** (অগভীরভাবে বা ভাসা-ভাসাভাবে দেখা) কাগজপত্রগুলোর ওপর একবার চোখ বুলিয়ে নিয়ো।

**চোরের মায়ের বড় গলা** (অসৎ লোকের হম্বিতম্বি/যে যত অসৎ তার তত গলাবাজি)— নিজে অবৈধ কামাই করে কামাইয়ের সমালোচনা করছ, এ যে দেখি চোরের মায়ের বড়

## ছ

**ছকড়া নকড়া** (সস্তা)— যুদ্ধের বাজার ছিল আগুন, কিন্তু এর মাংস ছকড়া নকড়া দরে বিক্রি হচ্ছে।

**ছক্কা-পাঞ্জা করা** (বড় বড় কথা বলা)— পেটে তো বিদ্যা আবার ছক্কা-পাঞ্জা করছো?

**ছিনিমিনি খেলা** (অপব্যয় করা)— বড়লোকের ছেলে, তা নিয়ে ছিনিমিনি খেলতে বাধে না।

**ছিচ্‌কাঁদুনে** (অল্পতেই কাঁদে এমন)— পারভীনের মতো ছি মেয়ে এ সংসারে বিরল।

**ছেলের হাতের মোয়া** (অতি সহজ ব্যাপার)— পরীক্ষায় পা হলে রীতিমতো পরিশ্রম করতে হয়, এ ছেলের হাতের মোয়া

**ছা-পোষা** (পোষ্যভারাক্রান্ত)— ছা-পোষা কেরানি আমি, অ এত শখ করলে সাজে?

**ছাই ফেলতে ভাঙা কুলো** (সামান্য কাজের জন্য নিযুক্ত পাত্র)— বড় সাহেবের ছেলেকে স্কুলে আনা-নেয়ার জন্য বৃদ্ধ নিযুক্ত হওয়ায় ছাই ফেলতে ভাঙা কুলোরই ব্যবস্থা হলো।

**ছড়ি ঘোরানো** (বিরক্তিকরভাবে সর্দারি করা)— সবার ও ঘোরাতে তিনি খুবই দক্ষ।

**ছারখার করা** (নষ্ট করা, ধ্বংস করা)— রিনার সৎ মা তাদে সংসারটাকে ছারখার করে দিল।

**ছিঁচকে চোর** (যে চোর ছোটখাটো জিনিস চুরি করে)— চোরের উপদ্রব খুব বেড়েছে।

**ছিটকে পড়া** (দূরে চলে যাওয়া)— চাকরির সূত্রে এক-এক একদিকে ছিটকে পড়েছে।

## জ

**জগদ্দল পাথর** (গুরুভার)— সে আমার ওপর দায়িত্বে পাথর চাপিয়ে নিশ্চিত হয়ে আছে।

**জলে কুমির ডাঙ্গায় বাঘ** (উভয় সংকট)— একদিকে নজরদারি অন্যদিকে নিজ দলের হুমকিতে তার অবস্থা এ কুমির ডাঙ্গায় বাঘের মতো।

CamScanner

**জগাখিচুড়ি** (বিশৃঙ্খলা)— বাক্সের মধ্যে বই-পত্তর কাগজ সব জগাখিচুড়ি করে রেখেছ।

**জাহান্নামে যাওয়া** (গোল্লায় যাওয়া)— টাকা চুরি করে এখন ভালোমানুষী দেখানো হচ্ছে, জাহান্নামে যাও তুমি।

**জলাঞ্জলি দেয়া** (অপব্যয় করা)— কী করে শেয়ার মার্কেটে তুমি এত টাকা জলাঞ্জলি দিলে?

**জট পাকানো** (জটিলতা সৃষ্টি করা/জটিলতা সৃষ্টি হওয়া)— এ মামলার নিষ্পত্তি সহজে হবে না-সব জট পাকিয়ে গেছে।

**জাত খাওয়া** (জাতিভ্রষ্ট করা/জাতি নষ্ট করা)— সে কি আমার জাত খাওয়ার কম চেষ্টা করেছে?

**জান কবুল** (প্রাণপণ চেষ্টা)— সম্মান বাঁচার জন্য জান কবুল করব।

**জুতো খাওয়া** (অপমানিত হওয়া/বেকুব বনে যাওয়া)— ওদের ঝগড়া থামাতে গিয়ে নিজেই জুতো খেয়ে ফিরে এসেছি।

**জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ** (ছোটবড় সব রকমের কাজ)— জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ সবই ঐ একজনকেই করতে হয়।

**জের টানা** (আগের পৃষ্ঠার হিসাব পরের পৃষ্ঠায় নিয়ে যাওয়া)— আপনার কথার জের টেনেই আমি কিছু বলতে চাই।

## ঝ

**ঝাঁকের কই** (এক দলের লোক)— মাওলানা সাহেব বৃথাই রোহিঙ্গাদের জন্য অর্থ ব্যয় করেছেন, দুদিন বাদেই দেখা যাবে যে ঝাঁকের কই ঝাঁকেই ফিরছে।

**ঝিকে মেরে বৌকে শেখানো** (আভাসে শিক্ষা)— ভদ্রলোক ঝিকে মেরে তার আধুনিকা বৌকে শেখাতে চেষ্টা করলেন।

**ঝোপ বুঝে কোপ মারা** (অবস্থা বুঝে সুযোগ গ্রহণ)— এ শহরে কোনো ভালো হোটেল না থাকায় আজিজ সাহেব ঝোপ বুঝে কোপ মেরে বহু টাকা উপার্জন করলেন।

**ঝালাপালা** (কর্ণপীড়া)— উঃ, তুমি এতো কথা বল যে, কান ঝালাপালা হয়ে যায়।

**ঝাল ঝাড়া** (কড়া কথা বলে পুরনো আক্রোশ মেটানো)— সেদিন তাকে বাগে পেয়ে ভালো করে মনের ঝাল ঝেড়েছি।

**ঝোলে অম্বলে এক করা** (দুটি জিনিস মিশিয়ে ফেলা)— এক এক করে বলো, ঝোলে অম্বলে এক করে ফেলো না।

## ট

**টাকার গরম** (ধনের অহঙ্কার)— টাকার গরমে চৌধুরী সাহেবের কাছে কথা ছোঁয়ানো যায় না।

**টিম টিম করা** (ক্ষীণভাবে অস্তিত্ব বজায় রাখা)— খান সাহেবের একমাত্র নাতিটি বর্তমান, সেই এখন টিম টিম করে জ্বলছে।

**টোপ ফেলা** (প্রলোভন দেখানো)— ডাক্তার সাহেব চতুর লোক, মেয়ে বিয়ে দিতে ঠিক জায়গায় টোপ ফেলেছেন।

**টাকার কুমির** (অনেক টাকার মালিক)— টাকার কুমির নওয়াব সাহেব সেদিন মারা গেলেন।

**টক্কর দেয়া** (পাল্লা দেয়া)— সামান্য কেরানি হয়ে বড় সাহেবের সঙ্গে টক্কর দিতে যেও না।

**টইটম্বুর** (ভরপুর)— বর্ষাকলে নদী, খাল, বিল পানিতে ভরে গেছে; ক্ষেতগুলো পর্যন্ত পানিতে টইটম্বুর।

**টীকা ভাষ্য** (দীর্ঘ আলোচনা)— প্রত্যেকটি বিষয়ে টীকা ভাষ্যের প্রয়োজন কি, এতেই চলবে।

**টাকা ওড়ানো** (টাকার অপব্যয় করা)— বাবার মৃত্যুর পর ছেলেটা দুহাতে টাকা ওড়াতে লাগল।

**টানাপোড়েন** (দুই বিপরীত ব্যাপারের টান)— দু পক্ষের টানাপোড়েনে আমার তো প্রাণ যায়।

## ঠ

**ঠেলার নাম বাবাজি** (চাপে পড়ে কাবু হওয়া)— আবুল না বলেছিলে দেনা শোধ করবে না—কেমন, দিতে হল তো, ঠেলার নাম বাবাজি।

**ঠাট বজায় রাখা** (চাল বজায় রাখা)— আজকালকার দিনে ঠাট বজায় রাখতে প্রাণ যায়।

**ঠোঁটকাটা** (স্পষ্ট বক্তা)— আচ্ছা ঠোঁটকাটা লোক তো তুমি, তার মুখের ওপর অতগুলো কথা বললে।

**ঠান্ডা লড়াই** (গোপনে বিরোধিতা)— আমেরিকা বহুদিন ধরে রাশিয়ার সঙ্গে ঠান্ডা লড়াই করেছে।

**ঠাওর করা** (বুঝতে পারা/অনুভব করা)— অন্ধকারে কিছুই যে ঠাওর করতে পারি না।

**ঠাঁই ঠাঁই** (পৃথক/আলাদা/আলাদা আলাদা ভাবে)— ভাই ভাই ঠাঁই-ঠাঁই।

**ঠোঁট উল্টানো** (বড়াই করা/গর্ব প্রকাশ করা)— তুমি যে এত ঠোঁট উল্টাচ্ছ, তোমার কি এমন গুণ আছে?

## ড

**ডুবে ডুবে জল খাওয়া** (গোপনে কুকাজ করা)— বাইরে সে বেশ ভালো কিন্তু ডুবে ডুবে জল খায়।

**ডাকাবুকো** (দুরন্ত)— ডাকাবুকো খান সাহেবের ছেলে তুমি, তোমাকে এমন বোকা হলে চলবে না।

**ডান হাতের ব্যাপার** (আহার, ভোজন)— একটু অপেক্ষা করো ভাই, আমি চট করে ডান হাতের ব্যাপারটা সেরে নিই।

**ডাগর-ডোগর** (বয়সে এবং চেহারায় বেশ বড়োসড়ো)— ছেলেটি তো বেশ ডাগর-ডোগর হয়ে উঠেছে।

## ঢ

**ঢিমে তেতালা** (মৃদুগতি)— জলদি কর, ঢিমে তেতালায় কাজ করলে সব পণ্ড হবে।

**ঢাক ঢাক গুড় গুড়** (কপটতা)— কোর্টে সাক্ষ্য দেবো তো ঢাক ঢাক গুড় গুড় করতে পারবো না, সত্য কথা বলব।

**ঢাকের বায়া** (অকেজো)— আমিনুল একাই কাজটি করেছে, তার বন্ধু আমিন ঢাকের বায়া।

**ঢাকের কাঠি** (তোষামুদে)— কেরানি সাহেব বড় সাহেবের ঢাকের কাঠি, যা বলবে সে তাই শুনবে।

**ঢলাঢলি** (কেলেঙ্কারি)— স্কুল-কলেজের সহশিক্ষা যদি ঢলাঢলির সৃষ্টি করে তা হলে অবশ্য পরিত্যাজ্য।

**ঢং করা** (ন্যাকামি করা)— খেয়ে নে, আর ঢং করতে হবে না।

**ঢুলুঢুলু** (তন্দ্রালুতা)— ঘুমে চোখ ঢুলুঢুলু হয়ে এসেছে।

**ঢেঁকি অবতার** (নিষ্কর্মা ও নির্বোধ লোক)— এমন ঢেঁকি অবতারের খাওয়া জুটবে কি করে?

## ত

**তাসের ঘর** (ক্ষণস্থায়ী)— এ সংসার তাসের ঘর, কী নিয়ে আমরা এখানে বড়াই করি!

**তাক লাগা** (আশ্চর্য হওয়া)— আট বছরের ছেলে জহির ওস্তাদি গান গেয়ে সভাস্থ সকল লোককে তাক লাগিয়ে দিল।

**তিলকে তাল করা** (অতিরিক্ত করা)— ওর স্বভাবই হলো তিলকে তাল করা, ওর কথায় কোনো গুরুত্ব দেবেন না।

**তেলে বেগুনে জ্বলে উঠা** (ক্রুদ্ধ হওয়া)— ছাত্রের ঔদ্ধত্যপূর্ণ উত্তর শুনে শিক্ষক তেলে বেগুনে জ্বলে উঠলেন।

**তালপাতার সেপাই** (কৃশকায়)— তালপাতার সেপাই স্বাস্থ্য নিয়ে যুদ্ধে যেতে চায় রবিন।

**তামার বিষ** (অর্থের কুপ্রভাব)— মানুষকে মানুষ বলে গ্রাহ্য করো না, তোমাকে তামার বিষে পেয়েছে বুঝি?

**তাল সামলানো** (শেষ রক্ষা)— বুঝে শোনে কাজ কর, শেষে তাল সামলানো দায় হবে, বুঝলে?

**তুষের আগুন** (দগ্ধকারী দুঃখ)— পুত্রশোকে পিতার বুকে তুষের আগুন ধিকিধিকি জ্বলছে।

**তুলসী বনের বাঘ** (ভণ্ড)— লোকটা মজুতদারি করে আবার মসজিদে নামাজও পড়ে, আসলে সে তুলসী বনের বাঘ।

**তেলা মাথায় তেল দেয়া** (যার আছে তাকে আরো দেয়া)— দুনিয়ার সবাই তেলা মাথায় তেল দেয়, গরিবের যেন কেউ নেই।

**তেল বাড়া** (অহঙ্কার)— তোমার খুব তেল বেড়েছে দেখছি।

**ত্রাহি ত্রাহি** (পরিত্রাণ পেতে আর্তচিৎকার)— নদীতে প্রবল ঝড়ের দাপটে পড়ে নৌকারোহিগণ ত্রাহি ত্রাহি ডাক ছাড়ল।

**তটস্থ হওয়া** (বিচলিত হওয়া)— জমিদারের ভয়ে প্রজারা তটস্থ হয়ে থাকে।

**তড়িঘড়ি** (ব্যস্তসমস্ত)— খবর পেয়েই সবাই তড়িঘড়ি ছুটে গেল।

**তর না সওয়া** (দেরি করতে না চাওয়া)— তোমার যে একেবারেই তর সইছে না, একটু অপেক্ষা করতেই হবে।

**তরবেতর** (নানারকম)— দোকানে তরবেতর জামাকাপড় সাজানো রয়েছে।

**তর্জন-গর্জন** (শাসানি)— রোজ রাতে বাড়ি ফিরে লোকটা বউয়ের ওপর তর্জন-গর্জন শুরু করে দেয়।

**তাথৈ তাথৈ নাচা** (আনন্দে উদ্বেল হওয়া)— সাহেবের প্রশংসা শুনে সে দুহাত তুলে তাথৈ তাথৈ নাচছে।

**তালগাছের আড়াই হাত** (কোনো কাজের শেষ ও সবচেয়ে অংশ)— প্রথমটা ভালোয় ভালোয় উতরে গেল, এখনও তাল আড়াই হাত বাকি।

**তিড়িং বিড়িং** (অস্থিরভাবে লাফালাফি)— এত তিড়িং বিড়িং না একটু শান্ত হয়ে বসো।

**তেল-নুন-লকড়ি** (খাদ্য বা খাদ্যের উপকরণ)— সবকিছুর আমাদের ভাবতে হয় তেল-নুন-লকড়ির সংস্থানের কথা।

## থ

**থ' হয়ে যাওয়া, থতমত খাওয়া** (কিংকর্তব্যবিমূঢ় হওয়া)— কী ঢং, এতটুকু ছেলের কথা শুনে একেবারে থ' হয়ে গেলাম।

**থৈ পাওয়া** (সীমা পাওয়া)— এত করলাম অথচ তোমাকে খুশি গেল না, তোমার মনের থৈ পাওয়া কি আমার সাধ্যি?

**থোড়াই কেয়ার করা** (বিন্দুমাত্র সমীহ বা গ্রাহ্য না করা)— ও কি করবে? ওকে আমি থোড়াই কেয়ার করি।

## দ

**দুধ-কলা দিয়ে সাপ পোষা** (যত্ন করে শত্রু পোষা)— টের পাই দুধ-কলা দিয়ে সাপ পুষেছিলাম, সুযোগ পেয়ে পালিয়ে গেল।

**দশের লাঠি একের বোঝা** (সকলে মিলে কাজ করলে সহজ, একজনের পক্ষে বোঝাস্বরূপ)— তোমরা দেশের মানুষ, কাজ করে কোনো সমস্যাই কঠিন নয়। জানো তো, দশের লাঠি একের বোঝা।

**দুধে-ভাতে থাকা** (ভালোভাবে থাকা)— দোয়া করুন হুজুর, আমার ছেলেমেয়ে যেন দুধে-ভাতে থাকে।

**দহরম মহরম** (মাখামাখি বন্ধুত্ব)— দুজনের মধ্যে খুব দহরম মহরম দেখছি, বন্ধুত্ব টিকলে হয়।

**দা-কুমড়া সম্বন্ধ** (শত্রুভাব)— বাপ-বেটার দা-কুমড়া সম্বন্ধ! বল কি যে

**দুমুখো সাপ** (যার মুখে দুই রকমের কথা বের হয়)— মান্নান একজন দুমুখো সাপ, এর কথা ওকে বলে, ওর কথা একে বলে।

**দু'কান কাটা** (বেহায়া)— জেল খেটে খেটে এই পাকা চোরটির কান কাটা হয়ে পড়েছে।

**দক্ষযজ্ঞ ব্যাপার** (বিরাট সমারোহ)— চৌধুরী বাড়িতে বিয়ের হৈ পড়েছে, যেন দক্ষযজ্ঞ ব্যাপার।

**দাঁও মারা** (মোটা লাভ করা)— সুযোগ বুঝে রমযান মাসে ব্যবসায়ীরা দাঁও মারার চেষ্টা করছে।

**দুধের সাধ ঘোলে মেটানো** (উৎকৃষ্ট বস্তুর অভাব নিকৃষ্ট বস্তুর দ্বা মেটানো)— মাতৃস্নেহ কি অন্য আত্মীয়ের যত্নে মেটে, দুধের সা ঘোলে মেটাতে পারে না।

**দক্ষিণ হস্তের ব্যাপার** (খাওয়া/ভোজন)— দক্ষিণ হস্তের ব্যাপারটি এখনও সারা হলো না?

**দড়ি-কলসি** (আত্মহত্যা করার উপকরণ)— দড়ি-কলসিও জোটে না তোমার

**দশকথা** (নানা কথা/নানা রকম কটুকথা)— বিয়ে-শাদির মতো বড় কাজে ওরকম দশকথা হয়েই থাকে।

CamScanner

**দাগাবাজ** (প্রতারক)— পড়েছি এক দাগাবাজের পাল্লায়।

**দানাপানি** (অন্নজল)— সারাদিন খাটছে ছেলেটা, এখনও পেটে দানাপানি পড়েনি।

**দিনকে রাত করা** (সত্যকে মিথ্যা বা ভালোকে মন্দ প্রতিপন্ন করা)— তুমি তো দেখছি সাংঘাতিক লোক—দিনকে রাত করতে পারো।

**দিন গোনা** (অধীরভাবে প্রতীক্ষা করা)— আমি এখন যাবার দিন গুনছি।

**দু-এক কথা** (অল্প কথা)— দু-এক কথায় ব্যাপারটা বুঝিয়ে দাও।

**দু-চার কথা** (আলাপ আলোচনা)— তার সঙ্গে দু চার কথা হলো।

**দু-দণ্ড** (কিছু সময়, একটুখানি সময়)— দু-দণ্ড যে আপনার কাছে বসে কথা শুনব সে সময়টুকুও আমরা পাইনে।

**দু নৌকায় পা দেয়া** (দুটি সম্পূর্ণ বিপরীত ধরনের কাজে একই সঙ্গে হাত দেয়া)— চালাকি করে দু নৌকায় পা দিয়েছ বটে কিন্তু শেষরক্ষা হবে কি?

## ধ

**ধর্মপুত্র যুধিষ্ঠির** (ধার্মিক)— ধর্মপুত্র যুধিষ্ঠির আর কি, সারাজীবন মিথ্যার বেসাতি করলো, আজ কিনা সে সত্য কথা বলছে।

**ধরি মাছ না ছুঁই পানি** (কৌশলে কার্যসিদ্ধি)— ধরি মাছ না ছুঁই পানি গোছের কাজ হেডমাস্টার সাহেবের অপছন্দ, কেননা খাঁটি মানুষ তিনি।

**ধকল সওয়া** (ধাক্কা সামলানো)— পাশের বাড়ির হিমু তো যক্ষ্মারোগী, তার রোগের শরীরে আর কত ধকল সয়?

**ধামাধরা** (চাটুকার)— রাব্বির মতো ধামাধরা ছেলে আর একটিও নেই।

**ধরাকে সরা জ্ঞান করা** (কাউকে গ্রাহ্য না করা)— তার এখন কাঁচা বয়স, মোটা টাকা রোজগার করছে, ধরাকে সরা জ্ঞান করবে বৈ কি!

**ধর্মের ঢাক আপনি বাজে** (পাপ গোপন না থাকা)— দারোগা সাহেবের ঘুষ খাওয়ার কথা প্রকাশ পেলে সবাই বলাবলি করতে লাগল, ধর্মের ঢাক আপনি বেজেছে।

**ধর্মের ষাঁড়** (স্বেচ্ছাচারী ব্যক্তি)— বাপ মরেছে তবু সংসারের কোনো চিন্তা নেই ওর, ও যেন এক ধর্মের ষাঁড়।

**ধড়ে প্রাণ আসা** (স্বস্তি পাওয়া)— বাড়ি পৌঁছে সবাইকে সুস্থ দেখে ধড়ে প্রাণ এলো।

**ধড়িবাজ** (ধূর্ত ও ফন্দিবাজ)— ধড়িবাজ বলেই সে ওটা বাগিয়ে নিতে পেরেছে।

**ধনকুবের** (অত্যন্ত ধনী ব্যক্তি)— মল্লিকরা ছিল ধনকুবের কিন্তু একটি পয়সা দিয়ে কাউকে কখনো সাহায্য করেনি।

**ধরাবাঁধা** (নির্দিষ্ট)— এ বিষয়ে কোনো ধরাবাঁধা নিয়ম নেই।

**ধান ভানতে শিবের গীত** (সম্পূর্ণ অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা)— কেমন আছ জানতে চেয়েই তো মুশকিল হলো দেখছি। তুমি যে এখন ধান ভানতে শিবের গীত আরম্ভ করলে।

**ধানাই পানাই** (আবোল তাবোল কথা)— ধানাই পানাই বাদ দিয়ে আসল কথাটি বল।

**ধাপ্পা দেয়া** (ঠকানো)— লোকটি যে আমাকে এভাবে ধাপ্পা দিবে তা ভাবিনি।

**ধুন্ধুমার** (তুমুল কাণ্ড)— কিছুক্ষণের মধ্যেই ঘরের ভেতর ধুন্ধুমার বেধে গেল।

**ধোপে টেকা** (নানা বাধাবিপত্তির মধ্য দিয়ে টিকে যাওয়া)— যত টাকা দিয়েই কিনে থাকো, এ জিনিস ধোপে টিকবে না।

## ন

**নিমরাজি** (প্রায় রাজি)— প্রসঙ্গটা হলো বিবাহের, এখানে নিমরাজি হওয়ার অবকাশ আছে কি?

**নিজের চরকায় তেল দেওয়া** (অন্যের কাজে মাথা না ঘামিয়ে নিজের কাজে মন দেওয়া)— ও তো বড়লোকের ছেলে, ওর দিকে নজর না দিয়ে তুমি নিজের চরকায় তেল দাও।

**নিসপিস করা** (উসখুস করা)— ছাত্রটিকে মারার জন্য শিক্ষকের হাত নিসপিস করছে।

**নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ** (নিজের ক্ষতি করে পরের ক্ষতিসাধন)— নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করতেই তিনি আনন্দ পান।

**নিজের কোলে ঝোল টানা** (চরম স্বার্থপরতা)— কেমন করে তুমি পরের দুঃখ বুঝবে, তুমি তো সবসময় নিজের কোলে ঝোল টানতেই ব্যস্ত থাক।

**নাম কাটা সেপাই** (কর্মচ্যুত ব্যক্তি)— জামিল সাহেবকে মানী লোক বলছ, সে তো এখন নাম কাটা সিপাই আড্ডা ও তাস পেটাই তার কাজ।

**নাম ডুবানো** (সম্মান বিসর্জন)— বাপের নাম ডুবিয়ো না, এবার তোমাকে পাশ করতেই হবে।

**ননীর পুতুল** (শ্রমবিমুখ, কোমল দেহ)— আহা, রোদের আঁচ সয় না, যেন ননীর পুতুল।

**নাকে তেল দিয়ে ঘুমানো** (নিশ্চিত থাকা)— নাকে তেল দিয়ে ঘুমাচ্ছ, পরীক্ষা এসে গেল যে।

**নজর লাগা** (অশুভ দৃষ্টিতে পড়া)— ছেলেটি দিন দিন শুকিয়ে যাচ্ছে, নিশ্চয়ই ওর ওপর সৎ মায়ের নজর লেগেছে।

**নয়ছয়** (অপচয়)— সে বাড়ি বিক্রির টাকাগুলো নয়ছয় করে ফেলল।

**নেই আঁকড়া** (নাছোড়বান্দা)— তুমি দেখছি জোঁকের মতো আমার গায়ে লেগে রয়েছ, এত বলছি ছাড়ো কিন্তু ছাড়বে না, তুমি একটা নেই আঁকড়া লোক।

**নেক নজরে পড়া** (সুদৃষ্টিতে পড়া)— প্রিন্সিপালের নেক নজরে পড়তে পারলেই হলো, রফিক সাহেবকে আর পায় কে?

**নদীকূলে বাস** (ভয়ের জায়গায় অবস্থান)— নদীকূলে বাস, ভাবনা বারো মাস।

**নকড়া-ছকড়া** (তুচ্ছতাচ্ছিল্য করা)— যারা তোমাকে নকড়া-ছকড়া করে তাদের কাছে তুমি বারে বারে কেন যাও?

**নখদর্পণে থাকা** (পুঙ্খানুপুঙ্খভাবে আয়ত্তে থাকা)— এই শহরের সবকিছু আমার নখদর্পণে।

**নজর কাড়া** (দৃষ্টি আকর্ষণ করা)— অল্পদিনের মধ্যেই ছেলেটির খেলা সকলের নজর কেড়েছে।

**নবমির পাঁঠা** (প্রাণভয়ে ভীত ব্যক্তি)— ডাকাত দেখেই সে নবমির পাঁঠার মতো কাঁপতে লাগল।

CamScanner

**নবাবি চাল** (অতিরিক্ত বিলাসিতা)— অমন নবাবি চালে চললে ফতুর হতে আর বেশি দিন লাগবে না।

**নয়নের মণি** (পরম আদরের পাত্র)— নাতিটি তার নয়নের মণি, তাকে কাছছাড়া করেন না এক দণ্ডের জন্যও।

**নিমকহারাম** (অকৃতজ্ঞ)— আমার নিন্দে করবে? এমন নিমকহারাম সে হতে পারে না।

**নিরানব্বইয়ের ধাক্কা** (সঞ্চয়ের প্রবৃত্তি)— এমনই তার নিরানব্বইয়ের ধাক্কা যে সে প্রাণে ধরে টাকা খরচ করতে পারছে না।

**ন্যাকা সাজা** (না বোঝার ভান করা)— তোমাকে আর ন্যাকা সাজতে হবে না, তোমার জারিজুরি ধরা পড়ে গেছে।

## প

**পটল তোলা** (ফেল করা বা মারা যাওয়া)— এভাবে মূলধন অপচয় করলে শীঘ্রই ব্যবসায়ে পটল তুলতে হবে।

**পুঁটি মাছের প্রাণ** (ক্ষীণ প্রাণ)— প্রজা জমিদারকে বললো, 'আমাদের পুঁটি মাছের প্রাণ, আমাদের মারবেন না।'

**পথের কাঁটা** (গমনে বাধা)— আমার বিদেশ গমনে আমার পিতাই একমাত্র পথের কাঁটা।

**পগার পার** (পলায়ন)— খুনী এতক্ষণে পগার পার হয়ে গেছে, ধরা মুশকিল।

**পেটের কথা** (মনের কথা)— বড্ড কঠিন লোক, ওর পেটের কথা বের করা কি সহজ?

**পেটের শত্রু** (যে সন্তান মায়ের দুঃখের কারণ)— এত কষ্ট করে মানুষ করলাম যাকে, বিয়ে করে সে পর হয়ে গেল, এমন পেটের শত্রু কারো হয়?

**পেটে খেলে পিঠে সয়** (লাভের জন্য কষ্ট সহ্য করা)— সে খেতে পায় বটে কিন্তু প্রচুর অত্যাচার সহ্য করতে হয়, পেটে খেলে তো পিঠে সইবে।

**পেটে পেটে বুদ্ধি** (দুষ্ট বুদ্ধি)— তোমার পেটে পেটে এত বুদ্ধি!

**পেটে ভাতে** (শুধু আহার)— পেটে ভাতে কাজ করো তো আমার বাড়িতে থাকো।

**পালের গোদা** (সর্দার)— চুনোপুঁটিরাই ধরা পড়ে, আর যারা পালের গোদা তারা ধরা ছোঁয়ায় বাইরে।

**পাথরে পাঁচ কিল** (উন্নত অবস্থা)— ব্যবসায়-বাণিজ্য করে সে প্রচুর অর্থ উপার্জন করেছে, এখন তার পাথরে পাঁচ কিল।

**পুকুর চুরি** (বড় রকমের চুরি)— ক্ষমতাসীনদের ছত্রছায়ায় সরকারি কর্মচারীরা পুকুর চুরি করতে সাহস পায়।

**পোয়াবারো** (সৌভাগ্য)— সাহেব বাড়িতে না থাকলেই ছেলেপিলেদের পোয়াবারো হয়ে থাকে।

**পরের মাথায় কাঁঠাল ভাঙা** (অন্যকে দিয়ে কাজ হাসিল করা)— নিজে উপার্জন না করলে পরের মাথায় কাঁঠাল ভেঙে খাওয়া যার অভ্যাস তার আর লজ্জা কি?

**পাততাড়ি গুটানো** (দ্রব্যসামগ্রী গুছিয়ে বাঁধা ও তোলা)— তুমি কেমন দোকানদার যে, এক বছরের মধ্যে লোকসান দিয়ে পাততাড়ি গুটালে?

**পইপই করে** (বারবার)— সেখানে যেতে পইপই করে নিষেধ করা হয়েছে।

**পটের বিবি** (সেজেগুজে বসে থাকে এমন বিলাসী ও নিষ্কর্মা)— পটের বিবি হয়ে বসে থাকলে চলবে না, কাজে হাত দাও।

**পারের কড়ি** (পরকালের জন্য সঞ্চিত সম্বল)— এই সুখ আমার পারের কড়ি। আর কী বা আছে?

## ফ

**ফোড়ন কাটা** (টিপ্পনী কাটা)— ঝগড়া-ঝাটি তো ওদের ভাইয়ে, তার মধ্যে ফোড়ন কাটা অনুচিত।

**ফপর-দালালি** (গায়ে পড়ে মধ্যস্থগিরি)— আমাদের উকিলে কথাবার্তার মধ্যে তোমাকে আর ফপর-দালালি করতে হবে না।

**ফতো নবাব** (নবাবি চালের দরিদ্র ব্যক্তি)— ওয়ারেশকে দেখে পারলে না? সে একজন ফতো নবাব, আসলে ফাঁপা।

**ফাঁদে পা দেয়া** (ষড়যন্ত্রে পড়া)— না বুঝে ফাঁদে পা দিয়েছ এখন ঠ্যালা সামলাও।

**ফেঁপে ওঠা** (বড়লোক হওয়া)— পয়সা এখন কন্ট্রাক্টরদের দেখছো লোকটা অল্পদিনের মধ্যেই কেমন ফেঁপে উঠেছে।

**ফাটা-কপাল** (মন্দভাগ্য)— যা আমার ফাটা কপাল, তাতে আশাই করি না।

## ব

**বসন্তের কোকিল** (সুসময়ের বন্ধু)— সুসময়ে বসন্তের কো চারদিকে এসে কূজন করতে থাকে।

**বজ্র আঁটুনি ফস্কা গেরো** (বেশি কড়াকড়ি অথচ শাসনহী ছেলেটিকে শাসনে রেখেছিলে, এখন ছাড়া পেয়ে দুরন্ত হয়ে উঠ এ যেন বজ্র আঁটুনি ফস্কা গেরো।

**বিড়াল তপস্বী** (কপট সাধু)— সারাজীবন করলে ভণ্ডামি, বুড়ে দেখাচ্ছ সাধুগিরি, এটা বিড়াল তপস্বী নয় তো কি!

**বড় মুখ** (গর্ব)— পিতা বড় মুখ করে ছেলের কথা বলতে আসে, এ কথা শুনে সকলের মুখে চুনকালি পড়ল।

**বিন্দুবিসর্গ** (অতি সামান্য পরিমাণ)— আরে ভাই, আমাকে দুষছো, আমি এর বিন্দুবিসর্গও জানি না।

**বালির বাঁধ** (অস্থায়ী বস্তু)— আমরা এত সব চেষ্টা করলাম, সবই যেন বালির বাঁধের মতো নষ্ট হলো।

**বুকের পাটা** (দুঃসাহস)— এত বড় বুকের পাটা তোমার যে, ত মেয়ে বিয়ে করতে চাও?

**বকধার্মিক** (ভণ্ডধার্মিক)— এ জগতে বকধার্মিকের সংখ্যা কে কম নয়।

**বিসমিল্লায় গলদ** (গোড়ায় গলদ)— অঙ্ক তোমার মিলবে কেমন বিসমিল্লায় যে গলদ করে বসে আছ।

**বেগার ঠেলা** (অযত্নে কাজ করা)— দক্ষিণা লাভের আশায় 'নোট' লেখেন, তারা সাধারণত বেগার ঠেলে থাকেন।

**বিষিয়ে উঠা** (বিরূপ হওয়া)— শত্রুর মুখে নিন্দা শুনে সা সাহেবের মন তার বিরুদ্ধে বিষিয়ে উঠলো।

CamScanner

**বিষের পুঁটলি** (বিদ্বেষী)— বড় বউ এক বিষের পুঁটলি, ছোট জার রূপ দেখে জ্বলে পুড়ে মরছে।

**বাঘের দুধ** (দুষ্প্রাপ্য বস্তু)— টাকায় কি না হয়, বাঘের দুধও টাকাতে লাভ করা যায়।

**বিনা মেঘে পানি** (অকারণে কাজের সৃষ্টি)— নতুন নতুন অফিসে যোগ দিয়ে সাহেবের সুনজরে পড়েছো, যেন বিনা মেঘে পানি।

**বিনা মেঘে বজ্রাঘাত** (অপ্রত্যাশিত বিপদ)— পিতার মৃত্যুর সংবাদ শুনে ছেলেটির বিনা মেঘে বজ্রাঘাত হলো।

**বর্ণচোরা** (স্বাভাবিক বর্ণ গোপন রাখে এমন)— তুমি বাপু একটা বর্ণচোরা আম, বুঝবার জো নেই যে তুমি তার এতোটা অনুরক্ত।

**বাম হাতের ব্যাপার** (ঘুষ)— বাম হাতের ব্যাপার করেই তিনি বাড়ি করেছেন।

**বিড়ালের আড়াই পা** (বেহায়াপনা)— হাজার বকলেও লাভ নেই, তার হচ্ছে বিড়ালের আড়াই পা।

**বাগে পাওয়া** (কায়দায় পাওয়া)— একবার যদি তাকে বাগে পাই তো গায়ের ঝাল মেটাবো।

**বাদুড় ঝোলা** (কষ্ট করে ঝুলন্ত অবস্থায় স্থানান্তর গমন)— বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা মোটরে-বাসে করে বাদুড় ঝোলা হয়ে যাতায়াত করে।

**বারো ভূত** (অনাত্মীয় লোকজন)— আত্মীয়স্বজন নেই, খান বাহাদুরের সম্পত্তি তার মৃত্যুর পর বারো ভূতে খাবে।

**বহাল তবিয়তে** (সুস্থ শরীরে ও প্রফুল্ল মনে)— এত ঝামেলার মধ্যেও তো দেখছি তুমি বেশ বহাল তবিয়তে আছ।

**বাঘা-বাঘা** (বিরাট)— অনুষ্ঠানে বাঘা বাঘা সব নেতারা হাজির হয়েছে।

**বাড়াবাড়ি** (আতিশয্য)— কোনো ব্যাপারেই বাড়াবাড়ি ভালো নয়।

**বাস্তু ঘুঘু** (অতি ধুরন্ধর লোক)— তাকে এখনও চেনোনি তুমি? সে একটি বাস্তু ঘুঘু।

**বিটলেমি** (ভণ্ডামি)— তার বিটলেমি আমি ধরে ফেলেছি।

**বিদুরের খুদ** (গরিবের সামান্য উপহার)— বড়লোকের রাজভোগের চেয়ে তোমার এই বিদুরের খুদই আমার কাছে মূল্যবান।

**বুড়ো আঙুল দেখানো** (ফাঁকি দেয়া)— কাজ হাসিল করে তোমাকে বুড়ো আঙুল দেখিয়ে সরে পড়বে।

**বেলেল্লাপনা** (অসভ্য আচরণ)— পাড়ায় পাড়ায় তুমি বেলেল্লাপনা করে বেড়াবে আর আমরা তাই সহ্য করব?

## ভ

**ভরাডুবি** (সর্বনাশ)— মামলায় হেরে গিয়ে অবশেষে তার ভরাডুবি হলো।

**ভালুক জ্বর** (ক্ষণস্থায়ী জ্বর)— ম্যালেরিয়া রোগী গফুর তার ভালুক জ্বর ছেড়ে যাওয়া মাত্র ভাত খেলো।

**ভেরেণ্ডা ভাজা** (অকাজের কাজ)— আবদুল, আর কদিন ভেরেন্ডা ভাজবে? কাজকর্ম নেই শুধু ঘুমানোই কি তোমার একমাত্র কাজ?

**ভুঁইফোঁড়** (অর্বাচীন, হঠাৎ অভ্যুদিত)— করিম দেখছি আচ্ছা ভুঁইফোঁড়

**ভিজে বিড়াল** (কপটাচারী)— সে একজন ভিজে বিড়াল, বাইরে শান্ত ভিতরে কূট।

**ভূতের বেগার** (বৃথা পরিশ্রম)— সারাজীবন ভূতের বেগার খাটলাম, এখন দেখছি সবই বৃথা।

**ভাতে মারা** (খাদ্য সংগ্রহের উপায় বন্ধ করা)— লোকটি এখনো তোমার বশীভূত হলো না, ওকে হাতে না মার তো ভাতে মারো; বাধ্য হবেই।

**ভূতের বাপের শ্রাদ্ধ** (অত্যধিক ব্যয়)— অন্যের টাকায় ভূতের বাপের শ্রাদ্ধ অনেকেই করে।

**ভস্মে ঘি ঢালা** (যথাসময়ে কাজ না করে কাজ নষ্ট হয়ে গেলে পরিশ্রম করা বা অর্থ ব্যয় করা)— মতিন সারাবছর পড়াশুনা না করে পরীক্ষার পূর্বরাত্রি জেগে পড়ে ভস্মে ঘি ঢালছে।

**ভাঁড়ের কলসী** (স্বার্থসিদ্ধির উপায়)— মাহমুদ মোড়ল রহমানকে ভাঁড়ের কলসীর মতো ব্যবহার করে।

**ভাঁড়ে মা ভবানী** (নিঃস্ব অবস্থা)— সে টাকা দেবে কোত্থেকে? তার ভাঁড়ে মা ভবানী অবস্থা।

**ভিরমি খাওয়া** (মূর্ছা যাওয়া)— এক ঘুসি দিতেই ভিরমি খেল লোকটা।

**ভেস্তে যাওয়া** (পণ্ড হওয়া)— অর্থের অভাবে তার পরিকল্পনা ভেস্তে যাওয়ার উপক্রম।

## ম

**মন না মতি** (মানবচিত্তের অস্থিরতা)— মানব মন, তার তো পরিবর্তন ঘটতে পারে, কথায় বলে মন না মতি।

**মুখে চুনকালি দেয়া** (কলঙ্ক দেয়া)— কুলাঙ্গার মেয়ে বংশের মুখে চুনকালি দিল।

**মুখে ফুল চন্দন পড়া** (শুভ সংবাদের জন্য ধন্যবাদ)— এই সুসংবাদ দেয়ার জন্য তোমার মুখে ফুল চন্দন পড়ুক।

**মামার বাড়ির আবদার** (সহজে মেটে এমন আকাঙ্ক্ষা)— একি মামার বাড়ির আবদার যে চাইলেই টাকা দেবো?

**মেনিমুখো** (সলজ্জ)— কলেজে পড়া ছেলে, কিন্তু এখনো সেই মেনিমুখো হয়ে থাকলে ভবিষ্যৎ যে অন্ধকার।

**মাৎস্যন্যায়** (অরাজকতা, মৎস্যের ন্যায় হানাহানি)— দেশ যে দুর্নীতিতে মাৎস্যন্যায় হয়ে উঠলো, শেষরক্ষা হবে কিভাবে?

**মাঠে মারা যাওয়া** (ব্যর্থতায় পর্যবসিত হওয়া)— চোর ধরার এত ষড়যন্ত্র শেষ পর্যন্ত মাঠে মারা যাবে ভাবতে পারিনি।

**মাথা খাওয়া** (সর্বনাশ করা)— পিতা পুত্রকে আদর দিয়ে তার মাথা খাওয়ার উপক্রম করেছেন।

**মানিকজোড়** (অন্তরঙ্গ বন্ধুদ্বয়)— আলতাফ ও শরীফের গলায় গলায় ভাব, দুটিতে যেন মানিকজোড়, কেউ কাউকেও একদণ্ড ছেড়ে থাকতে পারে না।

**মাথার মণি** (শ্রদ্ধেয়)— শেরে বাংলা এ কে ফজলুল হক বাঙালির মাথার মণি ছিলেন।

**মানে মানে** (সসম্মানে)— এখনো বলছি মানে মানে বিদায় হও, নইলে

**মাথায় রাখা** (ভক্তি সম্মান বা আদর যত্ন করা)— আপনার উপদেশ মাথায় রাখব।

**মুশকিল আসান** (বিপদ মোচন)— ঝড়ের তোড়ে পড়েছিলাম বাপু, মুশকিল আসানের জন্য আল্লাহর নাম স্মরণ করতে হলো।

**মণিকাঞ্চন যোগ** (যোগ্যের সঙ্গে যোগ্যের মিল)— দ্বিতীয় মহাযুদ্ধে ইংল্যান্ডের সঙ্গে আমেরিকার মিতালী যেন মণিকাঞ্চন যোগ।

**মনে লাগা** (পছন্দ হওয়া)— মেয়েটি নিখুঁত সুন্দরী আর শিক্ষিতা, তাই আমাদের মনে লেগেছে।

**মাছের মা** (নির্মম)— নুরজাহানের নিজের পেটের ছেলের উপর দয়ামায়া নেই, সে যেন মাছের মা।

**মাটির মানুষ** (নিরীহ ব্যক্তি)— হাজী সাহেব মাটির মানুষ, এমন মহাপ্রাণ ব্যক্তি সচরাচর বিরল।

**মেও ধরা** (ঝুঁকি লওয়া)— শরীরের ওপর যে এত অত্যাচার করছ, অসুখ হলে মেও ধরবে কে?

**মুখ রাখা** (মান রাখা)— লুৎফুল হক এমএসসি পরীক্ষায় ফার্স্ট ক্লাস পেয়ে বাপের মুখ রেখেছে।

**মওকা পাওয়া** (সুযোগ পাওয়া)— অনেকদিন পরে এবার সে প্রতিশোধ নেয়ার মওকা পেয়ে গেছে।

**মোমের পুতুল** (সামান্য পরিশ্রমেই কাতর হয় এমন লোক)— তোমার মতো মোমের পুতুলকে দিয়ে এই কাজ চলবে না।

## য

**যক্ষের ধন** (অতিশয় কৃপণের ধন)— তুমি তো টাকাকড়ি যক্ষের ধনের মতো আগলিয়ে বসে আছ, তাতে কী লাভ?

**যমের অরুচি** (যে সহজে মরে না)— আশি বছরের বৃদ্ধের প্রতি যমেরও অরুচি।

**যত গর্জে তত বর্ষে না** (আড়ম্বরের তুলনায় কাজ কম)— বড় সাহেব কেরানিদের খুব শাসান, কিন্তু কারো কোনো ক্ষতি করেন না, দেখে মনে হয় যত গর্জে তত বর্ষে না।

**যত দোষ নন্দ ঘোষ** (প্রকৃত অপরাধী না হওয়া সত্ত্বেও অপরাধের বোঝা বহন করা)— দোকানির ভাই নিয়েছে টাকা আর আমাকে করা হচ্ছে দোষী, যত দোষ নন্দ ঘোষ।

**যম যন্ত্রণা** (মৃত্যু)— একমাত্র সন্তানের নিখোঁজ সংবাদে পিতামাতা যমযন্ত্রণা ভোগ করলেন।

**যো হুকুম** (চাটুকার)— সাবধান ভাই সাবধান, যো হুকুমের দল সর্বনাশ করবে।

## র

**রক্তের টান** (স্ববংশ প্রীতি)— হাজার হলেও ভাই ভাই রক্তের টান, শত্রুতা কি বেশি দিন থাকে?

**রাই কুড়িয়ে বেল** (অল্প অল্প সঞ্চয়ে প্রচুর অর্থ জমানো)— সঞ্চয়ের অভ্যাস থাকলেই রাই কুড়িয়ে বেল করা সম্ভব।

**রাহুর দশা** (দুঃসময়)— চারদিকে তোমার অশান্তি, বোধহয় রাহু দশায় পড়েছ।

**রাশভারী** (গুরুগম্ভীর)— আমাদের অফিসের ম্যানেজার সাহেব এম রাশভারী লোক যে, তার সামনে গিয়ে কথা বলতে ভয় হয়।

**রগচটা** (যে একটুতেই রাগে)— মহসীন খুব রগচটা, ওকে দায়িত্বপূ পদে গ্রহণ করা উচিত নয়।

**রাঘব বোয়াল** (সর্বগ্রাসী ক্ষমতাসীন ব্যক্তি)— সমাজপতিরা রাঘ বোয়াল হয়ে গরিবের সর্বনাশ করে।

**রুই-কাতলা** (নেতৃস্থানীয় ব্যক্তি)— আরে ভাই, সে দিনকাল কি আর আছে বর্তমান সরকারের শাসনে দুর্নীতিপরায়ণ অনেক রুই-কাতলা ধরা পড়েছে।

**রাজযোটক** (সুন্দর মিল)— যেমন পাত্র, তেমনি পাত্রী, একেবারে রাজযোটক হয়েছে।

**রাতকানা** (রাতের বেলায় দেখতে পারে না এমন)— রাতকানা মানুষের পক্ষে চলাফেরা কঠিন।

**রতনে রতন চেনে** (অসৎ বা মন্দলোক সহজেই অন্য অসৎ বা মন্দ লোককে চিনতে পারে)— জুয়াচোররা জুয়াচোরদেরই বন্ধু হবে, রতনে রতন চেনে যে।

**রথ দেখা আর কলা বেচা** (একই সঙ্গে দুই উদ্দেশ্য সাধন করা)— কক্সবাজার বেড়াতে গিয়ে অফিসের কাজটাও সেরে নিলাম—রথ দেখা আর কলা বেচা দুইই হলো।

**রয়ে-সয়ে** (ধীরে সুস্থে)— দাঁড়াও, ব্যস্ত হয়ো না, রয়ে-সয়ে বন্দোবস্ত করে দেবো।

**রাঙা মুলো** (সুন্দর চেহারার অথচ গুণহীন লোক)— সে তো একটা আস্ত রাঙা মুলো, কি কাজ হবে তাকে দিয়ে?

**রামগরুড়ের ছানা** (গোমড়ামুখো লোক)— কি ব্যাপার, তখন থেকে রামগরুড়ের ছানা হয়ে আছ যে?

## ল

**লগন চাঁদা** (ভাগ্যবান)— হক সাহেব লগন চাঁদা বলেই চাকরিতে উন্নতি হলো।

**লালবাতি জ্বালানো** (ধ্বংস হওয়া)— ব্যাংকটা লালবাতি জ্বালানোতে অনেক লোক ক্ষতিগ্রস্ত হলো।

**লেফাফা দুরস্ত** (বাইরের ঠাঁট বজায় রেখে চলেন যিনি)— লোকটি যতই লেফাফা দুরস্ত হোক, আসলে সে কিন্তু গরিব।

**লম্বা দেওয়া** (চম্পট)— মাঝ রাতে চোর চুরি করে লম্বা দিয়েছে।

**লেজে পা পড়া** (স্বার্থে আঘাত লাগা)— এবার তোমাদের লেজে পা পড়েছে, তাই বিশৃঙ্খলা সৃষ্টি করেছো।

**লেজে খেলা** (চাতুরি করা)— সে আমাকে নিয়ে কেবলই লেজে খেলিয়ে বেড়াচ্ছে।

**লক্ষ্মীর বরযাত্রী, সুখের পায়রা, দুধের মাছি** (সুসময়ের বন্ধু)— লাখপতি বন্ধুর হাতে যদ্দিন টাকা আছে তদ্দিনই তোমার মতো তোষামোদকারী লক্ষ্মীর বরযাত্রীরা ঘুরে বেড়াবে।

CamScanner

**লক্ষীছাড়া** (হতভাগা)— লক্ষীছাড়া ছেলে কারও কথাই শোনে না।

**লক্ষীর ভাণ্ডার** (অফুরন্ত ভাণ্ডার)— তোমার চাওয়ার আর শেষ নেই— আমার ঘরে কি লক্ষীর ভাণ্ডার আছে নাকি?

**লঘুগুরু জ্ঞান** (কে বড় কে ছোট এই জ্ঞান)— এত বয়স হলো, এখনও যদি তোমার লঘুগুরু জ্ঞান না হয় সে বড় দুঃখের কথা।

**লঘুপাপে গুরুদণ্ড** (সামান্য অপরাধে গুরুতর শাস্তি)— সামান্য একটা ভুলের জন্য ছেলেটাকে এমনভাবে মারলে? লঘুপাপে গুরুদণ্ড হয়ে গেল না?

**লঙ্কাকাণ্ড** (তুমুল কাণ্ড)— একটা সামান্য ব্যাপার থেকে এমন লঙ্কাকাণ্ড বেধে গেল?

**লবডঙ্কা** (কিছু না)— সবাই খেয়ে চলে গেল, তুমি এখন পাবে লবডঙ্কা।

**লেজ গুটানো** (হার মানা)— এতক্ষণ তো বীরদর্পে তর্ক করেছিলে, এবার লেজ গুটাচ্ছ কেন?

**ল্যাটা চুকে যাওয়া/ল্যাঠা চোকা** (ঝামেলা দূর হওয়া)— অনেক কষ্টে সব দেনা শোধ করে দিয়েছি। ল্যাঠা চুকে গেছে।

## শ

**শাক দিয়ে মাছ ঢাকা** (বড় কলঙ্ক সহজে ঢাকার চেষ্টা)— এই তো তোমার ঘুষের টাকার গাড়ি-বাড়ি, কিন্তু বলে বেড়াচ্ছ শ্বশুরের দান, শাক দিয়ে মাছ ঢেকে ফল কী?

**শরতের শিশির** (সুসময়ের বন্ধু)— টাকাপয়সা থাকলে শরতের শিশিরও জমতে শুরু করে।

**শাঁখের করাত** (উভয় সংকট)— কী যে করব ভেবে পাই না, বড় সাহেবের কাছে হ্যাঁ বললেও বিপদ, না বললেও বিপদ, যেন শাঁখের করাতের অবস্থায় পড়েছি।

**শত্রুর মুখে ছাই** (লোকের কুদৃষ্টি এড়ান)— শত্রুর মুখে ছাই দিয়ে আমার পাঁচটি ছেলেই দেশবরেণ্য।

**শ্বেতহস্তি পোষা** (কর্মচারীদের জন্য অর্থ ব্যয় করা)— ওয়াপদার টাকা শ্বেতহস্তি পুষতেই শেষ হয়ে গেল, অন্য কাজ হবে কি করে?

**শেষ রক্ষা** (কোনোমতে সম্মান বাঁচানো)— খান সাহেবের দুই ছেলের পরীক্ষায় ফেলের সংবাদের পর মেয়েটি ফার্স্ট ক্লাস পেয়ে এমএ পাশ করায় শেষ রক্ষা হলো।

**শকুনি মামা** (কুচক্রী)— তুমি এই শকুনি মামার সঙ্গ ছাড়, নচেৎ সর্বস্বান্ত হবে।

**শ্রীঘর** (কারাগার)— ভদ্রলোকের ছেলে হয়ে চুরি করো, এখন শ্রীঘরে যাও।

**শনির দৃষ্টি** (কুদৃষ্টি)— নববর্ষে শনির দৃষ্টি লেগেছে, একটার পর একটা দুর্ঘটনা লেগেই আছে।

**শিয়ালের যুক্তি** (অকেজো যুক্তি)— তোমার শিয়ালের যুক্তি খাটবে না, উকিলের কাছে যুক্তি নাও গে।

**শনির দশা** (দুঃসময়)— দুই বছর ধরে কী যে শনির দশা লেগেছে, কিছুতেই কাটিয়ে উঠতে পারছি না।

**শিকে ছেঁড়া** (হঠাৎ সৌভাগ্যের উদয় হওয়া)— চাকরি পেয়েছ? এতদিনে তাহলে শিকে ছিঁড়ল?

**শিব গড়তে বাঁদর গড়া** (ভালো করতে গিয়ে মন্দ করা)— ছেলেটাকে অনেক কষ্ট করে মানুষ করতে চেয়েছিলাম। কিন্তু এখন দেখছি শিব গড়তে বাঁদর গড়েছি।

**শ্যাম রাখি না কুল রাখি** (উভয় সংকট)— ঘরে গৃহিণীর অভিমান আর অফিসে বড় সাহেবের রাগ, আমার এখন শ্যাম রাখি না কুল রাখি অবস্থা।

## ষ

**ষণ্ডামার্কা** (একগুঁয়ে ও বলিষ্ঠ)— ষণ্ডামার্কা ছেলেদের নিয়ে সাহিত্য সমিতি গড়লে তার ভবিষ্যৎ কী হবে কে জানে?

**ষাঁড়ের গোবর** (অপদার্থ)— তোমার মতো ষাঁড়ের গোবর লোক বলে কিনা যে মন্ত্রী হবে, দিনে দিনে আর কতই শুনবো।

**ষোল আনা** (পুরোপুরি)— স্বার্থের ব্যাপারে ষোল আনা, পরকে দেবার নাম নেই।

**ষাঁড়ের গোঁ** (প্রবল জেদ)— ওর এই ষাঁড়ের গোঁ কি সহজে ছাড়বে?

## স

**সাতপাঁচ** (বিবিধ/নানারকম)— সাতপাঁচ ভেবেও কূল কিনারা হলো না তোমার।

**সাক্ষীগোপাল** (কর্তৃত্বহীন দর্শকমাত্র)— আমার পুত্রই এখন সংসার পরিচালনা করে, আমি শুধু সাক্ষীগোপাল।

**সাতসতেরো** (নানারকম কথা)— হাতে একটি টাকাও নেই, বসে বসে সাতসতেরো ভাবছি বাজার করব কি দিয়ে?

**সাত খুন মাফ** (গুরুতর অপরাধেও অব্যাহতি লাভ)— হেডমাস্টারের ছেলে বলেই তোমার সাত খুন মাফ হবে, এমন মনেও করো না।

**সাবধানের মার নেই** (সতর্কতা অবলম্বন করলে বিপদ নেই)— অর্থমন্ত্রী মহোদয় বাজেট উত্থাপনের আগে বারবার দেখলেন, কেননা সাবধানের মার নেই।

**স-সে-মি-রা অবস্থা** (কাণ্ডজ্ঞানহীন অবস্থা)— তোমাদের অনাসৃষ্টি কাণ্ডজ্ঞান দেখে আমার তো স-সে-মি-রা অবস্থা।

**সোনার চাঁদ** (আদরের পাত্র)— সোনার চাঁদ নাতিটিকে চৌধুরী সাহেব রক্ষা কবচের মতো আগলে রেখেছিলেন।

**সোনার পাথর বাটি** (অসম্ভব বস্তু)— গল্পটি তোমার একদম বানানো, বাস্তবতার লেশমাত্র নেই, সোনার পাথর বাটির মতো আজগুবি শোনাচ্ছে।

**সেয়ানে সেয়ানে** (যোগ্যে যোগ্যে)— দুজনের মধ্যে—এখন সেয়ানে সেয়ানে লড়াই চলছে।

**সবেধন নীলমণি** (একমাত্র অবলম্বন)— সবেধন নীলমণি পুত্রকে হারিয়ে ওয়াজেদ সাহেব শোকাতুর হয়েছেন।

**সাফাই গাওয়া** (দোষ স্খলনের চেষ্টা)— তোমার অপকর্মের ফিরিস্তি সবই পেয়েছি, সাফাই গাইলে কি হবে।

**সাতেও নেই, পাঁচেও নেই** (নির্লিপ্ত)— বাড়ির কর্তা নিরীহ মানুষ, কারো সাতেও নেই পাঁচেও নেই।

CamScanner

## প্রাকচৈতন্য যুগ ও শ্রীকৃষ্ণকীর্তন

- প্রাকচৈতন্য যুগের ব্যাপ্তি– ১২০১-১৫০০ খ্রিষ্টাব্দ।
- বড়ু চণ্ডীদাস রচিত মধ্যযুগের প্রথম কাব্য–শ্রীকৃষ্ণকীর্তন।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে খণ্ড আছে– ১৩টি।
- ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের লিপিকাল– আনুমানিক ১৪০০ খ্রি.।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের উল্লেখযোগ্য চরিত্র– কৃষ্ণ, রাধা, বড়াই।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের বড়াই– রাধাকৃষ্ণের প্রেমের দূতি।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি উদ্ধার করেন– বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ (১৯০৯ সালে)।
- বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ এ কাব্যটি উদ্ধার করেন– পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রামের দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নামক এক ব্রাহ্মণের বাড়ির গোয়ালঘর থেকে।
- এই কাব্যটি বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় ১৯১৬ সালে প্রকাশিত হয়– বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে।
- সর্বজন স্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ– শ্রীকৃষ্ণকীর্তন।
- 'শ্রীকৃষ্ণকীর্তন'-কে বলা হয়–শ্রীকৃষ্ণসন্দর্ভ।

## বৈষ্ণব পদাবলি

- পদাবলির প্রথম কবি– বিদ্যাপতি।
- বৈষ্ণব পদাবলির প্রাচুর্য ও উৎকর্ষপূর্ণ সময়– ষোড়শ-সপ্তদশ শতাব্দী।
- মধ্যযুগের বাংলা সাহিত্যের অত্যন্ত শ্রেষ্ঠ সম্পদ– বৈষ্ণব পদাবলি।
- এ অমর কবিতাবলি সৃষ্টি হয়– রাধাকৃষ্ণের প্রেমলীলা অবলম্বনে।
- সংস্কৃত ভাষায় বৈষ্ণব পদাবলির প্রথম পদকর্তা– জয়দেব।
- বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা– চণ্ডীদাস।
- বৈষ্ণব পদাবলি বৈষ্ণব সমাজে পরিচিত– মহাজন পদাবলি নামে।
- বৈষ্ণব পদাবলির উল্লেখযোগ্য কবি– বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস, বলরাম দাস প্রমুখ।
- বৈষ্ণব পদাবলির অধিকাংশ পদ রচিত–ব্রজবুলি ভাষায়।
- ব্রজবুলি ভাষা হলো– একটি কৃত্রিম ভাষা (বাংলা ও মৈথিলি ভাষার সংমিশ্রণে তৈরি)।
- 'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর'। পঙ্‌ক্তির রচয়িতা– জ্ঞানদাস।
- 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু/অনলে পুড়িয়া গেল'। রচয়িতা– জ্ঞানদাস।
- 'আমারি বঁধুয়া আন বাড়ি যায়/ আমারি আঙিনা দিয়া'। যে কবির রচনা– দ্বিজ চণ্ডীদাস।
- 'এমন পিরীতি কভু দেখি নাহি শুনি।/পরাণে পরাণ বান্ধা আপনা আপনি'। রচয়িতা– চণ্ডীদাস।
- মধ্যযুগের সাহিত্যের ধারাগুলোর মধ্যে পরিমাণ ও গুণে সমৃদ্ধ– বৈষ্ণব সাহিত্যধারা।

## শ্রীচৈতন্যদেব ও জীবনী সাহিত্য

শ্রীচৈতন্যদেব ও তার কতিপয় শিষ্যের জীবনকাহিনি অবলম্বনে যে সাহিত্যধারার সৃষ্টি, তা-ই জীবনী সাহিত্য।

- বাংলা সাহিত্যে একটি পঙ্‌ক্তি না লিখেও যার নামে একটি যুগের সৃষ্টি হয়েছে– শ্রীচৈতন্যদেব।
- শ্রীচৈতন্যদেবের জীবনীগ্রন্থকে বলা হয়– কড়চা।
- শ্রীচৈতন্যের পিতৃপ্রদত্ত নাম– বিশ্বম্ভর মিশ্র (ডাকনাম : নিমাই)।
- বাংলায় শ্রীচৈতন্যদেবের প্রথম জীবনীকাব্য বৃন্দাবন দাস র শ্রীচৈতন্যভাগবত।
- বাংলায় চৈতন্যদেবের দ্বিতীয় জীবনীগ্রন্থ লোচন দাস র চৈতন্য-মঙ্গল।

## উল্লেখযোগ্য মঙ্গলকাব্য রচয়িতা

| কাব্য | কবিগণ |
|---|---|
| মনসামঙ্গল | কানাহরিদত্ত, নারায়ণদেব, বিজয়গুপ্ত, বিপ্র পিপিলাই, দ্বিজ বংশীদাস, কেতকাদাস ক্ষেমানন্দ |
| চণ্ডীমঙ্গল | মানিকদত্ত, দ্বিজ মাধব, মুকুন্দরাম চক্রবর্তী, রামদেব, মুক্তারাম সেন |
| অন্নদামঙ্গল | ভারতচন্দ্র রায়গুণাকর |
| ধর্মমঙ্গল | ময়ূর ভট্ট, আদি রূপরাম, খেলারাম চক্রবর্তী, পণ্ডিত, ঘনরাম চক্রবর্তী, নরসিংহ বসু |

## মঙ্গলকাব্য

- বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণির ধর্মবি আখ্যানকাব্যই হলো– মঙ্গলকাব্য।
- প্রকৃতপক্ষে মঙ্গলকাব্যকে যে কয়টি শ্রেণিতে ভাগ করা হয় (পৌরাণিক ও লৌকিক)।
- মঙ্গলকাব্যের মূল উপজীব্য– দেবদেবীর গুণগান।
- মধ্যযুগের অন্যতম সাহিত্য– মঙ্গলকাব্য।
- আদি মঙ্গলকাব্য হিসেবে পরিচিত– মনসামঙ্গল।
- একটি সম্পূর্ণ মঙ্গলকাব্যে সাধারণত অংশ থাকে– ৫টি। (ব আত্মপরিচয়, দেবখণ্ড, মর্ত্যখণ্ড ও শ্রুতিফল)।
- মঙ্গলকাব্যের অপ্রধান ধারা– ধর্মমঙ্গল কাব্য, শিবম কালিকামঙ্গল।

### মনসামঙ্গল

- বাংলা সাহিত্যে মঙ্গলকাব্য ধারার প্রাচীনতম ধারা– মনসামঙ্গল
- মনসামঙ্গলের আদিকবি– কানা হরিদত্ত।
- মনসামঙ্গলের একমাত্র পশ্চিমবঙ্গীয় কবির নাম– কেতক ক্ষেমানন্দ (কাব্যের নাম 'কেতকাপুরাণ')।
- বিপ্রদাস পিপিলাই রচিত কাব্যের নাম– মনসাবিজয়।
- 'মনসামঙ্গল' কাব্য রচিত– মনসা দেবীর কাহিনি নিয়ে।
- 'মনসামঙ্গল' কাব্যের অপর নাম– পদ্মপুরাণ।
- সাপের অধিষ্ঠাত্রী দেবী মনসার অপর নাম– কেতকা ও পদ্মাবর্ত

### চণ্ডীমঙ্গল

- চণ্ডীমঙ্গলের আদি কবি– মানিক দত্ত।
- চণ্ডীমঙ্গল কাব্যধারার কবি দ্বিজ মাধবকে বলা হয়– স্বভাব কবি
- চণ্ডীমঙ্গল ধারার প্রধান কবি– মুকুন্দরাম চক্রবর্তী।
- মুকুন্দরাম চক্রবর্তীর উপাধি– কবিকঙ্কণ।
- 'চণ্ডীমঙ্গল' কাব্য রচিত– চণ্ডীদেবীর কাহিনি অবলম্বনে।

CamScanner

। কবি মুকুন্দরামের সবচেয়ে জনপ্রিয় কাহিনিকাব্য– কালকেতু উপাখ্যান।
। 'চণ্ডীমঙ্গল' কাব্যের কাহিনি বিভক্ত– দুই খণ্ডে।
। 'চণ্ডীমঙ্গল' কাব্যের প্রধান চরিত্র– কালকেতু।
। কবি মুকুন্দরাম চক্রবর্তীকে 'কবিকঙ্কণ' উপাধি দেন– জমিদার রঘুনাথ রায়।
। বাংলা সাহিত্যের প্রথম ঠক চরিত্র– ভাঁড়ুদত্ত।

### অন্নদামঙ্গল

। দেবী অন্নদার বন্দনা আছে– অন্নদামঙ্গল কাব্যে।
। অন্নদামঙ্গল ধারার প্রধান কবি– ভারতচন্দ্র রায়।
। বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি– ভারতচন্দ্র।
। ভারতচন্দ্রের উপাধি– রায়গুণাকর।
। মঙ্গলযুগের সর্বশেষ কবি– ভারতচন্দ্র রায়গুণাকর।
। অন্নদামঙ্গল কাব্য বিভক্ত– ৩ খণ্ডে।

### অন্নদামঙ্গল কাব্যের বিখ্যাত পঙ্‌ক্তি

। আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।
। নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।
। মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
। বড়র পিরীতি বালির বাঁধ।
। কড়িতে বাঘের দুধ মেলে।
। জন্মভূমি জননী স্বর্গের গরিয়সী।

### ধর্মমঙ্গল কাব্য

। ধর্মঠাকুরের মাহাত্ম্য প্রচারের জন্য সূত্রপাত হয়েছে– ধর্মমঙ্গল কাব্যের।
। 'ধর্মমঙ্গল' কাব্যধারার প্রথম কবি– ময়ূরভট্ট।
। ধর্মমঙ্গলের দুজন প্রধান কবি– রূপরাম চক্রবর্তী ও ঘনরাম চক্রবর্তী।
। 'ধর্মমঙ্গল' কাব্য দুটি পালায় বিভক্ত– রাজা হরিশ্চন্দ্রের গল্প এবং লাউসেনের গল্প।

### কালিকামঙ্গল কাব্য

। দেবী কালীর মাহাত্ম্য বর্ণনামূলক গ্রন্থ– কালিকামঙ্গল।
। কালিকামঙ্গলের আদি কবি– কবি কঙ্ক।
। কালিকামঙ্গল নামক অভিহিত কাব্যধারাকে বলা হয়– বিদ্যাসুন্দর।
। 'বিদ্যাসুন্দর' কাব্যের অন্যতম কবি– শ্রীধর কবিরাজ, সাবিরিদ খান।
। কালিকামঙ্গলের বিশিষ্ট কবি– রামপ্রসাদ সেন।
। রামপ্রসাদের কাব্যগ্রন্থের নাম– কবিরঞ্জন।

## অনুবাদ সাহিত্য

। বাংলা সাহিত্যের মধ্যযুগে কবিরা হাত দিয়েছিলেন– অনুবাদ সাহিত্যে।
। মধ্যযুগের অনুবাদ সাহিত্য মূলত– ভাবানুবাদ।
। এ যুগের কবিগণ নিজের ভাষায় ভাবানুবাদ করতেন– পয়ার ছন্দে।

### মহাভারত

। পৃথিবীতে জাত মহাকাব্য– ৪টি। (রামায়ণ, মহাভারত, ইলিয়াড ও ওডেসি)।
। 'মহাভারত' রচিত হয় যে ভাষায়– সংস্কৃত।
। মহাভারতের রচয়িতা– কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব।
। 'মহাভারত' রচিত হয়– ১৮ খণ্ডে।
। 'মহাভারত' প্রথম বাংলায় অনুবাদ করেন– কবীন্দ্র পরমেশ্বর।
। মহাভারতের সবচেয়ে বিখ্যাত ও জনপ্রিয় অনুবাদক– কাশীরাম দাস।
। কবি কাশীরাম দাস ছিলেন– দেব বংশের।

### রামায়ণ

। রামায়ণ লিখেছেন– বাল্মীকি।
। বাল্মীকির মূল নাম– রত্নাকর দস্যু।
। 'বল্মীক' অর্থ– উইপোকার ঢিবি।
। রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ অনুবাদক– কবি কৃত্তিবাস ওঝা (পনেরো শতকের কবি)।
। রামায়ণ প্রথম মুদ্রিত হয়– ১৮০২-১৮০৩ সালে।
। আদি মহাকাব্য বলা হয়– রামায়ণকে।
। রামায়ণে খণ্ড আছে– সাতটি (২৪ হাজার শ্লোক)।

### ভাগবত

। ভাগবত বাংলায় প্রথম অনুবাদ করেন– মালাধর বসু (উপাধি : গুণরাজ খান)।
। মালাধর বসু অনূদিত ভাগবতের নাম– শ্রীকৃষ্ণবিজয়।

## মুসলিম রচিত সাহিত্য ও রোমান্টিক প্রণয়োপাখ্যান

মধ্যযুগের বাংলা সাহিত্যের মুসলমান কবিদের সবচেয়ে উল্লেখযোগ্য অবদান রোমান্টিক প্রণয়োপাখ্যান। চতুর্দশ শতকের শেষদিকে বা পঞ্চদশ শতকের প্রথমদিকে বাংলা সাহিত্যে মুসলমান কবিদের প্রথম আবির্ভাব ঘটে। বাংলা ভাষায় প্রথম মুসলমান কবির নাম শাহ্ মুহম্মদ সগীর। এ ধারার আরো কয়েকজন কবি সৈয়দ সুলতান, আবদুল হাকিম, আলাওল, কোরেশী মাগন ঠাকুর প্রমুখ।

। রোমান্টিক প্রণয়োপাখ্যানের প্রাচুর্যপূর্ণ সময়—পঞ্চদশ-ষোড়শ শতক।
। লাইলী মজনু কাব্যের উৎস— আরবি লোকগাথা।
। গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে (১৩৮৯-১৪০৯) 'ইউসুফ-জোলেখা' গ্রন্থটি রচনা করেন– শাহ মুহম্মদ সগীর ।
। দৌলত উজির বাহরাম খান রচিত 'লায়লী-মজনু' (১৫৪৩-১৫৫৩) কাব্যটি পারসিয়ান কবি নিজামি'র (মৃত্যু ১৪৯২ খ্রিষ্টাব্দ) 'লায়লা ওয়া মজনুন' কাব্যের ভাবানুবাদ।
। হিন্দি কবি মনঝনের 'মধুমালতী' কাব্য অবলম্বনে মুহম্মদ কবীর রচনা করেন– 'মধুমালতী' কাব্য [১৫৮৮ খ্রিষ্টাব্দে]।
। 'গুলে বকাওলী' ইজ্জতুল্লা নামক এক বাঙালি লেখক রচিত– ফারসি গ্রন্থ।
। কবি মুহম্মদ মুকিম তার রচিত প্রথম কাব্যগ্রন্থেরও নাম দেন– গুলে বকাওলী।
। 'চন্দ্রাবতী' কাব্যের একমাত্র রচয়িতা– কোরেশী মাগন ঠাকুর।
। কোরেশী মাগন ঠাকুর ছিলেন– আরাকান রাজ্যের মন্ত্রী ও আলাওলের পৃষ্ঠপোষক।
। আরাকান রাজ চন্দ্র সুধর্মের সমর সচিব আশরফ খাঁর আদেশে সতেরো শতকের কবি দৌলত কাজী– 'সতীময়না-লোর-চন্দ্রানী' কাব্য রচনা করেন। কিন্তু শেষ করার আগেই তিনি মারা যান। অতঃপর উজির সোলায়মানের আদেশে ১৬৫৯ খ্রিষ্টাব্দে কবি আলাওল কাব্যের শেষাংশ রচনা করেন।
। আলাওল 'পদ্মাবতী' কাব্যটি আরাকান রাজা সাদ থদোমিন্তারের রাজত্বকালে (১৬৪৫-৫২) মন্ত্রী কোরেশী মাগন ঠাকুরের আদেশে– ১৬৫১ খ্রিষ্টাব্দে রচনা করেন।

CamScanner

## আরাকান (রোসাঙ্গ) রাজসভায় বাংলা সাহিত্য

। আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি— দৌলত কাজী।
। লৌকিক কাহিনির প্রথম রচয়িতা—দৌলত কাজী।
। আরাকান রাজসভার অন্যতম মুসলিম কবি— আলাওল।
। আরাকান রাজসভার উল্লেখযোগ্য কবি— আলাওল, দৌলত কাজী, কোরেশী মাগন ঠাকুর, মরদন, শমসের আলী, আবদুল করীম খন্দকার।
। আরাকানে সমৃদ্ধ সাহিত্য সৃষ্টি হয়েছিল— সপ্তদশ শতকে।
। বাংলা সাহিত্যে আরাকানকে অভিহিত করা হয়– রোসাঙ্গ নামে।

## মর্সিয়া ও নাথ সাহিত্য

। মর্সিয়া সাহিত্য সৃষ্টির পিছনে বিদ্যমান ছিল— ধর্মীয় প্রভাব।
। 'মর্সিয়া' শব্দের অর্থ– শোক প্রকাশ করা।
। উল্লেখযোগ্য মর্সিয়া সাহিত্য রচনাকারী– দৌলত উজির বাহরাম খান, মুহম্মদ খান, হেয়াত মামুদ, জাফর, হামিদ।
। 'মক্তুল হোসেন' কাব্যের রচয়িতা– মুহম্মদ খান।
। 'জঙ্গনামা' কাব্য রচনা করেছিলেন– দৌলত উজির বাহরাম খান।
। মর্সিয়া সাহিত্যের হিন্দু কবি– রাধারমণ গোপ।
। 'কাশিমের লড়াই'– কাব্যের রচয়িতা– শেখ সেরবাজ চৌধুরী।
। মধ্যযুগে নাথধর্মের কাহিনি অবলম্বনে রচিত আখ্যায়িকা কাব্য যে নামে পরিচিত– নাথ সাহিত্য।
। মুসলমান হয়েও নাথ সাহিত্য রচনা করেন– শেখ ফয়জুল্লাহ।
। শেখ ফয়জুল্লাহ রচিত নাথ সাহিত্যের উল্লেখযোগ্য রচনা– গোরক্ষ বিজয়, জয়নবের চৌতিশা, সত্যপীর, গাজীবিজয়, রাগমালা।
। 'গোপীচন্দ্রের সন্ন্যাস' কাব্যের রচয়িতা– শুকুর মাহমুদ।
। যে দুটি ধর্মের মিশ্রণে নাথ ধর্মের উৎপত্তি– বৌদ্ধধর্ম ও শৈবধর্ম।

## লোকসাহিত্য ও মৈমনসিংহ গীতিকা

। গাথা, কাহিনি, গান, ছড়া, প্রবাদ– লোকসাহিত্যের আওতাভুক্ত।
। লোকসাহিত্যের প্রাচীনতম নিদর্শন– ছড়া/ প্রবচন ও ধাঁধা।
। 'রামায়ণ' পালার রচয়িতা–চন্দ্রাবতী।
। গম্ভীরা গান গাওয়া হয়– রাজশাহী অঞ্চলে।
। জারি গান গাওয়া হয়– ময়মনসিংহ অঞ্চলে।
। বাংলাদেশে গীতিকা সাহিত্যে তিন ধরনের গীতিকা প্রচলিত। যথা– নাথ গীতিকা, মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা।
। মৈমনসিংহ গীতিকা– বৃহত্তর ময়মনসিংহ জেলার নেত্রকোণা, কিশোরগঞ্জের নিম্নাঞ্চলের গীতিকাব্য।
। ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় গীতিকাগুলো সংগ্রহ করেন– চন্দ্রকুমার দে।
। মৈমনসিংহ গীতিকা মুদ্রিত হয়– বিশ্বের ২৩টি ভাষায়।
। মৈমনসিংহ গীতিকা প্রকাশিত হয়– ড. দীনেশচন্দ্র সেনের সম্পাদনায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে।
। মৈমনসিংহ গীতিকার উল্লেখযোগ্য কয়েকটি পালা– মহুয়া, মলুয়া, চন্দ্রাবতী, কমলা, দেওয়ান ভাবনা, দেওয়ানা মদিনা, রূপবতী, কাজলরেখা, কঙ্ক ও লীলা, দস্যু কেনারামের পালা।
। কবি দ্বিজ কানাই 'মহুয়া' পালা রচনা করেন– ১৬৫০ খ্রিষ্টাব্দে
। পূর্ববঙ্গ গীতিকার উল্লেখযোগ্য পালা– নিজাম ডাকাতে ভেলুয়া, কমল সদাগর, কাফন চোরা, চৌধুরীর লড়াই, সুজ বিলাপ, পরীবানুর হাঁহলা।
। 'মহুয়া' পালার প্রধান চরিত্র– মহুয়া ও নদের চাঁদ।
। 'জল ভর সুন্দরী কইন্যা জলে দিছ ঢেউ।/হাসি মুখে ক সঙ্গে নাই মোর কেউ।' এ পঙ্‌ক্তিদ্বয়– মহুয়া পালার।
। 'দেওয়ানা মদিনা' পালাটির লেখক– মনসুর বয়াতি।
। 'দেওয়ানা মদিনা' পালার উপজীব্য– বিয়োগান্তক প্রেমকাহি
। 'মৈমনসিংহ গীতিকা'র শ্রেষ্ঠ গীতিকা হিসেবে সমাদৃত– মদিনা।
। 'বিদ্যাসুন্দর' পালাটির রচয়িতা– কবি কঙ্ক।

## শায়ের-কবিওয়ালা ও পুঁথি সাহিত্য

। কবিওয়ালা ও শায়েরদের আবির্ভাব ঘটেছিল– আঠারো মাঝামাঝি থেকে উনিশ শতকের মাঝামাঝি পর্যন্ত।
। কবিওয়ালাদের মধ্যে প্রাচীন কবি– গোঁজলা গুই।
। কবিগানের যুগে প্রচলিত পাঁচালী গানের শক্তিশালী কবি– দাশর
। দোভাষী পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি– গরীবুল্লাহ।
। পুঁথি সাহিত্যের উল্লেখযোগ্য কবি– ফকির গরীবুল্লাহ, হামজা, দানেশ, মালে মুহম্মদ, মুহম্মদ খাতের, জনাব আয়েজুদ্দিন, মুহম্মদ মুনশী।
। কবিওয়ালাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন– গোঁজলা গুই, বেনে, রাম বসু, ভোলা ময়রা, এন্টনি ফিরিঙ্গি, হরু ঠাকুর, বৈরাগী, রাসু-নৃসিংহ, কেষ্টা মুচি, নীলমণি পাটনী, শ্রীধর রামসুন্দর স্যাকরা।
। পুঁথি সাহিত্যের উদ্ভব– আঠারো শতকে।
। বাংলা টপ্পাগানের জনক– রামনিধি গুপ্ত।
। দোভাষী পুথি বলতে বোঝায়– কয়েকটি ভাষার শব্দ ব্যবহ মিশ্রিত ভাষায় রচিত পুঁথি।

## মধ্যযুগের উল্লেখযোগ্য সাহিত্যিক ও সাহিত্যক

### বড়ু চণ্ডীদাস

। বড়ু চণ্ডীদাস রচিত গ্রন্থ– শ্রীকৃষ্ণকীর্তন।
। বড়ু চণ্ডীদাসকে বলা হয়– বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা
। মধ্যযুগের আদি কবি – বড়ু চণ্ডীদাস।
। বড়ু চণ্ডীদাসের প্রকৃত নাম – অনন্ত।

### চণ্ডীদাস

। চণ্ডীদাস ছিলেন– বৈষ্ণব কবি।
। চণ্ডীদাস যে সময়ের কবি– চৈতন্যপূর্ব যুগের।
। বাংলা ভাষার প্রথম মানবতাবাদী কবি– চণ্ডীদাস।
। বাংলা ভাষার প্রথম মানবতাবাদী বাণী– শুনহ মানুষ ভা উপরে মানুষ সত্য তাহার উপর নাই।

CamScanner

### বিদ্যাপতি

- বিদ্যাপতি জন্মগ্রহণ করেন– মিথিলার সীতামারী মহকুমার বিসফি গ্রামে [আনুমানিক ১৩৭৪ খ্রি.]।
- বৈষ্ণব কবি বিদ্যাপতি ছিলেন– মিথিলার কবি।
- বিদ্যাপতির শ্রেষ্ঠ রচনা– রাধা-কৃষ্ণ বিষয়ক পদ [ব্রজবুলি ভাষায়]।
- ব্রজবুলি যে ভাষার সমন্বয়ে সৃষ্টি– বাংলা ও মৈথিলি ভাষার।

### শাহ মুহম্মদ সগীর

- মধ্যযুগের প্রথম মুসলমান কবি– শাহ মুহম্মদ সগীর।
- শাহ মুহম্মদ সগীর রচিত কাহিনিকাব্য– ইউসুফ-জোলেখা।
- 'ইউসুফ-জোলেখা' কাব্যের উৎস— বাইবেল ও কুরআন।
- বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি– শাহ মুহম্মদ সগীর।
- বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান– ইউসুফ-জোলেখা।

### জ্ঞানদাস

- জ্ঞানদাস যে সময়ের কবি– ষোড়শ শতাব্দীর কবি।
- চৈতন্যোত্তর বাংলা সাহিত্যের অন্যতম কবি ছিলেন– জ্ঞানদাস।
- জ্ঞানদাস পদ রচনায় অনুসরণ করেন– চণ্ডীদাসকে।
- জ্ঞানদাস যেসব ভাষায় পদ রচনা করেন– বাংলা ও ব্রজবুলি।

### দৌলত উজির বাহরাম খান

- দৌলত উজির বাহরাম খান জন্মগ্রহণ করেন– ফতেহাবাদ, চট্টগ্রাম। তার উপাধি– দৌলত উজির।
- দৌলত উজির বাহরাম খানের প্রথম কাব্য– 'জঙ্গনামা'; দ্বিতীয় কাব্য– লাইলী-মজনু।
- 'লাইলী-মজনু' কাব্যের মূল উৎস– আরবি লোকগাথা।

### গোবিন্দদাস

- গোবিন্দদাস জন্মগ্রহণ করেন– মুর্শিদাবাদ জেলার ভগবানগোলার অদূরে তেলিয়াবুধুরি নামক গ্রামে [আনুমানিক ১৫৩৪ খ্রি.]।
- গোবিন্দদাস বিশেষভাবে প্রভাবিত হয়েছিলেন– বিদ্যাপতির ভাবাদর্শে।
- গোবিন্দদাসকে 'কবিরাজ' উপাধি দেন– শ্রীজীব গোস্বামী।
- গোবিন্দদাস রচিত সংস্কৃত নাটকের নাম– সংগীতমাধব।

### মুকুন্দরাম চক্রবর্তী

- মুকুন্দরাম চক্রবর্তী জন্মগ্রহণ করেন– বর্ধমান জেলার দামুন্যা গ্রামে [জীবনকাল আনুমানিক ১৫৪০-১৬০৪ খ্রি.]।
- মুকুন্দরাম 'শ্রী শ্রী চণ্ডীমঙ্গল' কাব্য রচনা করেন– জমিদার রঘুনাথের নির্দেশে।
- মুকুন্দরাম চক্রবর্তীকে আখ্যায়িত করা হয়– দুঃখ বর্ণনার কবি হিসেবে।
- মুকুন্দরাম চক্রবর্তী রচিত মঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কাব্য– চণ্ডীমঙ্গল।

### চন্দ্রাবতী

- চন্দ্রাবতী জন্মগ্রহণ করেন– কিশোরগঞ্জ জেলার পাতোয়ারি গ্রামে।
- রামায়ণ অনুবাদক প্রথম মহিলা কবি– চন্দ্রাবতী।
- চন্দ্রাবতী রামায়ণ রচনায় মনোনিবেশ করেন— পিতার আদেশে [তার পিতা ছিলেন 'মনসামঙ্গল' কাব্যের রচয়িতা দ্বিজ বংশীদাস]।
- চন্দ্রাবতী রামায়ণ ছাড়াও রচনা করেন– ২টি কাব্য [মলুয়া ও দস্যু কেনারামের পালা]।

### আলাওল

- কবি আলাওল জন্মগ্রহণ করেন– ফতেয়াবাদ পরগনা, ফরিদপুর। মতান্তরে : চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জোবরা গ্রামে আনুমানিক ১৬০৭ খ্রিষ্টাব্দে।
- আলাওলের কাব্য রচনার প্রধান পৃষ্ঠপোষক ছিলেন– আরাকান রাজসভার প্রধান অমাত্য কোরেশী মাগন ঠাকুর।
- আলাওলের উল্লেখযোগ্য কাব্য– পদ্মাবতী, সপ্তপয়কর, তোহফা, সিকান্দরনামা, সয়ফুলমুলুক– বদিউজ্জামাল, রাগতালনামা।
- হিন্দি 'পদুমাবৎ' অবলম্বনে রচিত আলাওলের প্রথম ও শ্রেষ্ঠ কাব্য– পদ্মাবতী।
- আলাওলের কর্মজীবন শুরু হয়— মগ রাজের সেনাবাহিনীতে [অশ্বারোহী সৈনিক হিসেবে]।
- মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে শ্রেষ্ঠ কবি– আলাওল।
- আলাওলের 'তোহফা' গ্রন্থটি মূলত– ধর্মীয় তত্ত্বোপদেশপূর্ণ।

### দ্বিজ বংশীদাস

- 'মনসামঙ্গলের' অন্যতম শ্রেষ্ঠ কবি– দ্বিজ বংশীদাস।
- দ্বিজ বংশীদাসের কাব্যে দৃঢ়ভাবে অঙ্কিত হয়েছে— বেহুলার দুঃখ ও চাঁদ সওদাগরের দৃঢ়তা।
- দ্বিজ বংশীদাসের কন্যা– কবি চন্দ্রাবতী।

### আব্দুল হাকিম

- আব্দুল হাকিম জন্মগ্রহণ করেন– ১৬২০ খ্রিষ্টাব্দে।
- আব্দুল হাকিমের উল্লেখযোগ্য প্রণয়োপাখ্যান– ইউসুফ জোলেখা ও লালমতী সয়ফুলমুলুক।
- আব্দুল হাকিমের অন্যতম বৈশিষ্ট্য– মাতৃভাষাপ্রীতি।

### ভারতচন্দ্র রায়গুণাকর

- ভারতচন্দ্র রায়গুণাকর ছিলেন– আঠারো শতকের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ কবি।
- মঙ্গলকাব্য ধারার শেষ কবি– ভারতচন্দ্র রায়গুণাকর।
- ভারতচন্দ্র রায়কে 'রায়গুণাকর' উপাধি প্রদান করেন— রাজা কৃষ্ণচন্দ্র।
- ভারতচন্দ্র রায়গুণাকর যে রাজসভার কবি— কৃষ্ণনগর রাজসভা।
- ভারতচন্দ্র রায়ের কবিপ্রতিভার শ্রেষ্ঠ নিদর্শন– 'অন্নদামঙ্গল' কাব্য।
- বাংলা সাহিত্যের অমর চরিত্র ঈশ্বরী পাটনীর স্রষ্টা– ভারতচন্দ্র রায়গুণাকর।
- 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' প্রার্থনা করেছিল– ঈশ্বরী পাটনী।

CamScanner

# ০২ আধুনিক যুগ : ১৮০১–বর্তমান

আধুনিক যুগের সূচনা হয় ১৮০০ সালে ফোর্ট উইলিয়াম কলেজ স্থাপন এবং ১৮০১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ স্থাপনের মধ্য দিয়ে। বাংলা সাহিত্যে ১৮০১ সাল থেকে বর্তমান পর্যন্ত আধুনিক যুগ হিসেবে চিহ্নিত।

## ফোর্ট উইলিয়াম কলেজ ও বাংলা গদ্য

- বাংলা সাহিত্যে গদ্যের সূচনা হয়– উনিশ শতকে।
- বাংলাদেশে তথা ভারতীয় উপমহাদেশে বাংলা ভাষা শিক্ষাদানের জন্য লর্ড ওয়েলেসলি কর্তৃক ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়– ১৮০০ সালের ৪ মে।
- ফোর্ট উইলিয়াম কলেজে ১৮০১ সালে বাংলা বিভাগ প্রবর্তিত হলে, অধ্যক্ষ হিসেবে নিযুক্ত হন– শ্রীরামপুর মিশনের পাদ্রি এবং বাইবেলের অনুবাদক উইলিয়াম কেরি।
- ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ রামরাম বসু রচিত– রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১)।
- 'কেরি সাহেবের মুনশী' বলা হয়— রামরাম বসুকে।
- 'লিপিমালা' (১৮০২) গ্রন্থটির রচয়িতা— রামরাম বসু।
- বাংলায় মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থ– রাজা প্রতাপাদিত্য চরিত্র।
- ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত দ্বিতীয় গ্রন্থ– কথোপকথন (রচয়িতা উইলিয়াম কেরি, রচনাকাল ১৮০১)।
- ফোর্ট উইলিয়াম কলেজ চালু ছিল– ১৮৫৪ সাল পর্যন্ত।
- 'তোতা ইতিহাস' গ্রন্থের রচয়িতা– চণ্ডীচরণ মুনশী।
- 'পুরুষ পরীক্ষা' গ্রন্থের রচয়িতা– হরপ্রসাদ রায়।
- 'ওরিয়েন্টাল ফেবুলিস্ট' গ্রন্থের রচয়িতা– তারিণীচরণ মিত্র।
- ফোর্ট উইলিয়াম কলেজে নিযুক্ত পণ্ডিতদের মধ্যে সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেন– মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার (গ্রন্থ সংখ্যা : ৫টি)।
- মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত গ্রন্থ– বত্রিশ সিংহাসন, রাজাবলি, হিতোপদেশ, বেদান্তচন্দ্রিকা, প্রবোধচন্দ্রিকা।

## বাংলা সাহিত্যের বিখ্যাত ঔপন্যাসিক ও উপন্যাস

| ঔপন্যাসিক | উপন্যাস |
|---|---|
| প্যারীচাঁদ মিত্র | আলালের ঘরের দুলাল |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, কৃষ্ণকান্তের উইল, আনন্দমঠ |
| আবু জাফর শামসুদ্দীন | পদ্মা মেঘনা যমুনা |
| আখতারুজ্জামান ইলিয়াস | চিলেকোঠার সেপাই, খোয়াবনামা |
| কাজী নজরুল ইসলাম | বাঁধন-হারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা |
| নজিবর রহমান | আনোয়ারা |
| নীলিমা ইব্রাহীম | এক পথ দুই বাঁক, বিশ শতকের মেয়ে |
| মানিক বন্দ্যোপাধ্যায় | জননী, দিবারাত্রির কাব্য, পদ্মানদীর মাঝি, পুতুলনাচের ইতিকথা |
| রবীন্দ্রনাথ ঠাকুর | চোখের বালি, গোরা, ঘরে-বাইরে, চতুরঙ্গ, চার অধ্যায়, শেষের কবিতা |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | বৈকুণ্ঠের উইল, পল্লীসমাজ, দেবদাস, চরিত্রহীন, গৃহদাহ, শ্রীকান্ত, দেনাপাওনা, পথের দাবী, শেষ প্রশ্ন |
| শওকত ওসমান | জননী, ক্রীতদাসের হাসি, জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, নেকড়ে অরণ্য |
| শহীদুল্লা কায়সার | সারেং বৌ, সংশপ্তক |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো |
| সেলিনা হোসেন | হাঙর নদী গ্রেনেড, পোকামাকড়ের ঘরবসতি, নিরন্তর ঘণ্টাধ্বনি |
| সত্যেন সেন | অভিশপ্ত নগরী, পাপের সন্তান |
| সৈয়দ শামসুল হক | এক মহিলার ছবি, সীমানা ছাড়িয়ে, খেলারাম খেলে যা, নীল দংশন |
| হাসান আজিজুল হক | বৃত্তায়ন, শিউলি, আগুনপাখি |
| হুমায়ূন আহমেদ | নন্দিত নরকে, জোছনা ও জননীর গল্প, শঙ্খনীল কারাগার, আগুনের পরশমণি |
| ড. রাজিয়া খান | বটতলার উপন্যাস, অনুকল্প |
| দিলারা হাশেম | ঘর মন জানালা, আমলকীর মৌ |
| রাবেয়া খাতুন | ফেরারী সূর্য, বায়ান্ন গলির এক গলি |

## উল্লেখযোগ্য নাটক ও নাট্যকার

| নাট্যকার | নাটক |
|---|---|
| মাইকেল মধুসূদন দত্ত | শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী, মায়াকানন |
| দীনবন্ধু মিত্র | নীলদর্পণ, লীলাবতী, নবীন তপস্বিনী, কমলে কামিনী |
| গিরিশচন্দ্র ঘোষ | সিরাজদ্দৌলা, সীতার বনবাস, প্রফুল্ল |
| মীর মশাররফ হোসেন | বসন্তকুমারী, জমীদার দর্পণ, বেহুলা গীতাভিনয় |
| দ্বিজেন্দ্রলাল রায় | তারাবাঈ, নূরজাহান, মেবারপতন, সাজাহান |
| রবীন্দ্রনাথ ঠাকুর | তাসের দেশ, রক্তকরবী, ডাকঘর, প্রায়শ্চিত্ত, কালের যাত্রা, বিসর্জন |
| কাজী নজরুল ইসলাম | আলেয়া, মধুমালা, ঝিলিমিলি, পুতুলের বিয়ে |
| জসীমউদ্‌দীন | বেদের মেয়ে, মধুমালা, পদ্মাপাড় |
| নূরুল মোমেন | রূপান্তর, নেমেসিস, আলোছায়া |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | সুড়ঙ্গ, বহিপীর, তরঙ্গভঙ্গ, উজানে মৃত্যু |
| মুনীর চৌধুরী | রক্তাক্ত প্রান্তর, কবর, পলাশী ব্যারাক ও অন্যান্য |
| আবদুল্লাহ আল মামুন | সুবচন নির্বাসনে, কোকিলারা, এখনও ক্রীতদাস |
| হুমায়ূন আহমেদ | এইসব দিনরাত্রি, বহুব্রীহি, অয়োময়, নক্ষত্রের রাত, কোথাও কেউ নেই |
| মামুনুর রশীদ | গিনিপিগ, সময় অসময়, আমার বোন, ওরা কদম আলী |
| সেলিম আল দীন | যৈবতী কন্যার মন, মুনতাসীর ফ্যান্টাসি, কিত্তনখোলা, ভাঙ্গনের শব্দ শুনি |

## বিখ্যাত বাংলা কাব্যগ্রন্থ

| কবি | কাব্যগ্রন্থ |
|---|---|
| মাইকেল মধুসূদন দত্ত | চতুর্দশপদী কবিতাবলী, বীরাঙ্গনা কাব্য, ব্রজাঙ্গনা কাব্য |
| বিহারীলাল চক্রবর্তী | সারদামঙ্গল, সাধের আসন, সংগীত শতক, বঙ্গসুন্দরী |
| অমিয় চক্রবর্তী | মাটির দেয়াল, অনিঃশেষ, খসড়া |
| আহসান হাবীব | রাত্রিশেষ, সারা দুপুর, ছায়াহরিণ |
| আবু জাফর ওবায়দুল্লাহ | আমি কিংবদন্তীর কথা বলছি, সাতনরী হার |
| ইসমাইল হোসেন সিরাজী | অনল প্রবাহ, স্পেন বিজয় কাব্য |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | প্রবোধ প্রভাকর |
| কাজী নজরুল ইসলাম | অগ্নি-বীণা, সাম্যবাদী, বিষের বাঁশি |
| গোলাম মোস্তফা | রক্তরাগ, বুলবুলিস্তান, হাস্নাহেনা, খোশরোজ |
| জসীমউদ্‌দীন | রাখালী, নক্সী কাঁথার মাঠ |
| জীবনানন্দ দাশ | বনলতা সেন, রূপসী বাংলা |
| প্রেমেন্দ্র মিত্র | প্রথমা, ফেরারী ফৌজ, সম্রাট |
| ফররুখ আহমদ | সাত সাগরের মাঝি, সিরাজাম মুনীরা |
| বন্দে আলী মিয়া | ময়নামতির চর, অনুরাগ |
| বিষ্ণু দে | উর্বশী ও আর্টেমিস, চোরাবালি, সাত ভাই চম্পা |
| বুদ্ধদেব বসু | বন্দীর বন্দনা, কঙ্কাবতী, মরচেপড়া পেরেকের গান |
| রবীন্দ্রনাথ ঠাকুর | মানসী, সোনার তরী, গীতাঞ্জলি, বলাকা |
| শামসুর রাহমান | প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে; রৌদ্র করোটিতে |
| সত্যেন্দ্রনাথ দত্ত | বেণু ও বীণা, বেলা শেষের গান, সবিতা |
| সুধীন্দ্রনাথ দত্ত | তন্বী, অর্কেস্ট্রা, ক্রন্দসী, উত্তর ফাল্গুনী |
| সুকান্ত ভট্টাচার্য | ছাড়পত্র, পূর্বাভাস, হরতাল, ঘুম নেই |
| সুফিয়া কামাল | সাঁঝের মায়া, অভিযাত্রিক, উদাত্ত পৃথিবী |
| হাসান হাফিজুর রহমান | বিমুখ প্রান্তর, আর্ত শব্দাবলী, উদ্যত সঙ্গীন |
| আল মাহমুদ | সোনালী কাবিন, বখতিয়ারের ঘোড়া, কালের কলস |

## উল্লেখযোগ্য আধুনিক কবি ও তাদের রচিত কবিতা

| কবি | কবিতা |
|---|---|
| অমিয় চক্রবর্তী | বাংলাদেশ |
| আবু জাফর ওবায়দুল্লাহ | আমি কিংবদন্তীর কথা বলছি, কোন এক মাকে |
| আহসান হাবীব | আমি কোন আগন্তুক নই, পূর্বাশার আলো |
| গোলাম মোস্তফা | তরুণের অভিযান, জীবন বিনিময় |
| জসীমউদ্‌দীন | কবর, রাখাল ছেলে,পল্লিজননী, নিমন্ত্রণ |
| নির্মলেন্দু গুণ | না প্রেমিক না বিপ্লবী; হুলিয়া;স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো |
| ফররুখ আহমেদ | সাত সাগরের মাঝি, পাঞ্জেরি |
| বিষ্ণু দে | উর্বশী ও আর্টেমিস, পলায়ন, একটি কাফি |
| বেগম সুফিয়া কামাল | তাহারেই পড়ে মনে, অভিযাত্রিক |
| মোহাম্মদ মনিরুজ্জামান | শহীদ স্মরণে, উৎস থেকে ফেরা |
| রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ | বাতাসে লাশের গন্ধ |
| শহীদ কাদরী | উত্তরাধিকার, তোমাকে অভিবাদন প্রিয়তমা |
| শামসুর রাহমান | স্বাধীনতা তুমি; একটি ফটোগ্রাফ; তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা |
| আবদুল হাকিম | বঙ্গবাণী |
| সিকান্দার আবু জাফর | একুশে ফেব্রুয়ারি, বাংলা ভাষা, বাংলা ছাড়ো |
| সুকান্ত ভট্টাচার্য | আঠারো বছর বয়স, দুর্মর, রানার |
| হাসান হাফিজুর রহমান | অমর একুশে, আমার আপন পতাকা, অবাক সূর্যোদয় |
| সৈয়দ শামসুল হক | নূরলদীনের কথা মনে পড়ে যায়, আমার পরিচয় |

## বাংলা মহাকাব্য

| রচয়িতা | মহাকাব্য |
|---|---|
| মাইকেল মধুসূদন দত্ত | মেঘনাদবধ কাব্য |
| হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় | বৃত্রসংহার (১ম খণ্ড, ২য় খণ্ড) |
| নবীনচন্দ্র সেন | রৈবতক, কুরুক্ষেত্র ও প্রভাস *[ত্রয়ী মহাকাব্য]* |
| কায়কোবাদ | মহাশ্মশান |
| সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী | স্পেনবিজয় কাব্য |
| হামিদ আলী | কাসেমবধ কাব্য |
| যোগীন্দ্রনাথ বসু | পৃথ্বীরাজ, শিবাজী |
| আনন্দচন্দ্র মিত্র | হেলেনাকাব্য |

## বিখ্যাত মহাকাব্য

| রচয়িতা | মহাকাব্য |
|---|---|
| বাল্মীকি | রামায়ণ |
| হোমার | ইলিয়াড, ওডিসি |
| ব্যাসদেব/বেদব্যাস | মহাভারত |
| ফেরদৌসী | শাহনামা |
| মিল্টন | প্যারাডাইস লস্ট |
| ভার্জিল | ইনিড |

## ভাষা আন্দোলনভিত্তিক গ্রন্থ ও চলচ্চিত্র

| নাম | প্রকৃতি | রচয়িতা/নির্মাতা |
|---|---|---|
| একুশের গল্প | প্রথম ছোটগল্প | জহির রায়হান |
| আরেক ফাল্গুন | প্রথম উপন্যাস | জহির রায়হান |
| জীবন থেকে নেয়া, Let there be Light | চলচ্চিত্র | জহির রায়হান |
| মৌন নয় | ছোটগল্প | শওকত ওসমান |
| কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি | প্রথম কবিতা | মাহবুব উল আলম চৌধুরী |
| স্মৃতিস্তম্ভ | কবিতা | আলাউদ্দিন আল আজাদ |
| একুশের কবিতা | কবিতা | আল মাহমুদ |
| ঘর মন জানালা | উপন্যাস | দিলারা হাশেম |
| যাত্রী | নাটক | আসকার ইবনে শাইখ |
| কোনো এক মাকে; চিঠি | কবিতা | আবু জাফর ওবায়দুল্লাহ |

CamScanner

| নাম | প্রকৃতি | রচয়িতা/নির্মাতা |
|---|---|---|
| কবর | প্রথম নাটক | মুনীর চৌধুরী |
| একুশে ফেব্রুয়ারি | প্রথম সংকলন গ্রন্থ | হাসান হাফিজুর রহমান |
| আর্তনাদ | উপন্যাস | শওকত ওসমান |
| নিরন্তর ঘণ্টাধ্বনি | উপন্যাস | সেলিনা হোসেন |
| একুশের দলিল | সম্পাদিত গ্রন্থ | এম আর আখতার মুকুল |
| দৃষ্টি | গল্প | আনিসুজ্জামান |
| পলিমাটি | গল্প | সিরাজুল ইসলাম |
| সভ্যতার মনিবন্ধে | কবিতা | সৈয়দ শামসুল হক |
| ফাগুন হাওয়ায় | চলচ্চিত্র | তৌকীর আহমেদ |
| আমাকে কি মাল্য দেবে দাও | কবিতা | নির্মলেন্দু গুণ |

## মুক্তিযুদ্ধভিত্তিক নাটক

| রচয়িতা | নাটক |
|---|---|
| সৈয়দ শামসুল হক | পায়ের আওয়াজ পাওয়া যায় |
| মমতাজ উদদীন আহমদ | কী চাহ শঙ্খচিল, বর্ণচোরা, স্বাধীনতা আমার স্বাধীনতা, বকুলপুরের স্বাধীনতা |
| আলাউদ্দিন আল আজাদ | নরকে লাল গোলাপ |
| নীলিমা ইব্রাহীম | যে অরণ্যে আলো নেই |
| সাঈদ আহমদ | প্রতিদিন একদিন |
| রণেশ দাশগুপ্ত | ফেরী আসছে |

## মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

| রচয়িতা | উপন্যাস |
|---|---|
| আনোয়ার পাশা | রাইফেল রোটি আওরাত |
| সৈয়দ শামসুল হক | নিষিদ্ধ লোবান, নীল দংশন, ত্রাহি |
| শওকত ওসমান | জলাংগী, জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, নেকড়ে অরণ্য |
| হুমায়ূন আহমেদ | আগুনের পরশমণি, শ্যামল ছায়া, জোছনা ও জননীর গল্প |
| আল মাহমুদ | উপমহাদেশ, কাবিলের বোন |
| সেলিনা হোসেন | হাঙর নদী গ্রেনেড, যুদ্ধ |
| রশীদ হায়দার | খাঁচায়, অন্ধ কথামালা, নষ্ট জোছনায় এ কোন অরণ্য |
| মাহমুদুল হক | জীবন আমার বোন, খেলাঘর |
| হারুন হাবীর | প্রিয়যোদ্ধা প্রিয়তম |

| রচয়িতা | উপন্যাস |
|---|---|
| রাবেয়া খাতুন | ফেরারী সূর্য, মেঘের পরে মেঘ |
| মুহম্মদ জাফর ইকবাল | আমার বন্ধু রাশেদ, গ্রামের নাম কাঁকন |
| সরদার জয়েনউদ্দীন | বিধ্বস্ত রোদের ঢেউ |
| শওকত আলী | যাত্রা |
| শহীদুল জহির | জীবন ও রাজনৈতিক বাস্তবতা |
| তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | একটি কালো মেয়ের কথা |
| রিজিয়া রহমান | রক্তের অক্ষর |
| রশীদ করিম | আমার যত গ্লানি |
| আহমদ ছফা | মরণ বিলাস |
| ইমদাদুল হক মিলন | কালো ঘোড়া, ঘেরাও, মহাযুদ্ধ |
| তাহমিমা আনাম | আ গোল্ডেন এজ |
| আনিসুল হক | মা, স্বপ্ন, জননী সাহসিকা |

## মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র

| পরিচালক | চলচ্চিত্র |
|---|---|
| জহির রায়হান | Stop Genocide |
| চাষী নজরুল ইসলাম | ওরা ১১ জন |
| নাসিরউদ্দিন ইউসুফ | একাত্তরের যীশু |
| খান আতাউর রহমান | আবার তোরা মানুষ হ |
| আলমগীর কবির | ধীরে বহে মেঘনা |
| তানভীর মোকাম্মেল | নদীর নাম মধুমতী |
| হুমায়ুন আহমেদ | আগুনের পরশমণি, শ্যামল ছায়া |
| চাষী নজরুল ইসলাম | হাঙর নদী গ্রেনেড, মেঘের পরে মেঘ, |
| তারেক মাসুদ | মাটির ময়না |
| নাসিরউদ্দিন ইউসুফ | গেরিলা |
| খান আতাউর রহমান | এখনো অনেক রাত |
| মোরশেদুল ইসলাম | আমার বন্ধু রাশেদ, অনিল বাগচীর একদিন, |
| শহীদুল হক খান | কলমিলতা |
| আনন্দ | কার হাসি কে হাসে, বাঘা বাঙালি |
| সুভাষ দত্ত | অরুণোদয়ের অগ্নিসাক্ষী |
| তানভীর মোকাম্মেল | রাবেয়া, জীবনঢুলী, রূপসা নদীর ব |
| খিজির হায়াত খান | অস্তিত্বে আমার দেশ, ওরা ৭ জন |

## কাব্য ও কাব্যের প্রধান চরিত্র

| কবি | কাব্য | প্রধান চরিত্র |
|---|---|---|
| বড়ু চণ্ডীদাস | শ্রীকৃষ্ণকীর্তন | বড়াই, রাধা, কৃষ্ণ |
| মুকুন্দরাম চক্রবর্তী | চণ্ডীমঙ্গল | ফুল্লরা, ভাড়ুদত্ত, মুরারী শীল |
| ভারতচন্দ্র | অন্নদামঙ্গল | ঈশ্বরী পাটনী, হীরামালিনী, বিদ্যা ও সুন্দর |
| নারায়ণ দেব | মনসামঙ্গল (পদ্মাপুরাণ) | চাঁদ সওদাগর, মনসা, লখিন্দর, বেহুলা |
| মাইকেল মধুসূদন দত্ত | মেঘনাদবধ কাব্য | মেঘনাদ, বীরবাহু, চিত্রাঙ্গদা, রাবণ, সীতা, লক্ষ্মণ, রাম, বিভীষণ |
| জসীমউদ্‌দীন | নকশী কাঁথার মাঠ | রূপাই, সাজু |
| আলাওল | পদ্মাবতী | পদ্মাবতী |
| কায়কোবাদ | মহাশ্মশান | ইব্রাহীম কার্দি, জোহরা |

CamScanner

## নাটক ও নাটকের প্রধান চরিত্র

| নাট্যকার | নাটক | প্রধান চরিত্র |
|---|---|---|
| দীনবন্ধু মিত্র | নীলদর্পণ | তোরাপ, নবীন মাধব, আদুরী |
| | রক্তকরবী | নন্দিনী, কিশোর, রঞ্জন |
| | ডাকঘর | অমল, সুধা, মাধব দত্ত, ঠাকুরদা |
| রবীন্দ্রনাথ ঠাকুর | চিত্রাঙ্গদা (কাব্যনাট্য) | চিত্রাঙ্গদা, অর্জুন |
| | বিসর্জন (কাব্যনাট্য) | অপর্ণা, জয়সিংহ, রঘুপতি, গোবিন্দ মাণিক্য |
| | অচলায়তন | পঞ্চক, দাদাঠাকুর, দর্তক |
| | রক্তকরবী | রাজা, নন্দিনী, রঞ্জন |
| মুনীর চৌধুরী | রক্তাক্ত প্রান্তর | জোহরা, জরিনা, হিরণ বালা, ইব্রাহীম কার্দি |
| | কবর | হাফিজ, গার্ড, ছায়ামূর্তি |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | শকুন্তলা | শকুন্তলা |
| মাইকেল মধুসূদন দত্ত | কৃষ্ণকুমারী | কৃষ্ণকুমারী, ভীম সিং, তপস্বিনী |
| | শর্মিষ্ঠা | শর্মিষ্ঠা, দেবযানী, যযাতি |
| তারাচরণ শিকদার | ভদ্রার্জুন | সুভদ্রা, অর্জুন |
| দ্বিজেন্দ্রলাল রায় | সাজাহান | সাজাহান, ঔরঙ্গজীব |
| মীর মশাররফ হোসেন | জমীদার দর্পণ | আবু মোল্লা, নুরুন্নেহার |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | তরঙ্গভঙ্গ | আমেনা, বিচারক, মৌলভী |
| | বহিপীর | বহিপীর, তাহেরা, হাশেম আলী |
| বুদ্ধদেব বসু | তপস্বী ও তরঙ্গিনী | ঋষ্যশৃঙ্গ, তরঙ্গিনী |
| সেলিম আল দীন | কিত্তনখোলা | সোনাই, ডালিমন |
| সৈয়দ শামসুল হক | পায়ের আওয়াজ পাওয়া যায় | মাতুব্বর, রাজাকার |

## উপন্যাস ও উপন্যাসের প্রধান চরিত্র

| ঔপন্যাসিক | উপন্যাস | প্রধান চরিত্র |
|---|---|---|
| প্যারীচাঁদ মিত্র | আলালের ঘরের দুলাল | মতিলাল, ঠকচাচা, বাঞ্ছারাম, বাবুরাম |
| রবীন্দ্রনাথ ঠাকুর | চোখের বালি | মহেন্দ্র, বিনোদিনী, আশা, বিহারী |
| | শেষের কবিতা | অমিত, লাবণ্য, শোভনলাল, কেতকী |
| | ঘরে-বাইরে | নিখিলেশ, বিমলা, মেজরানী, সন্দীপ |
| | চার অধ্যায় | ইন্দ্রনাথ, অতীন, এলা |
| | যোগাযোগ | মধুসূদন, কুমুদিনী |
| | চুতরঙ্গ | দামিনী, শচীশ, শ্রীবিলাস, জ্যাঠামশায় |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | দুর্গেশনন্দিনী | আয়েশা, তিলোত্তমা, জগৎসিংহ, বিমলা, ওসমান |
| | কপালকুণ্ডলা | নবকুমার, কপালকুণ্ডলা, মতিবিবি, কাপালিক, পদ্মাবতী |
| | বিষবৃক্ষ | কুন্দনন্দিনী, নগেন্দ্রনাথ, হীরা, সূর্যমুখী |
| | কৃষ্ণকান্তের উইল | ভ্রমর, রোহিণী, হরলাল, গোবিন্দলাল, নিশাকর, কৃষ্ণকান্ত |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | শ্রীকান্ত | শ্রীকান্ত, ইন্দ্রনাথ, অন্নদা দিদি, রাজলক্ষ্মী, অভয়া |
| | চরিত্রহীন | সতীশ, সাবিত্রী, কিরণময়ী, দিবাকর |
| | গৃহদাহ | মহিম, সুরেশ, অচলা, মৃণাল |
| | দেবদাস | দেবদাস, পার্বতী |
| | পল্লিসমাজ | রমেশ, রমা |
| শহীদুল্লা কায়সার | সারেং বৌ | নবিতুন, কদম সারেং |
| | সংশপ্তক | রাবেয়া খাতুন, লেকু, রমজান, জাহেদ |

CamScanner

| ঔপন্যাসিক | উপন্যাস | প্রধান চরিত্র |
|---|---|---|
| আখতারুজ্জামান ইলিয়াস | চিলেকোঠার সেপাই | ওসমান গণি, খিজির, আনোয়ার, রঞ্জু, করমালি |
| বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | পথের পাঁচালী | অপু, দুর্গা, সর্বজায়া, ইন্দির ঠাকরুন |
| সৈয়দ ওয়ালীউল্লাহ্ | লালসালু | মজিদ, জমিলা, রহিমা, আমেনা, আক্কাস |
| মানিক বন্দ্যোপাধ্যায় | পদ্মানদীর মাঝি | কপিলা, মালা, গণেশ, ধনঞ্জয়, কুবের, হোসেন মিয়া |
| আবু ইসহাক | সূর্য-দীঘল বাড়ী | জয়গুন, হাসু, মায়মুন |
| মীর মশাররফ হোসেন | বিষাদ সিন্ধু | এজিদ, মায়মুনা, জায়েদা, জয়নাব, কাসেম, ইমাম হোসেন, ইমাম |
| শওকত ওসমান | জননী | দরিয়াবিবি, ইয়াকুব |
| | জাহান্নম হইতে বিদায় | গাজী রহমান, রেজা আলী |
| কাজী নজরুল ইসলাম | মৃত্যুক্ষুধা | প্যাঁকালে, কুর্শি, রুবি, আনসার |
| অদ্বৈত মল্লবর্মণ | তিতাস একটি নদীর নাম | কিশোর, বাসন্তী, অনন্ত |
| জহির রায়হান | হাজার বছর ধরে | মকবুল, মন্তু, টুনি |
| আনোয়ার পাশা | রাইফেল রোটি আওরাত | সুদীপ্ত শাহীন |
| শওকত আলী | প্রদোষে প্রাকৃতজন | শ্যামাঙ্গ, বাসুদেব, নীলাম্বর |
| হাসান আজিজুল হক | আগুন পাখি | কথক, মেতর বউ |
| মাহমুদুল হক | জীবন আমার বোন | খোকা, রঞ্জু |
| আহমদ ছফা | গাভী বিত্তান্ত | রসায়ন অধ্যাপক, নুরুন্নাহার, দিলরুবা খানম |
| হুমায়ূন আহমেদ | নন্দিত নরকে | রাবেয়া, খোকা, মন্টু |
| | জোছনা ও জননীর গল্প | বঙ্গবন্ধু, জিয়াউর রহমান, ভাসানী, আইয়ুব খান |
| সেলিনা হোসেন | হাঙর নদী গ্রেনেড | বুড়ি, রইচ |
| শহীদুল জহির | জীবন ও রাজনৈতিক বাস্তবতা | আবদুল মজিদ, ইয়াসমিন, মোমেনা, আনোয়ার |
| জীবনানন্দ দাশ | মাল্যবান | মাল্যবান, উৎপলা |
| বেগম রোকেয়া | সুলতানার স্বপ্ন | সারা, সুলতানা |

## গল্প ও গল্পের প্রধান চরিত্র

| গল্পকার | গল্প | চরিত্র |
|---|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | ছুটি | ফটিক |
| | কাবুলিওয়ালা | রহমত, মিনি |
| | পোস্টমাস্টার | রতন |
| | সমাপ্তি | মৃন্ময়ী |
| | নষ্টনীড় | চারুলতা |
| | শাস্তি | দুখিরাম, ছিদাম, রাধা, চন্দরা |
| | মধ্যবর্তিনী | হরসুন্দরী, শৈলবালা, নিবারণ |
| | একরাত্রি | সুরবালা |
| | জীবিত ও মৃত | কাদম্বিনী |
| | দেনা-পাওনা | নিরুপমা, রামসুন্দর |
| | অপরিচিতা | অনুপম, কল্যাণী |
| | ল্যাবরেটরি | মোহিনী, নন্দকিশোর |
| | রবিবার | অভীক, বিভা |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | মেজদিদি | হেমাঙ্গিনী, কাদম্বিনী |
| | মহেশ | গফুর, আমিনা |
| মানিক বন্দ্যোপাধ্যায় | প্রাগৈতিহাসিক | ভিখু, পেহলাদ, পাঁচী |

CamScanner

| গল্পকার | গল্প | চরিত্র |
|---|---|---|
| সৈয়দ ওয়ালীউল্লাহ | নয়নচারা | আমু, ভূতো, ভূতনি |
| | একটি তুলসী গাছের কাহিনি | মোদাব্বের, এনায়েত, ইউনুস, মকসুদ |
| বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | পুঁইমাচা | ক্ষেন্তি, সহায়হরি, অন্নপূর্ণা |
| তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | তারিণী মাঝি | তারিণী মাঝি, সুখী |
| কাজী নজরুল ইসলাম | শিউলী মালা | শিউলী, আজহার |
| প্রেমেন্দ্র মিত্র | তেলেনাপোতা আবিষ্কার | মনিদা, যামিনী |
| শামসুদ্দীন আবুল কালাম | পথ জানা নেই | গহুরালি |
| আবু ইসহাক | জোঁক | ওসমান |
| জহির রায়হান | একুশের গল্প | তপু, রেণু |
| আবুল মনসুর আহমদ | হুজুর কেবলা | এমদাদ |
| শাহেদ আলী | জিবরাইলের ডানা | নবী, হালিমা |
| কমলকুমার মজুমদার | লাল জুতো | নীতীশ, গৌরী |
| নরেন্দ্রনাথ মিত্র | রস | ফুলবানু |
| সোমেন চন্দ | ইঁদুর | সুকুমার |
| জগদীশ গুপ্ত | আঠারো কলার একটি | বেণুকর, জানকী |
| হাসান আজিজুল হক | আত্মজা ও একটি করবী গাছ | ফেকু, ইনাম, সুহাস |

## উপাধি ও ছদ্মনাম

| প্রকৃত নাম | উপাধি | ছদ্মনাম |
|---|---|---|
| নীহাররঞ্জন গুপ্ত | — | বাণভট্ট |
| নজিবর রহমান | সাহিত্যরত্ন | — |
| মধুসূদন মজুমদার | — | দৃষ্টিহীন |
| আব্দুল কাদির | ছান্দসিক কবি | — |
| মালাধর বসু | গুণরাজ খান | — |
| জসীমউদ্‌দীন | পল্লীকবি | জমীরউদ্দীন মোল্লা |
| জীবনানন্দ দাশ | রূপসী বাংলার কবি | |
| | তিমির হননের কবি | |
| | ধূসরতার কবি | শ্রী, কালপুরুষ |
| | নির্জনতার কবি | |
| | চিত্র রূপময় কবি | |
| | শুদ্ধতম কবি | |
| মুহম্মদ কাজেম আল কুরায়শী | কায়কোবাদ | — |
| বিমল ঘোষ | — | মৌমাছি |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | সাহিত্যসম্রাট | কমলাকান্ত |
| নারায়ণ গঙ্গোপাধ্যায় | — | সুনন্দ |
| জাহানারা ইমাম | শহীদ জননী | — |
| মোজাম্মেল হক | শান্তিপুরের কবি | — |
| মীর মশাররফ হোসেন | — | গাজী মিয়াঁ, উদাসীন পথিক |
| রবীন্দ্রনাথ ঠাকুর | বিশ্বকবি/কবিগুরু | ভানুসিংহ |
| সুফিয়া কামাল | শ্রেষ্ঠ মহিলা কবি/ জননী সাহসিকা | — |
| সুনীল গঙ্গোপাধ্যায় | — | নীললোহিত, সনাতন পাঠক |
| শামসুর রাহমান | নাগরিক কবি | মজলুম আদিব, মৈনাক |

| প্রকৃত নাম | উপাধি | ছদ্মনাম |
|---|---|---|
| মোহিতলাল মজুমদার | — | কৃত্তিবাস ওঝা, সত্যসুন্দর দাস |
| ফররুখ আহমদ | মুসলিম রেনেসাঁর কবি | — |
| আবদুল মান্নান সৈয়দ | — | অশোক সৈয়দ |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিকাল বা যুগসন্ধিক্ষণের কবি | — |
| কাজী নজরুল ইসলাম | বিদ্রোহী কবি, দুখু মিয়া প্রেম ও দ্রোহের কবি | নুরু, বন বুলবুল, ধূমকেতু |
| কালিকানন্দ | — | অবধূত |
| গোবিন্দ দাস | স্বভাব কবি | — |
| চারুচন্দ্র চক্রবর্তী | — | জরাসন্ধ |
| মধুসূদন মজুমদার | — | দৃষ্টিহীন |
| নূরন্নেসা খাতুন | সাহিত্য সরস্বতী, বিদ্যাবিনোদিনী | |
| প্রমথ চৌধুরী | চলিত রীতির প্রবর্তক | বীরবল |
| প্রেমেন্দ্র মিত্র | — | কৃত্তিবাস ভদ্র, লেখরাজ সামন্ত |
| বিহারীলাল চক্রবর্তী | ভোরের পাখি | — |
| সত্যেন্দ্রনাথ দত্ত | ছন্দের জাদুকর | — |
| সুভাষ মুখোপাধ্যায় | পদাতিকের কবি | সুবচনী |
| বিনয় কৃষ্ণ মুখোপাধ্যায় | — | যাযাবর |
| শেখ আজিজুর রহমান | — | শওকত ওসমান |
| সমরেশ বসু | — | কালকূট, ভ্রমর |
| আবু নঈম মোহাম্মদ শহীদুল্লাহ | শহীদুল্লা কায়সার | — |
| সৈয়দ মুজতবা আলী | — | সত্যপীর, মুসাফির |

CamScanner

| প্রকৃত নাম | উপাধি | ছদ্মনাম |
|---|---|---|
| রাজশেখর বসু | — | পরশুরাম |
| মুকুন্দ দাস | চারণ কবি | — |
| রামনারায়ণ | তর্করত্ন | — |
| বাহরাম খান | দৌলত উজির | — |
| মুকুন্দরাম চক্রবর্তী | কবিকঙ্কন | — |
| সুকান্ত ভট্টাচার্য | কিশোর কবি | — |
| হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় | বাংলার মিল্টন | — |
| বিষ্ণু দে | মার্কসবাদী কবি | — |
| সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী | স্বপ্নাতুর কবি | — |
| সেলিম আল দীন | নাট্যাচার্য | — |
| কামিনী রায় | জনৈক বঙ্গমহিলা | — |
| গোলাম মোস্তফা | কাব্য সুধাকর | — |
| ঈশ্বরচন্দ্র শর্মা | বিদ্যাসাগর, বাংলা গদ্যের জনক | কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য |
| আবুল হোসেন মিয়া | — | আবুল হাসান |
| আবুল ফজল | — | শমসের উল আজাদ |
| অচিন্ত্যকুমার সেনগুপ্ত | — | নীহারিকা দেবী |
| অহিদুর রেজা | মরমি কবি | হাসন রাজা |
| অন্নদাশঙ্কর রায় | — | লীলাময় রায় |
| মোহাম্মদ জহিরুল্লাহ | — | জহির রায়হান |
| মো: শহীদুল হক | — | শহীদুল জহির |
| মধুসূদন দত্ত | মাইকেল | এ নেটিভ, টিমোথি পেনপোয়েম |
| সুধীন্দ্রনাথ দত্ত | ক্ল্যাসিক কবি | — |

## উল্লেখযোগ্য পত্রিকা, সাময়িকীর প্রথম প্রকাশ ও সম্পাদক

| নাম | প্রথম প্রকাশ | সম্পাদক |
|---|---|---|
| বেঙ্গল গেজেট | ১৭৮০ | জেমস অগাস্টাস হিকি |
| দিগ্‌দর্শন | ১৮১৮ | জন ক্লার্ক মার্শম্যান |
| বাঙ্গাল গেজেট | ১৮১৮ | গঙ্গাকিশোর ভট্টাচার্য |
| সংবাদ রত্নাবলী | ১৮২৫ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| বঙ্গদূত | ১৮২৯ | নীলমণি হালদার |

| নাম | প্রথম প্রকাশ | সম্পাদক |
|---|---|---|
| সংবাদ প্রভাকর | ১৮৩১ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| সমাচার সভারাজেন্দ্র | ১৮৩১ | শেখ আলীমুল্লাহ |
| তত্ত্ববোধিনী | ১৮৪৩ | অক্ষয়কুমার দত্ত |
| রঙ্গপুর বার্তাবহ | ১৮৪৭ | গুরুচরণ রায় |
| সংবাদ সাধুরঞ্জন | ১৮৪৭ | ঈশ্বরচন্দ্র গুপ্ত |
| পূর্ণিমা | ১৮৫৯ | বিহারীলাল চক্রবর্তী |
| ঢাকা প্রকাশ | ১৮৬১ | কৃষ্ণচন্দ্র মজুমদার |
| গ্রামবার্তা প্রকাশিকা | ১৮৬৩ | কাঙ্গাল হরিনাথ মজুমদার |
| বঙ্গদর্শন | ১৮৭২ | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| সুধাকর | ১৮৯৪ | শেখ আবদুর রহিম |
| সাধনা | ১৮৯১ | সুধীন্দ্রনাথ ঠাকুর |
| মিহির (মাসিক) | ১৮৯২ | শেখ আবদুর রহিম |
| লহরী | ১৯০০ | মোজাম্মেল হক |
| নবনূর | ১৯০৩ | সৈয়দ এমদাদ আলী |
| মাসিক মোহাম্মদী | ১৯০৩ | মোহাম্মদ আকরম খাঁ |
| সবুজপত্র | ১৯১৪ | প্রমথ চৌধুরী |
| সওগাত | ১৯১৮ | মোহাম্মদ নাসিরউদ্দীন |
| মোসলেম ভারত | ১৯২০ | মোজাম্মেল হক |
| আঙুর (কিশোর পত্রিকা) | ১৯২০ | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ |
| ধূমকেতু | ১৯২২ | কাজী নজরুল ইসলাম |
| কল্লোল | ১৯২৩ | দীনেশরঞ্জন দাস |
| লাঙ্গল | ১৯২৫ | কাজী নজরুল ইসলাম |
| কালি-কলম (মাসিক) | ১৯২৬ | প্রেমেন্দ্র মিত্র |
| পরিচয় | ১৯৩১ | সুধীন্দ্রনাথ দত্ত |
| পূর্বাশা | ১৯৩২ | সঞ্জয় ভট্টাচার্য |
| চতুরঙ্গ | ১৯৩৯ | হুমায়ূন কবীর |
| কবিতা | ১৯৩৫ | বুদ্ধদেব বসু |
| বেগম | ১৯৪৯ | নূরজাহান বেগম |
| সমকাল | ১৯৫৭ | সিকান্দার আবু জাফর |
| মাহেনও | ১৯৪৯ | আবদুল কাদির |

## উল্লেখযোগ্য সাহিত্যিকদের সাহিত্যকর্ম

### রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১)

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | কবিকাহিনী, বনফুল, প্রভাত সঙ্গীত, সন্ধ্যাসঙ্গীত, ছবি ও গান, কড়ি ও কোমল, মানসী, বিদায় অভিশাপ, সোনার তরী, চিত্রা, কাহিনী, কণিকা, ক্ষণিকা, কল্পনা, নৈবেদ্য, স্মরণ, উৎসর্গ, শিশু, খেয়া, গীতাঞ্জলি, গীতালি, গীতিমাল্য, বলাকা, পলাতকা, শিশু ভোলানাথ, লেখন, পূরবী, বনবাণী, চিত্রবিচিত্র, মহুয়া, বিচিত্রিতা, পরিশেষ, পুনশ্চ, প্রহসিনী, বীথিকা, শেষ সপ্তক, পত্রপুট, খাপছাড়া, শ্যামলী, ছড়ার ছবি, আকাশ প্রদীপ, প্রান্তিক, সেঁজুতি, নবজাতক, রোগশয্যায়, সানাই, আরোগ্য, ছড়া, গল্পসল্প, শেষ লেখা, জন্মদিনে, স্ফুলিঙ্গ, চৈতালী, কথা। |
| উপন্যাস | করুণা (প্রথম লেখা উপন্যাস), বৌঠাকুরাণীর হাট (প্রথ প্রকাশিত উপন্যাস), রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি গোরা, চতুরঙ্গ, ঘরে-বাইরে, যোগাযোগ, শেষের কবিতা দুইবোন, মালঞ্চ, চার-অধ্যায়, প্রজাপতির নির্বন্ধ। |
| নাটক | প্রকৃতির প্রতিশোধ, রাজা ও রানী, শারোদৎসব, রাজা ডাকঘর, অচলায়তন, ফাল্গুনী, রক্তকরবী, বাল্মীকি প্রতিভা চিত্রাঙ্গদা, বিসর্জন, মালিনী, গোড়ায় গলদ, বৈকুণ্ঠের খাতা। |
| ছোটগল্প | ভিখারিনী, ছুটি, কাবুলিওয়ালা, খোকাবাবুর প্রত্যাবর্তন পোস্টমাস্টার, মেঘ ও রৌদ্র, সুভা, অপরিচিতা, ক্ষুধিত পাষাণ, হৈমন্তী, সমাপ্তি, নষ্টনীড়, শাস্তি, বলাই, ল্যাবরেটরি, মধ্যবর্তিনী, দেনাপাওনা, একরাত্রি, স্ত্রীর পত্র, অতিথি, জীবিত ও মৃত। |

CamScanner

## কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬)

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | অগ্নি-বীণা, বিষের বাঁশী, ভাঙার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, প্রলয় শিখা, দোলন-চাঁপা, ছায়ানট, পুবের হাওয়া, সিন্ধুহিন্দোল, চক্রবাক, সঞ্চিতা, মরু-ভাস্কর, চিত্তনামা, ঝিঙেফুল, সাতভাই চম্পা, ঝড়, নতুন চাঁদ। |
| কবিতা | মুক্তি, প্রলয়োল্লাস, বিদ্রোহী, রক্তাম্বরধারিণী মা, আগমনী, ধূমকেতু, কামালপাশা, আনোয়ার, রণভেরী, সাত-ইল-আরব, খেয়াপারের তরণী, কোরবানী, মোহররম, আজ সৃষ্টি সুখের উল্লাসে, বেলাশেষে, পুবের চাতক, অবেলার ডাক, পূজারিণী, কবি-রানী, ভীরু, অগ্রপথিক, উমর ফারুক, নারী, মানুষ, কুলি-মজুর, চল চল চল, জীবন বন্দনা, কাল-বৈশাখী, সিন্ধু, দারিদ্র্য, অভিযান, বিজয়িনী, চৈতী হাওয়া, বিদায়-বেলায়, সব্যসাচী, আশীর্বাদ, আমার কৈফিয়ত, কাণ্ডারী হুঁশিয়ার। |
| উপন্যাস | বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা। |
| গল্পগ্রন্থ | ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা। |

## জীবনানন্দ দাশ (১৮৯৯-১৯৫৪)

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | ঝরাপালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা, বেলা অবেলা কালবেলা, জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা। |
| উপন্যাস | মাল্যবান, সুতীর্থ। |
| প্রবন্ধ গ্রন্থ | কবিতার কথা। |

## জসীমউদ্‌দীন (১৯০৩-১৯৭৬)

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | রাখালী, বালুচর, ধানক্ষেত, হাসুকান্দে, রূপবতী, মাটির কান্না, সকিনা, সুচয়নী (খণ্ড কবিতার সংকলন), হলুদ বরণী, জলে লেখন, ভয়াবহ সেই দিনগুলোতে, মাগো জ্বালায়ে রাখিস আলো, কাফনের মিছিল। |
| গাথাকাব্য | নক্সী কাঁথার মাঠ, সোজনবাদিয়ার ঘাট, মা যে জননী কান্দে। |
| ভ্রমণকাহিনি | চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়। |
| নাটক | পদ্মাপাড়, মধুমালা, বেদের মেয়ে, পল্লীবধূ, গ্রামের মায়া। |
| শিশুতোষ গ্রন্থ | হাসু, এক পয়সার বাঁশী, ডালিম কুমার। |
| গানের সংকলণ | রঙিনা নায়ের মাঝি, গাঙ্গের পাড়, জারি গান। |

## বেগম সুফিয়া কামাল (১৯১১-১৯৯৯)

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | সাঁঝের মায়া, মন ও জীবন, উদাত্ত পৃথিবী, অভিযাত্রিক, মোর যাদুদের সমাধি পরে, মায়া কাজল, দীওয়ান, প্রশস্তি ও প্রার্থনা, মৃত্তিকার ঘ্রাণ। |
| গল্প | কেয়ার কাঁটা। |
| ভ্রমণকাহিনি | সোভিয়েতের দিনগুলি। |
| শিশুতোষ গ্রন্থ | ইতল বিতল, নওল কিশোরের দরবারে। |
| স্মৃতিকথা | একাত্তরের ডায়েরী। |

## শওকত ওসমান (১৯১৭-১৯৯৮)

| | |
|---|---|
| প্রবন্ধ | সংস্কৃতির চড়াই উৎরাই, মুসলিম মানসের রূপান্তর। |
| গল্প | পিঁজরাপোল, জন্ম যদি তব বঙ্গে, ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী। |
| উপন্যাস | জননী, ক্রীতদাসের হাসি, সমাগম, রাজসাক্ষী, চৌরসন্ধি, পতঙ্গ পিঞ্জর, রাজা উপাখ্যান, রাজপুরুষ, পুরাতন খঞ্জর। |
| মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস | জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, জলাংগী, নেকড়ে অরণ্য। |
| নাটক | আমলার মামলা, তস্কর ও লস্কর, কাকরমণি, পূর্ণ স্বাধীনতা চূর্ণ স্বাধীনতা, বাগদাদের কবি। |
| শিশুতোষ গ্রন্থ | ওটেন সাহেবের বাংলো, পঞ্চসঙ্গী, ক্ষুদে সোশালিস্ট, মস্কুইটোফোন। |

## সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২-১৯৭১)

| | |
|---|---|
| উপন্যাস | লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো। |
| ছোটগল্প | নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প, গল্প-সমগ্র। |
| নাটক | সুড়ঙ্গ, তরঙ্গভঙ্গ, বহিপীর, উজানে মৃত্যু। |

## শামসুর রাহমান (১৯২৯-২০০৬)

| | |
|---|---|
| বিখ্যাত কবিতা | স্বাধীনতা তুমি, তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা। |
| কাব্যগ্রন্থ | প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে; রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, প্রতিদিন ঘরহীন ঘরে, ইকারুসের আকাশ, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, দুঃসময়ের মুখোমুখি, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, আমি অনাহারী, মাতাল ঋত্বিক, বুক তার বাংলাদেশের হৃদয়, সে এক পরবাসে, আদিগন্ত নগ্ন পদধ্বনি। |
| উপন্যাস | অক্টোপাস, নিয়ত মন্তাজ, অদ্ভুত আঁধার এক, এলো সে অবেলায়। |
| শিশুতোষ গ্রন্থ | এলাটিং বেলাটিং, ধান ভানলে কুঁড়ো দেবো, রংধনু সাঁকো, লাল ফুলকির ছড়া। |
| প্রবন্ধ | আমৃত্যু তার জীবনানন্দ, কবিতা এক ধরনের আশ্রয়। |

## জহির রায়হান (১৯৩৫-১৯৭২)

| | |
|---|---|
| উপন্যাস | হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, বরফ গলা নদী, শেষ বিকেলের মেয়ে, আর কত দিন, কয়েকটি মৃত্যু, তৃষ্ণা। |
| পরিচালিত চলচ্চিত্র | সোনার কাজল, কাঁচের দেয়াল, বাহানা, বেহুলা, আনোয়ারা, সঙ্গম, জীবন থেকে নেয়া |

CamScanner

# অনুচ্ছেদ লিখন

## ১. ই-নামজারি

ভূমি ব্যবস্থাপনায় মিউটেশন বা নামজারি গুরুত্বপূর্ণ একটি প্রক্রিয়া। জমি কেনা বা অন্য কোনো উপায়ে পাওয়া জমির মালিক হয়ে থাকলে হালনাগাদ রেকর্ড সংশোধন করে নতুন মালিকের নামে জমি রেকর্ড করার প্রক্রিয়াকেই নামজারি বলে। কোনো ব্যক্তির নামজারি সম্পন্ন হলে তাকে একটি খতিয়ান দেওয়া হয় যেখানে তার অর্জিত জমির একখানি সংক্ষিপ্ত হিসাব বিবরণী উল্লেখ থাকে। উক্ত হিসাব বিবরণী অর্থাৎ খতিয়ানে মালিক বা মালিকগণের নাম, মৌজার নাম ও নম্বর (জেএল নম্বর), জমির দাগ নম্বর, দাগে জমির পরিমাণ, মালিকের জমির প্রাপ্য অংশ ও জমির পরিমাণ ইত্যাদি তথ্য লিপিবদ্ধ থাকে। পূর্বে সনাতন পদ্ধতিতে নামজারি করা হলেও বর্তমানে তা অনলাইনে করা হয়। আর এই ডিজিটাল পদ্ধতিই হলো ই-নামজারি বা ই-মিউটেশন। ভূমি অফিসগুলোতে গ্রাহকদের নানা ধরনের সেবা নিতে যেন ভূমি অফিস বা সংশ্লিষ্ট দফতরে ছুটোছুটি করতে না হয় সে লক্ষ্যে এই মন্ত্রণালয়ের অধীনে বেশ কয়েকটি সেবার অনলাইন আবেদনের সুযোগ চালু করা হয়েছে। এ অনুযায়ী ভূমির নামজারির সব কাজ সম্পন্ন হবে অনলাইনে। ই-নামজারি কার্যক্রম ২০১৭ সালের ১ ফেব্রুয়ারি বাংলাদেশের সাতটি উপজেলায় পাইলট আকারে শুরু করা হয়। সারাদেশে এই সেবা চালু করা হয় ২০১৯ সালের ১ জুলাই। প্রচলিত পদ্ধতিতে নামজারি নিয়ে মানুষের ভোগান্তি ও হয়রানির শেষ ছিল না। বর্তমানে অনলাইনে ভূমি নামজারি বা ই-নামজারিতে সেবা প্রার্থীদের ভূমি অফিসে যাওয়ার হার এবং ভূমি অফিসে ব্যয় করা সময়ের হার কমেছে। এতে গণমানুষের সন্তুষ্টি বাড়ছে।

## ২. নদীশাসন

নদীমাতৃক দেশ বাংলাদেশ। ঐতিহাসিক কাল থেকে সমাজসংস্কৃতি-অর্থনীতি-রাজনীতি ও বাংলাদেশের ভৌগোলিক গঠনে নদীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এদেশের মাটি ও মানুষের সাথে নদী ওতপ্রোতভাবে সম্পৃক্ত। এদেশের ওপর দিয়ে ছোট-বড় প্রায় ৩১০টি নদ-নদী বয়ে গেছে। এসব নদ-নদী থেকে জেলেরা তাদের জীবিকা নির্বাহ করে। নদ-নদীর ভাঙনের ফলে মানুষের জীবনে দুঃখের সীমা থাকে না। বাংলাদেশের বেশ কিছু নদী অস্বাভাবিক রকম প্রশস্ত কিন্তু সে তুলনায় নদীর গভীরতা কম। এ কারণে পদ্মা, মেঘনা, যমুনার মতো বিশাল নদীতেও নাব্য সংকট দেখা যায়। এ সব নদীর কোথাও কোথাও প্রশস্ততা ১০-১২ কিলোমিটার হলেও গভীরতা ৮-৯ ফুট। শুষ্ক মৌসুমে নাব্য সংকট ভয়াবহ আকার ধারণ করে। নৌপথে পণ্য পরিবহণ খরচ কম হওয়া সত্ত্বেও নাব্য না থাকায় নৌ পরিবহণের সুযোগ ক্রমশ সংকুচিত হচ্ছে। এ সমস্যার সমাধানে বড় নদীগুলোর তীর ভরাট করে নগরায়ণ ও শিল্পায়নের উদ্যোগ নেওয়ার পাশাপাশি নদীগুলোর গভীরতা বৃদ্ধির কথা ভাবা হচ্ছে।

নদীর প্রশস্ততা কমিয়ে নদীর গভীরতা বাড়ালে নাব্য ধরে রাখা যেমন সম্ভব হবে, তেমনি শিল্পায়ন ও নগরায়ণের জন্য প্রয়োজনীয় জমি পাওয়াও সহজলভ্য হবে। অত্যন্ত দুঃখের বিষয় আমাদের সুজলা-সুফলা কৃষিনির্ভর এই দেশের জন্য আশীর্বাদ স্বরূপ শত শত নদ-নদী কেবল আমাদের অবহেলায়, উদাসীনতায়, অপরিচর্যায় ও প্রয়োজনীয় নদীশাসনের অভাবে তা ক্রমেই শুকিয়ে মৃত খাল ও মরুভূমিতে পরিণত হচ্ছে। বর্তমানে যথাযথ নদীশাসনের অভাবে নদীপথের পানিধারা যেমন বাধাগ্রস্ত হচ্ছে, ঠিক তেমনি নদী ভরাট হয়ে বর্ষাকালে ভয়াবহ নদী ভাঙনের তীব্রতা পরিলক্ষিত হচ্ছে। ফলে নদীর দু'ধারের আবাদি জমি ও বসতভিটা নদীগর্ভে বিলীন হচ্ছে। এতে নদীর পাড়ের শত সহস্র জনগণ সহায়-সম্বল হারিয়ে ভূমিহীন হচ্ছে এবং আবাদি জমির পরিমাণ হ্রাস পাচ্ছে। জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ হিসেবে এদেশে ঘনঘন বন্যা, জলোচ্ছ্বাস, সাইক্লোন হতে দেখা যায়। পরিকল্পনা অনুযায়ী নদীশাসন সম্ভব হলে বন্যা ও নদীভাঙনের হাত থেকে যেমন রক্ষা পাওয়া সম্ভব তেমনি সম্ভব নদীর পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি। সব নদীর চরিত্র বা বৈশিষ্ট্য কিন্তু আবার একরকম নয়। তাই সেতু নির্মাণের পূর্বে বৈশিষ্ট্য বুঝে নদীশাসন করতে হবে।

কোনো নদী বেশি পলি ধারণ করে, আবার কোনোটা কম। কোনো আবার বেশি খরস্রোতা, কোনোটা আবার সারা বছরই সমান তালে চলে। এককথায় বলতে গেলে দেশের বড় নদীগুলোর একটা সাধারণ বৈশিষ্ট্য হলো পলি ধারণ করা। তাই নদীর বৈশিষ্ট্যকে সমুন্নত রেখে তাকে ব্যবহার উপযোগী করতে হবে। এ জন্য নদীশাসন খুবই গুরুত্বপূর্ণ বিষয়।

## ৩. ডেল্টা প্ল্যান-২১০০

ভৌগোলিক অবস্থানগত কারণে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন– বন্যা, নদীভাঙন, খরা, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, ভূমিক্ষয় আমাদের নিত্যসঙ্গী। বাস্তবতায় পানি ব্যবস্থাপনা, কৃষি, মৎস্য, খাদ্য নিরাপত্তা, শি বনায়নসহ সংশ্লিষ্ট সব বিষয় বিবেচনায় রেখে জলবায়ু পরিবর্তনে প্রভাব মোকাবেলা করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার সমন্বি পরিকল্পনা হচ্ছে ডেল্টা প্ল্যান বা ব-দ্বীপ পরিকল্পনা। বাংলাদেশে ইতিহাসে এটিই সবচেয়ে দীর্ঘমেয়াদি পরিকল্পনা। নেদারল্যান্ডসে ডেল্টা ব্যবস্থাপনার আলোকে সেই দেশের সহায়তায় বাংলাদে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) এটি প্রণয় করেছে। বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০-এর হটস্পট ছয়টি।

## ৪. ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে (উড়াল সড়ক) দেশের প্রথ এলিভেটেড এক্সপ্রেসওয়ে। পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি ভিত্তিক প্রকল্পের রুট : হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতি বিমানবন্দর-কুড়িল-বনানী-মহাখালী-তেজগাঁও-মগবাজার-কমলাপু সায়েদাবাদ-যাত্রাবাড়ী-ঢাকা চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত রাজধানী ঢাকার যানজট নিরসনের জন্য এটিই হচ্ছে সরকার কর্তৃ গৃহীত সবচেয়ে বড় প্রকল্প। এক্সপ্রেসওয়ের মূল দৈর্ঘ্য ১৯.৭ কিলোমিটার এবং সংযোগ-সড়কসহ এটির মোট দৈর্ঘ্য ৪৬.৭ কিলোমিটার। প্রকল্পটি থাইল্যান্ডভিত্তিক প্রতিষ্ঠান ইতালিয়ান থা

CamScanner

ডেভেলপমেন্ট পাবলিক কোম্পানি লি. ৫১ শতাংশ, চীনভিত্তিক প্রতিষ্ঠান শেনডং ইন্টারন্যাশনাল ইকোনোমিক অ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন গ্রুপের ৩৪ শতাংশ ও সিনোহাইড্রো কর্পোরেশন লিমিটেড ১৫ শতাংশ অংশীদারত্বে নির্মাণ হচ্ছে। ২ সেপ্টেম্বর, ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক্সপ্রেসওয়ের ১১.৫ কিলোমিটার অর্থাৎ বিমানবন্দর থেকে ফার্মগেট পর্যন্ত অংশের উদ্বোধন করেন।

## ৫. মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর

বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মাণ করা হচ্ছে কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ি ধলঘাট এলাকায়। মাতারবাড়ি বন্দর উন্নয়ন প্রকল্প ২০২০ সালে ১০ মার্চ একনেক সভায় অনুমোদন দেওয়া হয়। প্রকল্পের মেয়াদ ধরা হয়েছে ২০২০ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। প্রকল্প বাস্তবায়ন করছে নৌপরিবহণ মন্ত্রণালয়ের চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)। এছাড়া প্রকল্প এলাকায় সড়ক নির্মাণ করছে সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)। বঙ্গোপসাগরের তীর ঘেঁষে ১ হাজার ৩১ একর জায়গা জুড়ে নির্মাণ করা হচ্ছে এই বন্দরটি। মাতারবাড়িতে গভীর সমুদ্রবন্দর নির্মিত হলে ৮ হাজার ২০০ টিইইউএস ক্ষমতাসম্পন্ন কন্টেইনার বহনকারী জাহাজ নোঙর করতে পারবে। বর্তমানে বাংলাদেশ থেকে আমেরিকায় একটি পণ্যের চালান পাঠাতে সময় লাগে ৪৫ দিন। মাতারবাড়ি বন্দর চালু হলে মাত্র ২৩ দিনেই সরাসরি নির্ধারিত গন্তব্যে পৌঁছে যাবে বলে সংশ্লিষ্টরা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১১ নভেম্বর, ২০২৩ মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর চ্যানেল উদ্বোধন ও প্রথম টার্মিনাল নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

## ৬. স্মার্ট বাংলাদেশ

স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও স্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। স্মার্ট বাংলাদেশ বলতে বোঝায় মূলত, প্রযুক্তিনির্ভর জীবন ব্যবস্থা, যেখানে সব ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টলি হবে। যেখানে ভোগান্তি ছাড়া প্রতিটি নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। স্মার্ট বাংলাদেশের পরিকল্পনা এ শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং দূর দৃষ্টিসম্পন্ন সিদ্ধান্ত, কেননা উন্নত বিশ্বের দেশগুলো এরই মধ্যে স্মার্ট দেশে রূপান্তরিত হয়েছে। স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্য পূরণে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের কোনো বিকল্প নেই। স্মার্ট বাংলাদেশের মূল লক্ষ্য হলো, আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংস (IOT), রোবটিকস, ব্লকচেইন, ন্যানো টেকনোলজি, থ্রি-ডি প্রিন্টিং এর মতো আধুনিক ও নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্বালানি, যোগাযোগ, কৃষি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, বাণিজ্য, পরিবেশ, শক্তি ও সম্পদ, অবকাঠামো, বাণিজ্য, আর্থিক লেনদেন, সাপ্লাই চেইন, নিরাপত্তা, এন্টারপ্রেনারশিপ, কমিউনিটিসহ নানা খাত অধিকতর দক্ষতার দ্বারা পরিচালনা করা হবে। দৈনন্দিন জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে ডিজিটাল ব্যবস্থার প্রচলন করা হবে। 'স্মার্ট বাংলাদেশ' গড়ার ভিত্তি চারটি। যথা : ক. স্মার্ট নাগরিক, খ. স্মার্ট অর্থনীতি, গ. স্মার্ট সরকার এবং ঘ. স্মার্ট সমাজ। স্মার্ট বাংলাদেশ নির্মাণে এ চারটি নির্দিষ্ট ক্ষেত্রকে চিহ্নিত করে অগ্রসর হলে স্মার্ট বাংলাদেশ রূপান্তরের কোনো অবশিষ্ট থাকবে না। স্মার্ট নাগরিক ও স্মার্ট সরকার এর মাধ্যমে সব সেবা এবং মাধ্যম ডিজিটালে রূপান্তরিত হবে। আর স্মার্ট সমাজ ও স্মার্ট অর্থনীতি প্রবৃদ্ধি নিশ্চিত করতে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এককথায় সব কাজই হবে স্মার্ট। যেমন : স্মার্ট শহর, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

## ৭. মেট্রোরেল

২০১২ সালের ডিসেম্বরে, 'ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট' বা 'মেট্রোরেল' প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) দ্বারা অনুমোদিত হয়। প্রকল্পের জন্য মোট ৬টি রুট লাইন প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে রয়েছে এমআরটি লাইন ১, ২, ৪, ৫ (উত্তর ও দক্ষিণ) এবং ৬। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)-এর অর্থায়নে 'দ্য ঢাকা আরবান ট্রান্সপোর্ট নেটওয়ার্ক ডেভেলপমেন্ট সার্ভে (ডিএইচইউটিএস ১)' মূল্যায়ন করা হয় এবং 'এমআরটি লাইন-৬' নামে মেট্রোরেলের জন্য প্রথম এমআরটি রুট নির্বাচন করা হয়। প্রকল্পের মোট ব্যয় আনুমানিক ২.৮২ বিলিয়ন ডলার, যার মধ্যে জাইকা ০.০১ শতাংশ সুদের হারে প্রায় ৭৫ শতাংশ বা ২.১৩ বিলিয়ন ডলার প্রদান করছে। বাকি ২৫ শতাংশ তহবিল দেবে বাংলাদেশ সরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জুন ২০১৬ সালে নির্মাণ কাজের সূচনা করেন। বাংলাদেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর, ২০২২। প্রথম ধাপে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত অংশের উদ্বোধন করা হয়। মেট্রোরেলের উদ্বোধন উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ৫০ টাকা মূল্যমানের একটি স্মারক নোট মুদ্রণ করে। উদ্বোধনের পরের দিন ২৯ ডিসেম্বর, ২০২২ সাধারণ যাত্রীদের জন্য এটি উন্মুক্ত করা হয়। পরবর্তীতে ৪ নভেম্বর ২০২৩ এই মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশ উদ্বোধন করা হয় এবং ৫ নভেম্বর ২০২৩ যাত্রীদের জন্য খুলে দেওয়া হয়। মেট্রোরেলের প্রথম যাত্রী হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেট্রোরেলের প্রথম চালক (নারী চালক) হলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মরিয়ম আফিজা।

## ৮. চ্যাটজিপিটি (Chat GPT)

Chat GPT হলো বিশেষ এক ধরনের Artificial Intelligence যা মানুষের ভাষা বুঝতে পারে এবং একজন বুদ্ধিমান মানুষের মতো উত্তর দিতে পারে। কর্মকেক্ষত্রে Chat GPT-এর ইতিবাচক ও নেতিবাচক দুটি প্রভাবই রয়েছে।

**ইতিবাচক প্রভাব :** জটিল প্রশ্নের উত্তর দেয়া, টেক্সট অনুবাদ করা, ই-মেইলের উত্তর দেয়া, রচনা লেখা ইত্যাদি সকল কাজই Chat GPT করতে পারে। এই কাজগুলো Chat GPT-এর মাধ্যমে করিয়ে নিলে মানুষ অন্য কাজগুলোতে সময় বেশি দিতে পারে। ফলে মানুষের কর্মদক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। Chat GPT কাজগুলো Automote করে ফেলার মাধ্যমে মানুষের সময় বাঁচায় এবং নির্ভুলতার নিশ্চয়তা দেয়।

CamScanner

ডেভেলপমেন্ট পাবলিক কোম্পানি লি. ৫১ শতাংশ, চীনভিত্তিক প্রতিষ্ঠান শেনডং ইন্টারন্যাশনাল ইকোনোমিক অ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন গ্রুপের ৩৪ শতাংশ ও সিনোহাইড্রো কর্পোরেশন লিমিটেড ১৫ শতাংশ অংশীদারত্বে নির্মাণ হচ্ছে। ২ সেপ্টেম্বর, ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক্সপ্রেসওয়ের ১১.৫ কিলোমিটার অর্থাৎ বিমানবন্দর থেকে ফার্মগেট পর্যন্ত অংশের উদ্বোধন করেন।

## ৫. মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর

বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মাণ করা হচ্ছে কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ি ধলঘাট এলাকায়। মাতারবাড়ি বন্দর উন্নয়ন প্রকল্প ২০২০ সালে ১০ মার্চ একনেক সভায় অনুমোদন দেওয়া হয়। প্রকল্পের মেয়াদ ধরা হয়েছে ২০২০ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। প্রকল্প বাস্তবায়ন করছে নৌপরিবহণ মন্ত্রণালয়ের চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)। এছাড়া প্রকল্প এলাকায় সড়ক নির্মাণ করছে সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)। বঙ্গোপসাগরের তীর ঘেঁষে ১ হাজার ৩১ একর জায়গা জুড়ে নির্মাণ করা হচ্ছে এই বন্দরটি। মাতারবাড়িতে গভীর সমুদ্রবন্দর নির্মিত হলে ৮ হাজার ২০০ টিইইউএস ক্ষমতাসম্পন্ন কন্টেইনার বহনকারী জাহাজ নোঙর করতে পারবে। বর্তমানে বাংলাদেশ থেকে আমেরিকায় একটি পণ্যের চালান পাঠাতে সময় লাগে ৪৫ দিন। মাতারবাড়ি বন্দর চালু হলে মাত্র ২৩ দিনেই সরাসরি নির্ধারিত গন্তব্যে পৌঁছে যাবে বলে সংশ্লিষ্টরা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১১ নভেম্বর, ২০২৩ মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর চ্যানেল উদ্বোধন ও প্রথম টার্মিনাল নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

## ৬. স্মার্ট বাংলাদেশ

স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও স্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। স্মার্ট বাংলাদেশ বলতে বোঝায় মূলত, প্রযুক্তিনির্ভর জীবন ব্যবস্থা, যেখানে সব ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টলি হবে। যেখানে ভোগান্তি ছাড়া প্রতিটি নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। স্মার্ট বাংলাদেশের পরিকল্পনা এ শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং দূর দৃষ্টিসম্পন্ন সিদ্ধান্ত, কেননা উন্নত বিশ্বের দেশগুলো এরই মধ্যে স্মার্ট দেশে রূপান্তরিত হয়েছে। স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্য পূরণে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের কোনো বিকল্প নেই। স্মার্ট বাংলাদেশের মূল লক্ষ্য হলো, আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংস (IOT), রোবটিকস, ব্লকচেইন, ন্যানো টেকনোলজি, থ্রি-ডি প্রিন্টিং এর মতো আধুনিক ও নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্বালানি, যোগাযোগ, কৃষি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, বাণিজ্য, পরিবেশ, শক্তি ও সম্পদ, অবকাঠামো, বাণিজ্য, আর্থিক লেনদেন, সাপ্লাই চেইন, নিরাপত্তা, এন্টারপ্রেনারশিপ, কমিউনিটিসহ নানা খাত অধিকতর দক্ষতার দ্বারা পরিচালনা করা হবে। দৈনন্দিন জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে ডিজিটাল ব্যবস্থার প্রচলন করা হবে। 'স্মার্ট বাংলাদেশ' গড়ার ভিত্তি চারটি। যথা : ক. স্মার্ট নাগরিক, খ. স্মার্ট অর্থনীতি, গ. স্মার্ট সরকার এবং ঘ. স্মার্ট সমাজ। স্মার্ট বাংলাদেশ নির্মাণে এ চারটি নির্দিষ্ট ক্ষেত্রকে চিহ্নিত করে অগ্রসর হলে স্মার্ট বাংলাদেশ রূপান্তরের কোনো অবশিষ্ট থাকবে না। স্মার্ট নাগরিক ও স্মার্ট সরকার এর মাধ্যমে সব সেবা এবং মাধ্যম ডিজিটালে রূপান্তরিত হবে। আর স্মার্ট সমাজ ও স্মার্ট অর্থনীতি প্রবৃদ্ধি নিশ্চিত করতে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এককথায় সব কাজই হবে স্মার্ট। যেমন : স্মার্ট শহর, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

## ৭. মেট্রোরেল

২০১২ সালের ডিসেম্বরে, 'ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট' বা 'মেট্রোরেল' প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) দ্বারা অনুমোদিত হয়। প্রকল্পের জন্য মোট ৬টি রুট লাইন প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে রয়েছে এমআরটি লাইন ১, ২, ৪, ৫ (উত্তর ও দক্ষিণ) এবং ৬। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)-এর অর্থায়নে 'দ্য ঢাকা আরবান ট্রান্সপোর্ট নেটওয়ার্ক ডেভেলপমেন্ট সার্ভে (ডিএইচইউটিএস ১)' মূল্যায়ন করা হয় এবং 'এমআরটি লাইন-৬' নামে মেট্রোরেলের জন্য প্রথম এমআরটি রুট নির্বাচন করা হয়। প্রকল্পের মোট ব্যয় আনুমানিক ২.৮২ বিলিয়ন ডলার, যার মধ্যে জাইকা ০.০১ শতাংশ সুদের হারে প্রায় ৭৫ শতাংশ বা ২.১৩ বিলিয়ন ডলার প্রদান করছে। বাকি ২৫ শতাংশ তহবিল দেবে বাংলাদেশ সরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জুন ২০১৬ সালে নির্মাণ কাজের সূচনা করেন। বাংলাদেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর, ২০২২। প্রথম ধাপে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত অংশের উদ্বোধন করা হয়। মেট্রোরেলের উদ্বোধন উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ৫০ টাকা মূল্যমানের একটি স্মারক নোট মুদ্রণ করে। উদ্বোধনের পরের দিন ২৯ ডিসেম্বর, ২০২২ সাধারণ যাত্রীদের জন্য এটি উন্মুক্ত করা হয়। পরবর্তীতে ৪ নভেম্বর ২০২৩ এই মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশ উদ্বোধন করা হয় এবং ৫ নভেম্বর ২০২৩ যাত্রীদের জন্য খুলে দেওয়া হয়। মেট্রোরেলের প্রথম যাত্রী হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেট্রোরেলের প্রথম চালক (নারী চালক) হলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মরিয়ম আফিজা।

## ৮. চ্যাটজিপিটি (Chat GPT)

Chat GPT হলো বিশেষ এক ধরনের Artificial Intelligence যা মানুষের ভাষা বুঝতে পারে এবং একজন বুদ্ধিমান মানুষের মতো উত্তর দিতে পারে। কর্মকেক্ষত্রে Chat GPT-এর ইতিবাচক ও নেতিবাচক দুটি প্রভাবই রয়েছে।

**ইতিবাচক প্রভাব :** জটিল প্রশ্নের উত্তর দেয়া, টেক্সট অনুবাদ করা, ই-মেইলের উত্তর দেয়া, রচনা লেখা ইত্যাদি সকল কাজই Chat GPT করতে পারে। এই কাজগুলো Chat GPT-এর মাধ্যমে করিয়ে নিলে মানুষ অন্য কাজগুলোতে সময় বেশি দিতে পারে। ফলে মানুষের কর্মদকক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। Chat GPT কাজগুলো Automote করে ফেলার মাধ্যমে মানুষের সময় বাঁচায় এবং নির্ভুলতার নিশ্চয়তা দেয়।

CamScanner

**নৈতিবাচক ভাব :** কর্মক্ষেত্রে Chat GPT ব্যবহারের ফলে অনেক সংবেদনশীল এবং গোপন তথ্য চুরি হওয়ার সম্ভাবনা থাকে। Chat GPT ব্যবহার করে নেয়া কোনো সিদ্ধান্ত অনেক সময় একপাক্ষিক এবং নৈতিকতা বিরোধী হতে পারে। সর্বোপরি মানুষের চিন্তা এবং গবেষণা করার ক্ষমতা হ্রাস পেতে পারে।

## ৯. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। এটি পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে পদ্মা নদীর তীরে অবস্থিত। এটি দেশের সবচেয়ে ব্যয়বহুল প্রকল্প। ৩০ নভেম্বর ২০১৭ এই প্রকল্পের মূল নির্মাণকাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এই প্রকল্প নির্মাণে রাশিয়া কারিগরি ও আর্থিকভাবে সহযোগিতা করছে। এর নির্মাণ কাজ করছে রাশান ফেডারেশনের স্টেট অ্যাটমিক এনার্জি কর্পোরেশন (রোসাটম)। প্রকল্পটি বাস্তবায়ন করছে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন। এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ বিশ্ব পরমাণু ক্লাবের ৩২তম সদস্য হয়। এই বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা মোট ২৪০০ মেগাওয়াট (দুটি ইউনিটে)। এই প্রকল্পটি বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে মাইলফলকের ভূমিকা পালন করবে।

## ১০. ক্ষুদ্রঋণ

ক্ষুদ্রঋণ হচ্ছে দারিদ্র্য-বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষুদ্র উদ্যোক্তাকে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রদত্ত ঋণ সুবিধা। এর সাহায্যে স্বল্প পুঁজির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে পুনর্বাসনের জন্য এবং স্বনির্ভর করে গড়ে তোলার জন্য ঋণ প্রদান করে, যা স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশে এ প্রক্রিয়ার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ বিশ্বের দরিদ্র দেশগুলোর মধ্যে অন্যতম। বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এক ধরনের ঋণ ব্যবস্থার প্রচলন আছে। দরিদ্র মানুষের জন্য প্রচলিত ঋণ ব্যবস্থার চেয়ে ক্ষুদ্রঋণ কর্মসূচি বেশি উপযোগী বলে বিবেচিত। বাংলাদেশে যে ঋণ ব্যবস্থা প্রচলিত আছে তাতে ক্রমে ক্রমে সুদ বাড়তে থাকে। ফলে একসময় তা ঋণগ্রহীতার কাঁধে ভারী একটি বোঝায় পরিণত হয়। কিন্তু ক্ষুদ্র ঋণ ব্যবস্থায় গ্রহণকৃত ঋণ কিস্তির ভিত্তিতে আদায় করা হয় বলে ঋণের মূল অংশ বৃদ্ধি পায় না। ঋণগ্রহীতার জন্যও বিষয়টি বেশ স্বস্তির। প্রচলিত ঋণ ব্যবস্থায় ভূমিহীন ও বিত্তহীনদের ঋণ দেওয়া না হলেও ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবস্থায় তাদের ঋণ দেওয়া হয়। প্রচলিত ঋণ ব্যবস্থায় ঋণগ্রহীতাকে জমি, শিল্প বা কলকারখানা জামানত রাখতে হয়। কিন্তু ক্ষুদ্রঋণ ব্যবস্থায় কোনো জামানতের প্রয়োজন হয় না। প্রচলিত ঋণ ব্যবস্থায় ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণ ও পরিশোধকরণে ব্যাংকে যেতে হয়। কিন্তু ক্ষুদ্রঋণ ব্যবস্থায় ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণ ও পরিশোধকালে ব্যাংকে যেতে হয় না। ক্ষুদ্রঋণ ব্যবস্থায় কর্তৃপক্ষই গ্রহীতার বাড়ি পর্যন্ত এসে গ্রহীতাদের ঋণ দেয় এবং সময়মতো তা আদায় করে। বাংলাদেশে সরকারি ও বেসরকারি উদ্যোগে বহু ক্ষুদ্রঋণ কর্মসূচির ব্যবস্থা আছে। এর মধ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD), গৃহায়ন তহবিল, গ্রামীণ ব্যাংক, ব্র্যাক, কর্মসংস্থান ব্যাংক ইত্যাদি উল্লেখযোগ্য। মূলত ক্ষুদ্রঋণ কর্মসূচির মাধ্যমে বাংলাদেশে দরিদ্র জনগণের মাথাপিছু আয় বেড়েছে। তাই আমরা বলতে পারি, ক্ষুদ্রঋণ কর্মসূচি আমাদের দারিদ্র্য বিমোচনে সবচেয়ে বড় হাতিয়ার।

## ১১. আশ্রয়ণ প্রকল্প

'আশ্রয়ণ প্রকল্প' (আশ্রয়ণ-২ প্রকল্প নামেও পরিচিত) বাংলাদে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একটি সরকারি প্রকল্প যার ম ভূমিহীন ও গৃহহীন এবং যার জমি আছে ঘর নেই এমন পরি জন্য বাসস্থান নির্মাণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মু রহমানের হাত ধরেই ১৯৭২ সালের ২০ ফেব্রুয়ারি তৎ নোয়াখালী, বর্তমান লক্ষ্মীপুর জেলার রামগতি উপ চরপোড়াগাছা গ্রামে ভূমিহীন-গৃহহীন, অসহায় ছিন্নমূল ম পুনর্বাসন কার্যক্রম শুরু হয়। বঙ্গবন্ধু হত্যার দীর্ঘ ২১ বছর প সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সা পরিচালনার দায়িত্ব গ্রহণ করে 'অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের মডেল' এনে পিছিয়ে পড়া ছিন্নমূল মানুষকে মূলধারায় আনার জন্য কর্মসূচি গ্রহণ করেন। এরই ধারাবাহিকতায় ১৯৯৭ সালে বঙ্গবন্ধু কক্সবাজার জেলার সেন্টমার্টিনে প্রবল ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত ম পুনর্বাসনের উদ্যোগ নেন এবং একই বছর তিনি সারা দেশের গৃ ভূমিহীন মানুষকে পুনর্বাসনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যা তত্ত্বাবধানে শুরু করেন 'আশ্রয়ণ প্রকল্প'। ১৯৯৭ সাল হ এপ্রিল, ২০২২ পর্যন্ত আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ৫,০৭,২৪৪টি ভূ ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। বঙ্গবন্ধু কন্যা স সুষম বণ্টনের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে হতদরিদ্র ভি বিধবা, স্বামী পরিত্যক্তা, ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল মানুষকে ব্যবহারের আওতায় এনে অন্যান্য সামাজিক সুযোগ-সুবিধা প্র ব্যবস্থা করে দিয়েছেন। জলবায়ু উদ্বাস্তু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় (হিজড়া), বেদে, দলিত, হরিজনসহ সমাজের পিছিয়ে পড়া জ সম্প্রদায়কেও অন্তর্ভুক্ত করা হয়েছে এ কর্মসূচিতে। একটি গৃহ ক সামগ্রিক পারিবারিক কল্যাণে এবং সামাজিক উন্নয়নের প্রধান হা হতে পারে তার অনন্য দৃষ্টান্ত 'আশ্রয়ণ প্রকল্প'। অন্তর্ভুক্তিমূলক উ তথা দারিদ্র্য বিমোচনের এই নতুন পদ্ধতি ইতোমধ্যে 'শেখ হা মডেল' হিসেবে পরিচিতি পেয়েছে। বিশ্বে এটি প্রথম ও সর্ব উদ্যোগ, যাতে পশ্চাৎপদ জনগোষ্ঠীকে মূলস্রোতে তুলে আনার সম্পূর্ণ বিনামূল্যে বাসস্থান নির্মাণ করে দেওয়া হচ্ছে।

## ১২. বিশ্ব অর্থনীতিতে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্র

২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া 'Special Military Operation' ইউক্রেনে হামলা শুরু করে। ফলে রাশিয়া ও ইউক্রেন ভয়াবহ জড়িয়ে পড়ে। আর এই যুদ্ধ বিশ্বব্যাপী সংকটের বহুমাত্রিক দ উন্মোচন করে দিয়েছে। তার মধ্যে অর্থনৈতিক প্রভাব অত্যন্ত প্রক

**বিশ্ব অর্থনীতিতে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাব :** ইউক্রেনে হামলার জেরে চলমান যুদ্ধের বহুমুখী গুরুতর প্রভাব প বিশ্বব্যাপী। বিভিন্ন দেশে মূল্যস্ফীতির হার কয়েক দশকের ম সর্বোচ্চ উচ্চতায় পৌঁছেছে। জ্বালানিসহ বিভিন্ন পণ্যের অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। অক্সফোর্ড ইকোনমিকসের বিশে অলিভার রাকাউ তার একটি গবেষণায় বলেন, এই যুদ্ধ অর্থনীতিতে দুটি প্রধান ভিত্তিতে ঝুঁকি তৈরি করেছে যা বৈশ্বিক সা

CamScanner

চেইনে সংকট তৈরি ও বিভিন্ন দ্রব্যমূল্য, তেল ও গ্যাসের দাম বৃদ্ধি করেছে। আর জ্বালানির মূল্য বৃদ্ধির বিরূপ প্রভাব পড়েছে উৎপাদনশীল অন্যান্য দ্রব্যের দাম বৃদ্ধিতে। এছাড়া আমাজন, ফেসবুক ও টুইটারসহ বিভিন্ন প্রতিষ্ঠান অর্থনৈতিক সংকট সামাল দিতে কর্মী ছাঁটাই করেছে।

বিশ্বের বিভিন্ন দেশের শেয়ার ও সূচকের দরপতন হয়েছে। সেই সঙ্গে সোনা, ইস্পাত ও অ্যালুমিনিয়ামের দামও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশ্ববাজারে গম থেকে শুরু করে জ্বালানির দামের মূল্য বৃদ্ধিতে অস্থিরতা দেখা দিচ্ছে অর্থনীতির অন্যান্য খাতেও। এছাড়া যুদ্ধের ফলে সংকটে পড়তে শুরু করেছে পশ্চিমা ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলো, যা বৈশ্বিক অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলেছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) জানিয়েছে, বিশ্বে গত এক দশকের মধ্যে খাবারের দাম সর্বোচ্চ জায়গায় পৌঁছেছে। সর্বোপরি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিশ্ব অর্থনীতিতে চরম সংকট ও ঝুঁকি তৈরি করেছে।

## ১৩. ব্লু-ইকোনমি

সুনীল অর্থনীতি বা সমুদ্র অর্থনীতি (Blue economy) হলো সমুদ্র সম্পদনির্ভর অর্থনীতি, সমুদ্রের বিশাল জলরাশি এবং এর তলদেশের বিভিন্ন প্রকার সম্পদকে কাজে লাগানোর অর্থনীতি। সমুদ্র থেকে আহরণকৃত সমস্ত সম্পদ সুনীল অর্থনীতির আওতাভুক্ত। ১৯৯৪ সালে অধ্যাপক গুন্টার পাউলি ভবিষ্যৎ অর্থনীতির রূপরেখা প্রণয়নে একটি টেকসই ও পরিবেশবান্ধব মডেল হিসেবে সুনীল অর্থনীতির ধারণা প্রদান করেন। সুনীল অর্থনীতি হলো অর্থনীতির এমন একটি বিষয়, যেখানে একটি দেশের সামুদ্রিক পরিবেশ কিংবা সামুদ্রিক সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিয়ে আলোচনা করা হয়।

বিশ্বব্যাংকের মতে, The blue Economy is the 'sustainable use of ocean resources for economic growth, improved livelihood and jobs while preserving the health of ocean ecosystem.'

ইউরোপিয়ান কমিশনের মতে, 'It as all economic activities related to oceans, seas and coasts. It covers a wide range of interlinked established and emerging sectors'.

সমুদ্র পৃথিবীর অন্যতম মূল্যবান প্রাকৃতিক সম্পদ। সমুদ্র মৎস্য ও মৎস্য সম্পদের মাধ্যমে মানুষের খাবার চাহিদা মেটায়, যাতায়াত ও পণ্য পরিবহনের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়।

## ১৪. ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে (তৎকালীন রেসকোর্স ময়দানে) সুবিশাল জনসভায় যে ভাষণ প্রদান করেছিলেন তা ছিল এক অনন্য ঐতিহাসিক ভাষণ। বাঙালি জাতির দীর্ঘদিনের আন্দোলনের ফলে যে স্বাধীনতার স্বপ্ন তা এখানে যথার্থ প্রতিফলিত হয়েছে। বাঙালি জাতির কর্তব্য সম্পর্কে যে চূড়ান্ত নির্দেশনা বঙ্গবন্ধু প্রদান করেছিলেন তাতে তার বলিষ্ঠ নেতৃত্ব, দূরদর্শিতা, সংগ্রামের যৌক্তিকতা, বাঙালির আন্দোলনের স্বরূপ বজ্রকণ্ঠস্বরে অনুরণিত হয়েছে। জাতির চরম সঙ্কটকালে রক্তাক্ত সংগ্রামের আতঙ্কিত মুহূর্তে তিনি দ্রুত যে বক্তব্য তুলে ধরেছিলেন তাতে তার ব্যক্তিত্ব ও উদাত্ত বাচনভঙ্গির চমৎকার প্রকাশ ঘটেছে। এদিক থেকে ভাষণটিকে তার জীবনের শ্রেষ্ঠ ভাষণ হিসেবে বিবেচনা করা যায়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চের ভাষণে এই বলে মুক্তির সংগ্রাম ঘোষণা করেছিলেন যে, 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। তার এই নিষ্কম্প ঘোষণা বাঙালি জাতিকে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে প্রেরণা দিয়েছিল। জাতির উদ্দেশ্যে এটি ছিল তার যুদ্ধপূর্ব শেষ ভাষণ। তাই এতে তিনি যুদ্ধের দিকনির্দেশনা দিয়ে প্রস্তুতির কথা বলেছিলেন। তখন বাঙালির হাতে কোনো অস্ত্র ছিল না। তাই যার যা আছে তা নিয়ে ঘরে ঘরে দুর্গ গড়ে তোলার আহ্বান জানান। তার এই সংগ্রাম ঘোষণায় যে পশ্চিমাদের অত্যাচার বৃদ্ধি পাবে তা তিনি ধারণা করেছিলেন। সেজন্য তৎকালীন হানাদার শাসকদের সঙ্গে সম্পূর্ণ অসহযোগিতা প্রদর্শনের নির্দেশ দেন। তিনি তার অনন্য ভাষণে মুক্তিসংগ্রামের যৌক্তিকতা তুলে ধরেছিলেন। বাঙালির জাতীয় জীবনে এ ভাষণের গুরুত্ব অপরিসীম।

## ১৫. ডিজিটাল বাংলাদেশ

তথ্য-প্রযুক্তির যুগে প্রতিদিন নতুন নতুন তথ্য ও সত্য উদ্‌ঘাটিত হচ্ছে। সময়ের বিবর্তনে রাজনীতি, অর্থনীতি, জলবায়ুর পরিবর্তনসহ নানা কারণে দ্রুত বদলে যাচ্ছে বিশ্ব-প্রেক্ষাপট। বিগত কয়েক বছরের মধ্যে বিশ্বে তথ্য-প্রযুক্তির অনেক উন্নতি ঘটেছে। সেই সঙ্গে বাংলাদেশেও লেগেছে প্রযুক্তির নামের জাদুর কাঠির ছোঁয়া। যার নাম 'ডিজিটাল বাংলাদেশ'। ডিজিটাল বাংলাদেশ হলো কম্পিউটার এবং উন্নততর তথ্যপ্রযুক্তি ব্যবহার করে সেবাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া এবং জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করা। এটি একটি যুগোপযোগী, কিছুটা ব্যাপকভিত্তিক ও সুদূরপ্রসারী পরিকল্পনা, এ পরিকল্পনার মাধ্যমে, ই-গভর্নেন্স, ই-কৃষি, ই-স্বাস্থ্য, ই-বাণিজ্য, ই-ভূমি মালিকানা, ই-শিক্ষাসহ প্রভৃতি ক্ষেত্রে ইলেকট্রনিক সেবা নিশ্চিত করাই হলো ডিজিটাল বাংলাদেশের মূল লক্ষ্য। এর ফলে প্রশাসনসহ সকল স্তরে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আসবে। এ ব্যবস্থা মানুষের কাজকে সহজ করবে, মানুষের কষ্ট লাঘব করবে ব্যয় হ্রাস করবে, সময় অপচয় রোধ করবে। এ ব্যবস্থায় দেশের প্রযুক্তিগত উন্নয়ন ঘটবে, মানুষ দক্ষ ও অভিজ্ঞ হয়ে উঠবে, আন্তর্জাতিক পরিমণ্ডলে কাজ করার অবারিত সুযোগ সৃষ্টি হবে এবং দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়ে উঠবে। এককথায় 'ডিজিটাল বাংলাদেশ' হলো বাংলাদেশের সকল স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করে আধুনিক, যুগোপযোগী সেবা প্রদান করা।

## ১৬. ভিশন ২০২১

বাংলাদেশ আওয়ামী লীগ ২০০৮ সালে সর্বপ্রথম 'ভিশন : ২০২১' বা 'ডিজিটাল বাংলাদেশ' নামটি প্রচার করে। ২০২১ সাল নাগাদ বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দারিদ্র্যমুক্ত এবং প্রযুক্তি নির্ভর দেশ গঠন করাই 'ভিশন : ২০২১'-এর প্রধান লক্ষ্য। এগারো বছর মেয়াদি (২০১০ : ২০২১) একটি প্রেক্ষিত পরিকল্পনা (Perspective plan) এবং ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ওপর ভিত্তি করে এর বাস্তবায়নের মাধ্যমে এ রূপকল্প অর্জিত হয়। উল্লিখিত সময়ে বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক, প্রগতিশীল ও উদার গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়। রূপকল্পের অন্য বিষয়গুলো হলো প্রকৃত অংশীদারিত্বমূলক সহিষ্ণু

CamScanner

গণতান্ত্রিক ব্যবস্থা, সামাজিক ন্যায়বিচারের নিশ্চয়তা, নারীর অধিকার ও সুযোগের সমতা, আইনের শাসন, মানবাধিকার, সুশাসন, দূষণমুক্ত পরিবেশ, সবার জন্য শিক্ষা এবং স্বাস্থ্য অধিকার নিশ্চিতকরণ, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিপর্যয়ের মোকাবিলার সক্ষমতা অর্জন প্রভৃতি। তথ্য প্রযুক্তিতে বিকশিত হয়ে রূপকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে এই সময়ে বাংলাদেশ পরিচিতি পায় 'ডিজিটাল বাংলাদেশ' নামে।

## ১৭. পদ্মা সেতু

পদ্মা সেতু বাংলাদেশের পদ্মা নদীর উপর নির্মাণাধীন একটি বহুমুখী সড়ক ও রেলসেতু। এই সেতুর মাধ্যমে মুন্সিগঞ্জের লৌহজংয়ের সাথে শরীয়তপুর ও মাদারীপুর জেলা যুক্ত হয়েছে। ফলে দেশের দক্ষিণ পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটেছে।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য পদ্মা সেতু নির্মাণ ছিল বড় একটা চ্যালেঞ্জিং ব্যাপার। সমস্ত প্রতিকূলতা মোকাবিলা করে ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪১টি স্প্যানের উপর ৬.১৫ কিলোমিটার দৈর্ঘ্য এবং ১৮.১০ মিটার প্রস্থের সেতুটি এখন দাঁড়িয়ে আছে পদ্মার বুকে। 'পদ্মা বহুমুখী সেতু প্রকল্প' নামের এই সেতু প্রকল্পটি বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে তৈরি, যার পরিমাণ ৩০ হাজার ৭৯৩ কোটি ৩৯ লাখ টাকা। দ্বিতলবিশিষ্ট এই সেতুর ওপরের তলা দিয়ে চলছে যানবাহন এবং নিচের তলা দিয়ে চলবে ট্রেন। কংক্রিট ও স্টিলের তৈরি এ সেতুতে চার লেনের সড়কসহ গ্যাস, বিদ্যুৎ ও অপটিক্যাল ফাইবার সংযোগ পরিবহণব্যবস্থা রয়েছে। পদ্মা সেতুর নির্মাণ কাজ শেষ হওয়ার সম্ভাব্য সময় ২০২১ সালের ডিসেম্বর ধরা হলেও করোনা মহামারির কারণে নির্মাণ কাজ ব্যাহত হয়। ফলে ২০২২ সালের ২৫ জুন সেতুটি সড়ক চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। সেতুটি চালু হওয়ার কারণে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের সাথে রাজধানীর যোগাযোগব্যবস্থা বেড়েছে। ফলে দেশের অর্থনৈতিক অবস্থা আরও চাঙ্গা হচ্ছে। ধারণা করা হচ্ছে দেশের মোট জিডিপি ১.২ শতাংশ বৃদ্ধি পাবে।

## ১৮. মুজিববর্ষ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০–৩১ মার্চ ২০২২ পর্যন্ত সময়কে 'মুজিববর্ষ' ঘোষণা করে উদ্‌যাপন করছে বাংলাদেশ। ১০ জানুয়ারি ২০২০ বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে শুরু হয় মুজিববর্ষের ক্ষণগণনা। মুজিববর্ষের ক্ষণগণনার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১০ জানুয়ারি ২০২০ উন্মোচন করা হয় মুজিববর্ষের লোগো।

১৭ মার্চ ২০২০ সোহরাওয়ার্দী উদ্যানে এক উৎসবমুখর অনুষ্ঠান উদ্বোধনের মাধ্যমে মুজিববর্ষের বছরব্যাপী কর্মসূচি শুরু হয়। মুজিববর্ষকে ঘিরে আয়োজন ও প্রস্তুতি ছিল ব্যাপক। কিন্তু করোনাভাইরাসের কারণে জনসমাগম এড়াতে পুরো অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে চারটি বিশেষ স্মারক মুদ্রা প্রকাশের সিদ্ধান্ত নেয় বাংলাদেশ ব্যাংক। এগুলো হচ্ছে— স্বর্ণমুদ্রা, স্মারক মুদ্রা, ১০০ টাকা এবং ২০০ টাকা মূল্যমানের স্মারক নোট। ১৭ মার্চ ২০২০ বাজারে ২০০ টাকার নোট ছাড়া হয়। বাংলাদেশের সাথে যৌথভাবে মুজিববর্ষ উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO। ২৫ নভেম্বর ২০১৯ প্যারিসে UNESCO'র সদর দপ্তরে সংস্থার ৪০তম সাধারণ পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশনে সর্বসম্মতভাবে বাংলাদেশের সাথে মুজিববর্ষ উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২১ নভেম্বর ২০১৯ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন প্রস্তুতি কমিটির সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা UNESCO'র সাথে মুজিববর্ষ একযোগে পালনের আনুষ্ঠানিক ঘোষণা দেন। এর ফলে শুধু বাংলাদেশের সীমানার মধ্যেই নয়, বছরব্যাপী নানা আয়োজনে মুজিববর্ষ উদ্‌যাপিত হচ্ছে বিশ্বের ১৯৩টি দেশেও। UNESCO মুজিববর্ষ আয়োজনে যুক্ত হওয়ায় আন্তর্জাতিক পরিমণ্ডলে বিশ্বনেতা বঙ্গবন্ধুর বর্ণাঢ্য কর্মময় জীবন আরো ব্যাপক পরিসরে তুলে ধরার সুযোগ সৃষ্টি হয়েছে।

## ১৯. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১

১১ মে ২০১৮ (বাংলাদেশ সময় ১২ মে ২০১৮) যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাভেরালে অবস্থিত কেনেডি স্পেস সেন্টারের লঞ্চ কমপ্লেক্স ৩৯এ (39A) থেকে মহাকাশে উৎক্ষেপণ করা হয় বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (Bangabandhu-1)।

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর অবস্থান ইন্দোনেশিয়ার পূর্বপ্রান্তের ভূ-পৃষ্ঠের ওপরে, ভূ-পৃষ্ঠ থেকে ৩৫,৮০০ কিলোমিটার উচ্চতায় ১১৯.১° পূর্ব দ্রাঘিমায় ক্লার্ক অরবিটে অবস্থিত। ৩৬০০ কেজি ওজনের বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মেয়াদকাল হবে ১৫ বছর। তবে এর ডিজাইন আয়ুষ্কাল ১৮ বছর। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর স্যাটেলাইটে ট্রান্সপন্ডার ৪০টি, যার ১৪টি 'সি' ব্যান্ডের (C-band) এবং ২৬টি 'কে-ইউ' ব্যান্ডের (Ku-band)। প্রতিটি ট্রান্সপন্ডার থেকে ৪০ মেগাহার্টজ হারে তরঙ্গ বরাদ্দ (ফ্রিকোয়েন্সি) সরবরাহ পাওয়া যাবে। এ হিসাবে ৪০টি ট্রান্সপন্ডারের মোট ফ্রিকোয়েন্সি ক্ষমতা হলো ১,৬০০ মেগাহার্টজ। কিন্তু কারিগরি সীমাবদ্ধতার কারণে এ ১,৬০০ মেগাহার্টজ পুরোটা ব্যবহার করা যাবে না। তবে কমপক্ষে ১,৪০০ মেগাহার্টজ ব্যবহার করা হবে। ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মূল নির্মাতা প্রতিষ্ঠান। পাশাপাশি SpaceX-এর সাথে উৎক্ষেপণের দায়িত্বে ছিল এ প্রতিষ্ঠান। এছাড়া বাংলাদেশ থেকে স্যাটেলাইট নিয়ন্ত্রণে নির্মিত দুটি গ্রাউন্ড স্টেশনের নকশাও তৈরি করে তারা। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণে সর্বমোট ব্যয় হয় ২,৭৬৫ কোটি টাকা। এর মধ্যে স্যাটেলাইট নির্মাণ করতে খরচ হয় ১,৯৫১ কোটি ৭৫ লাখ টাকা। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ নিয়ন্ত্রণের লক্ষ্যে গাজীপুরের তালিবাবাদ ও রাঙামাটির বেতবুনিয়ায় দুটি গ্রাউন্ড স্টেশন নির্মাণ করা হয়। এর মধ্যে গাজীপুর প্রধান কেন্দ্র হিসেবে এবং বেতবুনিয়া বিকল্প কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। এছাড়া ইন্দোনেশিয়া ও ফিলিপাইনে দুটি ভূ-উপগ্রহ উপকেন্দ্র স্থাপন করা হচ্ছে। ইতোমধ্যে ৪ সেপ্টেম্বর ২০১৮ দক্ষিণ এশীয় ফুটবল ফেডারেশন (SAFF) চ্যাম্পিয়নশিপ সম্প্রচারের মধ্য দিয়ে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১'-এর পরীক্ষামূলক কার্যক্রম শুরু হয়। ৯ নভেম্বর ২০১৮ স্যাটেলাইট সিস্টেম নির্মাণকারী ফরাসি কোম্পানি থ্যালেস অ্যালেনিয়া স্পেস-এর কাছ থেকে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মালিকানা ও নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে বুঝে নেয়।

## ২০. বৈশ্বিক উষ্ণায়ন (global warming)

বৈশ্বিক উষ্ণতা বা উষ্ণায়নের ইংরেজি প্রতিশব্দ Global Warming। এর সাথে আবহাওয়া ও জলবায়ুর নিবিড় সম্পর্ক বিদ্যমান। বৈশ্বিক উষ্ণায়ন হলো তুলনামূলকভাবে যথেষ্ট কম সময়ে মানুষের কার্যক্রমের ফলে পৃথিবীর জলবায়ুর গড় তাপমাত্রার একটা লক্ষণীয় বৃদ্ধি। আরো নির্দিষ্ট করে বলতে গেলে বলা যায়, একশ থেকে দুইশ বছরের মধ্যে বিশ্বের জলবায়ুর উষ্ণতা ১ ডিগ্রি বা এর চেয়ে বেশি বৃদ্ধি পেলে এটাকে বৈশ্বিক উষ্ণায়ন বলা যেতে পারে। অন্যদিকে, কোনো জায়গার গড় জলবায়ুর দীর্ঘমেয়াদি এবং অর্থপূর্ণ পরিবর্তন যার ব্যাপ্তি কয়েক যুগ থেকে কয়েক লক্ষ বছর পর্যন্ত হতে পারে তাকে জলবায়ু পরিবর্তন বলা হয়। জলবায়ু পরিবর্তন বিভিন্ন নিয়ামকের উপর নির্ভরশীল। যেমন— জৈব প্রক্রিয়াসমূহ, পৃথিবী কর্তৃক গৃহীত সৌর বিকিরণের পরিবর্তন, প্লেট টেকটনিক, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ইত্যাদি। তবে বর্তমানকালে সামাজিক ও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে, জলবায়ু পরিবর্তন বললে সারা পৃথিবীর ইদানীং সময়ের মানবিক কার্যকর্মের কারণে জলবায়ু পরিবর্তন বোঝায় যা বৈশ্বিক উষ্ণতা নামেই বেশি পরিচিত।

## ২১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল বা বঙ্গবন্ধু টানেল বা বঙ্গবন্ধু সুড়ঙ্গ বা কর্ণফুলী টানেল হলো বাংলাদেশের চট্টগ্রামের কর্ণফুলী নদীর নিচে অবস্থিত একটি সড়ক সুড়ঙ্গ। ২০২৩ সালের ২৮ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সুড়ঙ্গ পথটির উদ্বোধন করেন। এই সুড়ঙ্গটি চট্টগ্রাম শহরের বাংলাদেশ নেভাল একাডেমির পাশ দিয়ে শুরু হয়ে নদীর দক্ষিণ পাড়ের আনোয়ারা প্রান্তের চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড এবং কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড কারখানার মাঝামাঝি স্থান দিয়ে গিয়ে নদীর অপর প্রান্তে পৌঁছে নদীর দুই তীরের অঞ্চলকে যুক্ত করেছে। এই সুড়ঙ্গের মধ্য দিয়ে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক যুক্ত হয়। বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য ৩.৩২ কিলোমিটার। এই সুড়ঙ্গটি বাংলাদেশের প্রথম সুড়ঙ্গ পথ এবং দক্ষিণ এশিয়ায় নদী তলদেশের প্রথম ও দীর্ঘতম সড়ক সুড়ঙ্গপথ। চীনা প্রতিষ্ঠান চায়না কমিউনিকেশন এন্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড এই সুড়ঙ্গের নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করে। কর্ণফুলী নদীর মধ্যভাগে সুড়ঙ্গটি ১৫০ ফুট গভীরে অবস্থিত।

টানেল নির্মাণের ফলে ঢাকা-চট্টগ্রাম ও কক্সবাজারের মধ্যে আধুনিক যোগাযোগব্যবস্থা গড়ে উঠেছে এবং এশিয়ান হাইওয়ের সাথে সংযোগ স্থাপিত হয়েছে। ফলে যোগাযোগব্যবস্থার ব্যাপক উন্নয়ন সাধিত হবে। কর্ণফুলি নদীর পূর্বপ্রান্তের প্রস্তাবিত শিল্প এলাকার উন্নয়ন ত্বরান্বিত হয়েছে এবং পশ্চিমপ্রান্তে অবস্থিত চট্টগ্রাম শহর, চট্টগ্রাম বন্দর ও চট্টগ্রাম বিমানবন্দরের সাথে উন্নত ও সহজ যোগাযোগব্যবস্থা স্থাপিত হয়েছে। ফলে ভ্রমণের সময় ও খরচ হ্রাস পেয়েছে এবং পূর্বপ্রান্তের শিল্পকারখানার প্রস্তুতকৃত মালামাল চট্টগ্রাম বন্দর, বিমানবন্দর ও দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে পরিবহণ করার প্রক্রিয়া সহজ হয়েছে। কর্ণফুলি নদীর পূর্বপ্রান্তের সাথে সহজ যোগাযোগব্যবস্থা স্থাপনের ফলে পূর্বপ্রান্তে পর্যটনশিল্প বিকশিত হয়েছে। সার্বিকভাবে যোগাযোগব্যবস্থার সহজীকরণ, আধুনিকায়ন, শিল্পকারখানার বিকাশসাধন এবং পর্যটন শিল্পের উন্নয়নের ফলে কর্ণফুলি টানেল নির্মাণ প্রকল্প বেকারত্ব দূরীকরণসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলছে।

## ২২. ডেঙ্গুর সাতকাহন

বিশ্বে জনস্বাস্থ্যের জন্য বড় ধরনের উদ্বেগ সৃষ্টি করেছে মশাবাহিত সংক্রামক রোগ ডেঙ্গু। সম্প্রতি বাংলাদেশে এ রোগে মৃতের সংখ্যাও বাড়ছে। এমন পরিস্থিতিতে বিশ্বব্যাপী আলোচনা শুরু হয়েছে ডেঙ্গু প্রতিরোধী টিকা নিয়ে। তাই ডেঙ্গুর লক্ষণ, করণীয় ও বৈশ্বিক টিকা নিয়ে এবারের আয়োজন।

**ডেঙ্গুর আদি কথা :** ১৯৪৪ সালে ডক্টর আলবার্ট সাবিন ইউএস আর্মি কমিশনে ডেঙ্গু এবং সান্ডফ্লাইর ওপর কাজ করতে গিয়ে প্রথম ডেঙ্গু ভাইরাস শনাক্ত করেন। তিনি ডেঙ্গু-১ ও ডেঙ্গু-২ নামে দুটো সেরো টাইপ ভাইরাসকে শনাক্ত করেন। এরপর ১৯৫৬ সালে ডাক্তার হ্যাম ও তার সহকর্মী আরও দুটো নতুন ডেঙ্গু সেরো টাইপ ভাইরাস শনাক্ত করেন। যাদের নাম দেওয়া হয় ডেঙ্গু-৩ ও ডেঙ্গু-৪। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মতে, মহামারি আকারে প্রথম ডেঙ্গু শনাক্ত হয় ১৯৫০ সালের দিকে ফিলিপাইন এবং থাইল্যান্ডে। আফ্রিকাতে প্রথম দেখা যায় ১৯৫২ সালে। পরবর্তীতে এশিয়ার বিভিন্ন দেশে বিস্তার লাভ করে। ১৯৬২ সালে বাংলাদেশে সর্বপ্রথম ডেঙ্গুজ্বর পরিলক্ষিত হয়।

**ডেঙ্গুর লক্ষণ :** ডেঙ্গু রোগের প্রধান লক্ষণ 'জ্বর'। অন্যান্য লক্ষণের মধ্যে রয়েছে— মাথাব্যথা, শরীরে লালচে দানা, শরীর ব্যথা, হাঁড়ে ব্যথা, চোখে ব্যথা, বমি বমি ভাব, বমি হওয়া, পাতলা পায়খানা ইত্যাদি। বিগত বছরের তুলনায় এবার সময়ের আগেই ডেঙ্গুর প্রকোপ বেড়েছে বহুগুণ। সেই সাথে পরিবর্তন দেখা দিয়েছে ডেঙ্গু রোগীর লক্ষণেও। যেমন— অনেক ক্ষেত্রেই ডেঙ্গু হওয়ার ৪-৫ দিন পরও শরীরে কোনো র‍্যাশ দেখা যায় না। আবার জ্বরের মাত্রাও অনেক কম থাকে। কখনো কখনো লক্ষণগুলো এতটাই হালকা হয় যে অন্য কোনো ভাইরাস সংক্রমণের মতো মনে হতে পারে। যাদের রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল এবং সেইসাথে যাদের দ্বিতীয়বারের মতো ডেঙ্গু জ্বর হয়েছে, তাদের ডেঙ্গু হেমোরেজিক জ্বর হওয়ার ঝুঁকি বেশি থাকে।

**ডেঙ্গু হলে করণীয় :** ডেঙ্গু এডিস মশা বাহিত ভাইরাসজনিত একটি রোগ। এ রোগ হলে—

- স্বাভাবিক খাবারের পাশাপাশি বেশি বেশি তরল খাবার খাবেন। যেমন— স্যালাইন, ডাবের পানি, লেবুর শরবত, ফলের রস, স্যুপ ইত্যাদি।
- জ্বর হলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ডেঙ্গু পরীক্ষা করান।
- ডেঙ্গু শনাক্ত হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিন।

**ডেঙ্গুর টিকা :** ১৯৯৭ সালে ফরাসি বহুজাতিক ফার্মাসিউটিক্যাল ও স্বাস্থ্যসেবা সংস্থা সানোফি (Sanofi) একটি ডেঙ্গু ভ্যাকসিন নিয়ে কাজ শুরু করে। এ প্রতিষ্ঠানটি বিশ্বের প্রথম ডেঙ্গুর টিকা বাজারে ছাড়ে। সানোফির ডেঙ্গভ্যাক্সিয়া (Dengvaxia) নামের ভ্যাকসিনটি ৯ ডিসেম্বর ২০১৫ প্রথম মেক্সিকোতে অনুমোদন পায়। এরপর ১২ ডিসেম্বর ২০১৮ ইউরোপীয় ইউনিয়ন (EU) অনুমোদন দেয়। ১ মে ২০১৯ মার্কিন খাদ্য ও ওষুধ প্রশাসন (FDA) যুক্তরাষ্ট্রে 'ডেঙ্গভ্যাক্সিয়া' ব্যবহারের অনুমোদন দেয়। অন্যদিকে, জাপানের ফার্মাসিউটিক্যাল জায়ান্ট তাকেদা ফার্মাসিউটিক্যাল কোম্পানি 'কিউডেঙ্গা' (Qdenga) নামে একটি ভ্যাকসিন তৈরি করে। ২২ আগস্ট ২০২২ ইন্দোনেশিয়া ভ্যাকসিনটির প্রথম অনুমোদন দেয়। এ পর্যন্ত ডেঙ্গভ্যাক্সিয়া ও কিউডেঙ্গা অন্তত ২০টি দেশে অনুমোদন পায়।

CamScanner

## ২৩. বাউল সংগীত

বাউল সংগীত বাউল সম্প্রদায়ের আধ্যাত্মিক গান। এটি লোকসংগীতের এক বিশেষ ধারা যা হিন্দুশাস্ত্রের ভক্তিবাদ ও একই সাথে সুফিবাদ দ্বারা প্রভাবিত। সে অর্থে বাউল সংগীত একটি ভিন্নমার্গীয় আধ্যাত্মিক দর্শনের নামান্তর যা, গুরু থেকে শিষ্যে মুখে মুখে যুগ যুগ ধরে সঞ্চারিত হয়। স্রষ্টার সাথে সৃষ্টির সম্পর্কের ভাবনা আর ভিন্নধর্মী জীবনদর্শনের মধ্যেই বাউলদের বিশেষত্ব নিহিত। তাদের দর্শন কোনো বিশেষ ধর্ম, জাত, বর্ণ বা দেবতার বিশ্বাসের গন্ডিতে সীমাবদ্ধ নয় বরং স্রষ্টাকে তারা আত্মার অংশ হিসেবে বিশ্বাস করে। এ দর্শনেই তাদের আত্মার মুক্তি। বাউল সংগীতে তাদের এ দর্শনই ফুটে উঠেছে। বাউল সংগীতের স্রষ্টা লালন শাহ। তার গানের মাধ্যমে ঊনবিংশ শতাব্দী থেকে বাউল গান ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। লালন শাহের পর পাঞ্জু শাহ, দুদ্দু শাহ, ভোলা শাহ, পাগলা কানাই, রাধারমণ, কাঙাল হরিনাথ, হাছন রাজা, অতুল প্রসাদ, বিজয় সরকার, দ্বিজদাস, জালাল খাঁ, উকিল মুন্সী, রশিদ উদ্দিন, শাহ আব্দুল করিম, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম প্রমুখ কবি ও বাউলের মাধ্যমে এদেশের ঐতিহ্যবাহী লোকায়ত সংগীতের ধারাটি আরও পুষ্ট হয়। বাংলাদেশের কুষ্টিয়া বাউল গানের কেন্দ্র-ভূমি, কালক্রমে তা পার্শ্ববর্তী যশোর, ফরিদপুর, পাবনা, ঢাকা, ময়মনসিংহ, সিলেট এবং পশ্চিমবঙ্গের নদীয়া, বর্ধমান ও বীরভূম জেলায় প্রসার লাভ করে। বাউল সংগীত এদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের একটি বড় উপাদান। বাউল সংগীতের প্রধান বাদ্যযন্ত্র একতারা। কোনো কোনো বাউল কোমরে বাঁয়া বাঁধে। ডান হাতে একতারা এবং বাম হাতে বাঁয়া বাজিয়ে বাউলরা একা অথবা দলবদ্ধভাবে গান-নাচ করে। গান, নাচ, বাদ্য— তিনের সমন্বয়ে বাউল সংগীত স্বতন্ত্র আবেগ ও সৌন্দর্য সৃষ্টি করে। মানবতার ইতিহাসে এই বাউল সংগীতের অপরিসীম সাংস্কৃতিক ও ঐতিহ্যগত গুরুত্ব বিবেচনায় ইউনেস্কো ২০০৫ সালে একে Masterpiece of the Oral and Intangible Heritage of Humanity হিসেবে ঘোষণা করে। পরবর্তীতে ২০০৮ সালে বাউল সংগীতকে Intangible Cultural Heritage of Humanity হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

## ২৪. বৈশাখী মেলা

বাংলা নববর্ষ উপলক্ষে বৈশাখ মাসের প্রথম দিনে দেশের শহর ও গ্রামের বিভিন্ন স্থানে বৈশাখী মেলা বসে। এ মেলা অনুষ্ঠানের নির্দিষ্ট কোনো সময়সীমা নেই; কোথাও এক দিন, কোথাও এক সপ্তাহ, আবার কোথাও মাসব্যাপী বৈশাখী মেলা চলে। নতুন বছরে মানুষের আনন্দ-অনুভূতি প্রকাশের একটা উপলক্ষ এই বৈশাখী মেলা। মেলায় আগত পরিচিতজনেরা পরস্পরের সঙ্গে কুশল বিনিময় করেন। বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকউৎসবের মাধ্যমে এই মিলনমেলা আনন্দমুখর হয়ে ওঠে। বলীখেলা, ঘোড়দৌড়, লাঠিখেলা, হাডুডু প্রভৃতি ক্রীড়ানুষ্ঠান বৈশাখী মেলাকে আকর্ষণীয় করে তোলে। মেলা উপলক্ষে নানা ধরনের লোকগানের আসর বসে। সাধারণত গ্রামের হাটে, বাজারে, নদীর তীরে বা মন্দির প্রাঙ্গণে খোলা আকাশের নিচে বৈশাখী মেলার আয়োজন করা হয়। মেলায় যেসব পণ্য বিক্রি হয়, এর মধ্যে বিভিন্ন ধরনের হস্তশিল্প ও কুটিরশিল্পের পরিমাণ বৈশাখী মেলায় গিয়ে তালপাতায় তৈরি হাতপাখা কেনেন লোকের সংখ্যা খুব কম। বিভিন্ন ধরনের মুখরোচক হালকা মিষ্টান্ন মেলার আকর্ষণ বাড়ায়। মেলায় বিভিন্ন ধরনের পণ্য কেনা-বেচা হয় ঠিকই, তবে বিভিন্ন বয়সের নারী-পুরুষের বৈশাখী মেলার সবচেয়ে বড়ো আকর্ষণ।

## ২৫. বইমেলা

বইমেলা হলো বইকে উপলক্ষ করে লেখক ও পাঠকের মিলন আনন্দঘন পরিবেশে বই কেনা-বেচার সুযোগ ঘটে বইমেলায় মেলাতে বইয়ের প্রকাশকগণ তাঁদের নতুন ও পুরনো বই নিয়ে সাজান, পাঠক সেখান থেকে তাঁর পছন্দের বই দেখেশুনে পারেন। এটা বইমেলার সবচেয়ে বড়ো সুবিধা। জার্মানির শহরে বিশ্বের বৃহত্তম বইমেলার আয়োজন করা হয়। বাংলা বইমেলার সূচনা হয় ১৯৭২ সালে মুক্তধারার প্রকাশক চিত্তরঞ্জন উদ্যোগে। ১৯৭৮ সাল থেকে শুরু হয় বাংলা একাডেমি 'অমর গ্রন্থমেলা'। এই মেলায় শুধু বই কেনাবেচাই নয়, নানা সাংস্কৃতিক ও একাডেমিক কর্মকাণ্ড বাংলা একাডেমি গ্রহণ ২০১৪ সাল থেকে বইমেলা বাংলা একাডেমি প্রাঙ্গণ ছাড়িয়ে সোহরাওয়ার্দী উদ্যান পর্যন্ত বিস্তৃত হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী বছর এই মেলার উদ্বোধন করেন। বইমেলা মানুষের মধ্যে পাঠ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে; বিশেষভাবে শিশু-কি বাবা-মার সাথে বইমেলায় গিয়ে নিজেদের পছন্দের বইটি করতে পারে, নতুন নতুন বইয়ের সঙ্গে তাদের পরিচয় বইমেলাকে কেন্দ্র করে অনেক লেখক তাঁদের নতুন বই প্রকাশ পাঠকও নতুন নতুন ধারণার সঙ্গে পরিচিত হতে পারেন।

## ২৬. মোবাইল ফোন

শর্তমতে, $5x - 4x = 10$

$\therefore x = 10$

∴ ছোট সংখ্যাটি $= 4x = 4 \times 10 = 40$।

৩. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে?

**সমাধান :** অনুপাতদ্বয়ের যোগফল = ৭ + ৩ = ১০

কেরোসিনের পরিমাণ $= ৬০ \times \frac{৭}{১০} = ৪২$ লিটার

পেট্রোলের " $= ৬০ \times \frac{৩}{১০} = ১৮$ "

ধরি, 'ক' লিটার পেট্রোল মিশাতে হবে।

শর্তমতে, ৪২ : (১৮ + ক) = ৩ : ৭

$\Rightarrow \frac{৪২}{১৮+ক} = \frac{৩}{৭}$

$\Rightarrow ৫৪ + ৩ক = ২৯৪$

$\therefore$ ক = ৮০ লিটার।

∴ ৮০ লিটার পেট্রোল মিশাতে হবে।

০৪. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?

**সমাধান :** অনুপাতদ্বয়ের বিয়োগফল = (৫ − ১) = ৪

দুধের পরিমাণ ৪ লিটার বেশি হলে পানি ১ লিটার

∴ " " ৮ " " " " $\frac{১ \times ৮}{৪}$ "

= ২ লিটার।

০৫. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কী কী?

**সমাধান :** ধরি, সংখ্যা দুটি ৫x ও ৮x

প্রশ্নমতে, (৫x + ২) : (৮x + ২) = ২ : ৩

$\Rightarrow \frac{৫x+২}{৮x+২} = \frac{২}{৩}$

$\Rightarrow ১৬x + ৪ = ১৫x + ৬$

$\therefore x = ২$

∴ সংখ্যা দুটি যথাক্রমে, ৫x = ৫ × ২ = ১০ ও

৮x = ৮ × ২ = ১৬

০৬. একটি সোনার গহনার ওজন ২৫ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ২। কী পরিমাণ সোনা মিশালে অনুপাত ৫ : ১ হবে?

**সমাধান :** অনুপাতদ্বয়ের যোগফল = ৩ + ২ = ৫

মিশ্রণে সোনার পরিমাণ $= ২৫ \times \frac{৩}{৫} = ১৫$ গ্রাম

" তামার " $= ২৫ \times \frac{২}{৫} = ১০$ গ্রাম

ধরি, মিশ্রণে x গ্রাম সোনা মেশাতে হবে।

CamScanner

প্রশ্নমতে, $(১৫ + x) : ১০ = ৫ : ১$

$\Rightarrow \frac{১৫+x}{১০} = \frac{৫}{১}$

$\Rightarrow ১৫ + x = ৫০$

$\therefore x = ৩৫$

$\therefore$ ৩৫ গ্রাম সোনা মিশাতে হবে।

**০৭. পনির ও তপনের আয়ের অনুপাত 4 : 3। তপন ও রবিনের আয়ের অনুপাত 5 : 4। পনিরের আয় 120 টাকা হলে, রবিনের আয় কত?**

**সমাধান :** পনির : তপন $= 4 : 3 = (4 \times 5) : (3 \times 5) = 20 : 15$

এবং, তপন : রবিন $= 5 : 4 = (5 \times 3) : (4 : 3) = 15 : 12$

$\therefore$ পনির : তপন : রবিন $= 20 : 15 : 12$

ধরি, পনির, তপন ও রবিনের আয় যথাক্রমে 20x, 15x এবং 12

প্রশ্নমতে, $20x = 120$

$\therefore x = 6$

$\therefore$ রবিনের আয় $= 12 \times 6 = 72$ টাকা।

**০৮. কোনো চতুর্ভুজের চারটি কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 বৃহত্তম কোণের পরিমাণ কত?**

**সমাধান :** দেওয়া আছে,

চতুর্ভুজের চারটি কোণের অনুপাত $= 1 : 2 : 2 : 3$

চতুর্ভুজের চার কোণের সমষ্টি $360°$

অনুপাতগুলোর যোগফল $= 1 + 2 + 2 + 3 = 8$

$\therefore$ বৃহত্তম কোণের পরিমাণ $= \frac{3}{8} \times 360°$

$= 135°$।

## ০৭ সূত্র ও নিয়মাবলি (পাটিগণিত সম্বন্ধীয়)

**অঙ্ক (Digit) :** গণিতের যাবতীয় সংখ্যা শেখার জন্য যেসব প্রতীক বা চিহ্ন ব্যবহার করা হয় তাই অঙ্ক। ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, দশটির প্রত্যেকটি এক একটি অঙ্ক। অঙ্কই সংখ্যা তৈরির মূল উপাদান।

**অঙ্ক ও সংখ্যা (Digit and Number) :** অঙ্ক ও সংখ্যা এক নয়। সব অঙ্কই সংখ্যা, কিন্তু সব সংখ্যাই অঙ্ক নয়। যেমন : ০, ৩, ..., ৯ এগুলো প্রত্যেকটি এক একটি অঙ্ক এবং সংখ্যা। কিন্তু ১০ দুই অঙ্কবিশিষ্ট (১ ও ০) একটি সংখ্যা, ৯৯৯ হলো তিন (৯, ৯ ও ৯) একটি সংখ্যা।

**মৌলিক সংখ্যা (Prime Number) :** ১ থেকে বড় যেসব সংখ্যা ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে নয়, সেসব সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। মৌলিক সংখ্যার কোনো প্রকৃত উৎপাদক নেই। যেমন : ২, ৩, ৫, ৭, ১১, ১৩ ইত্যাদি। একমাত্র জোড় মৌলিক সংখ্যা (even prime number) হচ্ছে ২।

**মৌলিক সংখ্যার তালিকা**

| সীমা | মৌলিক সংখ্যা | মোট | সর্বমোট |
|---|---|---|---|
| ১ থেকে ১০ | ২, ৩, ৫, ৭ | ৪টি | ৪টি (১-১০) |
| ১১ থেকে ২০ | ১১, ১৩, ১৭, ১৯ | ৪টি | ৮টি (১-২০) |
| ২১ থেকে ৩০ | ২৩, ২৯ | ২টি | ১০টি (১-৩০) |
| ৩১ থেকে ৪০ | ৩১, ৩৭ | ২টি | ১২টি (১-৪০) |
| ৪১ থেকে ৫০ | ৪১, ৪৩, ৪৭ | ৩টি | ১৫টি (১-৫০) |
| ৫১ থেকে ৬০ | ৫৩, ৫৯ | ২টি | ১৭টি (১-৬০) |
| ৬১ থেকে ৭০ | ৬১, ৬৭ | ২টি | ১৯টি (১-৭০) |
| ৭১ থেকে ৮০ | ৭১, ৭৩, ৭৯ | ৩টি | ২২টি (১-৮০) |
| ৮১ থেকে ৯০ | ৮৩, ৮৯ | ২টি | ২৪টি (১-৯০) |
| ৯১ থেকে ১০০ | ৯৭ | ১টি | ২৫টি (১-১০০) |

**মনে রাখার কৌশল**

১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি→
৪৪২২৩২২৩২১ (ফোন নাম্বার হিসেবে মনে রাখুন)।
আবার ১০০ থেকে ২০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২১টি→
৪১১৩১২২২১৪ (ফোন নাম্বার হিসেবে মনে রাখুন)।

*** ১ থেকে ১০০ পর্যন্ত :**

- শূন্য আছে ১১টি
- ১ আছে ২১টি
- ২ থেকে ৯ পর্যন্ত প্রতিটি অঙ্ক আছে ২০টি
- শূন্য সংখ্যার আদি ধারণা দেন ভারতীয় গণিতবিদ
- ১ মৌলিক বা যৌগিক কোনোটাই নয়। সৃষ্টির আদি

CamScanner

**সহ-মৌলিক (Co-prime Number) :** যদি দুটি সংখ্যার মধ্যে ১ ছাড়া অন্য কোনো সাধারণ গুণনীয়ক না থাকে তবে সেক্ষেত্রে তাদের গ.সা.গু. হবে ১। এরূপ সংখ্যাগুলোকে পরস্পরের সহ-মৌলিক বলা হয়। যেমন : ৮ ও ৯। ৮ ও ৯ এর মধ্যে ১ ছাড়া সাধারণ কোনো গুণনীয়ক নেই।

**মূলদ সংখ্যা (Rational Number) :** p যদি পূর্ণসংখ্যা এবং q যদি অশূন্য পূর্ণসংখ্যা হয়, তবে $\frac{p}{q}$ আকারের সংখ্যাকে মূলদ সংখ্যা বলে। মূলদ সংখ্যাকে Q দ্বারা সূচিত করা হয়। শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশ সবই মূলদ সংখ্যা।

**অমূলদ সংখ্যা (Irrational Number) :** পূর্ণবর্গ নয়, এমন যে-কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। যেমন : $\sqrt{৩}$, $\sqrt{৭}$ ইত্যাদি।

**বিভাজ্যতা (Divisibility) :** একটি সংখ্যাকে অন্য একটি সংখ্যা দিয়ে ভাগ করলে তা যদি নিঃশেষে বিভাজ্য হয় তবে প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যা দিয়ে বিভাজ্য হবে। একেই বলা হয় সংখ্যার বিভাজ্যতা।

**প্রয়োজনীয় সূত্র :**

- ভাজ্য (Dividend) = ভাগফল × ভাজক + ভাগশেষ (Remainder)
- ভাজক (Divisor) = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল
- ভাগফল (Quotient) = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক

**বর্গমূল (Square Root) :** কোনো সংখ্যাকে ঐ সংখ্যা দ্বারা গুণ করলে যে গুণফল পাওয়া যায় তাকে ঐ সংখ্যার বর্গ বলে এবং ঐ সংখ্যাটিকে গুণফলটির বর্গমূল বলা হয়। যেমন : ৩ × ৩ = ৯; এখানে ৩ এর বর্গ হলো ৯ এবং ৯ এর বর্গমূল হলো ৩।

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ হতে তত ছোট। সংখ্যাটি কত?**

**সমাধান :** ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $x - ৩০১ = ৩৮১ - x$

বা, $২x = ৬৮২$

$\therefore x = ৩৪১$

$\therefore$ সংখ্যাটি ৩৪১।

**০২. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?**

**সমাধান :** ধরি, বড় সংখ্যা a

শর্তমতে, $a^২ - (a-১)^২ = ১৯৯$

$\Rightarrow a^২ - (a^২ - ২a + ১) = ১৯৯$

$\Rightarrow a^২ - a^২ + ২a - ১ = ১৯৯$

$\Rightarrow ২a = ২০০$

$\therefore a = ১০০$

$\therefore$ বড় সংখ্যাটি ১০০।

**০৩. কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-এর বর্গ হবে?**

**সমাধান :** ধরি, সংখ্যাটি = x

শর্তমতে, $\sqrt{x} + ১০ = ৪^২$

$\Rightarrow \sqrt{x} = ১৬ - ১০$

$\Rightarrow \left(\sqrt{x}\right)^২ = ৬^২$ [উভয়পক্ষকে বর্গ করে]

$\therefore x = ৩৬$

$\therefore$ সংখ্যাটি ৩৬।

**০৪. ৫৬৭২৮ জন সৈন্য থেকে কমপক্ষে কতজন সৈন্য সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যায়?**

**সমাধান :**

| | | |
|---|---|---|
| | ৫৬৭২৮ | ২৩৮ |
| | ৪ | |
| ৪৩ | ১৬৭ | |
| | ১২৯ | |
| | ৩৮২৮ | |
| ৪৬৮ | ৩৭৪৪ | |
| | ৮৪ | |

৮৪ অবশিষ্ট থাকে।

সুতরাং ৮৪ জন সৈন্য সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে।

**০৫. ১০০৮ সংখ্যাটির কয়টি ভাজক আছে?**

**সমাধান :**

| | |
|---|---|
| ২ | ১০০৮ |
| ২ | ৫০৪ |
| ২ | ২৫২ |
| ২ | ১২৬ |
| ৩ | ৬৩ |
| ৩ | ২১ |
| | ৭ |

এখন, $১০০৮ = ২ \times ২ \times ২ \times ২ \times ৩ \times ৩ \times ৭ = ২^৪ \times ৩^২ \times ৭^১$

$\therefore$ ভাজক সংখ্যা $= (৪ + ১) \times (২ + ১) \times (১ + ১)$

$= ৫ \times ৩ \times ২ = ৩০$

$\therefore$ ১০০৮ সংখ্যাটির ৩০টি ভাজক পাওয়া যায়।

**০৬. ৫ এবং ৯৫ এর মধ্যে ৫ এবং ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কতটি?**

**সমাধান :** ৫ ও ৩-এর ল. সা. গু. = ৫ × ৩ = ১৫

$\therefore$ ৫ ও ৯৫-এর মধ্যে ৫ এবং ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা

= ৫ ও ৯৫-এর মধ্যে ১৫ দ্বারা বিভাজ্য সংখ্যা

= ১৫ থেকে ৯০ পর্যন্ত ১৫ দ্বারা বিভাজ্য সংখ্যা

$= \frac{৯০ - ১৫}{১৫} + ১ = \frac{৭৫}{১৫} + ১ = ৫ + ১ = ৬$টি।

CamScanner

০৭. ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯ তাদের সমষ্টি কত?

সমাধান : ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯, সে সকল সংখ্যা হচ্ছে ১৯, ২৯, ৫৯। সংখ্যা তিনটির সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭।

০৮. কোনো সংখ্যার ০.১̇ ভাগ এবং ০.১ ভাগের মধ্যে পার্থক্য ১.০ হলে, সংখ্যাটি কত?

সমাধান : ধরি, সংখ্যাটি ক

এখানে, $০.১̇ = \frac{১}{৯}$ এবং $০.১ = \frac{১}{১০}$

প্রশ্নমতে, $\frac{ক}{৯} - \frac{ক}{১০} = ১$

বা, $\frac{১০ক - ৯ক}{৯০} = ১$

$\therefore ক = ৯০$

$\therefore$ সংখ্যাটি ৯০।

## ০৮ গড়

এক জাতীয় কতিপয় রাশির সমষ্টিকে উক্ত রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে যে ভাগফল পাওয়া যায়, তাকে রাশিগুলোর গড় বলে। যেমন : ক-এর বয়স ১৩ বছর, খ-এর বয়স ১৪ বছর এবং গ-এর বয়স ১৫ বছর। তাহলে, তাদের তিন জনের (ক, খ ও গ) মোট বয়স = (১৩ + ১৪ + ১৫) = ৪২ বছর। অতএব, ঐ তিন জনের গড় বয়স = (৪২ ÷ ৩) বছর = ১৪ বছর।

**গড়বিষয়ক প্রয়োজনীয় সূত্র :**

- ☐ $\text{গড়} = \frac{\text{এক জাতীয় কতিপয় রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$
- ☐ গড় × রাশির সংখ্যা = এক জাতীয় কতিপয় রাশির সমষ্টি।
- ☐ ক্রমিক সংখ্যাগুলোর ক্ষেত্রে, $\text{গড়} = \frac{\text{১ম পদ + শেষ পদ}}{২}$

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

০১. ৫টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮টি সংখ্যার গড় কত?

সমাধান : ৫টি সংখ্যার সমষ্টি = (৪০ × ৫) = ২০০

অন্য ৩টি " " = (২২ × ৩) = ৬৬

$\therefore$ মোট ৮ টি সংখ্যার সমষ্টি = ২০০ + ৬৬ = ২৬৬

$\therefore$ ৮ " " গড় $= \frac{২৬৬}{৮} = ৩৩.২৫$

০২. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪টির গড় ৫২ এবং শেষের ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?

সমাধান : প্রথম ৪টি সংখ্যার গড় ৫২

$\therefore$ " ৪ " " সমষ্টি = ৫২ × ৪ = ২০৮

শেষের ৫ " " গড় ৩৮

$\therefore$ " ৫ " " সমষ্টি = ৩৮ × ৫ = ১৯০

$\therefore$ ৯টি সংখ্যার সমষ্টি = (২০৮ + ১৯০) = ৩৯৮

$\therefore$ ৫ম সংখ্যাটি = (৪৬২ − ৩৯৮) = ৬৪

০৩. ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

সমাধান : ধরি, সংখ্যাটি 'x'

শর্তমতে, $\frac{৬+৮+১০}{৩} = \frac{৭+৯+x}{৩}$

বা, ২৪ = ১৬ + x $\therefore x = ৮$

০৪. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ নতুন ছাত্রী ভর্তি হওয়াতে বয়সের গড় ৪ মাস কমে গে নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

সমাধান : ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর

$\therefore$ ২০ " " মোট বয়স = (২০ × ১২) "

= ২৪০ বছর

৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় মোট ছাত্রী সংখ্যা দাঁড়ায় = (২০+৪

= ২৪ জ

বয়সের গড় কমে হয় ১১ বছর ৮ মাস বা $১১\frac{২}{৩}$ বছর

$\therefore$ ২৪ জন ছাত্রীর মোট বয়স হবে $= ১১\frac{২}{৩} \times ২৪$ বছর

$= \left(\frac{৩৫}{৩} \times ২৪\right)$ " = ২৮০ বছ

সুতরাং নতুন ৪ জন ছাত্রীর মোট বয়স = (২৮০ − ২৪০) বছ

= ৪০ বছর

$\therefore$ " ৪ " " গড় বয়স = (৪০ ÷ ৪) বছর

= ১০ বছর।

০৫. ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

সমাধান : ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় $= \frac{\text{প্রথম সংখ্যা + শেষ সং}}{২}$

$= \frac{১+৪৯}{২}$

$= \frac{৫০}{২} = ২৫$

CamScanner

# খ. বীজগণিত

## ০১ উৎপাদক

**উৎপাদক (Factor) :** যদি একটি রাশি দুই বা ততোধিক রাশির গুণফলের সমান হয় তাহলে শেষোক্ত রাশিগুলোর প্রত্যেকটিকে প্রথমোক্ত রাশির উৎপাদক বা গুণনীয়ক বলে। কোনো বীজগণিতীয় রাশির সম্ভাব্য সকল উৎপাদক বের করে একে লব্ধ উৎপাদকগুলোর গুণফলরূপে প্রকাশ করাকে উৎপাদকে বিশ্লেষণ বলা হয়।

### গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. উৎপাদকে বিশ্লেষণ করুন : $x^2-2ax+(a+b)(a-b)$**

**সমাধান :** $x^2-2ax+(a+b)(a-b)$
$=x^2-2ax+a^2-b^2$
$=(x-a)^2-b^2$
$=(x-a-b)(x-a+b)$

**০২. $x^2+2xy-2y-1$ এর উৎপাদক কত?**

**সমাধান :** $x^2+2xy-2y-1$
$=x^2-1+2xy-2y$
$=(x+1)(x-1)+2y(x-1)$
$=(x+2y+1)(x-1)$

**০৩. $x^2+x-(a+1)(a+2)$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।**

**সমাধান :** $x^2+x-(a+1)(a+2)$
$=x^2+x-(a+1)(a+1+1)$
$=x^2+x-p(p+1)$ [ধরি, $(a+1)=p$]
$=x^2+x-p^2-p$
$=x^2-p^2+x-p$
$=(x-p)(x+p)+(x-p)$
$=(x-p)(x+p+1)$
$=\{x-(a+1)\}\{x+(a+1)+1\}$ [মান বসাইয়া]
$=(x-a-1)(x+a+2)$

**০৪. $2x^2-x-15$ এর উৎপাদক হবে—**

**সমাধান :** $2x^2-x-15$
$=2x^2-6x+5x-15$
$=2x(x-3)+5(x-3)$
$=(2x+5)(x-3)$

**০৫. $a^4+a^2b^2+b^4$ এর উৎপাদক কত?**

**সমাধান :** $a^4+a^2b^2+b^4=(a^2)^2+2a^2b^2+(b^2)^2-a^2b^2$
$=(a^2+b^2)^2-(ab)^2$
$=(a^2+ab+b^2)(a^2-ab+b^2)$

**০৬. $x^2-x-20$ এর উৎপাদকে বিশ্লেষণ কর।**

**সমাধান :** $x^2-x-20=x^2-5x+4x-20$
$=x(x-5)+4(x-5)$
$=(x-5)(x+4)$

**০৭. $1+6x-7x^2$ এর উৎপাদক কত?**

**সমাধান :** $1+6x-7x^2$
$=-(7x^2-6x-1)$
$=-(7x^2-7x+x-1)$
$=-\{7x(x-1)+1(x-1)\}$
$=-(x-1)(7x+1)$
$=(1-x)(7x+1)$

**০৮. $a^3-9b^3+(a+b)^3$ এর উৎপাদক কত?**

**সমাধান :** $a^3-9b^3+(a+b)^3$
$=a^3-b^3+(a+b)^3-8b^3$
$=a^3-b^3+(a+b)^3-(2b)^3$
$=(a-b)(a^2+ab+b^2)+(a+b-2b)$
$\{(a+b)^2+(a+b)2b+(2b)^2\}$
$=(a-b)(a^2+ab+b^2)+(a-b)$
$(a^2+2ab+b^2+2ab+2b^2+4b^2)$
$=(a-b)(a^2+ab+b^2+a^2+4ab+7b^2)$
$=(a-b)(2a^2+5ab+8b^2)$

**০৯. $-4a^2+23a+6$ এর উৎপাদক কত?**

**সমাধান :** $-4a^2+23a+6$
$=-(4a^2-23a-6)$
$=-(4a^2-24a+a-6)$
$=-\{4a(a-6)+1(a-6)\}$
$=-(a-6)(4a+1)$
$=(6-a)(4a+1)$

**১০. $x^3+6x^2y+11xy^2+6y^3$ এর উৎপাদকে বিশ্লেষণ কর।**

**সমাধান :** $x^3+6x^2y+11xy^2+6y^3$
$=x^3+x^2y+5x^2y+5xy^2+6xy^2+6y^3$
$=x^2(x+y)+5xy(x+y)+6y^2(x+y)$
$=(x+y)(x^2+5xy+6y^2)$
$=(x+y)(x^2+3xy+2xy+6y^2)$
$=(x+y)(x+3y)(x+2y)$

CamScanner

# ০২ বর্গ ও ঘনসংবলিত সূত্রাবলি ও প্রয়োগ

## বর্গের সূত্রাবলি

1. $(a+b)^2 = a^2 + 2ab + b^2$
2. $(a+b)^2 = (a-b)^2 + 4ab$
3. $a^2 + b^2 = \frac{1}{2}\{(a+b)^2 + (a-b)^2\}$
4. $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$
5. $2(a^2 + b^2) = (a+b)^2 + (a-b)^2$
6. $(a-b)^2 = a^2 - 2ab + b^2$
7. $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
8. $a^2 - b^2 = (a+b)(a-b)$
9. $4ab = (a+b)^2 - (a-b)^2$
10. $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
11. $(x+a)(x+b) = x^2 + (a+b)x + ab$
12. $(x+a)(x-b) = x^2 + (a-b)x - ab$
13. $(x-a)(x+b) = x^2 + (b-a)x - ab$
14. $(x-a)(x-b) = x^2 - (a+b)x + ab$
15. $(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$
$= a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$
16. $(a-b-c)^2 = a^2 + b^2 + c^2 - 2ab + 2bc - 2ca$
17. $a^2 + b^2 + c^2 = (a+b+c)^2 - 2(ab + bc + ca)$
18. $2(ab + bc + ca) = (a+b+c)^2 - (a^2 + b^2 + c^2)$
19. $ab + bc + ca = \frac{1}{2}\{(a+b+c)^2 - (a^2 + b^2 + c^2)\}$

## ঘন-এর সূত্রাবলি

1. $(a+b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3$
2. $(a-b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3$

## উৎপাদক-এর সূত্রাবলি

1. $a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$
2. $a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$
3. $(a+b)^3 = a^3 + b^3 + 3ab(a+b)$
4. $(a-b)^3 = a^3 - b^3 - 3ab(a-b)$

## মান নির্ণয়-এর সূত্রাবলি

1. $a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b)$
2. $a^3 - b^3 = (a-b)^3 + 3ab(a-b)$
3. $a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc$
4. $a^3 + b^3 + c^3 - 3abc = \frac{1}{2}(a+b+c)\{(a-b)^2 + (b-c)^2 + (c$

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

০১. $x^2 - 3x + 1 = 0$ হলে, $\left(x^2 - \frac{1}{x^2}\right)$ এর মান—

সমাধান : $x^2 - 3x + 1 = 0$

$\Rightarrow x^2 + 1 = 3x$

$\Rightarrow \frac{x^2+1}{x} = 3$

$\therefore x + \frac{1}{x} = 3$

এবং $x - \frac{1}{x} = \sqrt{\left(x + \frac{1}{x}\right)^2 - 4.x.\frac{1}{x}}$

$= \sqrt{(3)^2 - 4}$

$= \sqrt{9-4}$

$\therefore x - \frac{1}{x} = \sqrt{5}$

এখন, $x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)$

$= 3\sqrt{5}$

০২. $x^2 - 8x - 8y + 16 + y^2$-এর সঙ্গে কত যোগ করলে একটি পূর্ণবর্গ হবে?

সমাধান : $x^2 - 8x - 8y + 16 + y^2$

$= x^2 + y^2 + (-4)^2 + 2xy + 2y(-4) + 2(-4)x$

$= (x + y - 4)^2 - 2xy$

সুতরাং, পূর্ণবর্গ করতে হলে $2xy$ যোগ করতে হবে।

০৩. $x^2 + \frac{1}{x^2}$ এর কোন মানের জন্য $x^2 - \frac{1}{x^2} = 0$ হবে?

সমাধান : দেওয়া আছে, $x^2 - \frac{1}{x^2} = 0$

$\Rightarrow \left(x^2 - \frac{1}{x^2}\right)^2 = 0$ [বর্গ করে]

$\Rightarrow \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 4.x^2.\frac{1}{x^2} = 0$

$\Rightarrow \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 = 4$

$\therefore x^2 + \frac{1}{x^2} = 2$

CamScanner

০৪. $a+b+c=9, a^2+b^2+c^2=29$ হলে, $ab+bc+ca$ এর মান কত?

**সমাধান :** $ab+bc+ca=\frac{(a+b+c)^2-(a^2+b^2+c^2)}{2}$

$=\frac{81-29}{2}=\frac{52}{2}=26$

০৫. যদি $x=1+\sqrt{2}$ এবং $y=1-\sqrt{2}$ হয়, তাহলে $(x^2+y^2)$ এর মান কত?

**সমাধান :** দেওয়া আছে, $x=1+\sqrt{2}$ এবং $y=1-\sqrt{2}$

$\therefore x^2+y^2=\frac{(x+y)^2+(x-y)^2}{2}$

$=\frac{\left(1+\sqrt{2}+1-\sqrt{2}\right)^2+\left(1+\sqrt{2}-1+\sqrt{2}\right)^2}{2}$

$=\frac{(2)^2+\left(2\sqrt{2}\right)^2}{2}=\frac{4+8}{2}=6$

০৬. $x-\frac{1}{x}=2$ হলে $x^4+\frac{1}{x^4}=$ কত?

**সমাধান :** $x^4+\frac{1}{x^4}$

$=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2.x^2.\frac{1}{x^2}$

$=\left\{\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}\right\}^2-2$

$=\{(2)^2+2\}^2-2$

$=(4+2)^2-2$

$=6^2-2=36-2=34$

০৭. $x=\sqrt{3}+\sqrt{2}$ হলে, $x^3+\frac{1}{x^3}$ এর মান কত?

**সমাধান :** $x=\sqrt{3}+\sqrt{2}$

$\Rightarrow \frac{1}{x}=\frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$

$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{\left(\sqrt{3}+\sqrt{2}\right)\left(\sqrt{3}-\sqrt{2}\right)}$

$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{\left(\sqrt{3}\right)^2-\left(\sqrt{2}\right)^2}$

$\Rightarrow \frac{1}{x}=\frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$

$\therefore \frac{1}{x}=\sqrt{3}-\sqrt{2}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2}=2\sqrt{3}$

এখন, $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=\left(2\sqrt{3}\right)^3-3\times 2\sqrt{3}$

$=8\times 3\sqrt{3}-6\sqrt{3}$

$=24\sqrt{3}-6\sqrt{3}$

$=18\sqrt{3}$

০৮. $a+b+c=0$ হলে, $a^3+b^3+c^3$ এর মান কত?

**সমাধান :** $a^3+b^3+c^3$

$=a^3+b^3+c^3-3abc+3abc$

$=(a+b+c)(a^2+b^2+c^2-ab-bc-ca)+3abc$

$=0+3abc$

$=3abc$

০৯. $2x-\frac{2}{x}=3$ হলে, $8\left(x^3-\frac{1}{x^3}\right)$ এর মান কত?

**সমাধান :** দেওয়া আছে, $2x-\frac{2}{x}=3$

বা, $2\left(x-\frac{1}{x}\right)=3$

$\therefore x-\frac{1}{x}=\frac{3}{2}$

$\therefore 8\left(x^3-\frac{1}{x^3}\right)=8\left\{\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)\right\}$

$=8\left\{\left(\frac{3}{2}\right)^3+3.\frac{3}{2}\right\}$

$=8\left(\frac{27}{8}+\frac{9}{2}\right)$

$=8\left(\frac{27+36}{8}\right)$

$=8.\frac{63}{8}$

$=63$

১০. $x+\frac{1}{x}=2$ হলে $\frac{x}{x^2+x-1}$ এর মান কত?

**সমাধান :** $x+\frac{1}{x}=2$

$\Rightarrow x^2+1=2x$

$\Rightarrow x^2-2x+1=0$

$\Rightarrow (x-1)^2=0$

$\Rightarrow x-1=0$

$\therefore x=1$

এখন, $\frac{x}{x^2+x-1}=\frac{1}{1^2+1-1}=\frac{1}{1}=1$

CamScanner

## ০৩ গ.সা.গু. ও ল.সা.গু

**গ.সা.গু.** : দুই বা ততোধিক রাশির অন্তর্গত সর্বোচ্চ সংখ্যক সাধারণ মৌলিক গুণনীয়কের ধারাবাহিক গুণফলকে ঐ রাশিগুলোর গ.সা.গু. বলা হয়। যেমন : $x^2y^3z^4$, $x^4y^2z^2$ এবং $x^3y^4z^3$ এ রাশি তিনটির গ.সা.গু. $x^2y^2z^2$।

**ল.সা.গু.** : দুই বা ততোধিক রাশির মধ্যে সাধারণ গুণিতকের সবচেয়ে ছোট গুণিতকটিকে লঘিষ্ঠ সাধারণ গুণিতক বা ল.সা.গু. বলে। $x^2y^3z^4$, $x^4y^2z^2$ এবং $x^3y^4z^3$ এ রাশি তিনটির ল. সা. গু. $x^4y^4z^4$।

### গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. $(4x^2-16)$ এবং $6x^2+24x+24$ এর গ.সা.গু.—**

সমাধান : ১ম রাশি $= 4x^2-16$
$= 4(x^2-4)$
$= 2.2(x+2)(x-2)$
২য় রাশি $= 6x^2+24x+24$
$= 6(x^2+4x+4)$
$= 2.3(x+2)^2$
∴ নির্ণেয় গ.সা.গু. $= 2(x+2)$

**০২. $x^2-y^2, x^3-y^3, x^4+x^2y^2+y^4$ রাশিগুলোর গ.সা.গু. কত?**

সমাধান : ১ম রাশি $= x^2-y^2$
$= (x+y)(x-y)$
২য় রাশি $= x^3-y^3$
$= (x-y)(x^2+xy+y^2)$
৩য় রাশি $= x^4+x^2y^2+y^4$
$= (x^2)^2+2x^2y^2+(y^2)^2-x^2y^2$
$= (x^2+y^2)^2-(xy)^2$
$= (x^2+xy+y^2)(x^2-xy+y^2)$
∴ গ.সা.গু. $= 1$

**০৩. $x^3-1, x^3+1, x^4+x^2+1$-এর ল.সা.গু. কত?**

সমাধান :
১ম রাশি $= x^3-1 = (x-1)(x^2+x+1)$
২য় রাশি $= x^3+1 = (x+1)(x^2-x+1)$
৩য় রাশি $= x^4+x^2+1$
$= (x^2)^2+2.x^2.1+(1)^2-(x)^2$
$= (x^2+1)^2-(x)^2$
$= (x^2+x+1)(x^2-x+1)$
∴ ল.সা.গু. $= (x-1)(x^2+x+1)(x+1)(x^2-x+1)$
$= (x^3-1)(x^3+1)$
$= x^6-1$

**০৪. $x^2-y^2, x^2+xy+y^2, x^3-y^3$ রাশিত্রয়ের ল.সা.গু. কত?**

সমাধান : ১ম রাশি $= x^2-y^2 = (x+y)(x-y)$
২য় রাশি $= x^2+xy+y^2$
৩য় রাশি $= x^3-y^3 = (x-y)(x^2+xy+y^2)$
∴ রাশিত্রয়ের ল.সা.গু. $= (x+y)(x-y)(x^2+xy+y^2)$
$= (x^2-y^2)(x^2+xy+y^2)$

**০৫. $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$ বীজগাণিতিক দুটির গ.সা.গু. কত?**

সমাধান : ১ম রাশি $= x^2-11x+30$
$= x^2-6x-5x+30$
$= x(x-6)-5(x-6)$
$= (x-6)(x-5)$
২য় রাশি $= x^3-4x^2-2x-15$
$= x^3-5x^2+x^2-5x+3x-15$
$= x^2(x-5)+x(x-5)+3(x-5)$
$= (x-5)(x^2+x+3)$
∴ গ.সা.গু. $= (x-5)$

## ০৪ বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ

**সমীকরণ** : কমপক্ষে একটি বীজগণিতীয় রাশিসহ দুটি রাশিকে সমান (=) চিহ্ন দ্বারা যুক্ত করলে ঐ সম্পর্কটিকে সমীকরণ বলে। সমীকরণের (=) চিহ্নের বামপাশের রাশিকে বামপক্ষ এবং ডানপাশের রাশিকে ডানপক্ষ বলে। যেমন : $x+5=14$, $x^2+5x+6=0$, $2x=3$ ইত্যাদি সমীকরণ।

**সরল সমীকরণ** : যে সমীকরণে একঘাতবিশিষ্ট একটিমাত্র অজ্ঞাত রাশি থাকে, তাকে সরল সমীকরণ বলা হয়। যেমন : $x-13=0$, $3x+5=3$ ইত্যাদি সরল সমীকরণ।

CamScanner

**সহ-সমীকরণ** : অজ্ঞাত রাশিসমূহের মান দ্বারা একাধিক সমীকরণ যুগপৎ সিদ্ধ হলে, সমীকরণসমূহকে একত্রে সহ-সমীকরণ বলা হয়।

**অনুক্রম (Sequence)** : কতকগুলো সংখ্যা বা রাশিকে একটি নির্দিষ্ট নিয়মানুসারে প্রথম, দ্বিতীয়, তৃতীয়,... এভাবে ধারাবাহিকভাবে সাজানোই হলো অনুক্রম। যেমন : 1, 3, 5, 7, 9, 11, ... গঠিত অনুক্রমের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ... সংখ্যা বা রাশিকে যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ... পদ বলে।

**ধারা (Series)** : অনুক্রমের পদ বা সংখ্যাগুলোর সমষ্টি হলো ধারা। যেমন : $1+3+5+7+...+125$ হলো একটি ধারা, যার প্রথম পদ 1 ও শেষ পদ 125।

**সসীম বা সান্ত ধারা (Finite Series)** : কোনো ধারার পদসংখ্যা সসীম হলে তাকে সসীম বা সান্ত ধারা বলে। যেমন : $1+2+3+...+100$ একটি সসীম বা সান্ত ধারা।

**অসীম ধারা (Infinite Series)** : কোনো ধারার পদসংখ্যা অসীম হলে তাকে অসীম ধারা বলে। যেমন : $1+2+3+...$ একটি অসীম ধারা। এ ধরনের ধারায় সুনির্দিষ্ট কোনো পদসংখ্যা পাওয়া যায় না।

**সমান্তর ধারা (Arithmetic Series)** : যে ধারায় কোনো পদকে তার পরবর্তী পদ থেকে বিয়োগ করলে একই সংখ্যা বা রাশি পাওয়া যায়, তাকে সমান্তর ধারা বলে। এই বিয়োগফলকে ধারার সাধারণ অন্তর বলে। উল্লেখ্য, সাধারণ অন্তর ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে। যেমন : $5+11+17+23+...+59$ একটি সমান্তর ধারা, যার সাধারণ অন্তর 6।

**সমান্তর ধারার সাধারণ পদ বা n তম পদ** : একটি সমান্তর ধারার প্রথম পদ a, সাধারণ অন্তর d হলে, n তম পদ $= a+(n-1)d$.

**সমান্তর ধারার n সংখ্যক পদের সমষ্টি** : একটি সমান্তর ধারার প্রথম পদ a, সাধারণ অন্তর d হলে,

n সংখ্যক পদের সমষ্টি, $S_n = \frac{n}{2}\{2a+(n-1)d\}$

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি, $S_n = \frac{n(n+1)}{2}$ এখানে, n= পদ সংখ্যা

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি, $S_n = \frac{n(n+1)(2n+1)}{6}$ এখানে, n = পদ সংখ্যা

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি, $S_n = \left(\frac{n(n+1)}{2}\right)^2$ এখানে, n = পদ সংখ্যা

**গুণোত্তর ধারা (Geometric Series)** : যে ধারার কোনো পদের সাথে তার পরবর্তী পদের অনুপাত সর্বদাই সমান হয়, তাকে গুণোত্তর ধারা বলে। যেমন : $3+6+12+24+...+192$ একটি গুণোত্তর ধারা।

**গুণোত্তর ধারার সাধারণ পদ বা n তম পদ** : কোনো গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত r হলে, n তম পদ $= ar^{n-1}$

**গুণোত্তর ধারার n সংখ্যক পদের সমষ্টি** : গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত r হলে, ধারাটির n সংখ্যক পদের সমষ্টি,

$S_n = \frac{a(1-r^n)}{1-r}$; যেখানে $r<1$

এবং $S_n = \frac{a(r^n-1)}{r-1}$; যেখানে $r>1$

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. মামুন 240 টাকায় একই রকম কতগুলো কলম কিনে দেখল যে, যদি সে একটি কলম বেশি পেত তাহলে প্রতিটি কলমের মূল্য 1 টাকা কম পড়ত। সে কতগুলো কলম কিনেছিল?**

সমাধান : ধরি, সে কলম কিনেছিল xটি

প্রতিটি কলমের দাম $= \frac{240}{x}$ টাকা

আবার, 1টি কলম বেশি পেলে কলমের দাম $= \frac{240}{x+1}$ টাকা

প্রশ্নমতে, $\frac{240}{x} - \frac{240}{x+1} = 1$

$\Rightarrow \frac{240x+240-240x}{x(x+1)} = 1$

$\Rightarrow 240 = x^2+x$

$\Rightarrow x^2+x-240=0$

$\Rightarrow x^2+16x-15x-240=0$

$\Rightarrow x(x+16)-15(x+16)=0$

$\Rightarrow (x-15)(x+16)=0$

হয়, $x-15=0$ অথবা, $x+16=0$

$\therefore x=15$ $\therefore x \neq -16$ (গ্রহণযোগ্য নয়)

$\therefore$ সে 15টি কলম কিনেছিল।

**০২. একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ২৫ পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট ৭৫ টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?**

সমাধান : মনে করি, ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন

প্রশ্নমতে, $x(x+২৫) = ৭৫ \times ১০০$ [$\because$ ৭৫ টাকা = ৭৫০০ পয়সা]

$\Rightarrow x^২+২৫x-৭৫০০=০$

$\Rightarrow x^২+১০০x-৭৫x-৭৫০০=০$

$\Rightarrow x(x+১০০) - ৭৫(x+১০০) = ০$

$\Rightarrow (x-৭৫)(x+১০০) = ০$

হয়, $x - ৭৫ = ০$ অথবা, $x + ১০০ = ০$

$\therefore x = ৭৫$ $\quad\quad$ $\therefore x = -১০০$ [যা গ্রহণযোগ্য মান নয়]

$\therefore$ ঐ শ্রেণীতে ৭৫ জন ছাত্র-ছাত্রী আছে।

**০৩. একজন ব্যাটসম্যান বাউন্ডারি ও ওভার বাউন্ডারির মাধ্যমে ৯৬ রান করেন। বাউন্ডারি ও ওভার বাউন্ডারির সংখ্যা ২১টি। তার ওভার বাউন্ডারির সংখ্যা কত?**

সমাধান : মনে করি,

ওভার বাউন্ডারির সংখ্যা = xটি

$\therefore$ বাউন্ডারির সংখ্যা = $(২১ - x)$টি

শর্তমতে, $৪(২১ - x) + ৬x = ৯৬$

বা, $৮৪ - ৪x + ৬x = ৯৬$

বা, $২x = ১২$

$\therefore x = ৬$

$\therefore$ ওভার বাউন্ডারির সংখ্যা ৬টি।

**০৪. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যা, অঙ্কদ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়। অঙ্ক দুটির যোগফল 12 হলে সংখ্যাটি কত?**

সমাধান : সংখ্যাটি 57 হলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করার পর হয় 75 এবং পার্থক্য $(75 - 57) = 18$।

সংখ্যাটি 39 হলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করার পর হয় 93 এবং পার্থক্য $(93 - 39) = 54$। অঙ্ক দুটির যোগফল $(9 + 3) = 12$, যা অঙ্কের শর্তকে সিদ্ধ করে।

$\therefore$ নির্ণেয় সংখ্যাটি 39।

**০৫. $6 + 12 + 18 + 24 + \ldots$ ধারাটির প্রথম 10টি পদের যোগফল কত?**

সমাধান : ধারাটির ১ম পদ, $a = 6$

সাধারণ অন্তর, $d = 12 - 6 = 6$

আমরা জানি,

সমান্তর ধারার প্রথম n সংখ্যক পদের সমষ্টি, $S_n = \frac{n}{2}\{2a + (n-1)d\}$

$\therefore$ ধারাটির প্রথম 10টি পদের সমষ্টি, $S_{10} = \frac{10}{2}\{2a + (10-1)d\}$

$= 5\{2 \times 6 + 9 \times 6\}$

$= 5 \times 66 = 330$

**০৬. একটি সমান্তর অনুক্রমে সাধারণ অন্তর 10 এবং 6-তম পদটি 52 হলে 15-তম পদটি—**

সমাধান : দেওয়া আছে, সাধারণত অন্তর, $d = 10$

মনে করি, ধারাটির প্রথম পদ = a

n-তম পদ $= a + (n-1)d$

$\therefore$ 6-তম " $= a + (6-1)d$

$\Rightarrow 52 = a + 5 \times 10$

$\Rightarrow a = 52 - 50$

$\therefore a = 2$

$\therefore$ 15-তম পদ $= (a + 15 - 1)d$

$= 2 + (15-1) \times 10$

$= 2 + 140 = 142$

**০৭. একটি গুণোত্তর অনুক্রমে তৃতীয় পদটি 20 এবং ষষ্ঠ (6-ষ্ঠ) পদটি 160 হলে, প্রথম পদটি–**

সমাধান : প্রথম পদ a ও সাধারণ অনুপাত q হলে,

$aq^2 = 20$ ... (i) $[\because a_n = a.q^{n-1}]$

$aq^5 = 160$ ... (ii)

(ii) + (i) $\Rightarrow$

$$\frac{aq^5}{aq^2} = \frac{160}{20}$$

$\Rightarrow q^3 = 8$

$\Rightarrow q^3 = 2^3$

$\therefore q = 2$

(i) নং হতে, $a.(2)^2 = 20$

$\Rightarrow a = \frac{20}{4}$

$\therefore a = 5$

**০৮. যদি $-5, p, q, 16$ সমান্তর অনুক্রমে থাকে, তাহলে p ও q এর মান হবে যথাক্রমে–**

সমাধান : এখানে, $a = -5$;

আমরা জানি, n তম পদ $= a + (n-1)d$

চতুর্থ পদ, $a + (4-1)d = 16$

$\Rightarrow -5 + 3d = 16$

$\therefore d = 7$

২য় পদ, $p = -5 + (2-1) \times 7 = 2$

৩য় পদ, $q = -5 + (3-1) \times 7 = 9$

**০৯. $5 + 8 + 11 + 14 + \ldots$ ধারাটির কততম পদ 302 ?**

সমাধান :

এখানে, প্রথম পদ, $a = 5$ এবং সাধারণ অন্তর, $d = 8 - 5 = 3$

আমরা জানি, n তম পদ $= a + (n-1)d$

মনে করি, n তম পদ = 302

প্রশ্নমতে, $302 = a + (n-1)d$

$\Rightarrow 302 = 5 + (n-1)3$

$\Rightarrow 3n - 3 + 5 = 302$

$\Rightarrow 3n = 300$

$\therefore n = 100$

সুতরাং প্রদত্ত ধারার 100তম পদ হবে 302।

**১০. ৫, ৭, ১০, ১৪, —, ২৫ ধারায় শূন্যস্থানের সংখ্যাটি কত?**

সমাধান : ২য় পদ = ১ম পদ + ২ = ৫ + ২ = ৭

৩য় পদ = ২য় পদ + ৩ = ৭ + ৩ = ১০

৪র্থ পদ = ৩য় পদ + ৪ = ১০ + ৪ = ১৪

$\therefore$ ৫ম পদ = ৪র্থ পদ + ৫ = ১৪ + ৫ = ১৯

$\therefore$ শূন্যস্থানের সংখ্যাটি হবে ১৯।

CamScanner

১১. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, — পরবর্তী সংখ্যাটি কত?

**সমাধান :** ৮ + ৩ = ১১
১১ + ৬ = ১৭
১৭ + ১২ = ২৯
২৯ + ২৪ = ৫৩
∴ পরবর্তী সংখ্যাটি = ৫৩ + ৪৮
= ১০১

১২. $\frac{1}{\sqrt{3}}, -1, \sqrt{3}, \ldots$ ধারাটির পঞ্চম পদ কত?

**সমাধান :** ধারাটির ১ম পদ, $a = \frac{1}{\sqrt{3}}$

সাধারণ অনুপাত, $r = \frac{-1}{\frac{1}{\sqrt{3}}} = -\sqrt{3}$

আমরা জানি, n তম পদ $= ar^{n-1}$
∴ ধারাটির পঞ্চম পদ $= ar^{5-1}$
$= ar^4$
$= \frac{1}{\sqrt{3}}\left(-\sqrt{3}\right)^4$ [ মান বসিয়ে]
$= \frac{1}{\sqrt{3}} \times \sqrt{3} \times \sqrt{3} \times \sqrt{3} \times \sqrt{3}$
$= 3\sqrt{3}$

## ০৫ সূচক ও লগারিদমের সূত্র ও প্রয়োগ

**সূচক (Exponent) :** কোনো রাশিতে একই উৎপাদক অর্থাৎ পূর্ণসংখ্যা, মূলদ, অমূলদ, ধনাত্মক, ঋণাত্মক, দশমিক এবং ভগ্নাংশ যতবার গুণ আকারে থাকে তাকে ঐ উৎপাদকের সূচক বলে। সূচকের ভিত্তিই হলো উৎপাদক।

**শক্তি বা ঘাত (Power) :** কোনো সংখ্যাকে সেই সংখ্যা দিয়ে বার বার গুণ করা হলে যতবার গুণ করা হয় সে সংখ্যাকে ঐ সংখ্যার শক্তি বলা হয়। যথা : $a \times a = a^2, a \times a \times a = a^3, a \times a \times a \times a = a^4$. এখানে 'a'-এর ভিন্ন ভিন্ন শক্তি 2, 3, 4।

এর n সংখ্যক ক্রমিক গুণফলকে $a^n$ হিসেবে প্রকাশ করা হলে n কে a এর Power বা ঘাত ও a কে ভিত্তি বলা হয়। যেমন : $a^n$-এ n হলো এর Power বা ঘাত। আর a হলো ভিত্তি। সূচক অঙ্কে ভিত্তি একই হলে Power বা ঘাত যোগ বা বিয়োগ হয়। কোনো সংখ্যার ঘাত বা শক্তি শূন্য হলে সংখ্যাটির মান 1 হয়। যেমন : $a^\circ = 1$

**সহগ (Coefficient) :** কোনো বীজগণিতীয় সরল রাশির পূর্বে গুণকরূপে অবস্থিত অঙ্ক, অক্ষর বা উভয়কে ঐ রাশির পরবর্তী অংশের সহগ বলে। যেমন : 2xyz সরল রাশিটিতে 2, xyz-এর সহগ; 2x, yz-এর সহগ ও 2xy, z-এর সহগ। কোনো সহগ শুধু অঙ্ক হলে তাকে সংখ্যা সহগ বলে। যেমন : 3xy সরল রাশিটির সংখ্যা সহগ 3 কিন্তু সহগটি অঙ্ক না হলে তাকে আক্ষরিক সহগ বলে।

**প্রয়োজনীয় সূত্র :**

m, n যে-কোনো পূর্ণসংখ্যা হলে—

i. $a^m.a^n = a^{m+n}$; ii. $\frac{a^m}{a^n} = a^{m-n}$; iii. $(a^m)^n = a^{mn}, a \neq 0$; iv. $(ab)^n = a^n b^n$ v. $\left(\frac{a}{b}\right)^n = \frac{a^n}{b^n}, b \neq 0$

vi. $\sqrt[m]{a^n} = a^{\frac{n}{m}}$ vii. $a^x = a^y$ হলে, $x = y$ viii. $a^x = b^x$ হলে, $a = b$; ix. $a^0 = 1$; x. $a^{-1} = \frac{1}{a}$

**লগারিদম (Logarithm) :** Logos এবং arithmas নামক দুটি গ্রিক শব্দ হতে Logarithm শব্দটির উৎপত্তি। Logos অর্থ আলোচনা এবং arithmas অর্থ সংখ্যা। সুতরাং Logarithm শব্দের অর্থ হলো সংখ্যা নিয়ে আলোচনা।

যদি $a^x = n$ হয়, যেখানে $a > 0$ এবং $a \neq 1$ তবে x-কে n এর a ভিত্তিক লগারিদম বা সংক্ষেপে লগ বলা হয় এবং লেখা হয় $x = \log_a n$. এখানে, $\log_a n$ কে a ভিত্তিক লগ n বলা হয়।
মনে রাখতে হবে যে, $a^x = n$ এবং $x = \log_a n$ সমার্থক।

কোনো লগারিদম যদি x হয় অর্থাৎ যদি $\log N = x$ হয়, তবে N কে x এর প্রতিলগ বলা হয় এবং $N = \text{antilog } x$ লেখা হয়। শুধু ধনাত্মক সংখ্যার লগারিদম আছে। শূন্য ও ঋণাত্মক সংখ্যার লগারিদম নেই। স্বাভাবিক লগারিদমকে e ভিত্তিক বা তত্ত্বীয় লগারিদম বলে। এটি আবিষ্কার করেন স্কটল্যান্ডের গণিতবিদ জন নেপিয়ার। ব্যবহারিক ক্ষেত্রে লগারিদমের ভিত্তি সাধারণত 10 ধরা হয়। 10 ভিত্তিক লগারিদমকে সাধারণ লগারিদম বলা হয়। এক্ষেত্রে ভিত্তি উহ্য রাখা হয়, অর্থাৎ $\log_{10} N$ বোঝাতে $\log N$ লেখা হয়।

CamScanner

## প্রয়োজনীয় সূত্র :

1. $a > 0$ এবং $a \neq 1$ হলে, (i) $\log_a 1 = 0$ (ii) $\log_a a = 1$
2. $\log_a(MN) = \log_a M + \log_a N$
3. $\log_a\left(\frac{M}{N}\right) = \log_a M - \log_a N$; যেখানে, $a > 0, a \neq 1$
4. M ধনাত্মক এবং r যে-কোনো বাস্তব সংখ্যা হলে, $\log_a M^r = r \log_a M$
5. $\log_a M = \frac{\log_b M}{\log_b a}$
6. $\log_a b = \frac{1}{\log_b a}$ অথবা, $\log_b a = \frac{1}{\log_a b}$

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. $\left(\frac{x^{p+q}}{x^{2r}}\right)\left(\frac{x^{q+r}}{x^{2p}}\right)\left(\frac{x^{p+r}}{x^{2q}}\right)$ এর মান কত?**

সমাধান : $\left(\frac{x^{p+q}}{x^{2r}}\right)\left(\frac{x^{q+r}}{x^{2p}}\right)\left(\frac{x^{p+r}}{x^{2q}}\right)$

$= (x^{p+q-2r})(x^{q+r-2p})(x^{p+r-2q})$

$= x^{p+q-2r+q+r-2p+p+r-2q}$

$= x^{2p+2q+2r-2p-2q-2r}$

$= x^0$

$= 1$

**০২. $\frac{2^{x+4} - 4 \times 2^{x+1}}{2^{x+2} + 2} = ?$**

সমাধান : $\frac{2^{x+4} - 4 \times 2^{x+1}}{2^{x+2} + 2} = \frac{2^x \times 2^4 - 4 \times 2^x \times 2^1}{2^x \times 2^2 + 2}$

$= \frac{16 \times 2^x - 8 \times 2^x}{\frac{4 \times 2^x}{2}}$

$= \frac{8 \times 2^x}{2 \times 2^x}$

$= 4$

**০৩. $\log_a x = 1$, $\log_a y = 2$ এবং $\log_a z = 3$ হলে, $\log_a\left(\frac{x^3y^2}{z}\right)$ এর মান কত?**

সমাধান : $\log_a\left(\frac{x^3y^2}{z}\right)$

$= \log_a(x^3y^2) - \log_a z$ $\left[\because \log_a\left(\frac{M}{N}\right) = \log_a M - \log_a N\right]$

$= \log_a x^3 + \log_a y^2 - \log_a z$ $[\because \log_a(MN) = \log_a M + \log_a N]$

$= 3\log_a x + 2\log_a y - \log_a z$

$= 3 \times 1 + 2 \times 2 - 3$ [মান বসিয়ে]

$= 3 + 4 - 3$

$= 4$

**০৪. যদি $(125)^{2x+3} = 5^{3x+6}$ হয়, তবে $x =$ কত?**

সমাধান : $(125)^{2x+3} = 5^{3x+6}$

$\Rightarrow 5^{3(2x+3)} = 5^{3x+6}$

$\Rightarrow 3(2x+3) = 3x+6$

$\Rightarrow 6x+9 = 3x+6$

$\Rightarrow 6x - 3x = 6 - 9$

$\Rightarrow 3x = -3$

$\therefore x = -1$

**০৫. $\log_x\left(\frac{1}{27}\right) = -3$ হলে, x এর মান—**

সমাধান : $\log_x\left(\frac{1}{27}\right) = -3$

$\Rightarrow x^{-3} = \frac{1}{27}$

$\Rightarrow x^{-3} = \frac{1}{3^3}$

$\Rightarrow x^{-3} = 3^{-3}$

$\therefore x = 3$ [যেহেতু Power বা ঘাত সমান]

**০৬. $\log_{2\sqrt{5}}(400) = x$ হলে, x এর মান কত?**

সমাধান : $\log_{2\sqrt{5}}(400) = \log_{2\sqrt{5}}(16 \times 25)$

$= \log_{2\sqrt{5}}(2\sqrt{5})^4$

$= 4\log_{2\sqrt{5}} 2\sqrt{5}$

$= 4$ $[\because \log_a a = 1]$

**০৭. $4^x + 4^x + 4^x + 4^x$ এর মান কত?**

সমাধান : $4^x + 4^x + 4^x + 4^x$

$= 4.\ 4^x = 2^2.\ 2^{2x} = 2^{2x+2}$

**০৮. $2\log_{10}5 + \log_{10}36 - \log_{10}9 = ?$**

সমাধান : $2\log_{10}5 + \log_{10}36 - \log_{10}9$

$= \log_{10}5^2 + \log_{10}36 - \log_{10}9$

$= \log_{10} \frac{25 \times 36}{9}$

$= \log_{10} 100$

$= \log_{10} 10^2$

$= 2\log_{10} 10 = 2 \times 1 = 2$

০৯. $4^x + 4^{1-x} = 4$ হলে, $x$ = কত?

**সমাধান :** $4^x + 4^{1-x} = 4$

$\Rightarrow 4^x + 4.\frac{1}{4^x} = 4$

$\Rightarrow a + 4.\frac{1}{a} = 4$ [ধরি, $a = 4^x$]

$\Rightarrow \frac{a^2 + 4}{a} = 4$

$\Rightarrow a^2 - 4a + 4 = 0$

$\Rightarrow (a-2)^2 = 0$

$\Rightarrow a = 2$

$\therefore 4^x = 2$ [$\because a = 4x$]

$\Rightarrow 4^x = 4^{\frac{1}{2}}$

$\therefore x = \frac{1}{2}$

১০. যদি $\log\left(\frac{a}{b}\right) + \log\left(\frac{b}{a}\right) = \log(a+b)$ হয়, তবে–

**সমাধান :** দেওয়া আছে,

$\log\left(\frac{a}{b}\right) + \log\left(\frac{b}{a}\right) = \log(a+b)$

$\Rightarrow \log\left(\frac{a}{b} \times \frac{b}{a}\right) = \log(a+b)$

$\Rightarrow \log 1 = \log(a+b)$

$\Rightarrow 1 = a + b$ [উভয়পক্ষ থেকে log বাদ দিয়ে]

$\therefore a + b = 1$

## ০৬ অনুপাত-সমানুপাত

### অনুপাত (Ratio)

একই এককে সমজাতীয় দুটি রাশির পরিমাণের তুলনা করতে অনুপাত ব্যবহার করা হয়। অনুপাত একটি সংখ্যা, যা পূর্ণ সংখ্যা বা ভগ্নাংশ (প্রকৃত বা অপ্রকৃত) হতে পারে।

দুটি ধনাত্মক সংখ্যা a ও b এর অনুপাত $a : b = \frac{a}{b}$

সমজাতীয় দুটি রাশি A ও B এর অনুপাত একই এককে তাদের পরিমাণের অনুপাত।

দুটি রাশির অনুপাত A : B নির্দেশে অনেক সময় $\frac{A}{B}$ লেখা হয়। A : B অনুপাতে A কে পূর্ব রাশি এবং B কে উত্তর রাশি বলা হয়।

### সমানুপাত (Proportion)

যদি চারটি রাশি এরূপ হয় যে, প্রথম ও দ্বিতীয় রাশির অনুপাত তৃতীয় ও চতুর্থ রাশির অনুপাতের সমান হয়, তবে ঐ চারটি রাশি নিয়ে একটি সমানুপাত উৎপন্ন হয়। সমানুপাতের চারটি রাশিই এক জাতীয় রাশি হওয়ার প্রয়োজন হয় না। প্রত্যেক অনুপাতের রাশি দুটি এক জাতীয় হলেই চলে।

a, b, c ক্রমিক সমানুপাতী বলতে বোঝায় $a : b = b : c$

a, b, c ক্রমিক সমানুপাতী যদি এবং কেবল যদি, $ac = b^2$ হয়।

ক্রমিক সমানুপাতের ক্ষেত্রে সবগুলো রাশি এক জাতীয় হতে হবে।

### ধারাবাহিক অনুপাত (Successive Ratio)

দুটি অনুপাত যদি ক : খ এবং খ : গ আকারে হয়, তাহলে তাদেরকে সাধারণত ক : খ : গ আকারে লেখা হয়। একে ধারাবাহিক অনুপাত বলা হয়। যে-কোনো দুটি (ততোধিক) প্রদত্ত অনুপাতকে এই আকারে প্রকাশ করা সম্ভব। এখানে লক্ষণীয় যে, দুটি অনুপাতকে ক : খ : গ আকারে প্রকাশ করতে হলে প্রথম অনুপাতটির উত্তর রাশি, দ্বিতীয় অনুপাতটির পূর্ব রাশির সমান হতে হবে। যেমন— 2 : 3 এবং 4 : 3 অনুপাত দুটি ক : খ : গ আকারে প্রকাশ করতে হলে প্রথম অনুপাতটির উত্তর রাশিটিকে দ্বিতীয় অনুপাতটির পূর্ব রাশির সমান করতে হবে।

এখন, $2 : 3 = \frac{2}{3} = \frac{2\times4}{3\times4} = \frac{8}{12}$; আবার $4 : 3 = \frac{4}{3} = \frac{4\times3}{3\times3} = \frac{12}{9}$।

$\therefore$ 2 : 3 এবং 4 : 3 অনুপাত দুটি ক : খ : গ আকারের হবে 8 : 12 : 9।

CamScanner

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. দুটি ক্রমিক জোড় সংখ্যার অনুপাত 1 : 2। সংখ্যা দুটি নির্ণয় করুন।**

সমাধান : ধরি, সংখ্যা দুটি যথাক্রমে $x$ ও $x+2$

প্রশ্নমতে, $x : x+2 = 1 : 2$

$\Rightarrow \frac{x}{x+2} = \frac{1}{2}$

$\Rightarrow 2x = x+2$

$\therefore x = 2$

$\therefore$ সংখ্যা দুটি হলো : 2 এবং $(2+2) = 4$

**০২. যদি 5 : 100, 4 : 64 হয় তবে 4 : 80, 3 : ?**

সমাধান : যদি 5 : 100, 4 : 64 হয় তবে, 4 : 80, 3 : 48

প্রথম অনুপাতের ক্ষেত্রে দ্বিতীয় রাশি, প্রথম রাশির 20 গুণ এবং দ্বিতীয় অনুপাতের ক্ষেত্রে দ্বিতীয় রাশি, প্রথম রাশির 16 গুণ।

**০৩. যদি $x : y = 2 : 3$ এবং $y : z = 5 : 7$ হয়, তবে $x : y : z = ?$**

সমাধান : $x : y = 2 : 3 = (2\times5) : (3\times5) = 10 : 15$

$y : z = 5 : 7 = (5\times3) : (7\times3) = 15 : 21$

$\therefore x : y : z = 10 : 15 : 21$

**০৪. একটি বর্গক্ষেত্রের এক বাহু অপর এক বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে, বর্গক্ষেত্র দুটির কর্ণের দৈর্ঘ্যের অনুপাত কত?**

সমাধান : প্রথম বর্গক্ষেত্রের বাহু a হলে, কর্ণ $= \sqrt{a^2+a^2}$

$= \sqrt{2a^2}$

$= a\sqrt{2}$

$\therefore$ দ্বিতীয় বর্গক্ষেত্রের বাহু হবে $\frac{a}{4}$

সুতরাং কর্ণ হবে $= \sqrt{\left(\frac{a}{4}\right)^2+\left(\frac{a}{4}\right)^2}$

$= \sqrt{\frac{a^2}{16}+\frac{a^2}{16}}$

$= \sqrt{2.\frac{a^2}{16}}$

$= \frac{a\sqrt{2}}{4}$

$\therefore \frac{\text{প্রথম বর্গক্ষেত্রের কর্ণ}}{\text{দ্বিতীয় বর্গক্ষেত্রের কর্ণ}} = \frac{a\sqrt{2}}{\frac{a\sqrt{2}}{4}}$

$= a\sqrt{2}\times\frac{4}{a\sqrt{2}}$

$= \frac{4}{1} = 4 : 1$

$\therefore$ প্রথম বর্গক্ষেত্রের কর্ণ : দ্বিতীয় বর্গক্ষেত্রের কর্ণ $= 4 : 1$

**০৫. $\frac{2x+3y}{3x+2y} = \frac{5}{6}$ হলে $x : y =$ কত?**

সমাধান : $\frac{2x+3y}{3x+2y} = \frac{5}{6}$

$\Rightarrow 12x+18y = 15x+10y$

$\Rightarrow 3x = 8y$

$\Rightarrow \frac{x}{y} = \frac{8}{3}$

$\therefore x : y = 8 : 3$

**০৬. যদি $a : b :: b : c$ হয় এবং a ও c এর মান যথাক্রমে 2 হয় তাহলে b এর মান কত?**

সমাধান : $a : b :: b : c$ অর্থাৎ a, b, c ক্রমিক সমানুপাতি।

$\therefore \frac{a}{b} = \frac{b}{c}$

$\Rightarrow b^2 = ac$

$\Rightarrow b = \sqrt{ac}$

$= \sqrt{2\times5}$

$\therefore b = \sqrt{10}$

**০৭. $x : y = 5 : 6$ হলে $3x : 5y = ?$**

সমাধান : $x : y = 5 : 6$

$\Rightarrow \frac{x}{y} = \frac{5}{6}$

$\Rightarrow 6x = 5y$

$\Rightarrow \frac{6x}{5y} = 1$

$\Rightarrow \frac{3x}{5y} = \frac{1}{2}$

$\therefore 3x : 5y = 1 : 2$

**০৮. 261টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9}$ অনুপাতে ভ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে?**

সমাধান : ভাইদের মধ্যে আমগুলোর

অনুপাত $= \frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9}$

$= \left(\frac{1}{3}\times45\right) : \left(\frac{1}{5}\times45\right) : \left(\frac{1}{9}\times45\right)$

$= 15 : 9 : 5$

অনুপাতের রাশিগুলোর যোগফল $= (15+9+5)$

$= 29$

$\therefore$ প্রথম ভাই আম পাবে $= \left(261\text{এর}\frac{15}{29}\right)$ টি

$= 135$টি

CamScanner

# গ. জ্যামিতি

## ০১ রেখা, কোণ, ত্রিভুজ, চতুর্ভুজ, ক্ষেত্রফল ও বৃত্ত সম্পর্কিত সাধারণ ধারণা, নিয়ম ও প্রয়োগ

**রেখা :** বিন্দুর চলার পথকে রেখা বলে। রেখা দুই প্রকার। যথা : (i) সরলরেখা এবং (ii) বক্ররেখা।




**কোণ :** দুটি রেখা তির্যকভাবে পরস্পরের সাথে মিলিত হলে মিলন বিন্দুতে কোণ উৎপন্ন হয়। ABC একটি কোণ। যে দুটি রেখা দ্বারা কোণ উৎপন্ন হয়, তাদের একটিকে স্থির এবং অন্যটিকে ঘূর্ণায়মান হিসেবে ধরা হয়।




**সূক্ষ্মকোণ :** 90°-এর চেয়ে ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে। অর্থাৎ $\angle x < 90°$ হলে x একটি সূক্ষ্মকোণ।




**সমকোণ :** একটি সরলরেখার ওপর অপর একটি সরলরেখা দণ্ডায়মান হলে যদি সন্নিহিত কোণদ্বয় পরস্পর সমান হয় তবে প্রত্যেকটি কোণকে সমকোণ বলে। অথবা, 90° কোণের সমান কোণকে সমকোণ বলে।




**স্থূলকোণ :** 90°-এর চেয়ে বড় কিন্তু 180°-এর চেয়ে ছোট কোণকে স্থূলকোণ বলে। অর্থাৎ $180° > x > 90°$ হলে x একটি স্থূলকোণ।




**সরলকোণ :** ঘূর্ণায়মান রশ্মিটি যখন স্থির রশ্মির ঠিক বিপরীত পার্শ্বে অবস্থান করে তখন তাদের মধ্যবর্তী কোণকে সরলকোণ বলে। অর্থাৎ যে কোণ 180° কোণের সমান তাকে সরলকোণ বলে। এখানে, $\angle x = 180°$ হলে x কোণকে সরলকোণ বলে।




**প্রবৃদ্ধ কোণ:** 180°-এর চেয়ে বড় কিন্তু 360°-এর চেয়ে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।
অর্থাৎ $360° > x > 180°$ হলে, x একটি প্রবৃদ্ধ কোণ।




**পূরক কোণ :** যদি দুটি কোণের পরিমাণ 90° কোণের সমান হয় তবে একটি কোণকে অপর কোণের পূরক কোণ বলে। $\angle x = 50°$ এবং $\angle y = 40°$ হলে, $\angle x$ কে y কোণের পূরক কোণ বলে।




**সম্পূরক কোণ :** যদি দুটি কোণের পরিমাণ 180°-এর সমান হয় তবে একটি কোণকে অপর কোণের সম্পূরক কোণ বলা হয়। $\angle x = 130°$ এবং $\angle y = 50°$ হলে x কে y কোণের সম্পূরক কোণ বলে।




**ত্রিভুজ :** তিনটি রেখাংশ দ্বারা আবদ্ধ সীমারেখাকে ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি ত্রিভুজ। ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°।




কোণভেদে ত্রিভুজ ৩ প্রকার। যথা : (i) সূক্ষ্মকোণী ত্রিভুজ (ii) স্থূলকোণী ত্রিভুজ এবং (iii) সমকোণী ত্রিভুজ।
বাহুভেদে ত্রিভুজ ৩ প্রকার। যথা : (i) সমবাহু ত্রিভুজ (ii) সমদ্বিবাহু ত্রিভুজ এবং (iii) বিষমবাহু ত্রিভুজ।

**সূক্ষ্মকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০°-এর চেয়ে ছোট) তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে। চিত্রে, $\angle ABC$ একটি সূক্ষকোণী ত্রিভুজ।




CamScanner

**স্থূলকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি স্থূলকোণী ত্রিভুজ; যার ∠ABC স্থূলকোণ।

[N.B. : কোনো ত্রিভুজে একটির অধিক স্থূলকোণ থাকতে পারে না।]




**সমকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের একটি কোণ সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে। চিত্রে, ABC একটি সমকোণী ত্রিভুজ; যার ∠B সমকোণ।

[N.B. : কোনো ত্রিভুজে একটির অধিক সমকোণ থাকতে পারে না।]




**সমবাহু ত্রিভুজ :**

১. তিন বাহু সমান।
২. তিন কোণ সমান এবং প্রতিটি কোণের মান 60°।
৩. মধ্যমাসমূহ সমান।
৪. সকল মধ্যমাই লম্ব।

**সমদ্বিবাহু ত্রিভুজ :**

১. দুটি বাহু সমান।
২. সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান।
৩. সমান সমান বাহুর সাধারণ বিন্দু থেকে বিপরীত বাহুর ওপর অঙ্কিত মধ্যমা ঐ বাহুর ওপর লম্ব।

**বিষমবাহু ত্রিভুজ :**

১. তিনটি কোণ ও বাহু পরস্পর অসমান।

**চতুর্ভুজ :** চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ সীমারেখাকে চতুর্ভুজ বলে। সামান্তরিক, রম্বস, বর্গক্ষেত্র, আয়তক্ষেত্র ও ট্রাপিজিয়াম এগুলো চতুর্ভুজের অন্তর্ভুক্ত। চতুর্ভুজের চার অন্তঃকোণের সমষ্টি 4 সমকোণ।

**কর্ণ :** চতুর্ভুজের বিপরীত কৌণিক শীর্ষের সংযোজক রেখাংশকে কর্ণ বলে।




চিত্রে, ABCD চতুর্ভুজের দুটি কর্ণ AC ও BD। চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমষ্টি তার পরিসীমা অপেক্ষা ক্ষুদ্রতর।

**সামান্তরিক :** চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল হলে তাকে সামান্তরিক বলে।




কর্ণ AC ≠ কর্ণ BD

চিত্রে, ABCD চতুর্ভুজের AB = CD, AD = BC এবং CD, AD || BC। সুতরাং এটি একটি সামান্তরিক। এর একটি কোণও সমকোণ নয়।

**আয়তক্ষেত্র :** সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে আয়তক্ষেত্র বলে।




কর্ণ AC = কর্ণ BD

চিত্রে, ABCD সামান্তরিকের ∠B সমকোণ। সুতরাং এটি একটি আ

**বর্গক্ষেত্র :** আয়তের কোণ এবং সন্নিহিত বাহুদ্বয় সমান হলে বর্গক্ষেত্র বলে। অর্থাৎ বর্গক্ষেত্রের চারটি বাহুই সমান। কারণ কোণ এবং সন্নিহিত বাহুদ্বয় সমান হলে তার সকল বাহুই সম




কর্ণ AC = কর্ণ BD

- বর্গক্ষেত্রের প্রত্যেকটি কোণ সমকোণ। অর্থাৎ ∠A = ∠B = ∠C = ∠

**রম্বস :** সামান্তরিকের কোনো এক সন্নিহিত বাহুদ্বয় সমান হয় একটি কোণ সমকোণ না হলে, তাকে রম্বস বলা হয়। রম্বসে বাহুই সমান। কারণ সন্নিহিত বাহুদ্বয় সমান হলে সামান্তরিকে বাহুই সমান হয়।




কর্ণ AC ≠ কর্ণ BD

- রম্বসের সকল বাহু সমান হয়। অর্থাৎ AB = BC = CD =
- কোণগুলো সমকোণ নয়।

**ট্রাপিজিয়াম**

যে চতুর্ভুজের কেবলমাত্র দুটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল ট্রাপিজিয়াম বলা হয়।




চিত্রে, ABCD একটি ট্রাপিজিয়াম। AB || CD এবং AB ≠

- ট্রাপিজিয়ামে কেবলমাত্র দুটি বাহু সমান্তরাল, বাকি দুটি তির্যক

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

০১. একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

**সমাধান :** ধরি, কোণের মান = x
প্রশ্নমতে, $x + 2x = 180°$
$\Rightarrow 3x = 180°$
$\therefore x = 60°$
$\therefore$ কোণটির মান ৬০°।

০২. চিত্র অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে $\Delta ABC$ অন্তর্লিখিত। $\angle y = 112°$ হলে $\angle x =$ কত?




**সমাধান :** $\Delta BOC$ এর বহিঃস্থ $\angle AOB = \angle OBC + \angle OCB$
এখন, $\angle AOB + y = 180°$
$\Rightarrow \angle OBC + \angle OCB + y = 180°$
$\Rightarrow x + x + y = 180°$
$\Rightarrow 2x = 180° - 112°$
$\Rightarrow x = \frac{68°}{2}$
$\therefore x = 34°$

০৩. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে—

**সমাধান :** আমরা জানি, যে-কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°
অর্থাৎ $x + y + z = 180°$... (i)
আবার, এক সরল কোণ = ১৮০°




$\therefore$ বহিঃস্থ কোণ তিনটির যোগফল
$= (180° - x) + (180° - y) + (180° - z)$
$= 540° - (x + y + z)$
$= 540° - 180° = 360°$

০৪. একটি সমকোণী ত্রিভুজের অন্য দুটি কোণের সমষ্টি কত হবে?

**সমাধান :** আমরা জানি, ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি 180°। সমকোণী ত্রিভুজের একটি কোণ সমকোণ বা 90°। অর্থাৎ সমকোণী ত্রিভুজের অন্য দুটি কোণের সমষ্টি হবে = (180° − 90°) = 90°।

০৫. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ১ : ২ : ৩। ত্রিভুজটি হবে–

**সমাধান :** ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = ১৮০°।
সমকোণী ত্রিভুজের একটি কোণ ৯০° এবং অন্য দুটি কোণের সমষ্টি ৯০°। এখানে প্রথম দুটি কোণের অনুপাতের সমষ্টি তৃতীয় কোণের অনুপাতের সমান। তাই ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

০৬. ABC ত্রিভুজের BC বাহুকে E বিন্দু পর্যন্ত এমনভাবে বর্ধিত করা হলো যেন $\angle ACE = 100°$, $\angle ABC = 40°$ হলে $\angle A$ সমান হবে—

**সমাধান :** $\angle A + \angle B = \angle ACE$
বা, $\angle A = \angle ACE - \angle B = 100° - 40° = 60°$




০৭. কোনো বৃত্তের বৃত্তস্থ কোণের পরিমাপ ৬০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাপ হবে—

**সমাধান :** আমরা জানি, একই চাপের ওপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
$\therefore$ বৃত্তের বৃত্তস্থ কোণের পরিমাপ ৬০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাপ হবে (৬০° × ২) বা ১২০°।

০৮. একটি সমদ্বিবাহু ত্রিভুজের একটি কোণের মান 120° হলে, অপর যে-কোনো একটি কোণের মান কত?

**সমাধান :** সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহু ভূমির সাথে সমান সমান কোণ উৎপন্ন করে।
ধরি, অপর একটি কোণ x
$\therefore x + x + 120° = 180°$
$\Rightarrow 2x = 180° - 120°$
$\Rightarrow x = \frac{60°}{2}$ $\therefore x = 30°$

০৯. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?

**সমাধান :** চাকাটি ৬০ সেকেন্ডে ঘোরে ৯০ বার
$\therefore$ " ১ " " $\frac{৯০}{৬০}$ " $= \frac{৩}{২}$ বার
১ বার ঘুরলে চাকাটি ৩৬০° ঘোরে
$\therefore \frac{৩}{২}$ " " " $360° \times \frac{৩}{২} = 540°$ ঘোরে।

১০. ২টা ১৫ মিনিটের সময় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়?

**সমাধান :** মধ্যবর্তী কোণ, $\theta = \left|\frac{১১ \times M - ৬০ \times H}{২}\right|^\circ$

$= \left|\frac{১১ \times ১৫ - ৬০ \times ২}{২}\right|^\circ$ [H=২, M=১৫]

$= \left|\frac{১৬৫ - ১২০}{২}\right|^\circ$

$= \left|\frac{৪৫}{২}\right|^\circ = ২২\frac{১}{২}^\circ$

CamScanner

# ০২ পরিমিতি ও ত্রিকোণমিতি সম্পর্কিত সাধারণ ধারণা, নিয়ম প্রয়োগ

## ক. পরিমিতি

**পরিমাপ :** ব্যবহারিক প্রয়োজনে 'রেখার দৈর্ঘ্য', 'তলের ক্ষেত্রফল', 'ঘনবস্তুর আয়তন' ইত্যাদি পরিমাপ করা হয়। এ রকম যে-কো পরিমাপ একই জাতীয় নির্দিষ্ট পরিমাণের একটি রাশিকে একক হিসেবে গ্রহণ করা হয়। পরিমাপকৃত রাশি এবং এরূপ নির্ধারি অনুপাতই রাশিটির পরিমাপ নির্ধারণ করে।

অর্থাৎ, $\frac{\text{পরিমাপকৃত রাশি}}{\text{একক রাশি}} = \text{পরিমাপ}$।

**রৈখিক পরিমাপ :** দৈর্ঘ্য পরিমাপনে সাধারণত মিটার ও তা থেকে উদ্ভূত এককসমূহ ব্যবহার করা হয়। ফুট, হাত ইত্যাদি এককও ব্য

**ক্ষেত্র পরিমাপ :** রৈখিক এককের উপর নির্ভর করে ক্ষেত্রফল পরিমাপনের একক নির্ধারণ করা হয়। যে বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য (যেমন : 1 সে.মি.) তার ক্ষেত্রফল বর্গএকক (যেমন : 1 বর্গ সে.মি.) ধরা হয় এবং ক্ষেত্রফল নির্ণয়ে একে একক হিসেবে ব্যবহার ক

### গুরুত্বপূর্ণ সূত্রসমূহ

#### ত্রিভুজের ক্ষেত্রফল ও পরিসীমা

- সাধারণ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা
- সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল
- সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ [যেখানে, b = ভূমি; a = সমান বাহু]
- সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ [যেখানে, a = যে-কোনো বাহুর দৈর্ঘ্য]
- বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

  [যেখানে, a, b, c হলো তিনটি বাহুর দৈর্ঘ্য]

  এবং অর্ধপরিসীমা, $s = \frac{a+b+c}{2}$

  $= \frac{\text{তিন বাহুর যোগফল}}{2}$
- ত্রিভুজের পরিসীমা = তিন বাহুর সমষ্টি।

#### চতুর্ভুজের ক্ষেত্রফল ও পরিসীমা

- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য $\times$ প্রস্থ
- আয়তক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
- সামান্তরিকক্ষেত্রের ক্ষেত্রফল = ভূমি $\times$ উচ্চতা
- সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(\text{বাহু})^২$
- বর্গক্ষেত্রের পরিসীমা = 4 $\times$ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য
- ট্রাপিজিয়ামক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি $\times$ উচ্চতা
- রম্বসক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
- রম্বসের পরিসীমা = 4 $\times$ রম্বসক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য
- চতুর্ভুজের পরিসীমা = চার বাহুর সমষ্টি

#### বৃত্তের ক্ষেত্রফল ও পরিধি

- বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ (যেখানে r বৃত্তের ব্যাসার্ধ)
- বৃত্তের পরিধি $= 2\pi r$
- বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত, $\pi = \frac{22}{7} = 3.14$

### গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৬৪ বর্গফুট। ঐ বর্গক্ষেত্রের চতুর্দিকে ২ ফুট প্রস্থের একটি রাস্তা রয়েছে। রাস্তাসহ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?**

**সমাধান :** বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৬৪ বর্গফুট

$\therefore$ " বাহুর দৈর্ঘ্য $= \sqrt{৬৪}$ ফুট = ৮ ফুট

রাস্তাসহ বর্গক্ষেত্রের দৈর্ঘ্য $= \{৮ + (২ + ২)\}$ ফুট = ১২ ফুট

$\therefore$ রাস্তাসহ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= (১২)^২$ বর্গফুট

$= ১৪৪$ বর্গফুট

**০২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ে 512 বর্গমিটার হলে, পরিসীমা কত?**

**সমাধান :** প্রস্থ x হলে, দৈর্ঘ্য 2x

$\therefore$ ক্ষেত্রফল, $2x^2 = 512$

বা, $x^2 = 256$

$\therefore x = 16$

$\therefore$ পরিসীমা $= 2(16 + 32)$

$= 96$ মিটার।

**০৩. বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?**

**সমাধান :** ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r

∴ " ব্যাস = 2r

∴ বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2$

বৃত্তের ব্যাস চারগুণ বৃদ্ধি পেলে নতুন ব্যাস = 8r

∴ নতুন ব্যাসার্ধ = $\frac{8r}{2} = 4r$

এবং নতুন ক্ষেত্রফল = $\pi(4r)^2 = 16\pi r^2$

সুতরাং ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\frac{16\pi r^2}{\pi r^2} = 16$ গুণ।

**০৪. একটি রম্বসের একটি কর্ণ 10 মিটার এবং ক্ষেত্রফল 120 বর্গমিটার হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত মিটার?**

**সমাধান :** আমরা জানি,

রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল

$\Rightarrow 120 = \frac{1}{2} \times 10 \times$ অপর কর্ণ

$\Rightarrow$ অপর কর্ণ = $\frac{240}{10}$

∴ অপর কর্ণ = 24

**০৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৮ সে.মি. ও প্রস্থ ১০ সে.মি.। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য বৃদ্ধি করে ২৫ সে.মি. করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে?**

**সমাধান :** প্রশ্নমতে, ১৮ × ১০ = ২৫ × প্রস্থ

বা, প্রস্থ = $\frac{১৮০}{২৫}$

∴ প্রস্থ = ৭.২ সে.মি.।

**০৬. একটি বৃত্তের পরিধি ও ক্ষেত্রফল যথাক্রমে ১৩২ সেন্টিমিটার ও ১৩৮৬ বর্গসেন্টিমিটার। বৃত্তটির বৃহত্তম জ্যা-এর দৈর্ঘ্য কত?**

**সমাধান :** আমরা জানি, বৃত্তের পরিধি = $2\pi r$ একক

এবং বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2$ বর্গ একক

প্রশ্নমতে, $\frac{\pi r^2}{2\pi r} = \frac{১৩৮৬}{১৩২}$

বা, $\frac{r}{2} = \frac{১৩৮৬}{১৩২}$

বা, $r = \frac{১৩৮৬ \times 2}{১৩২}$

∴ r = ২১

∴ বৃত্তটির বৃহত্তম জ্যা-এর দৈর্ঘ্য = 2r = ২ × ২১ = ৪২ সেন্টিমিটার।

## খ. ত্রিকোণমিতি

**সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত :**

১. $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$ ২. $\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$ ৩. $\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে অতীব গুরুত্বপূর্ণ কিছু গাণিতিক রূপ :

অতিভুজ = $\sqrt{\text{ভূমি}^2 + \text{লম্ব}^2}$

ভূমি = $\sqrt{\text{অতিভুজ}^2 - \text{লম্ব}^2}$

লম্ব = $\sqrt{\text{অতিভুজ}^2 - \text{ভূমি}^2}$

### ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মৌলিক সম্পর্ক

1. $\sin^2\theta + \cos^2\theta = 1$
2. $\sec^2\theta - \tan^2\theta = 1$
3. $\text{cosec}^2\theta - \cot^2\theta = 1$
4. $\begin{cases} \sin\theta = \frac{1}{\text{cosec}\theta} \\ \text{cosec}\theta = \frac{1}{\sin\theta} \end{cases}$ $\begin{cases} \tan\theta = \frac{1}{\cot\theta} \\ \cot\theta = \frac{1}{\tan\theta} \end{cases}$

$\begin{cases} \sec\theta = \frac{1}{\cos\theta} \\ \cos\theta = \frac{1}{\sec\theta} \end{cases}$ $\begin{cases} \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} \\ \cot\theta = \frac{\cos\theta}{\sin\theta} \end{cases}$

CamScanner

## গুরুত্বপূর্ণ সাজেশন্স

**০১. একটি খুঁটির গোড়া থেকে 10 m দূরে কোনো বিন্দুতে খুঁটির শীর্ষের উন্নতি কোণ 60° হলে খুঁটির উচ্চতা কত?**

সমাধান :

ধরি, খুঁটির উচ্চতা, AC = x মিটার

$\therefore \tan\angle ABC = \frac{AC}{BC}$

$\Rightarrow \tan 60° = \frac{x}{10}$

$\Rightarrow \sqrt{3} = \frac{x}{10}$

$\Rightarrow x = 10\sqrt{3}$




**০২. A = 30° হলে, $4\cos^3 A - 3\cos A$ = কত?**

সমাধান : দেওয়া আছে, A = 30°

এখন, $4\cos^3 A - 3\cos A$

$= 4(\cos 30°)^3 - 3\cos 30°$

$= 4.\left(\frac{\sqrt{3}}{2}\right)^3 - 3.\frac{\sqrt{3}}{2}$

$= 4.\frac{3\sqrt{3}}{8} - \frac{3\sqrt{3}}{2}$

$= \frac{3\sqrt{3}}{2} - \frac{3\sqrt{3}}{2}$

$= 0$

**০৩. যদি $1 + \tan^2\theta = 4$ এবং $\theta < 90°$ হয়, তবে $\theta$ = ?**

সমাধান : দেওয়া আছে, $1 + \tan^2\theta = 4$

বা, $\tan^2\theta = 3$

বা, $\tan\theta = \sqrt{3}$

বা, $\tan\theta = \tan 60°$

$\therefore \theta = 60°$

**০৪. $\sec\theta = \frac{3}{2}$ হলে, $\tan\theta$ = ?**

সমাধান : $\sec\theta = \frac{3}{2}$

$\Rightarrow \sec^2\theta = \frac{9}{4}$

$\Rightarrow 1 + \tan^2\theta = \frac{9}{4}$

$\Rightarrow \tan^2\theta = \frac{9}{4} - 1$

$\Rightarrow \tan^2\theta = \frac{9-4}{4}$

$\Rightarrow \tan^2\theta = \frac{5}{4}$

$\therefore \tan\theta = \frac{\sqrt{5}}{2}$

**০৫. একটি 48 মিটার লম্বা খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণভাবে বিঁ হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। খুঁটিটি কত ভেঙে ছিল?**

সমাধান : ধরি, খুঁটিটি x মিটার উঁচুতে ভেঙেছিল।

$\therefore$ ভাঙা অংশের দৈর্ঘ্য = (48 − x) মিটার।

$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

বা, $\sin 30° = \frac{x}{48-x}$

বা, $\frac{1}{2} = \frac{x}{48-x}$ $\left[\because \sin 30° = \frac{1}{2}\right]$

বা, $2x = 48 - x$

বা, $3x = 48$

$\therefore x = 16$




CamScanner

অধ্যায়-০৪

# সাধারণ জ্ঞান

## ক. বাংলাদেশ বিষয়াবলি

### ০১ ভূ-প্রকৃতি, জলবায়ু ও পরিবেশ

#### ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য

- বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত — ২০৩ সে. মি.।
- কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের বনভূমি থাকা প্রয়োজন— শতকরা ২৫ ভাগ।
- বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম— সেন্টমার্টিন।
- বাংলাদেশের সাথে মিয়ানমার সীমানায় নদীর নাম— নাফ নদী।
- তামাবিল অবস্থিত— সিলেট।
- সমুদ্রসীমা নিয়ে মিয়ানমারের সাথে বিরোধ নিষ্পত্তির ফলে আমরা পেয়েছি– ১ লক্ষ বর্গ কিলোমিটারেরও বেশি জলসীমা।
- বাংলাদেশের বৃহত্তম দ্বীপ— ভোলা।
- তিতাস উপজেলা অবস্থিত— কুমিল্লা জেলায়।
- এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি মুসা ইব্রাহিম যে জেলার অধিবাসী— লালমনিরহাট।
- 'হিমছড়ি' যে শহরের উপকণ্ঠে অবস্থিত— কক্সবাজার।
- বাংলাদেশের অবস্থান— ক্রান্তীয় অঞ্চলে।
- বাংলাদেশের পাহাড়সমূহ গঠিত— বেলে পাথর, শেল ও কর্দম দ্বারা।
- প্লাবন সমভূমি থেকে বরেন্দ্রভূমির উচ্চতা— ৬-১২ মিটার।
- বরেন্দ্রভূমির মাটির রং— ধূসর ও লাল বর্ণের।
- মধুপুর গড় অবস্থিত— টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায় এবং ভাওয়ালের গড় অবস্থিত গাজীপুর জেলায়।
- সমভূমি থেকে মধুপুর ও ভাওয়ালের গড়ের উচ্চতা— ৩০ মিটার।
- মধুপুর ও ভাওয়ালের গড় অঞ্চলের মাটির রং— লালচে ও ধূসর।
- বাংলাদেশের প্লাবন সমভূমির আয়তন— ১,২৪,২৬৬ বর্গ কিলোমিটার।
- বরেন্দ্রভূমির আয়তন— ৯,৩২০ বর্গ কিলোমিটার।
- প্লাইস্টোসিন কালের সোপানসমূহ গঠিত হয়েছিল— ২৫,০০০ বছর পূর্বে।
- প্লাইস্টোসিন কালের যে অঞ্চলে সোপান গঠিত হয়— উত্তর পশ্চিমাঞ্চলে বরেন্দ্রভূমি, মধ্যভাগে মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় অঞ্চল।

#### বাংলাদেশের ভূ-প্রকৃতির ৩ রূপ

| অঞ্চল | অবস্থান |
|---|---|
| সাম্প্রতিককালের প্লাবন সমভূমি অঞ্চল (৮০%) | পদ্মা, মেঘনা, যমুনা ও ব্রহ্মপুত্র এবং এদের অসংখ্য উপনদী ও শাখা নদীবাহিত এলাকা নিয়ে প্লাবন সমভূমি অঞ্চল গঠিত। এ অঞ্চলের আয়তন ১,২৪,২৬৬ বর্গ কিমি। |
| প্লাইস্টোসিন কালের সোপান অঞ্চল (৮%) | রাজশাহী বিভাগের বরেন্দ্রভূমি, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার মধুপুর, গাজীপুরের ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় অঞ্চল নিয়ে সোপান অঞ্চল গঠিত। |
| টারশিয়ারি যুগের পাহাড়ি অঞ্চল (১২%) | রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, চট্টগ্রাম, কক্সবাজার জেলার পূর্বাংশ, ময়মনসিংহ ও নেত্রকোনা জেলার উত্তরাংশ এবং সিলেট জেলার উত্তর ও উত্তর-পূর্বাংশ এবং মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার দক্ষিণাংশ নিয়ে পার্বত্য অঞ্চল গঠিত। |

#### ভৌগোলিক অবস্থান

| | |
|---|---|
| অবস্থান | বাংলাদেশের অবস্থান এশিয়া মহাদেশের দক্ষিণাংশে বা দক্ষিণ এশিয়ায়। বাংলাদেশ ২০°৩৪ থেকে ২৬° ৩৮ উত্তর অক্ষরেখার মধ্যে এবং ৮৮°০১ থেকে ৯২°৪১ পূর্ব দ্রাঘিমারেখার মধ্যবর্তী স্থানে অবস্থিত। পূর্ব-পশ্চিমে সর্বোচ্চ বিস্তৃতি ৪৪০ কিমি এবং উত্তর উত্তর-পশ্চিম থেকে দক্ষিণ দক্ষিণ-পূর্ব প্রান্ত পর্যন্ত সর্বোচ্চ বিস্তৃতি ৭৬০ কিমি। |
| প্রতিপাদ স্থান | ঢাকার প্রতিপাদ স্থান চিলির নিকটে প্রশান্ত মহাসাগরে অবস্থিত। |
| কর্কটক্রান্তি রেখা | বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কর্কটক্রান্তি রেখা (ট্রপিক অব ক্যান্সার) অতিক্রম করেছে। চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, রাজবাড়ী, ফরিদপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙামাটি জেলার ওপর দিয়ে এ রেখা অতিক্রম করেছে। |
| ৯০° দ্রাঘিমা রেখা | শেরপুর, জামালপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারিপুর, গোপালগঞ্জ, বরিশাল, পিরোজপুর ও বরগুনা জেলার উপর দিয়ে ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা অতিক্রম করেছে। |

CamScanner

## বাংলাদেশের আয়তন ও সীমা

- বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা— ৩২টি।
- বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ভারতের সাথে— ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি।
- ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্তবর্তী বাংলাদেশের জেলা— ১টি (রাঙামাটি)।
- বাংলাদেশের সীমান্তবর্তী যে যে জেলার সাথে ভারতের কোনো সংযোগ নেই— বান্দরবান ও কক্সবাজার।
- বাংলাদেশের যে বিভাগের সাথে ভারতের কোনো সীমান্ত সংযোগ নেই— ঢাকা ও বরিশাল বিভাগ।
- বাংলাদেশের সাথে ভারতের সীমান্তবর্তী রাজ্য— ৫টি (পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা, মিজোরাম ও মেঘালয়)।
- ভারতের সেভেন সিস্টারস খ্যাত রাজ্যগুলো হলো— আসাম, মিজোরাম, মণিপুর, মেঘালয়, নাগাল্যান্ড, অরুনাচল ও ত্রিপুরা।
- ভারতের সেভেন সিস্টারস খ্যাত রাজ্যগুলোর মধ্যে বাংলাদেশের সীমান্ত সংলগ্ন নয়— ৩টি রাজ্য (মণিপুর, নাগাল্যান্ড ও অরুনাচল)।
- ভারতের সেভেন সিস্টারস খ্যাত রাজ্যগুলোর মধ্যে বাংলাদেশের সীমান্ত সংলগ্ন— ৪টি রাজ্য (আসাম, মিজোরাম, মেঘালয়, ত্রিপুরা)।
- ভারতের সাথে বাংলাদেশের স্থল সীমান্ত দৈর্ঘ্য— ৪,১৫৬ কিমি।
- ভারতের সাথে বাংলাদেশের অচিহ্নিত সীমান্ত দৈর্ঘ্য— ২ কিমি। (ফেনীর মুহুরীর চরে ২ কিমি)
- বেরুবাড়ী সীমান্তে বাংলাদেশের যে জেলা অবস্থিত— পঞ্চগড়।

## ভৌগোলিক উপনাম

| উপনাম | প্রকৃত নাম |
|---|---|
| নদীমাতৃক দেশ/ভাটির দেশ/সোনালি আঁশের দেশ | বাংলাদেশ |
| ৩৬০ আউলিয়ার দেশ | সিলেট |
| বারো আউলিয়ার দেশ/ বাণিজ্যিক রাজধানী/ বাংলাদেশের প্রবেশদ্বার | চট্টগ্রাম |
| মসজিদের শহর/ রিকশার নগরী | ঢাকা |
| বাংলার শস্যভাণ্ডার/ বাংলার ভেনিস | বরিশাল |
| প্রাচ্যের ডান্ডি | নারায়ণগঞ্জ |
| হিমালয়ের কন্যা | পঞ্চগড় |
| সাগরকন্যা | কুয়াকাটা |
| পাহাড়ি কন্যা | বান্দরবান |
| সাগর দ্বীপ/ দ্বীপের রানি/ দ্বীপ জেলা | ভোলা |
| প্রকৃতির বা রূপের রানি | খাগড়াছড়ি |
| চায়ের দেশ/ চায়ের রাজধানী | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| কুমিল্লার দুঃখ | গোমতী নদী |
| The Land of Coastal Beauty | বরগুনা |

## সীমান্তবর্তী স্থান, উপজেলা, জেলা, বিভাগ

| অবস্থান | স্থান | উপজেলা | জেলা | বিভা |
|---|---|---|---|---|
| সর্ব উত্তরের | জায়গীরজোত/বাংলাবান্ধা | তেঁতুলিয়া | পঞ্চগড় | রংপু |
| সর্ব দক্ষিণের | ছেঁড়াদ্বীপ/সেন্টমার্টিন দ্বীপ | টেকনাফ | কক্সবাজার | চট্টগ্রা |
| দক্ষিণ-পূর্বের | শাহপরীর দ্বীপ | টেকনাফ | কক্সবাজার | চট্টগ্রা |
| সর্ব পূর্বের | আখাইনঠং | থানচি | বান্দরবান | চট্টগ্রা |
| সর্ব পশ্চিমের | মনাকষা | শিবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ | রাজশ |
| উত্তর-পূর্বের | বার ঠাকুরি | জকিগঞ্জ | সিলেট | সিলে |
| দক্ষিণ-পশ্চিমের | দক্ষিণ তালপট্টি | শ্যামনগর | সাতক্ষীরা | খুল |

## বাংলাদেশের সমুদ্র উপকূল ও সীমা

| | |
|---|---|
| সমুদ্র উপকূল বা জলসীমা | ৭১১ কিমি [৭১৬ কিমি (সূত্র : মা. ভূ |
| রাজনৈতিক সমুদ্রসীমা | ১২ নটিক্যাল মাইল |
| অর্থনৈতিক সমুদ্রসীমা | ২০০ নটিক্যাল মাইল |
| মহীসোপান | ৩৫০ নটিক্যাল মাইল |
| মোট সীমানা | ৫,১৩৮ কিমি [৪,৭১২ কিমি (সূত্র : মা. ভূ |
| মোট স্থলসীমা | ৪,৪২৭ কিমি। [৩,৯৯৫ কিমি (সূত্র : মা. ভূ |

## জলবায়ু ও পরিবেশ

- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ইংরেজি নাম— Bangladesh Meteorological Department (BMD)।
- বাংলাদেশে বর্তমানে ভূ-কম্পন পর্যবেক্ষণ কেন্দ্র রয়েছে— ৪টি চট্টগ্রাম, ঢাকা, রংপুর ও সিলেট।
- সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র (SMRC) অবস্থিত— আগারগাঁও, ঢাকা
- বাংলাদেশের শীতলতম মাস— জানুয়ারি এবং উষ্ণতম মাস এপ্রিল
- বাংলাদেশের জলবায়ু মোটামুটি— সমভাবাপন্ন।
- বাংলাদেশে সর্বনিম্ন বৃষ্টিপাত হয়— নাটোরের লালপুরে (১১৩ সেমি) ও সর্বোচ্চ সিলেটের জৈন্তাপুরের লালাখালে (৬৩৭.৫ সেমি)
- বাংলাদেশে উপগ্রহ ভূ-কেন্দ্র— ৪টি। বেতবুনিয়া (রাঙামাটি) তালিবাবাদ (গাজীপুর), মহাখালী ও সিলেট।
- বাংলাদেশে সব ধরনের পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, ব্যবহার ও বাজারজাতকরণ নিষিদ্ধ করা হয়— ১ মার্চ ২০০২ (ঢাকা মহানগরে নিষিদ্ধ হয় ১ জানুয়ারি ২০০২)।
- বাংলাদেশে প্রথম জাতীয় পরিবেশ নীতি ঘোষিত হয়— ১৯৯২ সাল
- ঢাকা নগরীর শব্দদূষণের মাত্রা— ১১৫-১৭০ ডিবি।
- বাংলাদেশে বার্ষিক গড় তাপমাত্রা— ২৬.০১ ডিগ্রি সেন্টিগ্রেড।

## আবহাওয়ার বৈচিত্র্যে স্থান

| বৈশিষ্ট্য | নাম |
|---|---|
| উষ্ণতম স্থান | লালপুর, নাটোর |
| শীতলতম স্থান | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| সর্বোচ্চ বৃষ্টিপাত | লালাখাল, জৈন্তাপুর, সিলেট |
| সর্বনিম্ন বৃষ্টিপাত | লালপুর, নাটোর |

CamScanner

## বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

- মানুষের আর্থ-সামাজিক অবস্থার উপর প্রতিকূল প্রভাব রয়েছে এমন যে-কোনো প্রাকৃতিক ঘটনাই— প্রাকৃতিক দুর্যোগ।
- প্রাকৃতিক দুর্যোগ বিভক্ত— ৩ ভাগে।
- বিশ্বে সংঘটিত বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগগুলো হলো— ঘূর্ণিঝড়/সাইক্লোন, জলোচ্ছ্বাস, খরা, বন্যা, সুনামি, টর্নেডো/কালবৈশাখী, ভূমিকম্প, নদী ভাঙন ইত্যাদি।
- সাইক্লোন বা ঘূর্ণিঝড় শব্দটি এসেছে— গ্রিক 'কাইক্লোস' শব্দ থেকে, যার অর্থ সাপের কুণ্ডলী।
- ঘূর্ণিঝড় ও দুর্যোগের ক্ষেত্রে বাংলাদেশের একমাত্র পূর্বাভাস কেন্দ্রের নাম— স্পারসো (SPARRSO)।
- ১৯৭০ সালের জলোচ্ছ্বাসে বাংলাদেশে প্রাণহানি ঘটে— ৩ লাখ।
- ১৯৯১ সালের ২৯ এপ্রিলের ঝড়ে উপকূলীয় অঞ্চলে ত্রাণ তৎপরতার নাম— অপারেশন মাল্লা।
- ১৯৯১ সালের ২৯ এপ্রিলে প্রলয়ঙ্করী ঝড়ে প্রাণ হারায়— প্রায় দুই লক্ষ লোক।
- ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ের পর বাংলাদেশে আসা মার্কিন টাস্কফোর্সের নাম— অপারেশন সি-এঞ্জেল।
- সুনামি (Tsunami) যে ভাষার শব্দ— জাপানি।
- সিডর (SIDR) আঘাত হানে— ১৫ নভেম্বর ২০০৭। [সিডর সিংহলি ভাষার শব্দ, যার অর্থ 'চোখ']
- 'মিধিলি' শব্দের অর্থ— ফলপ্রসু বিষয়।
- মালদ্বীপের নামকরণকৃত মিধিলি ঝড় বাংলাদেশে আঘাত হানে— ১৭ নভেম্বর, ২০২৩।

# ০২ ইতিহাস

## বাঙালি জাতির উদ্ভব ও বিকাশ

- সমগ্র বাঙালি জনগোষ্ঠী বিভক্ত— দুই ভাগে (প্রাক-আর্য বা অনার্য নরগোষ্ঠী ও আর্য নরগোষ্ঠী)।
- আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত বিভক্ত— চার ভাগে (নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয়)।
- আর্যদের আগমনের পূর্বে এ দেশে বসবাস ছিল— অনার্যদের।
- বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে– অস্ট্রিক জাতি থেকে।
- বাঙালি জাতি গড়ে উঠেছে— অস্ট্রিক, দ্রাবিড় ও আর্য জাতির সংমিশ্রণে।
- সর্বপ্রথম দেশবাচক শব্দ 'বাংলা' যে গ্রন্থে ব্যবহৃত হয়— 'আইন-ই-আকবরী' গ্রন্থে।
- বর্তমান বাঙালি জাতির পরিচয়— সংকর জাতি হিসেবে।
- বৈদিক যুগ বলে— আর্য যুগকে।
- আর্যদের ধর্মগ্রন্থের নাম— বেদ।
- বাংলার আদিম অধিবাসী হলো— অনার্য ভাষী শবর, পুলিন্দ, হাড়ি, ডোম, চণ্ডাল প্রভৃতি সম্প্রদায়।
- বাঙালির জনজীবন গড়ে উঠেছে— অন্তত দেড় হাজার বছরের অনুশীলন গ্রহণ বর্জন ও রূপান্তরের মাধ্যমে।
- আর্যগণ প্রথম উপমহাদেশে আগমন করে— আনুমানিক খ্রিষ্টপূর্ব ১৪০০ বা ১৫০০ অব্দে।
- আর্যজাতি ভারতে প্রবেশ করার পর প্রথমে বসতি স্থাপন করে— সিন্ধু বিধৌত অঞ্চলে।
- আর্য সংস্কৃতি সমধিক বিকাশ লাভ করে— পাল শাসনামলে।
- প্রাচীন কর্ণসুবর্ণ বলতে বোঝায়— আধুনিক পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদকে।
- অস্ট্রিক জাতি বঙ্গভূমিতে পদার্পণ করে— ইন্দোচীন থেকে আসাম হয়ে।

## বাংলার প্রাচীন জনপদ

- বাংলার সর্বপ্রাচীন জনপদ— পুণ্ড্র।
- 'বঙ্গ' নামে দেশের উল্লেখ পাওয়া যায়— খ্রিষ্টপূর্ব তিন হাজার বছর আগে।
- সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায়— ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
- বাংলার আদি জনপদগুলোর জনগোষ্ঠীর ভাষা ছিল— অস্ট্রিক।
- বরেন্দ্র বলতে বোঝায়— উত্তরবঙ্গকে (বগুড়া ও রাজশাহী জেলার অনেকটা অঞ্চল)।
- রাজা শশাঙ্কের শাসনামলের পরে 'বঙ্গদেশ' যে কয়টি জনপদে বিভক্ত ছিল— ৩টি; (পুণ্ড্র, গৌড় ও বঙ্গ)।
- বঙ্গ ও গৌড় নামে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়— ষষ্ঠ শতকে।
- প্রাচীন যেসব গ্রন্থে বঙ্গ দেশের নাম উল্লেখ পাওয়া যায়— ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক'-এর শ্লোকে (২-১-১), মহাভারতে, পতঞ্জলির ভাষ্যে, ওভেদী, টলেমির লেখায়, কালিদাসের 'রঘুবংশে' এবং আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে।
- প্রাচীনকালে 'সমতট' বলতে বুঝানো হতো— কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলকে।
- বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে যে জনপদের অন্তর্ভুক্ত ছিল– বঙ্গ।
- সিলেট প্রাচীন যে জনপদের অন্তর্গত– হরিকেল।

| প্রাচীন জনপদ | বর্তমান অঞ্চল |
|---|---|
| গৌড় | উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চল, আধুনিক মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ, চাঁপাইনবাবগঞ্জ। |
| বঙ্গ | বরিশাল, পটুয়াখালীর নিম্ন জলাভূমি, বৃহত্তর বগুড়া, পাবনা, ময়মনসিংহ জেলার পশ্চিমাঞ্চল, ঢাকা, ফরিদপুর, কুষ্টিয়া, বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালীর কিছু অংশ |
| পুণ্ড্র | বগুড়া, দিনাজপুর ও রাজশাহী জেলা |
| হরিকেল | সিলেট (শ্রীহট্ট), চট্টগ্রামের অংশবিশেষ |
| সমতট | কুমিল্লা ও নোয়াখালী |
| বরেন্দ্র | বগুড়া, দিনাজপুর ও রাজশাহী জেলার অনেক অঞ্চল এবং পাবনা জেলা জুড়ে |
| চন্দ্রদ্বীপ | বরিশাল |

CamScanner

## বিভিন্ন শাসনামলে বাংলার রাজধানী

| শাসনামল | রাজধানী |
|---|---|
| প্রাচীন বাংলা | মহাস্থানগড় |
| সুলতানী আমল | সোনারগাঁও, গৌড় |
| মুঘল আমল | সোনারগাঁও, ঢাকা |
| মৌর্য ও গুপ্ত বংশ | গৌড় (১৪৫০-১৫৩৫) |
| আলাউদ্দিন হোসেন শাহ | একডালা |
| গৌড় রাজ্যের/শশাঙ্কের | কর্ণসুবর্ণ |
| খড়্গ | কুমিল্লার কর্মান্তবসাক |
| হর্ষবর্ধন | কনৌজ |
| মৌর্যযুগ/পুণ্ড্র জনপদ | পুণ্ড্রনগর (বাংলার প্রাদেশিক) |
| প্রথম চন্দ্রগুপ্ত | পাটলিপুত্র |
| ঈসা খান | সোনারগাঁও |
| দেব রাজবংশ | দেবপর্বত |
| বর্মদেব | বিক্রমপুর |
| কুগরা খান | লক্ষ্ণাবতী |
| সেন আমল/লক্ষ্মণ সেন | নদীয়া বা নবদ্বীপ |
| গুপ্ত রাজবংশ | বিদিশা |

## প্রাচীন বাংলায় বিভিন্ন শাসনামল

### ◆ মৌর্য শাসন

- মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা— চন্দ্রগুপ্ত মৌর্য (৩২১ খ্রিষ্টপূর্বাব্দে)।
- প্রাচীন ভারতের সর্বপ্রথম সর্বভারতীয় সম্রাট— চন্দ্রগুপ্ত মৌর্য।
- চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিলেন- চাণক্য, যার ছদ্মনাম কৌটিল্য।
- চন্দ্রগুপ্ত মৌর্যের রাজধানী ছিল— পাটলিপুত্র।
- মহারাজ অশোক বৌদ্ধধর্ম গ্রহণ করেন— কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেখে।
- মেগাস্থিনিস ছিলেন— চন্দ্রগুপ্ত মৌর্যের রাজসভার গ্রিক দূত।

### ◆ গুপ্ত শাসন

- গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা— প্রথম চন্দ্রগুপ্ত (৩২০ খ্রিষ্টাব্দে)।
- গুপ্ত বংশের মধ্যে স্বাধীন ও শক্তিশালী রাজা ছিলেন— প্রথম চন্দ্রগুপ্ত।
- গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা— সমুদ্র গুপ্ত।
- চীনা পরিব্রাজক ফা-হিয়েন ভারতবর্ষে আগমন করেন— দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে।

### ◆ গৌড় শাসন

- বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা— শশাঙ্ক।
- হিউয়েন সাঙ বৌদ্ধধর্মের নিগ্রহকারী হিসেবে অভিহিত করেছেন— শশাঙ্ককে।
- চীনা বৌদ্ধ পণ্ডিত হিউয়েন সাঙ ভারতে আসেন — হর্ষবর্ধনের আমলে।
- গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন— শশাঙ্ক।

### ◆ পাল শাসন

- পাল বংশের রাজাগণ বাংলায় রাজত্ব করেছেন— প্রায় চারশ বছর।
- পাল রাজারা যে ধর্মাবলম্বী ছিলেন— বৌদ্ধ।
- পাল বংশের প্রতিষ্ঠাতা— গোপাল।
- নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহারের' প্রতিষ্ঠাতা— রাজা ধর্মপাল।

### ◆ সেন শাসন

- সেন বংশের প্রথম রাজা বা প্রতিষ্ঠাতা— হেমন্ত সেন।
- সেন বংশের সর্বপ্রথম সার্বভৌম বা স্বাধীন রাজা— বিজয় সেন।
- সেন বংশ ও বাংলার শেষ হিন্দু রাজা— লক্ষ্মণ সেন।
- কৌলিন্য প্রথার প্রবর্তক— বল্লাল সেন।

## বাংলায় মুসলিম ও স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা

### বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠা

- দাহির ছিলেন— সিন্ধু ও মুলতানের রাজা।
- প্রথম মুসলিম সিন্ধু বিজেতা ছিলেন— মুহাম্মদ-বিন-কাসিম।
- গজনীর অধিপতি সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করেন— ১৭ বার।
- সুলতান মাহমুদের সভাকবি ছিলেন— মহাকবি ফেরদৌসী।
- ভারতে সর্বপ্রথম তুর্কী সাম্রাজ্য বিস্তার করেন— মুহাম্মদ ঘুরী।
- প্রথম তরাইনের যুদ্ধ সংঘটিত হয়— ১১৯১ সালে।
- দ্বিতীয় তরাইনের যুদ্ধে মুহাম্মদ ঘুরী পৃথ্বীরাজকে পরাজিত করেন— ১১৯২ সালে।
- ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন— মুহাম্মদ ঘুরী।
- বখতিয়ার খলজি বাংলা জয় করেন— ১২০৪ খ্রিষ্টাব্দে।
- বাংলার মুসলমান রাজ্য সর্বাধিক বিস্তার লাভ করে— সুলতান শামসুদ্দিন ফিরোজ শাহের আমলে।

## বাংলায় সুলতানী শাসন প্রতিষ্ঠা

- ইবনে বতুতার আগমন ঘটে— ফখরুদ্দিন মুবারক শাহের রাজত্বকালে (১৩৪৬ খ্রিষ্টাব্দে)।
- ইবনে বতুতা ছিলেন— মরক্কোর পর্যটক।
- সর্বপ্রথম যে চীনা পরিব্রাজক ভারতবর্ষে আগমন করেন— ফা হিয়েন।

## দিল্লি সালতানাত

### ◆ সুলতান কুতুবুদ্দিন আইবেক

- সুলতান কুতুবুদ্দিন আইবেক জীবন শুরু করেন— মুহাম্মদ ঘুরীর ক্রীতদাস হিসেবে।
- মুহাম্মদ ঘুরীর অনুমতিক্রমে ভারত বিজয় করে দিল্লিতে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন— সুলতান কুতুবুদ্দিন আইবেক।
- উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা— কুতুবুদ্দিন আইবেক।
- দিল্লির কুতুবমিনারের নির্মাণ কাজ শুরু করেন— কুতুবুদ্দিন আইবেক।
- সুলতান কুতুবুদ্দিন আইবেকের মৃত্যু হয়—১২২১ সালে।

### ◆ সুলতান শামসউদ্দিন ইলতুৎমিশ

- প্রাথমিক যুগে তুর্কী সুলতানদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন— ইলতুৎমিশ।
- দিল্লির সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়— শামসউদ্দিন ইলতুৎমিশকে।
- ভারতে মুসলমান শাসকদের মধ্যে প্রথম মুদ্রা প্রচলন করেন— সুলতান শামসউদ্দিন ইলতুৎমিশ।
- কুতুব মিনারের নির্মাণ কাজ সমাপ্ত করেন— সুলতান শামসউদ্দিন ইলতুৎমিশ।

### ◆ সুলতান রাজিয়া

- ইলতুৎমিশের কন্যার নাম— সুলতান রাজিয়া।
- সুলতান রাজিয়া দিল্লির সিংহাসনে আরোহণ করেন— ১২৩৬ খ্রিষ্টাব্দে।
- দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী— সুলতান রাজিয়া।

CamScanner

### ◆ সুলতান নাসিরউদ্দিন মাহমুদ

- বাংলার প্রথম তুর্কী শাসনকর্তা ছিলেন— ইলতুৎমিশের পুত্র সুলতান নাসিরউদ্দিন মাহমুদ।
- সরল ও অনাড়ম্বর জীবনযাপনের জন্য ফকির বাদশাহ নামে পরিচিত ছিলেন— সুলতান নাসিরউদ্দিন মাহমুদ।
- কুরআন অনুলিপি ও টুপি সেলাই করে জীবিকা নির্বাহ করতেন— খোদাভীরু সুলতান নাসিরউদ্দিন মাহমুদ।

### ◆ সুলতান গিয়াসউদ্দিন বলবন

- রক্তপাত ও কঠোর নীতি যার শাসনের বৈশিষ্ট্য — সুলতান গিয়াসউদ্দিন বলবন।
- সুলতান গিয়াসউদ্দিন বলবনের দরবার অলংকৃত করেন— আমীর খসরু।
- 'ভারতের তোতা পাখি' নামে পরিচিত— আমীর খসরু।

### ◆ আলাউদ্দিন খলজি

- আলাউদ্দিন খলজিকে দিল্লির শ্রেষ্ঠ সুলতান বলে অভিহিত করেন— পর্যটক ইবনে বতুতা।
- দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণের উপর হস্তক্ষেপ করেন— আলাউদ্দিন খলজি।
- দাক্ষিণাত্যের দেবগিরির রাজা রামচন্দ্রের বিরুদ্ধে সামরিক অভিযান প্রেরণ করেন— আলাউদ্দিন খলজি।

### ◆ মুহম্মদ বিন তুঘলক

- দিল্লি থেকে দেবগিরিতে রাজধানী স্থানান্তর করেন— মুহম্মদ বিন তুঘলক।
- উত্তর ভারতে মোঙ্গলদের আক্রমণ বেড়ে যাওয়ায় পুনরায় রাজধানী দিল্লিতে ফেরত আনেন— মুহম্মদ বিন তুঘলক।
- সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করে মুদ্রামান নির্ধারণ করে দেন— মুহম্মদ বিন তুঘলক।

### ◆ মাহমুদ শাহ

- তুঘলক বংশের শেষ সুলতান ছিলেন— মাহমুদ শাহ।
- তৈমুর লঙ-এর ভারত আক্রমণে পরাজিত হন— মাহমুদ শাহ।
- তৈমুর লঙ ভারত আক্রমণ করেন— ১৩৯৮ সালে।

### ◆ ইব্রাহীম লোদী

- দিল্লির লোদী বংশের সর্বশেষ সুলতান — ইব্রাহীম লোদী।
- দিল্লির সালতানাতের পতন ঘটে— ইব্রাহীম লোদীর পরাজয়ের মাধ্যমে।

## বাংলায় ইলিয়াস শাহী শাসন ও হুসেন শাহী যুগ

- ইখতিয়ার উদ্দিন গাজী শাহের পর সোনারগাঁয়ের ক্ষমতা দখল করেন— শামসউদ্দিন ইলিয়াস শাহ।
- যে সুলতান 'শাহ-ই-বাঙ্গালা' উপাধি লাভ করেন— ইলিয়াস শাহ।
- যে মুসলমান শাসক সর্বপ্রথম সমগ্র বাংলার অধিপতি হন— ইলিয়াস শাহ।

### ◆ আলাউদ্দিন হুসেন শাহ

- হুসেন শাহী বংশের সুলতানের মধ্যে শ্রেষ্ঠ সুলতান ছিলেন— আলাউদ্দিন হুসেন শাহ।
- আলাউদ্দিন হুসেন শাহের রাজধানী ছিল— একডালা।
- হুসেন শাহের পৃষ্ঠপোষকতা লাভ করেন— বিজয়গুপ্ত, বিপ্রদাস পিপলাই, যশোরাজ খান প্রমুখ।
- গৌড়ের ছোট সোনা মসজিদ ও গুমতিদ্বার নির্মিত হয়— হুসেন শাহের আমলে।
- 'বাংলাদেশের আকবর' বলা হতো যে নরপতিকে— হুসেন শাহকে।

### ◆ নাসিরউদ্দিন নুসরত শাহ

- আলাউদ্দিন হুসেন শাহ-এর পুত্রের নাম— নাসিরউদ্দিন নুসরত শাহ।
- গৌড়ের বারদুয়ারী বা বড় সোনা মসজিদ স্থাপত্য শিল্পে অবদান রাখেন— নসরৎ শাহ।
- কদম রসুল মসজিদ স্থাপত্য শিল্পে অবদান রাখেন— নুসরত শাহ।

### ◆ আলাউদ্দিন ফিরুজ শাহ ও গিয়াসউদ্দিন মাহমুদ শাহ

- নসরৎ শাহ-এর মৃত্যুর পর তার পুত্র বাংলার সিংহাসনে বসেন— আলাউদ্দিন ফিরুজ শাহ।
- আলাউদ্দিন ফিরুজ শাহের শাসনকাল ছিল— মাত্র নয় মাস।
- আলাউদ্দিন ফিরুজ শাহকে হত্যা করেন— তার চাচা গিয়াসউদ্দিন মাহমুদ শাহ।

## মুঘল শাসনামল

### ◆ জহির উদ্দিন মুহম্মদ বাবর

- মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা— সম্রাট বাবর।
- পানিপথের প্রথম যুদ্ধ সংঘটিত হয়— ১৫২৬ সালে বাবর ও ইব্রাহীম লোদীর মধ্যে।
- ১৫২৬ সালে ইব্রাহীম লোদীর সাথে সংঘটিত পানিপথের প্রথম যুদ্ধে বিজয়ের মাধ্যমে সূত্রপাত হয়— মুঘল সাম্রাজ্যের।
- দিল্লির অদূরে অর্থাৎ ভারতের উত্তর প্রদেশের হরিয়ানা নামক স্থানে (দিল্লি ও আগ্রার মধ্যবর্তী যমুনা নদীর তীরে)— পানিপথ অবস্থিত।
- সম্রাট বাবর রচিত আত্মজীবনীর নাম— তুযুক-ই-বাবর বা বাবরনামা।

### ◆ নাসির উদ্দিন মুহম্মদ হুমায়ুন

- বক্সারের নিকটবর্তী চৌসা নামক স্থানে শেরশাহ হুমায়ুনকে অতর্কিত আক্রমণ করেন—১৫৩৯ সালে।
- চৌসারের যুদ্ধে পরাজিত হয়ে হুমায়ুন কোনোক্রমে প্রাণ নিয়ে— দিল্লি পৌঁছেন।
- সম্রাট হুমায়ুন ১৫৪০ সালে শেরশাহের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে পরাজিত হন— কনৌজের যুদ্ধে।
- পারস্য সম্রাটের সহায়তায় হুমায়ুন পুনরায় দিল্লি দখল করেন— ১৫৫৫ সালে ।
- বাংলাকে জান্নাতাবাদ বলে আখ্যায়িত করেন— সম্রাট হুমায়ুন।
- ১৫৫৬ সালে দিল্লির অদূরে তাঁর নির্মিত দীন পানাহ দুর্গের পাঠাগারের সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন — সম্রাট হুমায়ুন।

### ◆ শূর শাসন

- শূর শাসনের সূত্রপাত করেন আফগান শাসক— শেরশাহ।
- শেরশাহের মৃত্যুর পর সিংহাসনে বসেন— তার কনিষ্ঠ পুত্র জালাল খাঁ, ইসলাম শাহ উপাধি ধারণ করে।
- ১৫৫৫ সালে হুমায়ুন সিকন্দর শাহকে পরাজিত করলে অবসান ঘটে— শূর শাসনের।

### ◆ শেরশাহ

- ভারতবর্ষে পুরোপুরি 'ঘোড়ার ডাক' ব্যবস্থার প্রচলন করেন— শেরশাহ।
- ভারতবর্ষে 'দাম' নামক বিশেষ মুদ্রার প্রচলন করেন— শেরশাহ।
- দিল্লি থেকে ইংরেজদেরকে বিতাড়িত করেন— শেরশাহ।
- পাট্টা (ভূমি স্বত্বের দলিল) ও কবুলিয়াত (চুক্তি দলিল) প্রথা চালু করেন— শেরশাহ।
- গ্রান্ড ট্রাঙ্ক রোড মহাসড়ক নির্মাণ করেন— শেরশাহ।

CamScanner

# মুঘল শাসন (দ্বিতীয় পর্যায়)

## ◆ জালাল উদ্দিন মুহম্মদ আকবর

। মুঘল সাম্রাজ্যের শ্রেষ্ঠ সম্রাট আকবর সিংহাসনে আরোহণ করেন— (১৪ ফেব্রুয়ারি ১৫৫৬ খ্রিষ্টাব্দে) ১৩ বছর বয়সে।
। সম্রাট আকবরের পুরো নাম— জালাল উদ্দিন মুহম্মদ আকবর।
। সম্রাট আকবর বাংলা বিজয় করেন— ১৫৭৬ সালে।
। 'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা— আবুল ফজল।
। সমগ্র বঙ্গ দেশ 'সুবহ-ই-বাঙ্গালাহ' নামে পরিচিত ছিল— সম্রাট আকবরের সময়ে।
। 'মনসবদারী প্রথা' প্রচলন করেন— সম্রাট আকবর।
। 'জিজিয়াকর' ও 'তীর্থকর' রহিত করেন— সম্রাট আকবর।
। সম্রাট আকবরের 'রাজস্ব মন্ত্রী' ছিলেন— টোডরমল।
। 'অমৃতসর স্বর্ণমন্দির' নির্মাণ করেন— সম্রাট আকবর।
। বাংলা সনের প্রবর্তক— সম্রাট আকবর।
। সম্রাট আকবরের সমাধি— সেকেন্দ্রায়।
। বাংলাদেশে বার ভূঁইয়ার অভ্যুত্থান ঘটে— সম্রাট আকবরের সময়।
। পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয়— ১৫৫৬ সালে।
। সম্রাট আকবর বিবাহ করেন— রাজপুত কন্যা যোধাবাঈকে।
। ১৫৮২ খ্রিষ্টাব্দে সকল ধর্মের সার সংবলিত 'দীন-ই-ইলাহী' নামক নতুন একেশ্বরবাদী ধর্মমত প্রবর্তন করেন— সম্রাট আকবর।

## ◆ নূর উদ্দিন মুহম্মদ জাহাঙ্গীর

। জাহাঙ্গীর সিংহাসনে অধিষ্ঠিত হন— ২৪ অক্টোবর ১৬০৫ খ্রিষ্টাব্দে।
। নূরজাহান ছিলেন— সম্রাট জাহাঙ্গীরের স্ত্রী।
। নূরজাহানের প্রকৃত নাম— মেহেরউন্নিসা।
। আগ্রার দুর্গ নির্মাণ করেন— সম্রাট জাহাঙ্গীর।
। সম্রাট জাহাঙ্গীর রচিত আত্মচরিত গ্রন্থের নাম— তুজুক-ই-জাহাঙ্গীর।

## ◆ শাহজাহান

। সম্রাট শাহজাহান ক্ষমতায় আসেন— ১৬২৭ খ্রিষ্টাব্দে।
। পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি 'আগ্রার তাজমহল' নির্মাণ করেন— সম্রাট শাহজাহান।
। তাজমহলের স্থপতি ছিলেন— ওস্তাদ ঈশা খাঁ।
। তাজমহল অবস্থিত— আগ্রার যমুনা নদীর তীরে।
। দিল্লির দরবারে শাহজাহানের নির্মিত অমর কীর্তি— দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস।
। আগ্রার জামে মসজিদ নির্মাণ করেন— সম্রাট শাহজাহান।
। 'Prince of Builders' নামে খ্যাত— সম্রাট শাহজাহান।
। সম্রাট শাহজাহানের নির্মিত সিংহাসনের নাম— ময়ূর সিংহাসন।
। দিল্লিতে অবস্থিত 'লাল কেল্লা' নির্মাণ করেন— সম্রাট শাহজাহান।

## ◆ আওরঙ্গজেব আলমগীর

। আওরঙ্গজেব সিংহাসনে আরোহণ করেন— ২১ জুলাই ১৬৫৮ খ্রিষ্টাব্দে।
। অতিশয় ধর্মপ্রাণ ছিলেন বলে সম্রাট আওরঙ্গজেবকে— 'জিন্দাপীর' বলা হয়।
। 'ফতোয়া-ই-আলমগীরী' রচনা করেন— সম্রাট আওরঙ্গজেব।
। আওরঙ্গজেবের শাসনামলে বাংলার শাসনকর্তা ছিলেন— শায়েস্তা খান।

## ◆ মুহম্মদ শাহ

। আহমদ শাহ আবদালি ছিলেন— নাদির শাহের সেনাপতি।
। ১৭৬১ সালে দিল্লীর অদূরে পানিপথের প্রান্তরে— পানিপথের তৃতীয় যুদ্ধ সংঘটি
। আহমদ শাহ আবদালি ও মারাঠাদের মধ্যে সংঘটিত হয়— তৃতীয় পানিপথে
। তৃতীয় পানিপথের যুদ্ধে আহমদ শাহ আবদালি পরাজিত করেন— মারাঠাদে
। 'ময়ূর সিংহাসন' বর্তমানে আছে— ইরানে।

## ◆ দ্বিতীয় বাহাদুর শাহ

। শেষ মুঘল সম্রাট ছিলেন— দ্বিতীয় বাহাদুর শাহ।
। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ দ্বিতীয় বাহাদুর শাহকে নির্ব
দেওয়া হয়— রেঙ্গুনে (বর্তমান ইয়াঙ্গুনে)।
। ১৮৬২ সালে নির্বাসিত অবস্থায় মৃত্যুবরণ করলে দ্বিতীয় বা
শাহকে সমাহিত করা হয়— রেঙ্গুনে (বর্তমান ইয়াঙ্গুনে)।

# বাংলায় মুঘল ও নবাবী শাসন

## ◆ সুবাদার ইসলাম খান

। মুঘল প্রদেশ বা সুবার শাসনকর্তাকে বলা হতো— সুবাদার।
। সুবাদার ইসলাম খান বাংলার সুবাদার নিযুক্ত হন— ১৬০৮ সা
। ঢাকা বাংলার রাজধানী হয়— সুবাদার ইসলাম খানের শাসনামলে ১৬১০ সা
। ঢাকার নাম সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে জাহাঙ্গীরনগর রাখে
সুবাদার ইসলাম খান।

## ◆ শাহ সুজা

। সম্রাট শাহজাহানের দ্বিতীয় পুত্রের নাম— শাহ সুজা।
। শাহ সুজা বাংলার সুবাদার নিযুক্ত হন— ১৬৩৯ সালে।
। ঢাকার চকবাজারের 'বড় কাটরা' নির্মাণ করেন— শাহ সুজা
। শাহ সুজা নিজেকে সম্রাট ঘোষণা করেন— ১৬৫৭ সালে।

## ◆ মীর জুমলা

। মীর জুমলাকে সুবাদার নিয়োগ করেন— আওরঙ্গজেব।
। কৃষকদের নিকট থেকে প্রথম রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন— মীর জুমলা
। রাজমহল থেকে ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন— মীর জুমলা

## ◆ শায়েস্তা খান

। শায়েস্তা খান জাহাঙ্গীরনগরে সুবাদারের দায়িত্ব গ্রহণ করেন— ১৬৬৪ সা
। শায়েস্তা খান চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন— ইসলামাবাদ
। পরী বিবি ছিলেন- শায়েস্তা খানের কন্যা, যার আসল নাম ইরান দুখ
। টাকায় আট মণ চাল পাওয়া যেত— শায়েস্তা খানের আমলে।
। ঢাকায় ছোট কাটরা, হুসেনী দালান ও লালবাগের দুর্গ নির্মাণ করেন— শায়েস্তা খ

## ◆ বাংলার বারভূঁইয়া

। বারভূঁইয়াদের নেতা ঈসা খান মুঘলদের বশ্যতা মেনে নেন— ১৫৯৭ সা
। ঈসা খানের রাজধানী ছিল— সোনারগাঁওয়ে।
। ঈসা খানের পর বারভূঁইয়াদের নেতৃত্ব দেন— মুসা খান।
। বারভূঁইয়াদের দমন করা হয়— সম্রাট জাহাঙ্গীরের সময়ে।
। বারভূঁইয়া বলতে— অনির্দিষ্ট সংখ্যক জমিদারকে বোঝায়।
। কেদার রায় ও চাঁদ রায়ের জমিদারি অঞ্চল ও রাজধানীর নাম— বিক্রমপুর, শ্রী
। প্রতাপাদিত্যকে তুলনা করা হয়— রাজা প্রতাপ সিংহের সাথে।

CamScanner

## বাংলায় নবাবী শাসন

### মুর্শিদকুলী খান

- বাংলার প্রথম নবাব— মুর্শিদকুলী খান।
- বাংলায় স্বাধীন রাজবংশের প্রতিষ্ঠা করেন— মুর্শিদকুলী খান।
- বাংলায় রাজস্ব সংস্কারের ক্ষেত্রে প্রথম কৃতিত্বপূর্ণ অবদান— মুর্শিদকুলী খানের।

### আলীবর্দী খান

- আলীবর্দী খানের প্রকৃত নাম— মির্জা মুহম্মদ আলী।
- ১৭৪০ সালে গিরিয়ার যুদ্ধে সরফরাজ খানকে পরাজিত করে বাংলার মসনদ অধিকার করেন — আলীবর্দী খান।
- বর্গীরা বাংলায় ব্যাপক অত্যাচার করেছিল— আলীবর্দী খানের সময়ে।
- বাংলায় মারাঠী বা বর্গী দমনে সবচেয়ে বেশি অবদান— আলীবর্দী খানের।
- আলীবর্দীর সময়ে বাংলার রাজধানী ছিল— মুর্শিদাবাদে।

### সিরাজউদ্দৌলা ও পলাশীর যুদ্ধ

- সিরাজউদ্দৌলা বাংলা, বিহার ও উড়িষ্যার সিংহাসনে বসেন— ১৭৫৬ সালের ১০ এপ্রিল (২৩ বছর বয়সে)।
- পলাশীর যুদ্ধ হয়— ২৩ জুন ১৭৫৭।
- পলাশীর যুদ্ধে নবাব বাহিনীর নেতৃত্বে ছিলেন— মীরজাফর।
- পলাশীর যুদ্ধে ইংরেজ বাহিনীর নেতৃত্বে ছিলেন— রবার্ট ক্লাইভ।
- বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন— সিরাজউদ্দৌলা।
- পলাশীর প্রান্তর অবস্থিত— ভাগীরথী নদীর তীরে।
- সিরাজউদ্দৌলার প্রধান সেনাপতির নাম— মীরজাফর।

### মীর কাসিম ও বক্সারের যুদ্ধ

- পলাশীর যুদ্ধে পরাজয়ের পর বাংলার নবাব হন— মীরজাফর।
- বক্সারের যুদ্ধ হয়— ২২ অক্টোবর ১৭৬৪।
- বক্সারের যুদ্ধে পরাজিত হন— মীর কাসিম।

## উপমহাদেশে ইউরোপীয়দের আগমন

### জলপথ আবিষ্কার

- ভাস্কো-দা-গামা সর্বপ্রথম ভারতের যে বন্দরে আসেন— কালিকট বন্দরে।
- ভাস্কো-দা-গামা আফ্রিকা মহাদেশের দক্ষিণ উপকূলে অবস্থিত উত্তমাশা অন্তরীপ ঘুরে ভারতে পৌঁছেন— ১৪৯৮ সালের ২৭ মে।

### উপমহাদেশে পর্তুগিজদের আগমন

- ইউরোপীয়দের মধ্যে প্রথম বাংলায় আসে— পর্তুগিজ বণিকরা (১৫১৬ সালে)।
- পর্তুগিজরা বাংলাদেশে পরিচিত ছিল— ফিরিঙ্গি নামে।
- চট্টগ্রাম দখল করে সেখান থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন— শায়েস্তা খান।

### ডাচ বা ওলন্দাজ বণিকদের আগমন

- হল্যান্ড বা নেদারল্যান্ডের অধিবাসীরা পরিচিত— ডাচ বা ওলন্দাজ নামে।
- উপমহাদেশে মসলার ব্যবসায় শ্রেষ্ঠ ছিল— ওলন্দাজ বণিকগণ।
- ইন্দোনেশিয়াতে উপনিবেশ স্থাপন করেছিল— ডাচ বা ওলন্দাজরা।

### ডেনিশদের আগমন

- যে দেশের অধিবাসীদের বলা হয় ডেনিশ— ডেনমার্ক।
- ডেনিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি গঠন করা হয়— ১৬১৬ সালে।
- ডেনিশরা ভারতে পরিচিত ছিল— দিনেমার নামে।

### ইংরেজদের আগমন

- যে মুঘল সম্রাট হুগলিতে পর্তুগিজদের শহর প্রতিষ্ঠার অনুমতি দেন— সম্রাট আকবর।
- ভারতে ব্রিটিশ শাসনের সূত্রপাত ঘটে যে দুর্গকে কেন্দ্র করে— ফোর্ট উইলিয়াম।
- ফোর্ট উইলিয়াম নির্মিত হয়— কলকাতায়।
- যে মুঘল সম্রাট ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে নিজস্ব মুদ্রা প্রবর্তনের অধিকার প্রদান করেন— সম্রাট ফররুখ শিয়ার।

## ইস্ট ইন্ডিয়া কোম্পানি ও ব্রিটিশ সরকারের ভারত শাসন

### দ্বৈতশাসন ও ছিয়াত্তরের মন্বন্তর

- ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে জয়লাভ করে বিশ্বাসঘাতকতার উপহারস্বরূপ মীরজাফরকে সিংহাসনে বসান— লর্ড ক্লাইভ ।
- লর্ড ক্লাইভ ফোর্ট উইলিয়ামের গভর্নরের দায়িত্ব পালন করেন— ১৭৫৭-১৭৬০ সাল পর্যন্ত।
- লর্ড ক্লাইভ দ্বিতীয়বার ভারতে আসেন— ১৭৬৫ সালে।
- ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় দ্বৈতশাসন ব্যবস্থা চালু করে— ১৭৬৫ সালে।
- 'ছিয়াত্তরের মন্বন্তর'– বাংলা ১১৭৬ সাল (১৭৭০ খ্রিষ্টাব্দ)।
- দ্বৈতশাসন ব্যবস্থার মারাত্মক পরিণতি— ছিয়াত্তরের মন্বন্তর।

## গভর্নর জেনারেল

### ওয়ারেন হেস্টিংস

- ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিস্তারের প্রথম সূচনা করেন— ওয়ারেন হেস্টিংস।
- বোর্ড অব ডিরেক্টরসের নির্দেশে হেস্টিংস দ্বৈতশাসন ব্যবস্থা বিলুপ্ত করেন— ১৭৭২ সালে।
- মুর্শিদাবাদ থেকে রাজস্ব দপ্তর ও রাজধানী কলকাতায় প্রথম স্থানান্তর করেন— ওয়ারেন হেস্টিংস।
- ভারত শাসন সংক্রান্ত যে আইন সর্বপ্রথম ব্রিটিশ পার্লামেন্টে পাস করা হয়— রেগুলেটিং অ্যাক্ট-১৭৭৩।
- 'আইন-ই-আকবরী' গ্রন্থের ইংরেজি অনুবাদের প্রথম উদ্যোগ নেন— ওয়ারেন হেস্টিংস।
- উপমহাদেশে প্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন– ওয়ারেন হেস্টিংস।

### লর্ড কর্নওয়ালিস

- চিরস্থায়ী বন্দোবস্তের আগে কর্নওয়ালিস রাজস্ব আদায়ের ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেন— দশসনা বন্দোবস্ত।
- যে আইন বলে নির্দিষ্ট দিনে রাজস্ব প্রদানে ব্যর্থ হয়ে বহু পুরাতন জমিদার তাদের জমিদারি হারায়— সূর্যাস্ত আইন।
- নামসর্বস্ব নবাবী শাসনের সম্পূর্ণরূপে অবসান ঘটান— কর্নওয়ালিস, ১৭৯০ সালে।

CamScanner

### ◆ লর্ড ওয়েলেসলি

- সাম্রাজ্য বিস্তারের জন্য ওয়েলেসলি কর্তৃক গৃহীত নীতির নাম— অধীনতামূলক মিত্রতা।
- মহীশূরের শাসনকর্তা টিপু সুলতানকে অধীনতামূলক মিত্রতা গ্রহণের জন্য আমন্ত্রণ জানান— লর্ড ওয়েলেসলি।
- ভারতে ওয়েলেসলির রাজত্বকালের সমসাময়িক ইউরোপের প্রচণ্ড প্রতাপশালী শাসক— নেপোলিয়ন বোনাপার্ট।

### ◆ লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক

- লর্ড বেন্টিঙ্ক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন করে রহিত করেন— সতীদাহ প্রথা।
- নেপোলিয়নের বিরুদ্ধে সংঘটিত যুদ্ধে বেন্টিঙ্ক যার অধীনে যুদ্ধ করেন— ব্রিটিশ সেনাপতি ডিউক অব ওয়েলিংটন।

### ◆ লর্ড ডালহৌসি

- বিখ্যাত গঙ্গা ক্যানাল খনন করা হয়— ডালহৌসির সময়ে।
- বাংলায় সর্বপ্রথম রেলপথ তৈরি করেন— লর্ড ডালহৌসি (১৮৫৪ সালে)।

## গভর্নর-জেনারেল ও ভাইসরয়

### ◆ লর্ড ক্যানিং

- ভারত শাসনের জন্য মহারানীর পক্ষ থেকে প্রথম ভাইসরয় বা রাজপ্রতিনিধি নিযুক্ত হন— লর্ড ক্যানিং।
- উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন— লর্ড ক্যানিং।
- জমিদারদের হাত থেকে রায়তদের রক্ষার্থে ক্যানিং যে আইন চালু করেন— বঙ্গীয় প্রজাস্বত্ব আইন।
- ইন্ডিয়ান সিভিল সার্ভিস আইন পাস করেন— লর্ড ক্যানিং (১৮৬১)।
- ইন্ডিয়া হাউজ হলো—ভারত সচিবের সদর দপ্তর।

### ◆ লর্ড কার্জন

- ১৯০৫ সালে ১৬ অক্টোবর ভারতের ভাইসরয় ছিলেন— লর্ড কার্জন।
- ১৯০৫ সালে ১৬ অক্টোবরের এক ঘোষণায় বাংলা প্রদেশকে দুইভাগে ভাগ তথা বঙ্গভঙ্গ বা বঙ্গবিভাগ করেন— লর্ড কার্জন।

### ◆ লর্ড মিন্টো

- মর্লি-মিন্টো সংস্কার আইন ১৯০৯ এর মাধ্যমে মুসলমানদের পৃথক নির্বাচনের অধিকার দেন— লর্ড মিন্টো।

### ◆ লর্ড হার্ডিঞ্জ

- হিন্দু সম্প্রদায়ের প্রতিবাদের মুখে ১৯১১ সালে দিল্লীর দরবারে 'বঙ্গভঙ্গ' রদ করেন— রাজা পঞ্চম জর্জ।
- বঙ্গভঙ্গ রদের সুপারিশ করেন— ভারতের ভাইসরয় লর্ড হার্ডিঞ্জ (দ্বিতীয়)।
- ১৯১২ সালে বঙ্গভঙ্গ রদের পর পূর্ব ও পশ্চিম বাংলাকে একত্রিত করে কলকাতাকে রাজধানী করে সৃষ্টি করা হয়— বেঙ্গল প্রদেশ।

### ◆ লর্ড মাউন্টব্যাটেন

- ব্রিটিশ-ভারতের শেষ ভাইসরয় বা বড়লাট ছিলেন— লর্ড মাউন্টব্যাটেন।
- ভারত বিভাগের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ছিলেন— এটলি।
- 'ভারত স্বাধীনতা আইন' পাস হয়— ১৯৪৭ সালের ১৮ জুলাই।
- ভারত ও পাকিস্তানের মধ্যে সীমারেখা চিহ্নিত করে স্যার সাইরিল র‍্যাডক্লিফের নেতৃত্বে গঠিত— র‍্যাডক্লিফ কমিশন।

### বাংলায় বিভিন্ন ব্রিটিশ শাসকদের অধীনে গৃহীত সংস্কার ও পদক্ষেপ

| সংস্কার ও পদক্ষেপ | শাসক |
|---|---|
| দ্বৈতশাসন ব্যবস্থা | লর্ড ক্লাইভ |
| চিরস্থায়ী বন্দোবস্ত | লর্ড কর্নওয়ালিস |
| সতীদাহ প্রথা নিবারণ | লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক |
| সিপাহী বিদ্রোহ | লর্ড ক্যানিং |
| বঙ্গভঙ্গ | লর্ড কার্জন |
| বঙ্গভঙ্গ রদ | লর্ড হার্ডিঞ্জ (দ্বিতীয়) |
| কলকাতা থেকে দিল্লিতে ভারতের রাজধানী স্থানান্তর | লর্ড হার্ডিঞ্জ (দ্বিতীয়) |
| ভারতীয় স্বাধীনতা আইন | লর্ড মাউন্টব্যাটেন |

## উপমহাদেশে বিভিন্ন বিদ্রোহ ও সংস্কার আন্দোলন

- ১৭৬৪ সালে সংঘটিত বক্সারের যুদ্ধে মীর কাসিম সহায়তা করেন— ফকির সন্ন্যাসীদের।
- যার মৃত্যুর পর নেতৃত্বের অভাবে ফকির আন্দোলন স্তিমিত পড়ে— মজনু শাহের।
- সর্বপ্রথম সন্ন্যাসী বিদ্রোহকে কৃষক বিদ্রোহ বলে অভিহিত করে— উইলিয়াম হান্টার।
- ভারতবর্ষে ওয়াহাবী মত ও আদর্শ প্রচারের পথিকৃৎ ছিলেন— সৈয়দ আহমদ বেরেলভী।
- ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব দেন— হাজী শরীয়তুল্লাহ
- হাজী শরীয়তুল্লাহর জন্ম— মাদারীপুর জেলার শিবচর উপজেলা
- দার-উল-হরব কথাটির অর্থ— বিধর্মীর রাজ্য/যে রাজ্য ইসলাম অনুশাসন দ্বারা পরিচালিত হয় না।
- হাজী শরীয়তুল্লাহর মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব করেন— দুদু মিয়া।
- "জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থী"-এ উক্তি— দুদু মিয়া
- যে বাঙালি প্রথম ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে অস্ত্র ধরে শহীদ হয়েছিলেন— শহীদ তিতুমীর।
- তিতুমীরের প্রকৃত নাম— সৈয়দ মীর নিসার আলী।
- উপমহাদেশের প্রথম স্বাধীনতা সংগ্রাম হিসেবে পরিচিত— সিপাহী বিদ্রোহ
- আলীগড় আন্দোলনের প্রতিষ্ঠাতা— স্যার সৈয়দ আহমদ খান
- ইয়ং বেঙ্গল আন্দোলন যে কলেজকে কেন্দ্র করে গড়ে ওঠে— হিন্দু কলেজ
- ইয়ং বেঙ্গল আন্দোলনের প্রবক্তা— হিন্দু কলেজের শিক্ষক লুই ভিভিয়ান ডিরোজিও।
- তেভাগা আন্দোলনের নেত্রী— ইলা মিত্র।
- অহিংসা ও অসহযোগ আন্দোলনের জনক— মহাত্মা (মোহনদাস করমচাঁদ গান্ধী)।
- মাস্টারদা সূর্যসেন চট্টগ্রামে অস্ত্রাগার লুণ্ঠন করেন— ১৮
- মাস্টারদা সূর্যসেনকে ফাঁসি দেয়া হয়— ১৯৩১ সালে
- বিপ্লবী 'গীতিলতা ওয়াদ্দেদার' জড়িত ছিলেন— ব্রিটিশবিরোধী
- ভারত ছাড় আন্দোলন হয়— মহাত্মা গান্ধীর নেতৃত্বে।
- আইন অমান্য ও সত্যাগ্রহ আন্দোলন হয়— ১৯৩০ সালে
- সত্যাগ্রহ ও আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করা হয়— ১৯৩

## জাতীয়তাবাদী আন্দোলন, বঙ্গভঙ্গ ও তৎকালীন রাজনীতি

- ভারতীয় জাতীয় কংগ্রেস বা ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস প্রতিষ্ঠিত হয়— ১৮৮৫ সালে।
- ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাতা— অবসরপ্রাপ্ত ইংরেজ সিভিলিয়ন অ্যালান অক্টোভিয়ান হিউম।
- বঙ্গভঙ্গ কার্যকর হয়— ১৯০৫ সালের ১৬ অক্টোবর লর্ড কার্জনের ঘোষণার মাধ্যমে।
- 'পূর্ববঙ্গ ও আসাম' নামক নতুন প্রদেশের রাজধানী ও আইন সভা প্রতিষ্ঠিত হয়— ঢাকায়।
- বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেয়া হয়— সম্রাট পঞ্চম জর্জের অভিষেক অনুষ্ঠান উপলক্ষে আহূত দিল্লির দরবারে ১৯১১ সালের ১২ ডিসেম্বর।
- বঙ্গভঙ্গ রদ করার সুপারিশ করেন— লর্ড হার্ডিঞ্জ।
- বঙ্গভঙ্গের প্রতিবাদে যে আন্দোলন গড়ে উঠে তাকে বলা হয়— স্বদেশী আন্দোলন।
- মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়— ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর ঢাকায়।
- মুসলিম লীগের প্রকৃত নাম ছিল— নিখিল ভারত মুসলিম লীগ।
- মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়— নবাব সলিমুল্লাহর উদ্যোগে।
- মুসলিম লীগের প্রথম অধিবেশন হয়— ঢাকায় (নবাব ভিকারুল্লমূলক-এর সভাপতিত্বে)।
- দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা— মুহম্মদ আলী জিন্নাহ।
- বাংলায় মুসলিম লীগ ও কৃষক-প্রজা পার্টির কোয়ালিশনে প্রথম প্রাদেশিক মন্ত্রিসভা গঠন করেন— এ. কে. ফজলুল হক।
- বাংলার প্রথম মুখ্যমন্ত্রী— এ. কে. ফজলুল হক।
- বাংলার গভর্নরের সাথে বিরোধের ফলে এ. কে. ফজলুল হক পদত্যাগ করলে মন্ত্রিসভা গঠন করেন— মুসলিম লীগের খাজা নাজিমউদ্দীন।
- যার নেতৃত্বে মুসলিম লীগের শেষ মন্ত্রিসভা গঠিত হয় এবং ভারত বিভাগ পর্যন্ত ক্ষমতাসীন থাকেন— হোসেন শহীদ সোহরাওয়ার্দী।
- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড সংঘটিত হয়— ১৩ এপ্রিল, ১৯১৯ সালে।
- রবীন্দ্রনাথ 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন— জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদস্বরূপ।

## বিভাগ-পূর্ব রাজনীতি

- মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইনকে বলা হয়— ১৯১৯ সালের ভারত শাসন আইন।
- যে আইনের দ্বারা ভারতে দায়িত্বশীল সরকারব্যবস্থার সূচনা হয়— ১৯১৯ সালের ভারত শাসন আইন।
- যে আইনের দ্বারা সর্বভারতীয় যুক্তরাষ্ট্র গঠনের পরিকল্পনা করা হয়েছিল— ১৯৩৫ সালের ভারত শাসন আইন।
- ১৯৩৫ সালের ভারত শাসন আইন প্রবর্তিত হয়— সাইমন কমিশন ও গোল টেবিল বৈঠকের আলোচনার প্রেক্ষিতে।
- লাহোর প্রস্তাব উত্থাপন করা হয়— ১৯৪০ সালের ২৩ মার্চ।
- লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে 'লাহোর প্রস্তাব' উত্থাপন করেন— শেরে বাংলা এ. কে. ফজলুল হক ।
- লাহোর প্রস্তাবের মূল দাবি— মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকাসমূহে একাধিক স্বাধীন রাষ্ট্র গঠন করা।
- বঙ্গীয় প্রজাস্বত্ব আইন, ঋণ সালিশি বোর্ড প্রভৃতি গঠনের মাধ্যমে বাংলার কৃষকদের নিকট স্মরণীয় হয়ে আছেন— এ কে ফজলুল হক।
- ১৩৫০ বঙ্গাব্দে (১৯৪৩ খ্রিষ্টাব্দে) সংঘটিত দুর্ভিক্ষ পরিচিত— 'পঞ্চাশের মন্বন্তর' নামে ।
- অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন— হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

# ০৩ পাকিস্তান আমল ও ভাষা আন্দোলন

- স্বাধীন সার্বভৌম পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়— ১৪ আগস্ট ১৯৪৭।
- 'পাকিস্তান' নামটির কথা প্রথম উল্লেখ করেন— চৌধুরী রহমত আলী (কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র)।
- পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল— মোহাম্মদ আলী জিন্নাহ।
- পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী— লিয়াকত আলী খান।
- পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট— ইস্কান্দার মির্জা।
- পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়— ২৩ জুন ১৯৪৯, ঢাকার রোজ গার্ডেনে এক রাজনৈতিক কর্মী সম্মেলনে।
- পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ও সাধারণ সম্পাদক ছিলেন— যথাক্রমে মওলানা আবদুল হামিদ খান ভাসানী ও শামসুল হক (প্রতিষ্ঠাতা যুগ্ম সম্পাদক— শেখ মুজিবুর রহমান)।
- আওয়ামী মুসলিম লীগ থেকে মুসলিম শব্দটি বাদ দিয়ে আওয়ামী লীগ নামকরণ করা হয়— ১৯৫৫ সালে।
- পাকিস্তান শাসনামলে ভূমি আইনের উপর প্রণীত গুরুত্বপূর্ণ বিধিবদ্ধ আইন— ১৯৫০ সালের জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন (আইনটি Estate Acquisition and Tenancy Act 1950)।
- পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইনে ধারা রয়েছে— ১৫২টি, যা পাঁচটি অংশ ও ১৯টি অধ্যায়ে বিভক্ত।
- পূর্ববঙ্গ প্রদেশের প্রথম মুখ্যমন্ত্রী— খাজা নাজিমুদ্দীন।
- খাজা নাজিমুদ্দীনের পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী হন— নূরুল আমীন (১৪ সেপ্টেম্বর ১৯৪৮)।
- যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়— ৩ এপ্রিল ১৯৫৪, শেরে বাংলা এ কে ফজলুল হকের নেতৃত্বে।
- যুক্তফ্রন্ট ক্ষমতাসীন থাকাকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর ছিলেন— চৌধুরী খালিকুজ্জামান।
- চৌধুরী খালিকুজ্জামানের পর পূর্ব পাকিস্তানের গভর্নর হন— ইস্কান্দার মির্জা।
- ইস্কান্দার মির্জা প্রেসিডেন্ট হয়ে পূর্ব পাকিস্তানের গভর্নর করেন— এ কে ফজলুল হককে।
- পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষা সংক্রান্ত সংশোধনী প্রস্তাব আনেন— পূর্ব বাংলার গণপরিষদ সদস্য ধীরেন্দ্রনাথ দত্ত।
- পাকিস্তান জাতীয় পরিষদের প্রথম অধিবেশন হয়— ঢাকায়।
- পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র বাতিল করেন— ইস্কান্দার মির্জা; ৭ অক্টোবর ১৯৫৮।

CamScanner

- পাকিস্তানের প্রথম রাজধানী ছিল— করাচি।
- পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান করা হয়— ১৯৫৬ সালের ২৩ মার্চ।
- এ কে ফজলুল হক পূর্ব পাকিস্তানের গভর্নর নিযুক্ত হন— ১৯৫৬ সালে।
- লিয়াকত আলী খানের মৃত্যুর পর পাকিস্তানের প্রধানমন্ত্রী হন— খাজা নাজিমুদ্দীন।
- শহীদ সোহরাওয়ার্দী পাকিস্তানের প্রধানমন্ত্রী হন— ১২ সেপ্টেম্বর ১৯৫৬।
- আইয়ুব খান পাকিস্তানের প্রেসিডেন্ট হন— ২৭ অক্টোবর ১৯৫৮।
- লাহোর সম্মেলন অনুষ্ঠিত হয়— ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬।
- আইয়ুব খানের পর পাকিস্তানের প্রেসিডেন্ট হন— জেনারেল ইয়াহিয়া খান।
- পাকিস্তানে প্রথম সামরিক আইন জারি হয়— ৭ অক্টোবর ১৯৫৮।

*[সূত্র : www.albd.org]*

### রাষ্ট্রভাষা বাংলার দাবিতে গঠিত সংগ্রাম পরিষদ বা কমিটি

| নাম | গঠন | আহ্বায়ক |
|---|---|---|
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ১ অক্টোবর ১৯৪৭ | এসএম নুরুল হক ভূঁইয়া |
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (দ্বিতীয়বার গঠিত) | ২ মার্চ ১৯৪৮ | শামসুল আলম |
| বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ বা কমিটি | ১১ মার্চ ১৯৫০ | আবদুল মতিন |
| সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ বা কমিটি | ৩০ জানুয়ারি ১৯৫২ | কাজী গোলাম মাহবুব |

## ভাষা আন্দোলন

- 'তমদ্দুন মজলিস' গঠিত হয়— ২ সেপ্টেম্বর ১৯৪৭।
- 'তমদ্দুন মজলিস' ভাষা আন্দোলন বিষয়ক যে পুস্তিকা প্রকাশ করে— 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' (প্রকাশকাল ১৫ সেপ্টেম্বর ১৯৪৭)।
- উর্দুকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে এবং রাষ্ট্রভাষা বাংলার দাবিতে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়— ২ মার্চ ১৯৪৮; ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে কামরুদ্দিন আহমেদের সভাপতিত্বে।
- 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়— ৩০ জানুয়ারি ১৯৫২।
- পাকিস্তান গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়— ৭ মে ১৯৫৪।
- ২১ ফেব্রুয়ারিকে 'ভাষা দিবস' ঘোষণা করা হয়— ১৯৫২ সালে।
- ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল— ৮ ফাল্গুন ১৩৫৮ বঙ্গাব্দ।
- প্রথম শহীদ মিনার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়— ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি।
- প্রথম তৈরি 'শহীদ মিনার' উন্মোচন করেন— শহীদ শফিউরের পিতা মাহবুবুর রহমান (২৩ ফেব্রুয়ারি)।
- নূরুল আমীন ১৪৪ ধারা জারি করেন— ২০ ফেব্রুয়ারি ১৯৫২।
- ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার প্রাদেশিক গভর্নর ছিলেন— ফিরোজ খান নূন।
- পাকিস্তানের প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা' ঘোষণা দেন— ২৬ জানুয়ারি ১৯৫২ সালে ঢাকায়।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বাংলায় বক্তৃতা দেন— অধ্যাপক আবুল কাসেম।
- দেশের বাইরে প্রথম শহীদ মিনার নির্মিত হয়— লন্ডন, যুক্তরাজ্য।
- দেশের বাইরে সরকারি অর্থায়নে প্রথম শহীদ মিনার নির্মিত হয়— টোকিও, জাপান।

### একুশের প্রথম

| বিষয় | শিরোনাম | রচয়িতা |
|---|---|---|
| গান | ভুলব না, ভুলব না ... | আ ন ম গাজীউল হ |
| প্রভাতফেরির গান | মৃত্যুকে যারা তুচ্ছ করিল ... | মোশারেফ উদ্দিন আ |
| কবিতা | কাঁদতে আসিনি... | মাহবুব উল আলম চৌ |
| নাটক | কবর | মুনীর চৌধুরী |
| সংকলন | একুশে ফেব্রুয়ারী | হাসান হাফিজুর রহমা |
| উপন্যাস | আরেক ফাল্গুন | জহির রায়হান |
| ইতিহাস নিয়ে বই | ভাষা আন্দোলনের ইতিহাস | সম্পাদক অধ্যাপক আব |
| চলচ্চিত্র | জীবন থেকে নেয়া | জহির রায়হান পরিচা |
| শহিদ মিনার ধ্বংসের প্রতিবাদে কবিতা | স্মৃতিস্তম্ভ | কবি আলাউদ্দিন আল আ |

### ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়

| | |
|---|---|
| পাকিস্তানের গভর্নর জেনারেল | মালিক গোলাম মোহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | খাজা নাজিমুদ্দিন |
| পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী | নুরুল আমিন |
| পূর্ব বাংলার প্রাদেশিক গভর্নর | ফিরোজ খান নূন |
| ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি | সৈয়দ মোয়াজ্জেম হোসেন |

### ভাষা শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্য

| ভাস্কর্য | স্থপতি | অবস্থান |
|---|---|---|
| মোদের গরব | অখিল পাল | বাংলা একাডেমি চত্ব |
| অমর একুশে | জাহানারা পারভীন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যা |
| জননী ও গর্বিত বর্ণমালা | মৃণাল হক | ঢাকার পরীবাগে, বিটিভি -এর সামনে |

### আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

| | |
|---|---|
| আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি |
| স্বীকৃতি প্রদানকারী সংস্থা | ইউনেস্কো |
| স্বীকৃতি প্রদানের সময় | ১৭ নভেম্বর, ১৯৯৯ সাল ইউনেস্কোর ৩০তম সম্মেলনে। |
| উদ্‌যাপন শুরু | ১৮৮ দেশের অংশগ্রহণে ২০০ সাল থেকে। প্রথম স্বীকৃতি দানকারী দেশ : কানাডা। |
| উদ্যোগ গ্রহণকারী | কানাডা প্রবাসী রফিকুল ইসলাম ও আবদুস সালাম (তারা ২০১৫ সাল 'একুশে পদক' লাভ করেন)। |
| উদ্যোক্তা সংগঠন | Mother Language Lovers of the World. |
| জাতিসংঘের স্বীকৃতি প্রদান | ২০০৮ সালে। |

CamScanner

## ভাষা আন্দোলনভিত্তিক গান

| গানের কলি | গীতিকার | সুরকার |
|---|---|---|
| ভুলব না, ভুলব না সে একুশে ফেব্রুয়ারি | আ ন ম গাজীউল হক | নিজামুল হক |
| সালাম সালাম হাজার সালাম | ফজলে-এ-খোদা | আব্দুল জাব্বার |
| আমার ভাইয়ের রক্তে রাঙানো | আবদুল গাফফার চৌধুরী | শহিদ আলতাফ মাহমুদ |
| ওরা আমার মুখের ভাষা | আবদুল লতিফ | আবদুল লতিফ |
| দাম দিয়ে কিনেছি বাংলা | | |
| মনে আছে ২১ ফাল্গুনের কথা আমরা ভুলি নাই | | |

## ভাষা আন্দোলনভিত্তিক কবিতা

| কবিতা | কবি |
|---|---|
| বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা | শামসুর রাহমান |
| ফেব্রুয়ারি ১৯৬৯ | শামসুর রাহমান |
| আমাকে কি মাল্য দেবে দাও | নির্মলেন্দু গুণ |
| চিঠি | আবু জাফর ওবায়দুল্লাহ |
| একুশের কবিতা (সভ্যতার মণিবন্ধে) | সৈয়দ শামসুল হক |
| স্মৃতিস্তম্ভ | আলাউদ্দীন আল আজাদ |

## ভাষা আন্দোলনভিত্তিক ছোট গল্প

| ছোট গল্প | রচয়িতা |
|---|---|
| একুশের গল্প | জহির রায়হান |
| মৌন নয় | শওকত ওসমান |
| প্রথম বধ্যভূমি | রাবেয়া খাতুন |

## ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস

| উপন্যাস | রচয়িতা |
|---|---|
| একুশে ফেব্রুয়ারি | জহির রায়হান |
| আরেক ফাল্গুন | |
| আর্তনাদ | শওকত ওসমান |
| যাপিত জীবন | সেলিনা হোসেন |
| নিরন্তর ঘণ্টাধ্বনি | |

## যুক্তফ্রন্ট ও ১৯৫৪ সালের নির্বাচন

- পূর্ব পাকিস্তান মুসলিম লীগের বিপক্ষে সমমনা চারটি দল নিয়ে 'যুক্তফ্রন্ট' গঠিত হয়— ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে।
- ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তানে প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়— ১০ মার্চ।
- ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদ নির্বাচনের ফলাফল— যুক্তফ্রন্ট ২২৩টি, মুসলিম লীগ ৯টি ও স্বতন্ত্র ৫টি।
- ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল— নৌকা।
- ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা পরিচালিত হয়— ২১ দফার ভিত্তিতে।
- একুশ দফা দাবির প্রথম দফা ছিল— বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা স্বীকৃতি অর্জন।
- ১৯৫৪ সালের ৩ এপ্রিল প্রাদেশিক নির্বাচনের পর যুক্তফ্রন্ট পূর্ব বাংলায় যে মন্ত্রিসভা গঠন করে তার মুখ্যমন্ত্রী হন— এ. কে. ফজলুল হক।

## ১৯৫৬-১৯৬৫ সালের ঘটনাপঞ্জি

- গণপরিষদে 'পাকিস্তান শাসনতন্ত্র বিল' উত্থাপিত হয়— ১৯৫৬ সালের ৯ জানুয়ারি।
- আওয়ামী লীগের সার্বিক তত্ত্বাবধানে টাঙ্গাইল জেলার সন্তোষে ১৯৫৭ সালের ৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়— কাগমারী সম্মেলন।
- প্রেসিডেন্ট ইস্কান্দার মির্জা সামরিক শাসন জারি করেন— ৭ অক্টোবর ১৯৫৮।
- ২৭ অক্টোবর ১৯৫৮ ইস্কান্দার মির্জাকে ক্ষমতাচ্যুত করে ক্ষমতা দখল করেন— জেনারেল আইয়ুব খান।
- প্রেসিডেন্ট আইয়ুব খান সামরিক শাসন প্রত্যাহার করেন— ২৩ মার্চ ১৯৬০।
- পাকিস্তানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদে স্থানান্তর করা— ১৯৬২ সালে।
- ১৯৬৫ সালের ২ জানুয়ারি মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে প্রেসিডেন্ট নির্বাচন দেন— প্রেসিডেন্ট আইয়ুব খান।
- কারগিল যুদ্ধের মূল কারণ ছিল— কাশ্মীর নিয়ন্ত্রণ।

## ৬ দফা আন্দোলন

- যে চুক্তির ভিত্তিতে ছয় দফা রচিত— সিমলা।
- শেখ মুজিব ছয় দফা কর্মসূচির কথা প্রথম ব্যক্ত করেন— ৫ ফেব্রুয়ারি ১৯৬৬, লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনে।
- ছয় দফা হলো— বাংলার কৃষক-শ্রমিক-মজুর মধ্যবিত্ত তথা আপামর মানুষের 'মুক্তির সনদ'।

## আগরতলা ষড়যন্ত্র মামলা

- শেখ মুজিবকে প্রধান আসামি করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়— ৩ জানুয়ারি ১৯৬৮।
- আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিলেন— ৩৫ জন।
- আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয়— ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
- আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি সার্জেন্ট জহুরুল হককে গুলি করে হত্যা করা হয়— ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯।

## '৬৯-এর গণঅভ্যুত্থান

- শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়— ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ (তোফায়েল আহম্মেদ কর্তৃক); রেসকোর্স ময়দান (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান)।
- ৬ জানুয়ারি ১৯৬৯ সর্বদলীয় ছাত্রসংগ্রাম পরিষদ ঘোষণা করে— এগার দফা কর্মসূচি।
- বর্তমান আসাদ গেটের পূর্ব নাম— আইয়ুব গেট।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের নামকরণ 'বাংলাদেশ' করেন— ৫ ডিসেম্বর ১৯৬৯।

## '৭০-এর সাধারণ নির্বাচন

- ১৯৭০ সালে পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়— ৭ ডিসেম্বর।
- পাকিস্তান জাতীয় পরিষদের মোট আসন সংখ্যা ছিল— ৩১৩টি।
- পূর্ব পাকিস্তানে জাতীয় পরিষদের আসন সংখ্যা ছিল— ১৬৯টি।
- পশ্চিম পাকিস্তানে জাতীয় পরিষদের আসন সংখ্যা ছিল— ১৪৪টি।
- পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়— ১৭ ডিসেম্বর।
- পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে আসন সংখ্যা ছিল— ৩১০টি।

CamScanner

# ০৪ মুক্তিযুদ্ধ

## একনজরে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

| | |
|---|---|
| স্বাধীনতা ঘোষণা | ২৬ মার্চ ১৯৭১ |
| স্বাধীনতা সংগ্রামের নায়ক | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| মুজিবনগর সরকার গঠন | ১০ এপ্রিল ১৯৭১ |
| মুজিবনগর সরকারের শপথগ্রহণ | ১৭ এপ্রিল ১৯৭১ |
| অস্থায়ী সরকার গঠিত হয় | মেহেরপুরের বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবের-পাড়া গ্রামে |
| আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র জারি | ১০ এপ্রিল ১৯৭১ |
| ঘোষণাপত্র পাঠ করেন | অধ্যাপক ইউসুফ আলী |
| অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি (অস্থায়ী) | সৈয়দ নজরুল ইসলাম |
| অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী | তাজউদ্দীন আহমদ |
| মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি | জেনারেল এম এ জি ওসমানী |
| উপপ্রধান সেনাপতি | এয়ার কমোডর এ কে খন্দকার |
| মুক্তিযুদ্ধে সেক্টর | ১১টি<br>৬৭৬ জন; বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম |
| খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা | ৬৮ জন, বীরবিক্রম ১৭৫ জন ও বীরপ্রতীক ৪২৬ জন।<br>[Note : *৬ জুন ২০২১ চার জনের খেতাব বাতিল করা হয়।*] |
| দুজন মহিলা বীরপ্রতীক | তারামন বিবি ও ডা. সিতারা বেগম |
| একমাত্র বিদেশী বীরপ্রতীক | ডাচ বংশোদ্ভুত অস্ট্রেলিয়ান নাগরিক ডব্লিউ এ এস ওডারল্যান্ড |
| ভারত-বাংলাদেশ যৌথ বাহিনীর নাম | মিত্রবাহিনী; গঠন : ২১ নভেম্বর ১৯৭১ |
| মিত্রবাহিনীর প্রধান | জেনারেল জগজিৎ সিং অরোরা |
| পাকিস্তান পক্ষের প্রধান | জেনারেল এ কে নিয়াজী |
| বুদ্ধিজীবী হত্যাকাণ্ড | ১৪ ডিসেম্বর ১৯৭১ |
| বাংলাদেশকে প্রথম স্বীকৃতিদানকারী দেশ | ভুটান; ৬ ডিসেম্বর ১৯৭১ |
| মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধকারী | ইস্ট বেঙ্গল রেজিমেন্ট |
| পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করে | ১৬ ডিসেম্বর, ১৯৭১ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) |
| মুক্তিযুদ্ধে ঢাকা শহর ছিল | ২ নম্বর সেক্টরের অধীন |
| স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয়েছিল | ২ মার্চ ১৯৭১ (ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়) |

## জাতীয় পতাকা উত্তোলন, ৭ মার্চের ভাষণ ও মুক্তিযুদ্ধের সূচনা

- 'স্বাধীন বাংলাদেশ' প্রতিষ্ঠার শপথ নেয়া হয় এবং 'স্বাধীন বাংলাদেশ'-এর পতাকা উত্তোলিত হয়— ২ মার্চ ১৯৭১, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন প্রাঙ্গণে।
- বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন— তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ স ম আব্দুর রব।
- শেখ মুজিবুর রহমানের যে ঐতিহাসিক ভাষণের মধ্যে স্বাধীনতার পরোক্ষ ঘোষণা উপ্ত ছিল— রেসকোর্স ময়দানের ৭ মার্চ ১৯৭১-এর ভাষণে।
- ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ UNESCO কর্তৃক বিশ্ব ঐতিহ্যের স্বীকৃতি লাভ করে— ৩০ অক্টোবর ২০১৭।
- স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়— ১৭ এপ্রিল ১৯৭১ করেন অধ্যাপক ইউসুফ আলী।
- বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন— বঙ্গবন্ধু শেখ মুজিবুর (১৯৭১ সালের ২৫ মার্চ রাত বারোটার পর অর্থাৎ ২৬ মার্চে)।
- 'এ দেশের মানুষ চাই না, মাটি চাই' উক্তিটি— ইয়াহিয়া খানে
- 'অপারেশন সার্চলাইট' হলো— ২৫ মার্চ ১৯৭১ (মধ্যরাতে) পাক বাহিনী কর্তৃক বাংলাদেশীদের ওপর বর্বরোচিত গণহত্যা ও ধ্বংসের
- অপারেশন জ্যাকপট পরিচালনা করা হয়— ১৫ আগস্ট ১৯৭
- গণহত্যা দিবস— ২৫ মার্চ।

## বাংলাদেশের প্রথম সরকার/মুজিবনগর সরকার

| | |
|---|---|
| গঠন | ১০ এপ্রিল ১৯৭১ |
| শপথ গ্রহণ | ১৭ এপ্রিল ১৯৭১ (বৈদ্যনাথতলা, মেহেরপু |
| অস্থায়ী সচিবালয় ও ক্যাম্প অফিস | ৮ থিয়েটার রোড, কলকাতা |
| রাষ্ট্রপতি | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| অস্থায়ী রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি | সৈয়দ নজরুল ইসলাম |
| প্রধানমন্ত্রী | তাজউদ্দীন আহমদ। দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণা<br>□ প্রতিরক্ষা □ তথ্য ও বেতার<br>টেলিযোগাযোগ □ অর্থনৈতিক বি<br>পরিকল্পনা ও উন্নয়ন □ শিক্ষা,<br>সরকার, স্বাস্থ্য, শ্রম, সামাজিক<br>□ সংস্থাপন এবং প্রশাসন |
| অর্থ, বাণিজ্য, শিল্প, যোগাযোগ মন্ত্রী | এম মনসুর আলী |
| স্বরাষ্ট্র, কৃষি, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী | এ এইচ এম কামারুজ্জামান |
| পররাষ্ট্র, আইন ও সংসদবিষয়ক মন্ত্রী | খন্দকার মোশতাক আহমেদ |
| প্রধান সেনাপতি | কর্নেল (অব.) এম এ জি ওসমানী; |
| চিফ অব স্টাফ | কর্নেল (অব.) আব্দুর রব |

- মুজিবনগর সরকারের অস্থায়ী রাজধানীর নাম— মুজিবনগর (এপ্রিল-১৬ ডিসেম্বর ১৯৭১ পর্যন্ত)।
- প্রবাসী বাংলাদেশ সরকারের ক্যাম্প বা অফিস ছিল— ভারতে কলকাতাস্থ ৮ নম্বর থিয়েটার রোডে।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করে— অধ্যাপক এম ইউসুফ আলী (১৭ এপ্রিল ১৯৭১)

## স্বাধীন বাংলা বেতারকেন্দ্র

- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রাথমিক যাত্রা শুরু হয়— চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে।
- কালুরঘাট বেতারকেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়— ২৬ মার্চ ১৯৭১।
- স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের জনপ্রিয় দুটি অনুষ্ঠানের নাম— চরমপত্র ও জল্লাদের দরবার।
- 'চরমপত্র' অনুষ্ঠানের উপস্থাপক ও স্ক্রিপ্ট লেখক— এম আর আখতার মুকুল

CamScanner

## মুক্তিযুদ্ধের ১১টি সেক্টর ও সেক্টর কমান্ডার

| ক্রম | দায়িত্বপ্রাপ্ত কমান্ডার | এলাকা | সদর দপ্তর |
|---|---|---|---|
| ১ | মেজর জিয়াউর রহমান (এপ্রিল-জুন)<br>মেজর রফিকুল ইসলাম (জুন-ডিসেম্বর) | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং নোয়াখালী জেলার মুহুরী নদীর পূর্বাংশের সমগ্র এলাকা | হরিণা, ত্রিপুরা, ভারত |
| ২ | মেজর কেএম খালেদ মোশাররফ (এপ্রিল-সেপ্টেম্বর)<br>মেজর এটিএম হায়দার (সেপ্টে.-ডিসে.) | কুমিল্লা, আখাউড়া-ভৈরব এবং ঢাকা শহর, ফরিদপুর ও নোয়াখালী জেলার অংশবিশেষ | মেলাঘর, ত্রিপুরা, ভারত |
| ৩ | মেজর কে এম শফিউল্লাহ (এপ্রিল-সেপ্টেম্বর)<br>মেজর এ এন এম নুরুজ্জামান (সেপ্টেম্বর-ডিসেম্বর) | আখাউড়া-ভৈরব রেললাইন থেকে পূর্ব দিকে কুমিল্লা জেলার অংশবিশেষ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ | হেজামারা, ত্রিপুরা, ভারত |
| ৪ | মেজর সি আর (চিত্ত রঞ্জন) দত্ত<br>ক্যাপ্টেন এ রব | সিলেটের পূর্বাঞ্চল, খোয়াই-শায়েস্তাগঞ্জ রেললাইন থেকে পূর্ব-উত্তর দিকে সিলেট-ডাউকি সড়ক | প্রথমে করিমগঞ্জ, পরে আসামের মাছিমপুর |
| ৫ | মেজর মীর শওকত আলী | সিলেটের পশ্চিম এলাকা, সিলেট-ডাউকি সড়ক থেকে সুনামগঞ্জ এবং বৃহত্তর ময়মনসিংহের সীমান্তবর্তী অঞ্চল | বাঁশতলা, ছাতক, সুনামগঞ্জ |
